Boighar.com

কারেন্ট অ্যাফেয়ার্স

বইঘর নিবেদন

প্রফেসর'স
professorsbd.com
IUD & SUVOM

প্রতি মাসের বাংলাদেশ ও বিশ্ব
IUD & Suvom

একাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের খেরোখাতা : ১৯৭৩-২০১৪



দশম জাতীয় সংসদের আদ্যোপান্ত

বদলে যাচ্ছে বাংলা বর্ষপঞ্জি

জীবের জীবনরহস্য উন্মোচন ও বাংলাদেশ

টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ১৮ বছর

বিসিএস ক্যাডার এখন ২৬টি

জবস্ জোন

ব্যাংক-বিমা কর্মকর্তা নিয়োগ টিপস
নন-ক্যাডার লিখিত মডেল
প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক নিয়োগ টিপস
পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮ প্রস্তুতি
উপ-সহকারী কৃষি কর্মকর্তা নিয়োগ টিপস
নার্স-স্বাস্থ্য সহকারী-ফার্মাসিস্ট নিয়োগ টিপস

বিসিএস প্রস্তুতি

৩৮তম Real Viva
৪০তম প্রিলিমিনারি টেস্ট

প্রশ্ন সমাধান

ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা। বিসিকের বিভিন্ন পদ
কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর
বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা

দ্বীপরাষ্ট্র শ্রীলংকায় লঙ্কাকাণ্ড

BREXIT ইস্যুতে টালমাটাল যুক্তরাজ্য

প্রথম বিশ্বযুদ্ধ অবসানের শতবর্ষ

নতুন সংজ্ঞায় কিলোগ্রাম

বর্ষ ২৩ । সংখ্যা ২৭০ । ডিসেম্বর ২০১৮

কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsbd.com

প্রতি মাসের
বাংলাদেশ ও বিশ্ব

সম্পাদক
মোহাম্মদ জসিম উদ্দিন

নির্বাহী সম্পাদক
মোহাম্মদ জাহিদ মাহমুদ
জাকির হোসেন খোকন

সহকারী সম্পাদক
রেজাউল করিম মামুন

গবেষক
গোলাম কিবরিয়া বিপু

সমন্বয়ক
মো. আলাল উদ্দিন, জহিরুল ইসলাম
মো. ফজলুল হক, আরিফ খান মিরণ
মুহাম্মদ আরিফুল ইসলাম

বিভাগীয় সম্পাদক
মোশারফ হোসেন প্রান্ত
বুলবুল আহমেদ, মো. ইউসুফ খান

সম্পাদনা সহকারী
ফরহাদ হোসেন, মাকসুদুর রহমান

সার্কুলেশন
আমিনুল ইসলাম সোহাগ

শিল্প নির্দেশক
হাফছা ইসলাম ও সানিয়া জিহা

গ্রাফিক ডিজাইন
মো. মনির হোসেন লিটন

বর্ণবিন্যাস
মোসলেম উদ্দিন, নূর মোহাম্মদ জিন্নাহ্
আবদুল করিম কাজল, মো. মনিরুল ইসলাম

দাম বিশ টাকা

বিপণন
মাসিক প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স
৩৭/১ দোতলা, বাংলাবাজার, ঢাকা ১১০০
ফোন : ৫৭১৬৫১২৯, ৯৫৩৩০২৯, ০১৭১১ ১২০৭০১
অফিস ফোন : ৯৫৮৪৪৩৬
web : www.professorsbd.com
e-mail : ca@professorsbd.com
/profscurrentaffairs

সম্পাদকীয়

১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মুক্তিযুদ্ধে বিজয়লাভের মধ্য দিয়ে আমরা অর্জন করি প্রিয় মাতৃভূমির স্বাধীনতা। যাদের মহান আত্মত্যাগের বিনিময়ে এ অর্জন সম্ভব হয়েছে মহান বিজয়ের মাসে সেই লাখো শহিদের অমর স্মৃতির প্রতি রইল বিনম্র শ্রদ্ধা।

৩০ ডিসেম্বর ২০১৮ অনুষ্ঠিত হতে যাচ্ছে একাদশ জাতীয় সংসদ নির্বাচন। দীর্ঘ প্রায় এক দশক পর সকল রাজনৈতিক দলের অংশগ্রহণে প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচনের প্রত্যাশায় সরব দেশের সকল ভোটার ও প্রার্থীরা। সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ ও জনগণের অংশগ্রহণমূলক নির্বাচনের মাধ্যমে দেশ গণতন্ত্রের ধারায় এগিয়ে যাবে— এটাই সকলের প্রত্যাশা।

১০ নভেম্বর ২০০০ টেস্ট ক্রিকেটে অভিষেক ঘটে বাংলাদেশের। দীর্ঘ ১৮ বছরের পথ চলায় সম্প্রতি অনুষ্ঠিত টেস্ট ম্যাচগুলোতে ধারাবাহিক সাফল্য ও নানা রেকর্ড বিশ্ব ক্রিকেটে দেশকে পৌঁছে দিয়েছে উচ্চতর মর্যাদার আসনে। সম্প্রতি বাংলাদেশি বিজ্ঞানীদের দ্বারা ব্ল্যাক বেঙ্গল ছাগল ও ধইঞ্চার জীবনরহস্য উন্মোচন, বঙ্গবন্ধু স্যাটেলাইটের দেশীয় নিয়ন্ত্রণ লাভ, দেশের দীর্ঘতম রেলপথ চালু ইত্যাদি ছিল বহুল আলোচিত বিষয়। অন্যদিকে আন্তর্জাতিক অঙ্গনের আলোচিত বিষয়সমূহের মধ্যে ছিল মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন, শ্রীলংকার রাজনৈতিক ও সাংবিধানিক সংকট, BREXIT ইস্যুতে যুক্তরাজ্য জুড়ে টালমাটাল অবস্থা ইত্যাদি। এসবের সবিস্তার আলোচনাসহ নানা খবরাখবরের সাথে এ সংখ্যায় রয়েছে তথ্যবহুল নানা আয়োজন।

৪০তম বিসিএস-এ চার লক্ষাধিক প্রার্থী আবেদন করেছেন। রেকর্ডসংখ্যক এ পরীক্ষার্থীদের সর্বাত্মক প্রস্তুতির জন্য এ সংখ্যায় রয়েছে বিষয়ভিত্তিক টিপস এবং ৩৮তম বিসিএস পরীক্ষার্থীদের জন্য Real Viva। চাকরি প্রার্থীদের অন্য প্রস্তুতির জন্য রয়েছে জব জোন এবং অনুশীলনের জন্য সদ্য অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষা ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্ন সমাধানসহ নিয়মিত ও অনিয়মিত সকল আয়োজন।

পরিশেষে জনগণের ভোটে নির্বাচিত যোগ্য নেতৃত্ব দেশ ও জাতির কল্যাণে কাজ করে দেশকে সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাবে— এ প্রত্যাশায়। আল্লাহ হাফেজ।

সম্পাদক কর্তৃক প্রফেসর'স প্রকাশন ৩৮/৩ (৩য় তলা) বাংলাবাজার, ঢাকা ১১০০ থেকে মুদ্রিত ও প্রকাশিত

এ সংখ্যার সূচি

০৪ ॥ সংবাদ প্রতিদিন : নভেম্বর ২০১৮
০৬ ॥ সাম্প্রতিক MCQ : নভেম্বর ২০১৮
০৯ ॥ সাম্প্রতিক প্রশ্নোত্তর : নভেম্বর ২০১৮
১০ ॥ দৃষ্টিপাত : নভেম্বর ২০১৮

দৃষ্টিজুড়ে বাংলাদেশ

১৭ ॥ বিজ্ঞানযাত্রায় বাংলাদেশ
১৭ ॥ জীবের জীবনরহস্য উন্মোচন ও বাংলাদেশ
১৮ ॥ প্রত্নতত্ত্বের খোঁজে
১৮ ॥ জামায়াতের নিবন্ধন বাতিল
১৮ ॥ দেশের বৃহত্তম সৌরবিদ্যুৎ কেন্দ্র
১৮ ॥ সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ
১৯ ॥ বঙ্গবন্ধু ও শেখ হাসিনা
১৯ ॥ বিশ্বাঙ্গনে বাংলাদেশ
২০ ॥ দশম জাতীয় সংসদের আদ্যোপান্ত
২১ ॥ একাদশ জাতীয় সংসদ নির্বাচন
২২ ॥ EVM যুগে বাংলাদেশ
২২ ॥ নৌকা-ধানের শীষের নির্বাচন
২৩ ॥ জাতীয় সংসদ নির্বাচনের খেরোখাতা

সাত মহাদেশ

২৯ ॥ মহানবী (স)-কে অবমাননা নয়
২৯ ॥ ঐতিহাসিক চুক্তিতে চীন-জাপান
২৯ ॥ ব্রাজিলের নতুন প্রেসিডেন্ট
৩০ ॥ গোলান মালভূমি সিরিয়ার
৩০ ॥ সু চি'র অ্যামনেস্টির সম্মাননা প্রত্যাহার
৩০ ॥ ঘূর্ণিঝড় 'গজ'-এ লণ্ডভণ্ড তামিলনাড়ু
৩০ ॥ ভয়াবহ হুমকির মুখে প্রাণিজগৎ
৩০ ॥ ক্যালিফোর্নিয়ায় সবচেয়ে ভয়াবহ দাবানল
৩১ ॥ দুই খেমাররুজ নেতার আমৃত্যু কারাদণ্ড
৩১ ॥ মিয়ানমারে চীনের বন্দর
৩১ ॥ CPTPP কার্যকর
৩১ ॥ ইসরাইলি সংবাদ
৩১ ॥ মার্কিন নিষেধাজ্ঞার বেড়াজালে ইরান
৩২ ॥ ব্রিটিশ সেনাবাহিনীতে ভর্তির নিয়ম শিথিল
৩২ ॥ BREXIT ইস্যুতে টালমাটাল যুক্তরাজ্য
৩৩ ॥ দ্বীপরাষ্ট্র শ্রীলংকায় লঙ্কাকাণ্ড
৩৪ ॥ ভারত পরিক্রমা
৩৫ ॥ রেকর্ডময় মার্কিন মধ্যবর্তী নির্বাচন ২০১৮
৩৬ ॥ সৌদি রাজকাহন
৩৭ ॥ প্রথম বিশ্বযুদ্ধ অবসানের শতবর্ষ
৩৯ ॥ জাদুঘর বিচিত্রা
৪০ ॥ মহাকাশ-বিজ্ঞান ও প্রযুক্তি
৪১ ॥ নতুন সংজ্ঞায় কিলোগ্রাম
৪২ ॥ রিপোর্ট-সমীক্ষা
৪৪ ॥ টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ১৮ বছর
৪৫ ॥ খেলা

BCS আয়োজন

৪৯ ॥ ৩৮তম বিসিএস Real Viva
৫০ ॥ ৪০তম বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি

জব জোন

৬০ ॥ সিনিয়র স্টাফ নার্স-স্বাস্থ্য সহকারী ও ফার্মাসিস্ট নিয়োগ টিপস
৬১ ॥ পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮
৬৫ ॥ সকল ব্যাংক-বিমা কর্মকর্তা নিয়োগ টিপস
৬৮ ॥ নন-ক্যাডার লিখিত পরীক্ষার মডেল
৭০ ॥ প্রাথমিক ও মাধ্যমিক সহকারী শিক্ষক নিয়োগ টিপস
৭২ ॥ উপসহকারী কৃষি কর্মকর্তা নিয়োগ টিপস

প্রশ্ন সমাধান

৭৩ ॥ বাংলাদেশ ট্যারিফ কমিশন পদ : গবেষণা কর্মকর্তা
৭৪ ॥ বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) বিভিন্ন পদ
৭৬ ॥ কারিগরি শিক্ষা অধিদপ্তর পদ : জুনিয়র ইন্সট্রাক্টর
৭৮ ॥ Short Technic : সাধারণ জ্ঞানের সহজ কৌশল
৭৯ ॥ সঠিক তথ্যের সন্ধানে
৮১ ॥ বিশ্ববিদ্যালয় প্রশ্ন সমাধান
৮৯ ॥ শিক্ষাবার্তা
৯০ ॥ হরিকেল জনপদের ইতিকথা
৯২ ॥ জানা-অজানা
৯৩ ॥ রেকর্ড কর্নার
৯৪ ॥ ভিন্ন খবর

নিয়মিত বার্ষিক প্রকাশনা ! জানুয়ারি ২০১৯

পাবেন ডিসেম্বরের শেষ সপ্তাহে

জানুয়ারি থেকে ডিসেম্বর
বারো মাসের হাজারো তথ্যের নির্যাস সংকলন

প্রফেসর'স
কারেন্ট অ্যাফেয়ার্স
সালতামামি
২০১৮

প্রফেসর'স প্রকাশন

৩৬৫ দিনে
ঘটে যাওয়া
অগণিত ঘটনার
বর্ষপঞ্জি

মূল্য ৩০ টাকা

সালতামামি হাজার তথ্যের সংযোগ

BOIGHAR.COM

Please Give Us Some Credit When You Share Our Books!

Don't Remove This Page!

EXCLUSIVE

EDIT SCAN

UPLOAD

Visit Us at boighar.com

If You Don't Give Us Any Credits, Soon There Il Nothing Left To Be Shared!

সংবাদ প্রতিদিন

অক্টোবর মাসের বাকি সংবাদ

আন্তর্জাতিক ◆ ২৫.১০.২০১৮ । বৃহস্পতি

— সৌদি আরবের আয়োজিত তিনদিনব্যাপী বিনিয়োগ সম্মেলন ৬০০০ কোটি ডলারেরও বেশি প্রাথমিক বিনিয়োগ চুক্তি স্বাক্ষরের মধ্য দিয়ে শেষ হয়।

আন্তর্জাতিক ◆ ২৬.১০.২০১৮ । শুক্র

— চীন ও জাপানের মধ্যে বিশাল পরিসরে কয়েকটি চুক্তি স্বাক্ষরিত।

আন্তর্জাতিক ◆ ২৭.১০.২০১৮ । শনি

— পাকিস্তানে সুপ্রিম কোর্ট দেশটির স্থানীয় টেলিভিশন চ্যানেলগুলোর ভারতীয় অনুষ্ঠান প্রচারে নিষেধাজ্ঞা পুনর্বহাল করেন।

আন্তর্জাতিক ◆ ২৮.১০.২০১৮ । রবি

— কাতারে প্রবাসী শ্রমিকদের জন্য প্রযোজ্য বিতর্কিত 'কাফালা' ব্যবস্থা বিলোপ করে সংশোধিত শ্রম আইন কার্যকর।

বাংলাদেশ ◆ ২৯.১০.২০১৮ । সোম

— দশম জাতীয় সংসদের শেষ ও ২৩তম অধিবেশন সমাপ্ত।

— জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলার রায় প্রদান করে ঢাকার পঞ্চম বিশেষ আদালত।

আন্তর্জাতিক

— ইন্দোনেশিয়ার লায়ন এয়ারের বোয়িং-৭৩৭ ম্যাক্স-৮' মডেলের একটি যাত্রীবাহী বিমান ১৮৯ জন আরোহী নিয়ে জাভা সাগরে বিধ্বস্ত।

— প্রথমবারের মতো যৌথভাবে তৈরি একটি স্যাটেলাইট মহাকাশে উৎক্ষেপণ করে ফ্রান্স ও চীন।

— জাপান ও ভারতের মধ্যে অন্তত ২৫০ কোটি ডলারের নতুন ৬টি বিনিয়োগ চুক্তি স্বাক্ষরিত।

— তুরস্কের রাজধানী ইস্তানবুলে বিশ্বের বৃহত্তম আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন।

আন্তর্জাতিক ◆ ৩১.১০.২০১৮ । বুধ

— ষষ্ঠ দেশ হিসেবে Trans-Pacific Partnership (TPP) অনুমোদন করে অস্ট্রেলিয়া।

— পাকিস্তানে ধর্ম অবমাননা আইনে (Blasphemy) ৮ বছর আগে মৃত্যুদণ্ড পাওয়া খ্রিস্টান নারী আসিয়া বিবিকে বেকসুর খালাস দেন দেশটির সর্বোচ্চ আদালত।

সংবাদ নভেম্বর ২০১৮

বাংলাদেশ ◆ ০১.১১.২০১৮ । বৃহস্পতি

— সুন্দরবনকে দস্যুমুক্ত ঘোষণা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

— 'কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড'কে ৫৯তম তফসিলি ব্যাংক হিসেবে তালিকাভুক্ত করে বাংলাদেশ ব্যাংক।

আন্তর্জাতিক

— দুই বছর নির্বাসিত জীবনযাপনের পর দেশে ফেরেন মালদ্বীপের সাবেক প্রেসিডেন্ট মোহাম্মদ নাশিদ।

— কিউবায় মার্কিন অর্থনৈতিক নিষেধাজ্ঞা তুলে নিতে জাতিসংঘ সাধারণ পরিষদে একটি প্রস্তাব গৃহীত।

আন্তর্জাতিক ◆ ০২.১১.২০১৮ । শুক্র

— জাপানে আরো বেশি বিদেশি দক্ষ শ্রমিক নেয়ার বিষয়ে একটি খসড়া বিল অনুমোদন করে দেশটির মন্ত্রিসভা।

— পরস্পরের মন্ত্রিদের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেয় যুক্তরাষ্ট্র ও তুরস্ক।

বাংলাদেশ ◆ ০৩.১১.২০১৮ । শনি

— দেশের অষ্টম টেস্ট ভেন্যু হিসেবে যাত্রা শুরু করে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম (SICS)।

আন্তর্জাতিক

— পাকিস্তান ও চীনের মধ্যে বিভিন্ন বিষয়ে ১৫টি চুক্তি ও সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত।

বাংলাদেশ ◆ ০৫.১১.২০১৮ । সোম

— আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের (ICT) ৩৫তম রায় প্রদান।

— ঢাকার খিলক্ষেতে নৌবাহিনীর ঘাঁটি 'বানৌজা শেখ মুজিব'-এর কমিশনিং করা হয়।

আন্তর্জাতিক

— ইরানের ওপর কঠোরতম অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র।

— প্রথম পরমাণু চুল্লি উদ্বোধনের মধ্য দিয়ে তেলসমৃদ্ধ দেশ সৌদি আরব পারমাণবিক যুগে পা রাখে।

বাংলাদেশ ◆ ০৬.১১.২০১৮ । মঙ্গল

— রপ্তানিনীতি ২০১৮-২১ মন্ত্রিসভায় অনুমোদিত।

বাংলাদেশ ◆ ০৭.১১.২০১৮ । বুধ

— পবিত্র আখেরি চাহার সোম্বা পালিত।

আন্তর্জাতিক

— মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ৮৪তম অ্যাটর্নি জেনারেল জেফ সেশনসকে বরখাস্ত করেন।

বাংলাদেশ ◆ ০৮.১১.২০১৮ । বৃহস্পতি

— জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণের মাধ্যমে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি)।

আন্তর্জাতিক

— মিয়ানমারে একটি গভীর সমুদ্র বন্দর নির্মাণের লক্ষ্যে চীন ও মিয়ানমারের মধ্যে চুক্তি স্বাক্ষরিত।

বাংলাদেশ ◆ ০৯.১১.২০১৮ । শুক্র

— বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও নিয়ন্ত্রণের দায়িত্ব বাংলাদেশের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে স্যাটেলাইটটির নির্মাতা প্রতিষ্ঠান থ্যালেস অ্যালেনিয়া স্পেস।

আন্তর্জাতিক

— আফগানিস্তানে ১৭ বছর ধরে চলমান যুদ্ধ বন্ধে রুশ উদ্যোগে প্রথমবারের মতো তালেবানের সাথে আলোচনায় বসে ভারত, ইরান, পাকিস্তান, চীন ও যুক্তরাষ্ট্র।

— BREXIT ইস্যুতে পদত্যাগ করেন ব্রিটিশ পরিবহনমন্ত্রী জো জনসন।

— সৌদি আরবের কাছে অস্ত্র রফতানিকারক প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করে নরওয়ে।

বাংলাদেশ ◆ ১০.১১.২০১৮ । শনি

— দেশের দীর্ঘতম রেলপথ ঢাকা-পঞ্চগড় রুটে সরাসরি আন্তঃনগর ট্রেন সার্ভিস চালু।

আন্তর্জাতিক ◆ ১১.১১.২০১৮ । রবি

— প্রথম বিশ্বযুদ্ধ অবসানের শতবর্ষ পালিত।

বাংলাদেশ ◆ ১২.১১.২০১৮ । সোম

— একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পুনঃতফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)।

— পরীক্ষামূলকভাবে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ নিয়ে গঠিত বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (BCSCL)।
— ট্যারিফ কমিশনের নাম পরিবর্তন করে 'বাংলাদেশ ট্যারিফ কমিশন (সংশোধন) আইন, ২০১৮' মন্ত্রিসভায় অনুমোদিত।

বাংলাদেশ ◆ ১৩.১১.২০১৮ । মঙ্গল

— বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রশাসন ও ইকনমিক ক্যাডার একীভূত করে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়।
— বাংলাদেশে নতুন মার্কিন রাষ্ট্রদূত হিসেবে শপথ গ্রহণ করেন আর্ল রবার্ট মিলার।
— ব্ল্যাক বেঙ্গল ছাগলের জীবনরহস্য উন্মোচনের আনুষ্ঠানিক ঘোষণা প্রদান।

বাংলাদেশ ◆ ১৪.১১.২০১৮ । বুধ

— দশম জাতীয় সংসদের ২৩তম অধিবেশনে পাস হওয়া ১০টি বিলে স্বাক্ষর করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

আন্তর্জাতিক

— সিঙ্গাপুরে দুইদিনব্যাপী ৩৩তম আসিয়ান শীর্ষ সম্মেলন শুরু।
— গাজায় তিনদিনের রক্তক্ষয়ী সংঘর্ষের পর মিসরের মধ্যস্থতায় ইসরায়েলের সাথে যুদ্ধবিরতিতে সম্মত হয় ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলন হামাস।
— হামাসের যুদ্ধবিরতি প্রস্তাবে সম্মত হওয়ার প্রতিবাদে পদত্যাগ করেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী অ্যাভিগডর লিবারম্যান।

বাংলাদেশ ◆ ১৫.১১.২০১৮ । বৃহস্পতি

— বিজয় সরণিতে নবনির্মিত তোশাখানা জাদুঘর উদ্বোধন করা হয়।
— সাবমেরিন ক্যাবলের মাধ্যমে প্রথমবারের মতো জাতীয় গ্রিড থেকে বিদ্যুৎ সরবরাহ করা হয় চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলায়।

আন্তর্জাতিক

— যুক্তরাজ্যের মন্ত্রিসভা BREXIT চুক্তির খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করে।
— সৌদি সাংবাদক জামাল খাসোগি হত্যায় ভূমিকা থাকায় ১৭ সৌদির ওপর নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র।

আন্তর্জাতিক ◆ ১৬.১১.২০১৮ । শুক্র

— কিলোগ্রামের নতুন সংজ্ঞার পক্ষে রায় প্রদান করেন বিজ্ঞানীরা।
— ভারতের তামিলনাড়ু রাজ্যের উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড় 'গজা' (GAJA)।
— রোহিঙ্গা গণহত্যায় মিয়ানমারের নিন্দায় জাতিসংঘ সাধারণ পরিষদের থার্ড কমিটিতে প্রস্তাব গৃহীত।
— খেমাররুজ শাসনামলে গণহত্যার দায়ে দুই জ্যেষ্ঠ নেতাকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করার ঐতিহাসিক রায় প্রদান করে জাতিসংঘ সমর্থিত যুদ্ধাপরাধ আদালত।

বাংলাদেশ ◆ ১৭.১১.২০১৮ । শনি

— চতুর্থ বাংলাদেশি হিসেবে এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (ACC) সভাপতির দায়িত্ব গ্রহণ করেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (BCB) সভাপতি নাজমুল হাসান পাপন।

আন্তর্জাতিক

— পাপুয়া নিউগিনির পোর্ট মোর্সবিতে দু'দিনব্যাপী ২৬তম APEC শীর্ষ সম্মেলন শুরু।
— মালদ্বীপের সপ্তম প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন ইব্রাহীম মোহামেদ সোলিহ।

আন্তর্জাতিক ◆ ১৮.১১.২০১৮ । রবি

— INTERPOL'র চারদিনব্যাপী ৮৭তম সাধারণ সভা সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে শুরু।

আন্তর্জাতিক ◆ ২৩.১১.২০১৮ । শুক্র

— আরব বিশ্বের প্রথম দেশ হিসেবে তিউনিসিয়ায় পাস হয় উত্তরাধিকারের ক্ষেত্রে সম্পত্তিতে নারী-পুরুষের সমানাধিকার বিল।

বাংলাদেশ ◆ ২৪.১১.২০১৮ । শনি

— সুনামগঞ্জের দিরাই উপজেলার উজানধলে বাউল সম্রাট শাহ আব্দুল করিম স্মৃতি জাদুঘর উদ্বোধন।

আন্তর্জাতিক

— বাহরাইনে পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

আন্তর্জাতিক ◆ ২৫.১১.২০১৮ । রবি

— BREXIT চুক্তি অনুমোদন করে ইউরোপীয় ইউনিয়ন (EU)।
— সুইজারল্যান্ডে গরুর অদ্ভুত শিং রাখা যাবে কি-না তা নিয়ে গণভোট অনুষ্ঠিত।
— ইরানের পশ্চিমাঞ্চলীয় ইরাক সীমান্তে ৬.৩ মাত্রার ভূমিকম্পে ছয় শতাধিক লোক আহত।

শীর্ষ খবর

০১ নভেম্বর :	দস্যুমুক্ত ঘোষণা করা হয় সুন্দরবনকে।
০৩ নভেম্বর :	দেশের অষ্টম টেস্ট ভেন্যু হিসেবে সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামের যাত্রা শুরু।
০৫ নভেম্বর :	ICT'র ৩৫তম রায় প্রদান।
:	ইরানের ওপর কঠোরতম অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র
০৮ নভেম্বর :	জাতির উদ্দেশ্যে প্রধান নির্বাচন কমিশনারের ভাষণ প্রদান।
১২ নভেম্বর	একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পুনঃতফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।
১৩ নভেম্বর :	ব্ল্যাক বেঙ্গল ছাগলের জীবনরহস্য উন্মোচনের আনুষ্ঠানিক ঘোষণা প্রদান।
১৫ নভেম্বর	BREXIT চুক্তি চূড়ান্তভাবে অনুমোদন করে যুক্তরাজ্যের মন্ত্রিসভা।
১৬ নভেম্বর :	কিলোগ্রামের নতুন সংজ্ঞা নির্ধারণ করে বিজ্ঞানীরা।
২৫ নভেম্বর :	BREXIT চুক্তি অনুমোদন করে ইউরোপীয় ইউনিয়ন (EU)।

বাংলাদেশ ◆ ১৯.১১.২০১৮ । সোম

— রাসায়নিক অস্ত্র নিরস্ত্রীকরণ সংস্থার (OPCW) ২৩তম অধিবেশনে সদস্য রাষ্ট্রসমূহের সর্বসম্মতিক্রমে সংস্থাটির ২০১৯-২০২১ মেয়াদের জন্য নির্বাহী পরিষদের সদস্য নির্বাচিত হয় বাংলাদেশ।

আন্তর্জাতিক ◆ ২০.১১.২০১৮ । মঙ্গল

— অতিরিক্ত ভ্রমণ ভাতা নিয়ে সমালোচনার মুখে পদত্যাগ করেন জাতিসংঘ পরিবেশ কর্মসূচির (UNEP) নির্বাহী পরিচালক এরিক সলহেম।

বাংলাদেশ ◆ ২১.১১.২০১৮ । বুধ

— পবিত্র ঈদে মিলাদুন্নবী (স) পালিত।

আন্তর্জাতিক

— INTERPOL'র প্রেসিডেন্ট নির্বাচিত হন দক্ষিণ কোরিয়ার কিম জং ইয়ং।

বাংলাদেশ ◆ ২২.১১.২০১৮ । বৃহস্পতি

— ধইঞ্চার জীবনরহস্য উন্মোচনের তথ্য আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়।
— ক্রিমিয়ার সমুদ্রসীমায় ইউক্রেনের তিনটি যুদ্ধজাহাজ (দুটি গানবোট ও একটি টাগবোট) এবং ২৩জন নাবিক আটক করে রাশিয়া।

আন্তর্জাতিক ◆ ২৬.১১.২০১৮ । সোম

— মঙ্গলগ্রহে সফল অবতরণ করে মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা NASA'র রোবট InSight।
— রাশিয়া অধিকৃত ক্রিমিয়ার কেরচ প্রণালীতে ইউক্রেনের তিনটি জাহাজ ও ২৩ জন নাবিক আটকের জেরে ইউক্রেনে ৩০ দিনের জন্য সামরিক আইন জারি করেন দেশটির প্রেসিডেন্ট পেত্রো পোরোশেঙ্কো।

আন্তর্জাতিক ◆ ২৮.১১.২০১৮ । বুধ

— ইউক্রেনে ৩০ দিনের জন্য সামরিক আইন জারি কার্যকর।
— জর্জিয়ায় প্রেসিডেন্ট নির্বাচনের দ্বিতীয় দফা ভোটগ্রহণ অনুষ্ঠিত।

আন্তর্জাতিক ◆ ৩০.১১.২০১৮ । শুক্র

— আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে দু'দিনব্যাপী ১৩তম G-20 শীর্ষ সম্মেলন শুরু।

সাম্প্রতিক MCQ

বাংলাদেশ

১. একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে কবে?
(ক) ২৩ ডিসেম্বর ২০১৮ (খ) ২৭ ডিসেম্বর ২০১৮
● ৩০ ডিসেম্বর ২০১৮ (ঘ) ১ জানুয়ারি ২০১৯

২. ১৩ নভেম্বর ২০১৮ বাংলাদেশ সিভিল সার্ভিসের (BCS) কোন ক্যাডারটি বিলুপ্ত করা হয়?
(ক) পরিসংখ্যান (খ) সমবায়
● ইকনমিক (ঘ) খাদ্য

৩. বাংলাদেশ সিভিল সার্ভিসে বর্তমানে ক্যাডার সংখ্যা কতটি?
● ২৬টি (খ) ২৭টি
(গ) ২৮টি (ঘ) ২৯টি

৪. ১৫ নভেম্বর ২০১৮ সাবমেরিন ক্যাবলের সাহায্যে প্রথম বিদ্যুৎ সংযোগ দেয়া হয় কোন উপজেলায়?
(ক) রাঙ্গাবালী (পটুয়াখালী) ● সন্দ্বীপ (চট্টগ্রাম)
(গ) হাতিয়া (নোয়াখালী) (ঘ) মেহেন্দিগঞ্জ (বরিশাল)

৫. তোশাখানা জাদুঘর উদ্বোধন করা হয় কবে?
(ক) ১২ নভেম্বর ২০১৮ (খ) ১৩ নভেম্বর ২০১৮
(গ) ১৪ নভেম্বর ২০১৮ ● ১৫ নভেম্বর ২০১৮

৬. তোশাখানা জাদুঘর ঢাকার কোথায় অবস্থিত?
(ক) গণভবন (খ) বঙ্গভবন
● বিজয় সরণি (ঘ) সাভার

শিক্ষা

৭. বর্তমানে দেশে কার্যক্রম শুরু করা সরকারি বিশ্ববিদ্যালয় কতটি?
(ক) ৪২টি (খ) ৪৩টি
(গ) ৪৪টি ● ৪৫টি

৮. বর্তমানে দেশে সরকারি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কতটি?
(ক) ৭টি (খ) ৮টি
(গ) ৯টি ● ১০টি

৯. দশম সরকারি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কোনটি?
(ক) বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
(খ) শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
● বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
(ঘ) চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

১০. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর কে?
● অধ্যাপক ড. সৈয়দ শামসুদ্দিন আহমেদ
(খ) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ
(গ) অধ্যাপক ড. মো. শহীদুর রহমান খান
(ঘ) অধ্যাপক ড. রফিক উল্লাহ খান

১১. বর্তমানে দেশে সরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয় কতটি?
(ক) ৩টি ● ৪টি (গ) ৫টি (ঘ) ৬টি

১২. দেশের চতুর্থ সরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয় কোনটি?
(ক) খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়
(খ) বরিশাল মেডিকেল বিশ্ববিদ্যালয়
(গ) ময়মনসিংহ মেডিকেল বিশ্ববিদ্যালয়
● সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়

১৩. সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর কে?
(ক) অধ্যাপক ডা. ইসমাইল খান
(খ) অধ্যাপক ডা. মাসুম হাবিব
● অধ্যাপক ডা. মোর্শেদ আহমদ চৌধুরী
(ঘ) অধ্যাপক ডা. কামরুল হাসান খান

ব্যাংক-বিমা

১৪. বর্তমানে দেশে মোট তফসিলভুক্ত ব্যাংক কতটি?
(ক) ৫৬টি (খ) ৫৭টি
(গ) ৫৮টি ● ৫৯টি

১৫. ১ নভেম্বর ২০১৮ কোন ব্যাংকটিকে ৫৯তম ব্যাংক হিসেবে তফসিলভুক্ত করা হয়?
(ক) সিটিজেন ব্যাংক লিমিটেড ● কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড
(গ) বাংলা ব্যাংক লিমিটেড (ঘ) পিপলস ব্যাংক লিমিটেড

১৬. বর্তমানে দেশে মোট বেসরকারি তফসিলি ব্যাংক কতটি?
(ক) ৪৯টি ● ৫০টি (গ) ৫১টি (ঘ) ৫২টি

১৭. দেশীয় মালিকানায় মোট বেসরকারি তফসিলি ব্যাংক কতটি?
(ক) ৩৮টি (খ) ৩৯টি (গ) ৪০টি ● ৪১টি

জাতীয় সংসদ

১৮. 'বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট বিল, ২০১৮' পাস হয় কবে?
(ক) ২২ অক্টোবর ২০১৮ (খ) ২৪ অক্টোবর ২০১৮
(গ) ২৭ অক্টোবর ২০১৮ ● ২৮ অক্টোবর ২০১৮

১৯. 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বিল, ২০১৮' পাস হয় কবে?
(ক) ২৬ অক্টোবর ২০১৮ (খ) ২৭ অক্টোবর ২০১৮
● ২৮ অক্টোবর ২০১৮ (ঘ) ৩০ অক্টোবর ২০১৮

২০. 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন বিল, ২০১৮' পাস হয় কবে?
(ক) ২৫ অক্টোবর ২০১৮ (খ) ২৬ অক্টোবর ২০১৮
● ২৮ অক্টোবর ২০১৮ (ঘ) ৩০ অক্টোবর ২০১৮

২১. 'বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বিল, ২০১৮' পাস হয় কবে?
(ক) ২৫ অক্টোবর ২০১৮ ● ২৭ অক্টোবর ২০১৮
(গ) ২৮ অক্টোবর ২০১৮ (ঘ) ২৯ অক্টোবর ২০১৮

MCQ ANS.

১	গ
২	গ
৩	ক
৪	খ
৫	ঘ
৬	গ
৭	ঘ
৮	ঘ
৯	গ
১০	ক
১১	খ
১২	ঘ
১৩	গ
১৪	ঘ
১৫	খ
১৬	খ
১৭	ঘ
১৮	ঘ
১৯	গ
২০	গ
২১	খ

১ ডিসেম্বর ১৯৯৭ : বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা খান আতাউর রহমানের মৃত্যু

আন্তর্জাতিক

২২. মালদ্বীপের সপ্তম ও বর্তমান প্রেসিডেন্ট কে?
(ক) ইব্রাহীম নাসির (খ) মোহাম্মদ নাশিদ
(গ) মামুন আব্দুল গাইয়ুম ● ইব্রাহীম মোহামেদ সোলিহ

২৩. ব্রাজিলের নতুন প্রেসিডেন্ট কে?
(ক) এদুয়ার্দো কুনহা ● জাইর বোলসোনারো
(গ) ফার্নান্দো হাদ্দাজ (ঘ) মিচেল তেমের

২৪. EVM'র পূর্ণরূপ কী?
(ক) Electronic Voting Magnitude
● Electronic Voting Machine
(গ) Electronic Voting Management
(ঘ) উপরের কোনোটিই নয়

২৫. কখন, কোন দেশে প্রথম EVM পদ্ধতি চালু হয়?
(ক) ১৯৫৯ সালে; জাপানে ● ১৯৬০ সালে; যুক্তরাষ্ট্রে
(গ) ১৯৬১ সালে; জার্মানিতে (ঘ) ১৯৬২ সালে; যুক্তরাজ্যে

২৬. মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভে নির্বাচিত প্রথম মুসলিম নারী সদস্য কে?
(ক) ইলহান ওমর (খ) রশিদা তালিব
(গ) আমিনা গারিব ● ক ও খ উভয়ই

২৭. স্বাধীন ভারতে কলকাতা পৌর কর্পোরেশনের প্রথম মুসলিম মেয়র কে?
● ফিরহাদ হাকিম (খ) আব্দুর রহমান সিদ্দিক
(গ) সাইয়েদ বদরুদ্দোজা (ঘ) সাইয়েদ মো. উসমান

বিদ্যুৎ উৎপাদন

২৮. বিদ্যুৎ উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
● চীন (খ) যুক্তরাষ্ট্র (গ) ভারত (ঘ) রাশিয়া

২৯. বিদ্যুৎ উৎপাদনে বাংলাদেশের অবস্থান বিশ্বে কততম?
(ক) ৪১৩ম (খ) ৪২তম ● ৪৩তম (ঘ) ৪৪তম

৩০. জলবিদ্যুৎ উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
● চীন (খ) যুক্তরাষ্ট্র (গ) ব্রাজিল (ঘ) কানাডা

৩১. সৌরবিদ্যুৎ উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
● চীন (খ) জাপান (গ) যুক্তরাষ্ট্র (ঘ) জার্মানি

৩২. পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
● যুক্তরাষ্ট্র (খ) ফ্রান্স (গ) চীন (ঘ) রাশিয়া

INTERPOL

৩৩. বর্তমান সদস্য দেশ কতটি?
(ক) ১৯১টি (খ) ১৯২টি (গ) ১৯৩টি ● ১৯৪টি

৩৪. ২০ নভেম্বর ২০১৮ কোন দেশ ১৯৩তম সদস্যপদ লাভ করে?
(ক) কসোভো (খ) মন্টেনিগ্রো ● কিরিবাতি (ঘ) ভানুয়াতু

৩৫. ২০ নভেম্বর ২০১৮ কোন দেশ ১৯৪তম সদস্যপদ লাভ করে?
● ভানুয়াতু (খ) সামোয়া (গ) কসোভো (ঘ) কিরিবাতি

৩৬. বর্তমান প্রেসিডেন্ট কে?
(ক) আলেক্সান্দার প্রকপচুক (রাশিয়া) ● কিম জং ইয়াং (দক্ষিণ কোরিয়া)
(গ) মেং হংওয়েই (চীন) (ঘ) খু বুন হুই (সিঙ্গাপুর)

সম্মেলন

৩৭. ২৪তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন বা COP 24 কবে অনুষ্ঠিত হবে?
● ৩-১৪ ডিসেম্বর ২০১৮ (খ) ৮-২০ ডিসেম্বর ২০১৮
(গ) ১০-২২ ডিসেম্বর ২০১৮ (ঘ) ১২-২৪ ডিসেম্বর ২০১৮

৩৮. ২৪তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন বা COP 24 কোথায় অনুষ্ঠিত হবে?
(ক) ব্রাসিলিয়া, ব্রাজিল ● কেটুইয়েস, পোল্যান্ড
(গ) বন, জার্মানি (ঘ) জিয়ামেন, চীন

৩৯. ২৬তম APEC শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
(ক) ১৪-১৫ নভেম্বর ২০১৮ ● ১৭-১৮ নভেম্বর ২০১৮
(গ) ১৯-২০ নভেম্বর ২০১৮ (ঘ) ২১-২২ নভেম্বর ২০১৮

৪০. ২৬তম APEC শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
(ক) সিউল, দক্ষিণ কোরিয়া (খ) হ্যানয়, ভিয়েতনাম
● পোর্ট মোর্সবি, পাপুয়া নিউগিনি (ঘ) জিয়ামেন, চীন

৪১. ৩৩তম ASEAN শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
● ১৪-১৫ নভেম্বর ২০১৮ (খ) ১৭-১৮ নভেম্বর ২০১৮
(গ) ১৯-২০ নভেম্বর ২০১৮ (ঘ) ২১-২২ নভেম্বর ২০১৮

৪২. ৩৩তম ASEAN শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
(ক) ইন্দোনেশিয়া (খ) মালয়েশিয়া
(গ) ভানুয়াতু ● সিঙ্গাপুর

রিপোর্ট-সমীক্ষা

৪৩. ডুয়িং বিজনেস ২০১৯ অনুযায়ী, সহজে ব্যবসা করার সূচকে শীর্ষ দেশ কোনটি?
● নিউজিল্যান্ড (খ) সিঙ্গাপুর
(গ) ডেনমার্ক (ঘ) হংকং

৪৪. ডুয়িং বিজনেস ২০১৯ অনুযায়ী, সহজে ব্যবসা করার সূচকে সর্বনিম্ন দেশ কোনটি?
(ক) ইয়েমেন (খ) ভেনিজুয়েলা
(গ) ইরিত্রিয়া ● সোমালিয়া

৪৫. ডুয়িং বিজনেস ২০১৯ অনুযায়ী, সহজে ব্যবসা করার সূচকে বাংলাদেশের অবস্থান কততম?
(ক) ৮৫তম (খ) ১০৩তম (গ) ১৪৭তম ● ১৭৬তম

সাহিত্য-সংস্কৃতি

৪৬. BBC'র সেরা ১০০ বিদেশি ভাষার চলচ্চিত্র জরিপে সেরা চলচ্চিত্র কোনটি?
(ক) Rahomon (খ) Tokyo Story
(গ) Bicycle Thieves ● Seven Samurai

৪৭. BBC'র সেরা ১০০ বিদেশি ভাষার চলচ্চিত্র জরিপে বাংলা ভাষার কোন চলচ্চিত্রটি স্থান পায়?
● পথের পাঁচালী (খ) অশনি সংকেত
(গ) পদ্মা নদীর মাঝি (ঘ) সূর্য-দীঘলবাড়ী

ক্রীড়াঙ্গন

৪৮. টেস্ট ক্রিকেটের ইতিহাসে প্রথম উইকেটকিপার হিসেবে একাধিক ডাবল সেঞ্চুরি করেন কে?
(ক) মহেন্দ্র সিং ধোনি (খ) কুমার সাঙ্গাকারা
● মুশফিকুর রহিম (ঘ) অ্যান্ডি ফ্লাওয়ার

৪৯. টেস্ট ক্রিকেটে বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ ব্যক্তিগত ইনিংসটি কার?
(ক) সাকিব আল হাসান (খ) তামিম ইকবাল
● মুশফিকুর রহিম (ঘ) মাহমুদুল্লাহ রিয়াদ

৫০. অভিষেক টেস্টে সর্বকনিষ্ঠ বোলার হিসেবে ৫ উইকেট নেয়ার বিশ্বরেকর্ডধারী কে?
● নাঈম হাসান (বাংলাদেশ) (খ) মোহাম্মদ আমির (পাকিস্তান)
(গ) প্যাট কামিন্স (অস্ট্রেলিয়া) (ঘ) স্টুয়ার্ট ব্রড (ইংল্যান্ড)

ANS.

২২	ঘ
২৩	খ
২৪	খ
২৫	খ
২৬	ঘ
২৭	ক
২৮	ক
২৯	গ
৩০	ক
৩১	ক
৩২	ক
৩৩	ঘ
৩৪	গ
৩৫	ক
৩৬	খ
৩৭	ক
৩৮	খ
৩৯	খ
৪০	গ
৪১	ক
৪২	ঘ
৪৩	ক
৪৪	ঘ
৪৫	ঘ
৪৬	ঘ
৪৭	ক
৪৮	গ
৪৯	গ
৫০	ক

সাম্প্রতিক প্রশ্নোত্তর

বাংলাদেশ

প্রশ্ন : স্মৃতিস্তম্ভ 'বীর গৌরব' কোথায় অবস্থিত?
উত্তর : রাজশাহী সেনানিবাস।

প্রশ্ন : পিস্তথলির ক্যান্সারে বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?
উত্তর : ষষ্ঠ।

প্রশ্ন : দেশের ৫০তম বেসরকারি তফসিলি ব্যাংক কোনটি?
উত্তর : কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড।

প্রশ্ন : দেশিয় মালিকানায় ৪১তম বেসরকারি তফসিলি ব্যাংক কোনটি?
উত্তর : কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড।

প্রশ্ন : বায়ুবিদ্যুৎ ও কয়লাবিদ্যুৎ উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : চীন।

প্রশ্ন : শিক্ষা ক্যাডারের সর্বোচ্চ পদ কোনটি?
উত্তর : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক।

প্রশ্ন : ব্ল্যাক বেঙ্গল ছাগলের চামড়া বিশ্বজুড়ে কী নামে পরিচিত?
উত্তর : কুষ্টিয়া গ্রেড।

প্রশ্ন : ধইঞ্চার বৈজ্ঞানিক নাম কী?
উত্তর : *Sesbania bispinosa*, এর বন্য প্রজাতিটির বৈজ্ঞানিক নাম *Sesbania aculeata*।

প্রশ্ন : দেশের বৃহত্তম সৌরবিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর : টেকনাফ, কক্সবাজার।

প্রশ্ন : ব্ল্যাক বেঙ্গল ছাগলের জীবনরহস্য উন্মোচন করা হয় কার নেতৃত্বে?
উত্তর : অধ্যাপক ড. এম.এ.এম. ইয়াহিয়া খন্দকার।

প্রশ্ন : মুজিবনগর সরকারের কর্মচারীদের মধ্যে কতজন মুক্তিযোদ্ধার স্বীকৃতি লাভ করেন?
উত্তর : ৫৪৯ জন।

প্রশ্ন : মুক্তিযুদ্ধে স্বীকৃতি পাওয়া বীরাঙ্গনার সংখ্যা কতজন?
উত্তর : ২৩৯ জন।

প্রশ্ন : ২ নভেম্বর ২০১৮ রাজশাহী-গোপালগঞ্জ রেলরুটে আনুষ্ঠানিকভাবে কোন ট্রেনটি চালু হয়?
উত্তর : টুঙ্গিপাড়া এক্সপ্রেস।

প্রশ্ন : 'বানৌজা শেখ মুজিব' নৌঘাঁটি কোথায় অবস্থিত?
উত্তর : খিলক্ষেত, ঢাকা।

প্রশ্ন : দেশের একমাত্র নারী পুলিশ প্রশিক্ষণ কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর : রংপুর।

প্রশ্ন : দেশের প্রথম পোষা প্রাণীর হাসপাতাল কোথায় অবস্থিত?
উত্তর : পূর্বাচল, ঢাকা।

প্রশ্ন : ২০১৮-২১ সালের রপ্তানি নীতিতে সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত খাত কতটি?
উত্তর : ১৫টি।

প্রশ্ন : ২০১৮-২১ সালের রপ্তানিনীতিতে বিশেষ উন্নয়নমূলক খাত কতটি?
উত্তর : ১৯টি।

প্রশ্ন : বাংলাদেশ রেলওয়ের দীর্ঘতম রেলরুট কোনটি?
উত্তর : ঢাকা-পঞ্চগড়; ৬৩৯ কিলোমিটার।

প্রশ্ন : 'বাংলাদেশ সুগারক্রপ রিসার্চ ইনস্টিটিউট আইন' অনুযায়ী চিনিশস্য হিসেবে পরিচিত হবে—
উত্তর : আখ, সুগার বীট, খেজুর, স্টেভিয়া, পাম ও অন্যান্য মিষ্টিশস্য।

প্রশ্ন : আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার জন্য কতটি দেশের সাথে বাংলাদেশের চুক্তি রয়েছে?
উত্তর : ৫২টি।

প্রশ্ন : 'বাউল সম্রাট শাহ আব্দুল করিম স্মৃতি জাদুঘর' কোথায় অবস্থিত?
উত্তর : সুনামগঞ্জের দিরাই উপজেলার উজানধল গ্রামে; উদ্বোধন ২৪ নভেম্বর ২০১৮।

প্রশ্ন : দশম জাতীয় সংসদে মোট কতটি অধিবেশন অনুষ্ঠিত হয়?
উত্তর : ২৩টি।

প্রশ্ন : দশম জাতীয় সংসদে মোট কতটি আইন পাস হয়?
উত্তর : ১৯৩টি।

আন্তর্জাতিক

প্রশ্ন : আন্তর্জাতিক আত্মসংযম বর্ষ (International Year of Moderation) হিসেবে ঘোষণা করা হয় কোন সালকে?
উত্তর : ২০১৯ সাল।

প্রশ্ন : জাতিসংঘ পরিবেশ কর্মসূচির (UNEP) বর্তমান নির্বাহী পরিচালক কে?
উত্তর : জোয়েস মাসুয়া (তাঞ্জানিয়া), নিয়োগ ২২ নভেম্বর ২০১৮।

প্রশ্ন : ৩১ ডিসেম্বর ২০১৮ কোন দুটি দেশ UNESCO'র সদস্যপদ ত্যাগ করবে?
উত্তর : ইসরাইল ও যুক্তরাষ্ট্র।

প্রশ্ন : ১৮তম NAM সম্মেলন কবে, কোথায় অনুষ্ঠিত হবে?
উত্তর : ১৪-১৫ জুন ২০১৯; বাকু, আজারবাইজান।

প্রশ্ন : CPTPP'র পূর্ণরূপ কী?
উত্তর : Comprehensive and Progressive Agreement for Trans-Pacific Partnership।

প্রশ্ন : CPTPP কার্যকর হবে কবে?
উত্তর : ৩০ ডিসেম্বর ২০১৮।

প্রশ্ন : বর্তমান মার্কিন অ্যাটর্নি জেনারেলের নাম কী?
উত্তর : ম্যাথু হুইটেকার।

প্রশ্ন : কিলোগ্রামকে বৈদ্যুতিক তরঙ্গের আলোকে সংজ্ঞায়িত করা হবে কবে থেকে?
উত্তর : ২০ মে ২০১৯।

প্রশ্ন : World Expo 2025 কবে, কোন দেশে অনুষ্ঠিত হবে?
উত্তর : ৩ মে-৩ নভেম্বর ২০২৫; ওসাকা, জাপান।

প্রশ্ন : UNICEF'র কনিষ্ঠতম শুভেচ্ছা দূত কে?
উত্তর : মিলি ববি ব্রাউন (ব্রিটিশ অভিনেত্রী)।

ক্রীড়াঙ্গন

প্রশ্ন : বিশ্বের ১১৬তম ও বাংলাদেশের অষ্টম টেস্ট ভেন্যু কোনটি?
উত্তর : সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম; সিলেট।

প্রশ্ন : ICC World T20-এর বর্তমান অফিসিয়াল নাম কী?
উত্তর : ICC T20 World Cup।

প্রশ্ন : দেশের প্রথম ব্যাটসম্যান হিসেবে টেস্টে দুটি ডাবল সেঞ্চুরি করেছেন কে?
উত্তর : মুশফিকুর রহিম।

প্রশ্ন : এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (ACC) বর্তমান সভাপতি কে?
উত্তর : নাজমুল হাসান পাপন (বাংলাদেশ)।

প্রশ্ন : ২০১৮ সালের ফেডারেশন কাপ বিজয়ী কোন দল?
উত্তর : আবাহনী লিমিটেড।

দৃষ্টিপাত



নতুন মুখ

বাংলাদেশ

সিনিয়র সচিব

- বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় : ড. জাফর আহমেদ খান; নিয়োগ ১ নভেম্বর ২০১৮।
- স্থানীয় সরকার বিভাগ : এস. এম. গোলাম ফারুক; নিয়োগ ১ নভেম্বর ২০১৮।

সচিব

- স্বাস্থ্য সেবা বিভাগ মো. আসাদুল ইসলাম; নিয়োগ ১ নভেম্বর ২০১৮।
- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মো. কামাল উদ্দিন তালুকদার; নিয়োগ ১ নভেম্বর ২০১৮।
- স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ : জি এম সালেহ উদ্দিন; নিয়োগ ৮ নভেম্বর ২০১৮।
- অর্থ বিভাগ : আব্দুর রউফ তালুকদার; নিয়োগ ৮ নভেম্বর ২০১৮।
- বাণিজ্য মন্ত্রণালয় মো. মফিজুল ইসলাম; নিয়োগ ৮ নভেম্বর ২০১৮।

সচিব (ভারপ্রাপ্ত)

- পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ : আবুল মনসুর মো. ফয়জুল্লাহ এনডিসি; নিয়োগ ৮ নভেম্বর ২০১৮।
- বস্ত্র ও পাট মন্ত্রণালয় মো. মিজানুর রহমান; নিয়োগ ৮ নভেম্বর ২০১৮।
- ভূমি মন্ত্রণালয় মো. মাকছুদুর রহমান পাটওয়ারী; নিয়োগ ৩০ অক্টোবর ২০১৮।
- মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় : এস. এম. আরিফ-উর-রহমান; নিয়োগ ৩০ অক্টোবর ২০১৮।
- বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় বেগম ও. এন. সিদ্দীকা খানম; নিয়োগ ৩০ অক্টোবর ২০১৮।

মহাপরিচালক

- জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি মোহাম্মদ আবুল কাশেম; নিয়োগ ১ নভেম্বর ২০১৮।
- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড : সত্যব্রত সাহা; নিয়োগ ১ নভেম্বর ২০১৮।
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) : প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক; নিয়োগ ১৮ নভেম্বর ২০১৮।
- জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) আহমেদ সাজ্জাদ রশীদ; নিয়োগ ১৮ নভেম্বর ২০১৮।
- বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (BSTI) একেএম শামসুল আরেফীন; দায়িত্ব গ্রহণ ৪ নভেম্বর ২০১৮।
- জাতীয় জাদুঘর : মো. রিয়াদ আহমেদ; নিয়োগ ১৯ নভেম্বর ২০১৮।
- গ্রন্থাগার অধিদপ্তর মো. মঞ্জুরুল রহমান; নিয়োগ ১৯ নভেম্বর ২০১৮।

চেয়ারম্যান

- ভূমি সংস্কার বোর্ড : মুনশী শাহাবুদ্দীন আহমেদ; নিয়োগ ৩০ অক্টোবর ২০১৮।
- বাংলাদেশ ট্যারিফ কমিশন : জ্যোতির্ময় দত্ত; নিয়োগ ৮ নভেম্বর ২০১৮।
- বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন (বিজেএমসি) মো. নজরুল আনোয়ার; নিয়োগ ১৯ নভেম্বর ২০১৮।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

- সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় : ডা. মোর্শেদ আহমদ চৌধুরী; নিয়োগ ১৪ নভেম্বর ২০১৮।
- বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ড. সৈয়দ শামসুদ্দিন আহমেদ; যোগদান ১৯ নভেম্বর ২০১৮।
  - তারা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য।

বিবিধ

- সদস্য, পরিকল্পনা কমিশন দিলওয়ার বখত; নিয়োগ ৯ নভেম্বর ২০১৮।
- রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি : কাজী রওশন আক্তার; নিয়োগ ৮ নভেম্বর ২০১৮।
- পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (DIA) জাহাঙ্গীর হোসেন; নিয়োগ ১৮ নভেম্বর ২০১৮।

আন্তর্জাতিক

প্রেসিডেন্ট

- মালদ্বীপ ইব্রাহীম মোহামেদ সোলিহ; দায়িত্ব গ্রহণ ১৭ নভেম্বর ২০১৮। তিনি দেশটির সপ্তম প্রেসিডেন্ট।

প্রধানমন্ত্রী

- ভুটান : ডা. লোটে শেরিং; দায়িত্ব গ্রহণ ৭ নভেম্বর ২০১৮।
- ইরাক : আদেল আবদুল মাহদি; দায়িত্ব গ্রহণ ২৫ অক্টোবর ২০১৮। তিনি দেশটির ৪৯তম প্রধানমন্ত্রী।
- ইসয়াতিনি (সাবেক সোয়াজিল্যান্ড) অ্যামব্রোস ম্যান্ডভুলো দ্লামিনি; দায়িত্ব গ্রহণ ২৭ অক্টোবর ২০১৮।
- মৌরিতানিয়া : মোহাম্মদ সালেমুদ বেচির; দায়িত্ব গ্রহণ ২৯ অক্টোবর ২০১৮। তিনি দেশটির ১৪তম প্রধানমন্ত্রী।

বিবিধ

- ৮৫তম অ্যাটর্নি জেনারেল, যুক্তরাষ্ট্র ম্যাথু হুইটেকার।
- শুভেচ্ছা দূত, UNICEF : ব্রিটিশ অভিনেত্রী মিলি ববি ব্রাউন; নিযুক্ত হন ২০ নভেম্বর ২০১৮। তিনি UNICEF'র কনিষ্ঠতম শুভেচ্ছা দূত।
- সিরিয়ায় জাতিসংঘের বিশেষ দূত গিয়ের পেডারসেন (নরওয়ে); নিয়োগ ৩১ অক্টোবর ২০১৮। তিনি স্টেফানে ডি মিস্তুরার স্থলাভিষিক্ত হন।

২ ডিসেম্বর ১৯৯৭ : বাংলাদেশ সরকার ও শান্তিবাহিনীর মধ্যে 'পার্বত্য শান্তিচুক্তি' স্বাক্ষরিত

শোকসংবাদ

স্ট্যান লি (২৮ ডিসেম্বর ১৯২২-১২ নভেম্বর ২০১৮) : মার্কিন কমিকস বই লেখক। তিনি Spider-Man, Iron Man, Hulk, Black Panther, Fantastic Four, X-men. Doctor Strangeসহ বিশ্বজুড়ে জনপ্রিয় অনেক সুপার হিরোর স্রষ্টা। তার রচিত আত্মজীবনী Excelsior!. The Amazing Life of Stan Lee। তাকে বলা হয় 'পপ কালচারের জনক'।

- তরিকুল ইসলাম (১৬ নভেম্বর ১৯৪৬-৪ নভেম্বর ২০১৮) : বাংলাদেশ সরকারের সাবেক মন্ত্রী এবং বিএনপির স্থায়ী কমিটির সদস্য। তিনি যশোর শহরে জন্মগ্রহণ করেন।

- ড. ওয়াহিদউদ্দীন আহমেদ (মৃত্যু ৩ নভেম্বর ২০১৮) : বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর সাবেক উপাচার্য। ১৯৯০ সালের ডিসেম্বরে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা নিযুক্ত হন।
- উইলিয়াম গোল্ডম্যান (১২ আগস্ট ১৯৩১-১৬ নভেম্বর ২০১৮) : অস্কারজয়ী মার্কিন চিত্রনাট্যকার। Butch Cassidy and the Sundance Kid ও All the President's Men চিত্রনাট্যের জন্য তিনি পৃথকভাবে দু'বার অস্কার লাভ করেন।
- ব্রিগেডিয়ার কুলদীপ সিং চাঁদপুরী (২২ নভেম্বর ১৯৪০-১৭ নভেম্বর ২০১৮) : একাত্তরে বাংলাদেশে মুক্তিযুদ্ধের বন্ধু ও ভারতীয় সেনা কর্মকর্তা।
- রেমন্ড চৌ (৮ অক্টোবর ১৯২৭-২ নভেম্বর ২০১৮) : হংকংয়ের খ্যাতিমান চলচ্চিত্র প্রযোজক। সিনেমার দর্শকদের তিনি উপহার দিয়েছেন ব্রুস লি ও জ্যাকি চ্যানের মতো নায়কদের।
- মাওলানা সামিউল হক (মৃত্যু ২ নভেম্বর ২০১৮) : Father of Taliban নামে খ্যাত পাকিস্তানের ধর্মীয় নেতা।
- মাওলানা নুরুল ইসলাম (মৃত্যু ১১ নভেম্বর ২০১৮) : সাবেক ধর্ম প্রতিমন্ত্রী।
- বেরনার্দো বের্তোলুচি (মার্চ ১৯৪১-২৬ নভেম্বর ২০১৮) : অস্কারজয়ী ইতালীয় চলচ্চিত্র পরিচালক।

দিবস-সপ্তাহ ও প্রতিপাদ্য : নভেম্বর

০১ : জাতীয় যুব দিবস। প্রতিপাদ্য- জেগেছে যুব গড়বে দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ।
: বিশ্ব নিরামিষাশী দিবস।
০২ : সাংবাদিকদের বিরুদ্ধে অপরাধের দায়মুক্তির অবসানে আন্তর্জাতিক দিবস।
: জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস। প্রতিপাদ্য- দৃষ্টি ফেরায় চক্ষুদান, রক্তদানে বাঁচে প্রাণ।
০৩ : জেলহত্যা দিবস।
: জাতীয় সমবায় দিবস (নভেম্বর মাসের প্রথম শনিবার)। প্রতিপাদ্য- সমবায়ভিত্তিক সমাজ গড়ি, টেকসই উন্নয়ন নিশ্চিত করি।
০৪ : সংবিধান দিবস।
০৫ : বিশ্ব সুনামি সচেতনতা দিবস।
০৬ : যুদ্ধ এবং সশস্ত্র সংঘাতে পরিবেশের ক্ষতি দূরীকরণের জন্য আন্তর্জাতিক দিবস।
০৭ : রুশ বিপ্লব দিবস।
০৮ : গণপ্রকৌশল দিবস। প্রতিপাদ্য- অর্থনৈতিক উন্নয়ন স্বাচ্ছন্দ্যের জন্য চতুর্থ শিল্প বিপ্লব।
: বিশ্ব নগর পরিকল্পনা দিবস। প্রতিপাদ্য- টেকসই নগর ও জনবসতি।
: বিশ্ব রেডিওগ্রাফি দিবস।
১০ : শহীদ নূর হোসেন দিবস।
: সুন্দরবন রক্ষায় বিশ্ব সংহতি দিবস (Global Solidarity for Sundarban)।
: শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব বিজ্ঞান দিবস।
১২ : উপকূল দিবস। প্রতিপাদ্য- উপকূলের জন্য হোক একটি দিন, জোরালো হোক উপকূল সুরক্ষার দাবি।
: বিশ্ব নিউমোনিয়া দিবস। প্রতিপাদ্য- নিউমোকক্কাস ও Hib ভ্যাকসিনের পরবর্তী অবস্থান।
১৪ : বিশ্ব ডায়াবেটিস দিবস। প্রতিপাদ্য- ডায়াবেটিস প্রতিটি পরিবারের উদ্বেগ।
১৫ : জাতীয় কৃষি দিবস। প্রতিপাদ্য- কৃষি সমৃদ্ধি, কৃষি দিবস ২০১৮।
: বিশ্ব দর্শন দিবস (নভেম্বর মাসের তৃতীয় বৃহস্পতিবার)। প্রতিপাদ্য- সভ্যতার সংকট ও দর্শনের ভূমিকা।
১৬ : আন্তর্জাতিক সহনশীলতা দিবস।
১৭ : বিশ্ব অপরিণত নবজাতক দিবস। প্রতিপাদ্য- কম জন্ম-ওজন ও অসুস্থ নবজাতকের যত্নে পরিবারকে সঙ্গে নিয়ে কাজ করি।
: বিশ্ব খিচুনি দিবস।
: আন্তর্জাতিক শিক্ষার্থী দিবস।
১৮ World Day of Remembrance for Road Traffic Victims. (নভেম্বর মাসের তৃতীয় রবিবার)
১৯ : বিশ্ব টয়লেট দিবস। প্রতিপাদ্য- স্বাস্থ্যসম্মত টয়লেট, রক্ষা করে প্রকৃতি।
২০ : বিশ্ব পাইলস ও কলোরেকটাল ক্যান্সার দিবস।
: সর্বজনীন শিশু দিবস। প্রতিপাদ্য- Children are taking over and turning the world blue.
আফ্রিকা শিল্পায়ন দিবস।
২১ : সশস্ত্র বাহিনী দিবস।
: বিশ্ব টেলিভিশন দিবস।
: COPD (Chronic Obstructive Pulmonary Diseases) দিবস।
২৫ : আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস। প্রতিপাদ্য- Orange the World : # Hear MeToo.
২৯ : ফিলিস্তিনি জনগণের সাথে একাত্মতা দিবস।

সপ্তাহ

- ৯-১৫ : বিজ্ঞান ও শান্তির আন্তর্জাতিক সপ্তাহ।
- ১২-১৭ : বিশ্ব উদ্যোক্তা সপ্তাহ।
- ১২-১৮ বিশ্ব অ্যান্টিবায়োটিক সচেতনতা সপ্তাহ। প্রতিপাদ্য- অযথা অ্যান্টিবায়োটিক সেবন ক্ষতির কারণ, বিনা প্রেসক্রিপশনে তা কিনতে বারণ।
- ২৪-২৯ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ। প্রতিপাদ্য- প্রাতিষ্ঠানিক ডেলিভারি বৃদ্ধি করি, প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি নিশ্চিত করি।

ডিজিটাল বাংলাদেশ দিবস

২৭ নভেম্বর ২০১৭ মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী, ১২ ডিসেম্বর ২০১৮ প্রথমবারের মতো পালিত হবে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস।

২৬ নভেম্বর ২০১৮ মন্ত্রিসভার আরেক বৈঠকে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবসের নাম বদলে ডিজিটাল বাংলাদেশ দিবস করা হয়। প্রতি বছর ১২ ডিসেম্বর দিবসটি পালিত হবে।

৩ ডিসেম্বর ১৮৮৯ : ভারতীয় উপমহাদেশের বিপ্লবী নেতা ক্ষুদিরাম বসুর জন্ম

পুরস্কার-সম্মাননা

জাতিসংঘ মানবাধিকার পুরস্কার

২০১৮ সালের জাতিসংঘ মানবাধিকার পুরস্কার লাভ করেন— পাকিস্তানের প্রয়াত খ্যাতনামা আইনজীবী ও মানবাধিকারকর্মী আসমা জাহাঙ্গীর, তানজানিয়ার মানবাধিকারকর্মী রেবেকা গুইমি, ব্রাজিলের প্রতিথযশা আইনজীবী জোয়েনিয়া ওয়ার্লিক্সানা এবং আয়ারল্যান্ডের মানবাধিকার সংগঠন ফ্রন্ট লাইন ডিফেন্ডার্স। ১০ ডিসেম্বর ২০১৮ এ পুরস্কার প্রদান করা হবে।

বাংলা একাডেমির চার পুরস্কার

বাংলা একাডেমি পরিচালিত বিশিষ্ট ব্যক্তিদের নামে প্রদত্ত চারটি পুরস্কার বিজয়ীদের নাম ১৯ নভেম্বর ২০১৮ ঘোষণা করা হয়। ৮ ডিসেম্বর ২০১৮ প্রদান করা হবে পুরস্কার। ২০১৮ সালের পুরস্কার বিজয়ীরা—

পুরস্কারের নাম	বিজয়ী
সাহিত্যিক মোহাম্মদ বরকতুল্লাহ প্রবন্ধ-সাহিত্য পুরস্কার	ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী
মযহারুল ইসলাম কবিতা পুরস্কার	কবি মুহম্মদ নূরুল হুদা
সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার	কবি আবিদ আজাদ (মরণোত্তর)
কবীর চৌধুরী শিশু সাহিত্য পুরস্কার	অধ্যাপক হায়াৎ মামুদ

মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক

পাঁচটি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ২০১৯ সাল থেকে প্রতিবছর ২ জানুয়ারি প্রদান করা হবে 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক'। যে পাঁচটি ক্ষেত্রে পুরস্কার প্রদান করা হবে— ১. বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্ত নারীদের কল্যাণে যারা অবদান রাখবেন; ২. প্রান্তিক ও অনগ্রসর গোষ্ঠীর কল্যাণে যারা অবদান রাখবেন; ৩. প্রতিবন্ধী জনগোষ্ঠীর কল্যাণে যারা অবদান রাখবেন; ৪. সুবিধাবঞ্চিত শিশু, কয়েদি জনগোষ্ঠীর কল্যাণের জন্য যেসব ব্যক্তি বা প্রতিষ্ঠান কাজ করবে এবং ৫. মেধা ও মননের ফলে সমাজে শান্তি ও উন্নয়নে ভূমিকা রাখবেন যারা।

সিউল শান্তি পুরস্কার

২০১৮ সালের সিউল শান্তি পুরস্কার লাভ করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিশ্বের ১৪তম ব্যক্তি হিসেবে এ পুরস্কার লাভ করেন তিনি।

হুমায়ুন আহমেদ সাহিত্য পুরস্কার

২০১৮ সালের এক্সিম ব্যাংক-অন্যদিন হুমায়ুন আহমেদ সাহিত্য পুরস্কার লাভ করেন— সাহিত্যে সামগ্রিক অবদানের জন্য রিজিয়া রহমান এবং নবীন সাহিত্য শ্রেণিতে (অনূর্ধ্ব ৪০ বছরের লেখক) 'সাঁঝবেলা' উপন্যাসের জন্য ফাতিমা রুমি।

বিনোদন-সংস্কৃতি

- **মধুর ক্যান্টিন** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন যে মধু দা'র নামে পরিচিত সেই মধুদাকে কেন্দ্র করে মুক্তিযুদ্ধের আগে ও পরের সময়কালের নানান ঘটনা নিয়ে নির্মিতব্য চলচ্চিত্র।
- **ফ্রি** : বাংলাদেশের সফল নারী সার্ফার নাসিমাকে নিয়ে নির্মিতব্য চলচ্চিত্র। এর পরিচালক তানিম রহমান অংশু।
- **পাঠশালা** : দশ বছরের এক মেধাবী পথশিশু মানিকের জীবন জয়ের অদম্য গল্প নিয়ে নির্মিত পূর্ণদৈর্ঘ্য শিশুতোষ চলচ্চিত্র। নির্মাতা ফয়সাল রদ্দি ও আসিফ ইসলাম।
- **পিকনিক** : বাংলাদেশের প্রথম 'স্যাশার' মুভি।
- **Who is who in Asia** : কথাসাহিত্যিক হুমায়ুন আহমেদকে নিয়ে জাপানি টেলিভিশন NHK'র নির্মিত ১৫ মিনিটের তথ্যচিত্র।
- **Debry of Desire** : কথাসাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায়ের দুই ছোটগল্প 'বিষাক্ত প্রেম' ও 'সুবালা' অবলম্বনে বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনায় নির্মিতব্য চলচ্চিত্র। ছবিটির পরিচালক কলকাতার ইন্দ্রনীল রায় চৌধুরী। প্রাথমিকভাবে এর বাংলা নাম রাখা হয় 'মায়ার জঞ্জাল'।

ফাগুন হাওয়ায়

৮ ফেব্রুয়ারি ২০১৯ মুক্তি পাচ্ছে ভাষা আন্দোলনের প্রেক্ষাপট নিয়ে তৌকীর আহমেদের নতুন ছবি 'ফাগুন হাওয়া'।

১০০ টাকার প্রাইজবন্ডের ৯৩তম ড্র

ড্র : ৩১ অক্টোবর ২০১৮

- প্রথম পুরস্কার টা. ৬,০০,০০০ **০৪২০২২৪**
- দ্বিতীয় পুরস্কার টা. ৩,২৫,০০০ **০০৭৫৩৭৪**
- তৃতীয় পুরস্কার প্রতিটি ১,০০,০০০ টাকার মোট ২টি পুরস্কার **০৩২৮৬৪২** **০৬৮৫৭৫৫**
- চতুর্থ পুরস্কার প্রতিটি ৫০,০০০ টাকার মোট ২টি পুরস্কার **০৫২৪২৩৯** **০৫৮৩১১০**
- পঞ্চম পুরস্কার প্রতিটি ১০,০০০ টাকার মোট ৪০টি পুরস্কার

০০০৭৫৯১	০১১৮৩৫৪	০৩৯৩০৭৫	০৪৬৭৮৮৮	০৫৭২৯৯৯	০৬৮৫৮৪৭	০৭৯৪৩৬০	০৯২৬২৪৪
০০৩৯৮৯০	০২১৫৫২৫	০৪২২০৩৬	০৪৮০৫৩৪	০৬৫০৩৪০	০৬৯৩৩৭৮	০৮১৫৯৮৪	০৯৩৪৮৪০
০০৭২৪২৭	০২৬৬৩৬৭	০৪৩০০২১	০৪৮৮০৯৮	০৬৫৩২৩৯	০৭৪১১৯৩	০৮৩৮০৫৭	০৯৫২১৭৮
০০৭৫৬৮৯	০২৯০৭৭৮	০৪৫২৫৫০	০৫২৬১৮৪	০৬৫৩৯৮০	০৭৬৮১২৮	০৮৯১৪৬২	০৯৮২১৬৫
০১১২২৫৪	০৩০৮৭৩২	০৪৫৬৭৩১	০৫৩২২৮৯	০৬৭১৭৬১	০৭৭৮৪০৫	০৯১৩৫৯২	০৯৮৮৭৭৯

বি.দ্র. প্রাইজবন্ডের পুরস্কারের দাবি 'ড্র' এর তারিখ হতে পরবর্তী দুই বছরের মধ্যে গ্রহণযোগ্য।

সম্মেলন-বৈঠক

বৈশ্বিক সামাজিক ব্যবসা শীর্ষ সম্মেলন

আয়োজন : নবম। সময়কাল : ৬-৯ নভেম্বর ২০১৮। স্থান : উলফসবার্গ, জার্মানি।

APEC শীর্ষ সম্মেলন

Asia-Pacific Economic Cooperation

আয়োজন : ২৬তম। সময়কাল : ১৭-১৮ নভেম্বর ২০১৮। স্থান : পোর্ট মোর্সবি, পাপুয়া নিউগিনি।

ASEAN শীর্ষ সম্মেলন

Association of Southeast Asian Nations

আয়োজন : ৩৩তম। সময়কাল : ১৪-১৫ নভেম্বর ২০১৮। স্থান : সিঙ্গাপুর।

EAS শীর্ষ সম্মেলন

East Asia Summit

আয়োজন : পঞ্চম। সময়কাল ১৫-১৭ নভেম্বর ২০১৮। স্থান : সিঙ্গাপুর।

1170 Global River Cities Summit

সময়কাল : ১৪-১৫ নভেম্বর ২০১৮। স্থান : হাংঝু, চীন।

INTERPOL সাধারণ সভা

Interpol-International Criminal Police Organization

আয়োজন : ৮৭তম। সময়কাল : ১৮-২১ নভেম্বর ২০১৮। স্থান : দুবাই, সংযুক্ত আরব আমিরাত।

G20 শীর্ষ সম্মেলন

Group of Twenty

আয়োজন : ১৩তম। সময়কাল : ৩০ নভেম্বর-১ ডিসেম্বর ২০১৮। স্থান : বুয়েন্স আয়ার্স, আর্জেন্টিনা।

প্রথমবারের মতো G20 সম্মেলন দক্ষিণ আমেরিকায় অনুষ্ঠিত হয়।

পরবর্তী ২টি সম্মেলন অনুষ্ঠিত হবে—
২৮-২৯ জুন, ২০১৯ : ওসাকা, জাপান ও
২০২০ : রিয়াদ, সৌদি আরব।

IORA'র মন্ত্রিপর্যায়ের বৈঠক

Indian Ocean Rim Association

আয়োজন : ১৮তম। সময়কাল : ২ নভেম্বর ২০১৮। স্থান : ডারবান, দক্ষিণ আফ্রিকা।

বাংলাদেশ রিভার ফোরাম ২০১৮

অনুষ্ঠিত হয় ১৮ নভেম্বর ২০১৮। প্রতিপাদ্য- Listening to the Grassroots.

PHA-4

Peoples Health Assembly

আয়োজন : চতুর্থ। সময়কাল : ১৫-১৯ নভেম্বর ২০১৮। স্থান : ব্র্যাক CDM সেন্টার, সাভার, ঢাকা।

বৈশ্বিক নাগরিক সংগঠন Peoples Health Movement এ সম্মেলনের আয়োজন করেছে। ৮০টি দেশ এ মুভমেন্টের সদস্য।

সাহিত্য-সংস্কৃতি

Begum Khaleda Zia
Her Life, Her Story

বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বর্ণাঢ্য রাজনৈতিক জীবন ও নানা ঘটনাপ্রবাহ নিয়ে সাংবাদিক মাহফুজ উল্লাহর লেখা জীবনীগ্রন্থ। এর প্রকাশনা উৎসব হয় ১৮ নভেম্বর ২০১৮। ৭১৮ পৃষ্ঠার এ জীবনীগ্রন্থে তুলে আনা হয়েছে সাবেক প্রধানমন্ত্রীর রাজনৈতিক জীবন ও সংগ্রামের গল্প।

প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে নিয়ে সাংবাদিক মাহফুজ উল্লাহর রচিত জীবনীগ্রন্থের নাম President Zia of Bangladesh : A Political Biography।

জাপানি ভাষায় গ্রাফিক নভেল 'মুজিব'

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনভিত্তিক গ্রাফিক নভেল 'মুজিব' জাপানি ভাষায় প্রকাশিত হয়েছে। ২৬ নভেম্বর ২০১৮ জাপানি ভাষায় অনূদিত বইটির মোড়ক উন্মোচন করা হয়। বইটির অনুবাদক প্রফেসর মাসাকি ওহাসি এবং ইমরান শরিফ।

বঙ্গবন্ধু মানেই বাংলার স্বাধীনতা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দুর্লভ আলোকচিত্র-সংবলিত গ্রন্থ। এর প্রকাশক মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয়। মোড়ক উন্মোচন ২৯ অক্টোবর ২০১৮। এতে আলোকচিত্র রয়েছে ৩৬৪টি।

Killing Commendatore

জাপানি ঔপন্যাসিক হারুকি মুরাকামির উপন্যাস Kishidancho Goroshi'র ইংরেজি অনুবাদগ্রন্থ। ৯ অক্টোবর ২০১৮ যুক্তরাষ্ট্র থেকে এটি প্রকাশিত হয়। ২৪ ফেব্রুয়ারি ২০১৭ জাপানে এ বইটির জাপানি সংস্করণ প্রকাশিত হয়।

- **গণমাধ্যমে গণসঙ্গীত :** দুই শতাধিক গণসঙ্গীতের স্বরলিপি নিয়ে প্রকাশিত গ্রন্থ। প্রকাশ ও মোড়ক উন্মোচন ৩ নভেম্বর ২০১৮।
- **Becoming :** সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার স্ত্রী ফার্স্ট লেডি মিশেল ওবামার ৪২৬ পাতার প্রথম স্মৃতিকথা; প্রকাশ ১৩ নভেম্বর ২০১৮।

ড. ইউনুস রচিত দুই গ্রন্থ

- অন্য এক পুঁজিবাদ ও তার সম্ভাবনা
- A World of Three Zeros

মেলা-উৎসব

প্রজাপতি মেলা

আয়োজন : নবম। সময়কাল : ২ নভেম্বর ২০১৮। স্থান : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা। প্রতিপাদ্য- উড়লে আকাশে প্রজাপতি, প্রকৃতি পায় নতুন গতি।

- ২০১০ সাল থেকে অনুষ্ঠিত হচ্ছে প্রজাপতি মেলা।

ঢাকা লিট ফেস্ট

আয়োজন : অষ্টম। সময়কাল : ৮-১০ নভেম্বর ২০১৮। স্থান : বাংলা একাডেমি চত্বর, ঢাকা।

- বিশ্বের ২৫টি দেশের দুই শতাধিক কবি, সাহিত্যিক, বক্তা ও শিল্পী অংশ নেয়।
- ২০১১ সালে হে ফেস্টিভ্যাল নামে যাত্রা শুরু করে। ২০১৫ সালে এর নাম হয় ঢাকা লিট ফেস্ট।

ঢাকা আন্তর্জাতিক লোকসঙ্গীত উৎসব

আয়োজন : চতুর্থ। সময়কাল ১৫-১৭ নভেম্বর ২০১৮। স্থান : আর্মি স্টেডিয়াম, ঢাকা।

- বাংলাদেশসহ ৭ দেশের ১৭৪ জন শিল্পী গান নাচের পরিবেশনায় অংশ নেয়।

আয়কর মেলা

বিভাগীয় শহরে : ১৩-১৯ নভেম্বর (সপ্তাহব্যাপী)। জেলা শহরে : ১৩-১৯ নভেম্বর (স্থানীয়ভাবে নির্ধারিত চার দিন)। নির্বাচিত উপজেলা শহরগুলোতে : ১৩-১৯ নভেম্বর (স্থানীয়ভাবে নির্ধারিত ২/১ দিন)।

ডেনিম এক্সপো

আয়োজন : নবম। সময়কাল ৭-৮ নভেম্বর ২০১৮। প্রতিপাদ্য- সহজতা (Simplicity)।

- বিশ্বের ১২টি দেশে ৬৩টি ডেনিম ও ডেনিম পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান অংশ নেয়।

অষ্টম বাংলাদেশ বইমেলা ২০১৮

২-১১ নভেম্বর ২০১৮ কলকাতায় অনুষ্ঠিত হয় অষ্টম বাংলাদেশ বইমেলা ২০১৮। কলকাতা শহরের রবীন্দ্র স্মরণির পশ্চিম পাশে মোহরকুঞ্জে আয়োজন করা হয় এ মেলা। এর আয়োজক বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি। সার্বিক ব্যবস্থাপনায় ছিল কলকাতাস্থ বাংলাদেশ ডেপুটি হাইকমিশন। সহায়তা করে বাংলাদেশ রফতানি উন্নয়ন ব্যুরো (EPB)। মেলায় অংশ নেয় কথাপ্রকাশসহ ৬০টি প্রকাশনা সংস্থা।

কথাপ্রকাশ

৩ ডিসেম্বর ১৯৫৬ : কথাসাহিত্যিক ও ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু

বদলে যাচ্ছে বাংলা বর্ষপঞ্জি

চলতি ১৪২৫ বঙ্গাব্দের ফাল্গুন মাস হবে ৩০ দিনে। এরপর থেকে প্রতি অধিবর্ষে (Leap Year) মাসটি ৩০ দিনে হিসাব করা হবে। বৈশাখ থেকে আশ্বিন মাস ৩১ দিনে এবং কার্তিক থেকে মাঘ ও চৈত্র মাস ৩০ দিনে গণনা করা হবে। গ্রেগরিয়ান বর্ষপঞ্জির সাথে (ইংরেজি ক্যালেন্ডার) বাংলা বর্ষপঞ্জির বিশেষ দিনগুলোর সমন্বয় আনতে বাংলা একাডেমির বর্ষপঞ্জি সংস্কার কমিটি সরকারকে এ সুপারিশ করে। ২০১৫ সালে বাংলা একাডেমির তৎকালীন মহাপরিচালক শামসুজ্জামান খানকে সভাপতি করে এ কমিটি করা হয়।

নতুন বর্ষপঞ্জির হিসাবে ১৪ মার্চ বাংলা বছরের চৈত্র মাস শুরু হওয়ার কথা থাকলেও তা শুরু হবে ১৫ মার্চ থেকে। পরের বছর ২০২০ সালে ইংরেজি অধিবর্ষের হিসাবে আবারও ফাল্গুন মাস ৩০ দিনে গণনা করা হবে। কিন্তু ২০২১ সাল থেকে তা ২৯ দিনে নেমে আসবে। ইংরেজি পঞ্জিকার হিসাবে যে বছর ফেব্রুয়ারি মাস ২৮ দিনের পরিবর্তে ২৯ দিনে হবে, কেবল সে বছরই ফাল্গুন মাসে দিনের সংখ্যা ২৯ থেকে ৩০-এ দাঁড়াবে। এতে করে ঘুচবে ইংরেজি ক্যালেন্ডারের সাথে বাংলা বর্ষপঞ্জির ব্যবধান। এর মাধ্যমে জাতির ইতিহাস ও সংস্কৃতির গৌরবদীপ্ত দিনগুলো দুটো বর্ষপঞ্জিতেই অভিন্ন (Fixed) থাকবে।



বাংলা বর্ষপঞ্জি এর আগেও দুই দফা সংস্কার হয়েছে। ১৯৫০-এর দশকে প্রখ্যাত জ্যোতির্পদার্থবিজ্ঞানী ড. মেঘনাদ সাহার নেতৃত্বে এবং ১৯৬৩ সালে ড. মুহম্মদ শহীদুল্লাহর নেতৃত্বে এ সংস্কার হয়। মেঘনাদ সাহার সুপারিশে বৈশাখ থেকে ভাদ্র ৩১ দিন এবং আশ্বিন থেকে চৈত্র ৩০ দিন ছিল। আর অধিবর্ষে একদিন যুক্ত হতো চৈত্র মাসে। 'শহীদুল্লাহ কমিটি' মেঘনাদ সাহার সুপারিশকে সামনে রেখেই কিছু সংযোজন-বিয়োজনের সুপারিশ করে। কিন্তু ১৯৮৮-৮৯ অর্থবছরে বাংলা দিনপঞ্জিকা তৈরির নির্দেশ দেয়া হলে অধিবর্ষ গণনার ক্ষেত্রে জটিলতা দেখা যায়। তখন থেকেই শহীদুল্লাহ কমিটির সুপারিশ সংশোধনের কথা হচ্ছে।

দেশে হোন্ডার উৎপাদন শুরু

বিশ্বের সবচেয়ে বড় মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান জাপানের হোন্ডা মোটর কোম্পানি লিমিটেড। বিশ্বের ১৬০টি দেশে ব্যবসা করে হোন্ডা। এশিয়া ও ওশেনিয়া অঞ্চলের ১০টি দেশে তাদের কারখানা রয়েছে।

HONDA
The Power of Dreams

১১ নভেম্বর ২০১৮ মুন্সিগঞ্জের গজারিয়ায় বেসরকারি 'আবদুল মোনেম ইকোনমিক জোন'-এ ২৫ একর জমিতে প্রতিষ্ঠিত কারখানার আনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে বাংলাদেশে মোটরসাইকেল উৎপাদন শুরু করে হোন্ডা বাংলাদেশ লিমিটেড (বিএইচএল)। প্রতিবেশীদের মধ্যে ভারত, থাইল্যান্ড ও ভিয়েতনামের পর বাংলাদেশে কারখানা স্থাপন করে হোন্ডা।

দেশের দীর্ঘতম রেলপথ চালু

১০ নভেম্বর ২০১৮ পঞ্চগড়-ঠাকুরগাঁও-ঢাকার মধ্যে সরাসরি আন্তঃনগর ট্রেন সার্ভিস চালু হয়। ৬৩৯ কিলোমিটার দৈর্ঘ্যের এ রুটটি দেশের সবচেয়ে দীর্ঘতম রেলরুট। এ রুটে ২৩টি স্টেশন রয়েছে এবং এতে পরিচালিত দুটি ট্রেন সার্ভিস হলো— 'দ্রুতযান এক্সপ্রেস' ও 'একতা এক্সপ্রেস'।

বানৌজা শেখ মুজিব

জাতীয় দুর্যোগ মোকাবেলা ও উদ্ধার অভিযানে সহায়তার লক্ষ্যে ৫ নভেম্বর ২০১৮ ঢাকার খিলক্ষেতে নৌবাহিনীর ঘাঁটি 'বানৌজা শেখ মুজিব'-এর কমিশনিং করা হয়। এটা ঢাকা অঞ্চলের প্রথম পূর্ণাঙ্গ নৌঘাঁটি। 'বানৌজা শেখ মুজিব'-ই হচ্ছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে দেশের প্রথম কোনো নৌঘাঁটি।

মুক্তিযোদ্ধার স্বীকৃতি প্রদান

মহান মুক্তিযুদ্ধে অবদানের জন্য মুজিবনগর সরকারের আরও ১৩ জন কর্মচারীকে ২৪ অক্টোবর ২০১৮ মুক্তিযোদ্ধার স্বীকৃতি প্রদান করা হয়। ৩১ অক্টোবর ২০১৮ তা গেজেট আকারে প্রকাশিত হয়। নতুন ১৩ জনসহ একাত্তরের মুজিবনগর সরকারের কর্মচারীর সংখ্যা দাঁড়ায় ৫৪৯ জন।

মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনী ও তাদের সহযোগীদের হাতে নির্যাতিত আরো ৬ জন বীরাঙ্গনা ২৯ অক্টোবর ২০১৮ মুক্তিযোদ্ধার স্বীকৃতি লাভ করেন। ১২ নভেম্বর ২০১৮ তা গেজেট আকারে প্রকাশিত হয়। তাদের নিয়ে মুক্তিযোদ্ধার স্বীকৃতি পাওয়া বীরাঙ্গনার সংখ্যা এখন ২৩৯ জন।

৩ ডিসেম্বর ১৯৮২ : বাংলা সাহিত্যের সৃজনশীল লেখক বিষ্ণু দে'র মৃত্যু

ICT'র ৩৫ তম রায়

একাত্তরে মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (ICT) ৫ নভেম্বর ২০১৮ তাদের ৩৫তম রায় প্রদান করেন। এতে হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়ার বিভিন্ন এলাকায় হত্যা, গণহত্যার মতো মানবতাবিরোধী অপরাধে যুক্ত থাকার দায়ে পলাতক দুই আসামী মো. লিয়াকত আলী ও আমিনুল ইসলামের মৃত্যুদণ্ডের রায় প্রদান করা হয়। মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামীর মধ্যে লিয়াকত আলী ছিলেন হবিগঞ্জের লাখাই থানার রাজাকার কমান্ডার। আর আমিনুল ইসলাম ছিলেন কিশোরগঞ্জের আল বদর বাহিনীর নেতা।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

INTERNATIONAL CRIMES TRIBUNAL

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এ পর্যন্ত রায় আসা ৩৫টি মামলার ৮৫ জন আসামীর মধ্যে পাঁচজন বিচারাধীন অবস্থায় মারা যান। সাজা হয় মোট ৮০ জনের। এদের মধ্যে ৫৯ জনের মৃত্যুদণ্ড, ১৯ জনের আমৃত্যু কারাদণ্ড এবং ২ জনের বিভিন্ন মেয়াদে কারাদণ্ডের আদেশ দেয়া হয়।

নারী চাকরিজীবীর মৃত্যুতে
স্বামীর আজীবন পেনশন লাভ

পারিবারিক পেনশন সুবিধায় নারী-পুরুষের সমান সুযোগ সৃষ্টি করেছে সরকার। এতদিন কোনো পুরুষ বেসামরিক সরকারি চাকরিজীবী মারা গেলে তার স্ত্রী আজীবন পারিবারিক পেনশন সুবিধা পেতেন। এখন থেকে কোনো নারী কর্মকর্তা বা কর্মচারীর মৃত্যু হলে তার স্বামীও এ সুবিধা পাবেন। ১৪ নভেম্বর ২০১৮ অর্থ মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনে এ সুবিধা চালুর বিষয়টি জানায়। এর আগে বিপত্নীক স্বামীরা সর্বোচ্চ ১৫ বছর পারিবারিক পেনশন সুবিধা পেতেন। তবে এ সুবিধা পাওয়ার ক্ষেত্রে বিপত্নীক স্বামীকে পুনরায় বিয়ে না করার শর্ত জুড়ে দেয়া হয়।

একজন সরকারি কর্মী অবসরে যাওয়ার সময় শেষ মাসের মূল বেতনের ৯০ শতাংশ প্রতি মাসে পেনশন সুবিধা পেয়ে থাকেন। পারিবারিক পেনশনভোগীরাও একই সুবিধা পেয়ে থাকেন।

বিদ্যুতে আলোকিত সন্দ্বীপ

১৫ নভেম্বর ২০১৮ প্রথমবারের মতো জাতীয় গ্রিড থেকে বিদ্যুৎ সরবরাহ করা হয় দেশের মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলায়। সাগরের তলদেশে স্থাপিত সাবমেরিন ক্যাবল দিয়ে বিদ্যুৎ সরবরাহ করে চট্টগ্রামের সন্দ্বীপকে জাতীয় গ্রিডের আওতায় আনা হয়।

চট্টগ্রাম শহর থেকে নদী ও সাগরপথে ৫০ কিলোমিটার দূরে অবস্থিত সন্দ্বীপ। এর আয়তন ৭৬২.৪২ বর্গ কিমি। সাগর ও নদীবেষ্টিত এ দ্বীপে এতদিন ডিজেলচালিত জেনারেটর দিয়ে শুধু পিক আওয়ারে সন্ধ্যা ৬টা-রাত ১২টা পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করে আসছিল বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (BPDB)। সন্দ্বীপে এখন মোট বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা ২,৩০০ এবং বিদ্যুৎ চাহিদা গড়ে ১.৮০ মেগাওয়াট। এছাড়াও দ্বীপটিতে ব্যক্তিগত জেনারেটর ও কিছু সৌরবিদ্যুতের গ্রাহক রয়েছে।

দেশের প্রথম 3D কার্টুন সিরিজ

বাংলাদেশে প্রথমবারের মতো 3D কার্টুন সিরিজ নির্মিত হয়েছে। ছোট-বড় সব দর্শকের উপযোগী করে নির্মিত কার্টুন সিরিজটির নাম 'চাচা বাহিনীর আজব কাহিনি'। বাংলাদেশি নির্মাতা ওয়াহিদ ইবনে রেজার প্রযোজনায় সিরিজটি নির্মাণ করে ম্যাভেরিক স্টুডিও। ২৭ অক্টোবর ২০১৮ থেকে প্রতি শনিবার রাত ৯টায় সিরিজটি নাগরিক টিভিতে প্রচারিত হচ্ছে। বাংলাদেশের কোনো টিভি চ্যানেলের জন্য নির্মিত এটাই প্রথম 3D কার্টুন সিরিজ।

বাংলাদেশের নিয়ন্ত্রণে বঙ্গবন্ধু স্যাটেলাইট

১২ মে ২০১৮ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ কেনেডি মহাকাশ উৎক্ষেপণ কেন্দ্র থেকে মহাকাশে সফলভাবে উৎক্ষেপণ করা হয় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১। এর নির্মাতা প্রতিষ্ঠান ফ্রান্সের Thales Alenia Space। প্রতিষ্ঠানটি ৯ নভেম্বর ২০১৮ বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (BCSCL) কাছে দেশের প্রথম বাণিজ্যিক স্যাটেলাইটটির নিয়ন্ত্রণ আনুষ্ঠানিকভাবে বুঝিয়ে দেয়। এর মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইটের পূর্ণ নিয়ন্ত্রণ লাভ করে বাংলাদেশ।

স্বাস্থ্য ও চিকিৎসা

শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট

৩১ অক্টোবর ২০১৮ ঢাকার মহাখালীর বক্ষব্যাধি ও ক্যান্সার হাসপাতালসংলগ্ন এলাকায় স্থাপিত ২৫০ শয্যার 'শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল' উদ্বোধন করা হয়। পরিপাকতন্ত্র ও লিভার চিকিৎসায় সরকারি পর্যায়ে দেশে স্থাপিত এটিই প্রথম বিশেষায়িত হাসপাতাল।

দেশে প্রথম পোষাপ্রাণীর হাসপাতাল

চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের (সিভাসু) উদ্যোগে ঢাকার পূর্বাচলে ২২ কাঠা জমির ওপর গড়ে তোলা হয়েছে দেশের প্রথম পোষা প্রাণীর হাসপাতাল। ইন্টার্ন ও স্নাতকোত্তর ভেটেরিনারি ডাক্তারদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে অত্যাধুনিক ও বিশ্বমানের এ হাসপাতাল স্থাপন করা হয়। ২৮ অক্টোবর ২০১৮ Teaching & Training Pet Hospital & Research Centre নামের এ হাসপাতালের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।



এইডস ঝুঁকিপূর্ণ ২৩ জেলা

দেশের ২৩টি জেলাকে এইডস ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করে এইডস/এসটিডি কর্মসূচি। ঝুঁকিপূর্ণ জেলাগুলো হল— বরিশাল, পটুয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, চাঁদপুর, ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, রাজশাহী, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, দিনাজপুর, সিলেট ও মৌলভীবাজার।

বিজ্ঞানযাত্রায় বাংলাদেশ

♦ ব্যাকটেরিয়া নির্ণায়ক আবিষ্কার

যুক্তরাজ্য প্রবাসী বাংলাদেশি বিজ্ঞানী ড. প্রদীপ সরকারসহ ৬ জনের একটি গবেষক দল এক ধরনের অ্যাকটিভ পলিমার হাইড্রোজেল তৈরি করেছেন। এর মাধ্যমে অল্প খরচে সঠিকভাবে ব্যাকটেরিয়া ইনফেকশন পরীক্ষা করে দায়ী ব্যাকটেরিয়া সনাক্ত করা সম্ভব হবে। ফলে চিকিৎসকরা দ্রুততম সময়ে সঠিক অ্যান্টিবায়োটিক ব্যবহার করতে পারবেন। ড. প্রদীপ সরকার বাংলাদেশের ঝিনাইদহ জেলার শৈলকুপা থানার বারইহদা গ্রামে জন্মগ্রহণ করেন।

♦ জীবাণু প্রতিরোধী কাগজ উদ্ভাবন

বাংলাদেশের বিজ্ঞানীরা নতুন এক প্রযুক্তি উদ্ভাবন করেছেন, যা ব্যবহার করে কাগজে কোনো জীবাণুর আক্রমণ ও বিস্তার ঠেকানো যাবে। জীবাণু-প্রতিরোধী এ কাগজ খাদ্য বা পণ্যের মোড়ক হিসেবে ব্যবহার করা যাবে। গুরুত্বপূর্ণ নথি ও বই প্রকাশের ক্ষেত্রেও এ কাগজের ব্যবহার হতে পারে বলে বিজ্ঞানীরা মনে করেন। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক ও বিজ্ঞানী শফিউল আজমের নেতৃত্বে জীবাণু-প্রতিরোধী এ কাগজ উদ্ভাবিত হয়েছে। কাগজের সাথে সিলভার ন্যানো কণা স্প্রে করে মিশিয়ে দেয়ার এ প্রযুক্তির ফলাফল অক্টোবর ২০১৮ যুক্তরাষ্ট্রের রাসায়নিক সমিতির জার্নাল *এসিএস সাসটেইনেবল কেমিস্ট্রি অ্যান্ড টেকনোলজি* সাময়িকীতে প্রকাশিত হয়।

♦ শৌখিন পাখির লিঙ্গ নির্ধারণ

চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের (সিভাস) একদল গবেষক শৌখিন পাখির লিঙ্গ নির্ধারণের সক্ষমতা অর্জন করেন, যা বাংলাদেশে প্রথম। এ গবেষক দলের প্রধান শুভাগত দাস।

আগে ভারত কিংবা থাইল্যান্ডে পাখির পালকের নমুনা কুরিয়ারে পাঠাতে হতো। এতে ফলাফল পেতে কমপক্ষে দুই সপ্তাহ সময় লাগত। খরচ পড়ত সর্বনিম্ন ১,২০০ টাকা। তবে এখন মাত্র দু'দিনেই জানা যাবে শৌখিন পাখির লিঙ্গ কী। এতে খরচ পড়বে ৬০০ টাকা। আগ্রহীদের পাখির রক্ত ও বুকের পালকের নমুনা এবং একটি ফরমে পাখির সব তথ্য লিখে বিশ্ববিদ্যালয়ে পাঠাতে হবে। ল্যাবরেটরিতে লিঙ্গ নির্ধারণ করা হবে। সাথে দেওয়া হবে লিঙ্গ নির্ধারণসংক্রান্ত একটি সনদও।

জীবের জীবনরহস্য উন্মোচন ও বাংলাদেশ

সম্প্রতি বাংলাদেশি বিজ্ঞানীরা ব্ল্যাক বেঙ্গল ছাগল এবং ধইঞ্চার জীবনরহস্য (Genome Sequence) উন্মোচন করেন। এর আগেও বেশ কিছু জীবের জীবনরহস্য উন্মোচন করেছেন বাংলাদেশের বিজ্ঞানীরা। ব্ল্যাক বেঙ্গল ও ধইঞ্চার জীবনরহস্যসহ আগে উন্মোচিত জীবনরহস্যগুলোর খোঁজ-খবর তুলে ধরা হলো এখানে।

ব্ল্যাক বেঙ্গল ছাগল

ব্ল্যাক বেঙ্গল একটি ছোট জাতের বাংলাদেশি ছাগল। সুস্বাদু মাংসের এ জাতটি বাংলাদেশে 'গরিবের গাভী' নামে পরিচিত। বর্তমানে দেশে প্রায় ২ কোটি ৭৬ লাখ ছাগলের ৯০ ভাগই ব্ল্যাক বেঙ্গল জাতের। ২০১৬ সালে জাতিসংঘের কৃষিবিষয়ক সংস্থা (FAO) ও আন্তর্জাতিক আণবিক গবেষণা সংস্থা (IAEA) বিশ্বের ১০০টি ছাগলের বৈশিষ্ট্য নিয়ে একটি গবেষণা করে। এ গবেষণায় বাংলাদেশের স্থানীয় জাতের ছাগল ব্ল্যাক বেঙ্গলকে বিশ্বের অন্যতম সেরা জাত হিসেবে ঘোষণা করা হয়। ব্ল্যাক বেঙ্গল ছাগলের চামড়া বিশ্বজুড়ে 'কুষ্টিয়া গ্রেড' নামে পরিচিত।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এম. এ. এম. ইয়াহিয়া খন্দকারের নেতৃত্বে বাকৃবি এবং বাংলাদেশ প্রাণি সম্পদ গবেষণা ইনস্টিটিউটের (BLRI) একদল গবেষক উন্মোচন করেন ব্ল্যাক বেঙ্গল ছাগলের জীবনরহস্য। ১১ নভেম্বর ২০১৮ যুক্তরাষ্ট্রভিত্তিক জৈবপ্রযুক্তিবিষয়ক বৈশ্বিক প্রতিষ্ঠান National Center for Biotechnology Information (NCBI) থেকে জিনোমের কোড নম্বর নিবন্ধন পায় বাংলাদেশ। ১৩ নভেম্বর ২০১৮ এর আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়।

ধইঞ্চা

কখনও সবুজ সার, জ্বালানি, কখনও আবার ঘরের বেড়া এবং সবজির মাচা হিসেবে কাজে লাগানো হয় ধইঞ্চা। এর পাতা এবং বীজ গবাদি পশুর খাদ্য হিসেবেও ব্যবহৃত হয়ে থাকে। চর এলাকায় মাটির ক্ষয়রোধের জন্যও তা উপকারী। সাধারণত এক ফসল

থেকে আরেক ফসলের মাঝখানে যে সময়টা জমি পতিত থাকে সেই সময়ে ধইঞ্চা চাষ হয়ে থাকে। এসব ধইঞ্চা গাছ কেটে কৃষকরা মাটির সাথে মিশিয়ে দেন। এতে জমির উর্বরতা বৃদ্ধি পায়। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অব্যাহত রাখতে ধইঞ্চার উর্বরাশক্তি মাটির গুণাগুণ বাড়াতে কাজে আসে। মাটির ভিটামিন হচ্ছে ধইঞ্চা।

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের পাটবিষয়ক মৌলিক ও ফলিত গবেষণার সাথে জড়িত বিজ্ঞানীরা ধইঞ্চার Genome Sequence সম্পন্ন করে এর জিনগুলো শনাক্ত করতে সক্ষম হন। জৈব-প্রযুক্তিবিষয়ক বৈশ্বিক প্রতিষ্ঠান National Center for Biotechnology Information (NCBI) থেকে ধইঞ্চার জিনগুলো এবং সম্পূর্ণ জিনোম নাম্বারিং করা হয়। জীবনরহস্য উন্মোচিত হওয়ায় এখন মাটির সবুজ সার ও বন্ধু হিসেবে পরিচিত ধইঞ্চার গুণগতমান ও বিপুল হারে উৎপাদন বাড়ানো সম্ভব হবে। মাটির উর্বরা শক্তি বাড়াতে উদ্ভাবন করা যাবে বাংলাদেশের আবহাওয়া ও প্রয়োজন অনুযায়ী ধইঞ্চার নতুন জাত। কমবে স্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকর রাসায়নিক সারের ব্যবহার।

বাংলাদেশি কর্তৃক জীবনরহস্য উন্মোচন ও আনুষ্ঠানিক ঘোষণা

তোষা পাট	১৬ জুন ২০১০	গমের ব্লাস্ট রোগ	১৪ ফেব্রুয়ারি ২০১৭
দেশি বা সাদা পাট	১৮ আগস্ট ২০১৩	ইলিশ	৮ সেপ্টেম্বর ২০১৮
পাটের ক্ষতিকর ছত্রাক	১৯ সেপ্টেম্বর ২০১২	ব্ল্যাক বেঙ্গল ছাগল	১৩ নভেম্বর ২০১৮
মহিষ	২৪ জানুয়ারি ২০১৪	ধইঞ্চা	২২ নভেম্বর ২০১৮

- বাংলাদেশে জিনোম গবেষণার পথিকৃৎ ড. মাকসুদুল আলম।

প্রত্নতত্ত্বের খোঁজে

সাতক্ষীরায় পুরাকীর্তির সন্ধান শুরু

সাতক্ষীরার তালা উপজেলার সদর ইউনিয়নের আগৈলঝাড়া ও ডাঙ্গানলতা গ্রামের মধ্যবর্তী মাঠের মধ্যে পুরানো একটি মাটির ঢিবিতে ১৩ নভেম্বর ২০১৮ পুরাকীর্তির সন্ধানের খনন কাজ শুরু করে প্রত্নতত্ত্ব অধিদপ্তর। স্থানটি 'বুড়িঝাড়ার মাঠ' নামে পরিচিত। স্থানটি ২০১২ সালে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীনে সংরক্ষিত হয়।

তাহিরপুরে হাউলি দুর্গ খনন শুরু

১৪ নভেম্বর ২০১৮ সুনামগঞ্জের তাহিরপুর উপজেলার সীমান্তে অবস্থিত প্রাচীন লাউড় রাজ্যের ঐতিহাসিক হলহলিয়া (হাউলি) দুর্গ খনন শুরু হয়। তাহিরপুর উপজেলার উত্তর বড়দল ও দক্ষিণ বড়দল ইউনিয়নের মধ্যবর্তী স্থানে অবস্থিত হলহলিয়া গ্রাম। প্রত্নতাত্ত্বিক খননের মাধ্যমে ১২০০ বছর পর মাথা উঁচু করে দাঁড়াচ্ছে প্রাচীন লাউড় রাজ্যের রাজধানী হলহলিয়া দুর্গ ও ব্রাহ্মণগাঁওয়ের গৌড়গোবিন্দের রাজবাড়ি।

ভাসুবিহারে ১২০০ বছর আগের স্তূপ

ঐতিহাসিক পুন্ড্রনগরী মহাস্থানগড়ের অদূরে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত ভাসুবিহার। সম্প্রতি এখানে প্রত্নতাত্ত্বিক খননের মাধ্যমে বৌদ্ধদের

প্রাচীন চারটি স্তূপের সন্ধান পাওয়া যায়। বৌদ্ধ ধর্মাবলম্বীদের এ স্তূপ দেখতে অনেকটা টিলার মতো। এখানে কোনো সন্ন্যাসী বা ভিক্ষুর দেহাবশেষ ব্যবহার করা হতো। পাল আমলের মাঝামাঝি সময়ে এসব স্তূপ নির্মাণ করা হয়। সে হিসাবে এগুলোর বয়স আনুমানিক ১,২০০ বছর হবে।

জামায়াতের নিবন্ধন বাতিল

২৮ অক্টোবর ২০১৮ বাংলাদেশ জামায়াতে ইসলামীর নিবন্ধন বাতিল করে প্রজ্ঞাপন জারি করে নির্বাচন কমিশন। প্রজ্ঞাপনে বলা হয়, গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২'র আওতায় রাজনৈতিক দল হিসেবে জামায়াতে ইসলামী নিবন্ধনের জন্য আবেদন করেছিল। এর পরিপ্রেক্ষিতে ৪ নভেম্বর ২০০৮ জামায়াতে ইসলামীকে নিবন্ধন দেয়া হয়েছিল। দলটির নিবন্ধন নম্বর ছিল ১৪। হাইকোর্টে ২০০৯ সালে করা ৬৩০ নম্বর রিট পিটিশনের রায়ে আদালত জামায়াতে ইসলামীর নিবন্ধন অবৈধ ও বাতিল ঘোষণা করায় গণপ্রতিনিধিত্ব আদেশের ৯০ এইচ ধারা অনুযায়ী জামায়াতে ইসলামীর নিবন্ধন বাতিল করা হলো। ১ আগস্ট ২০১৩ হাইকোর্ট জামায়াতের নিবন্ধন বাতিল ও অবৈধ ঘোষণা করে রায় দেন।

২০০৮ সালে রাজনৈতিক দলের নিবন্ধন চালু হবার পর এ যাবৎ ৩টি দলের নিবন্ধন বাতিল করে নির্বাচন কমিশন। দলগুলো— বাংলাদেশ ফ্রিডম পার্টি, ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন এবং বাংলাদেশ জামায়েত ইসলামী। বর্তমানে নির্বাচন কমিশনে নিবন্ধিত রাজনৈতিক দলের সংখ্যা ৩৯টি।

দেশের বৃহত্তম সৌরবিদ্যুৎ কেন্দ্র

কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার হ্নীলা ইউনিয়নের আলীখালী এলাকায় দেশের বৃহত্তম সৌরবিদ্যুৎ কেন্দ্র অবস্থিত। ১১৬



একর জমির ওপর ৮৭ হাজার সৌর প্যানেল নিয়ে নির্মিত বিদ্যুৎ কেন্দ্রটির উৎপাদন ক্ষমতা ২৮ মেগাওয়াট। ১১ সেপ্টেম্বর ২০১৮ বিদ্যুৎ কেন্দ্রটি পরীক্ষামূলকভাবে যাত্রা শুরু করে। ১৩ সেপ্টেম্বর ২০১৮-এ বিদ্যুৎ কেন্দ্রটি থেকে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করা হয়। ১ নভেম্বর ২০১৮ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় দেশের বৃহত্তম এ সৌরবিদ্যুৎ কেন্দ্রটি।

সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ

- ২৯ অক্টোবর ২০১৮ বগুড়া সেনানিবাসস্থ বাংলাদেশ সাঁজোয়া কোরের প্রশিক্ষণ কেন্দ্র 'আর্মার্ড কোর সেন্টার এন্ড স্কুল'-এ সেনাবাহিনীর প্রধান জেনারেল আজিজ আহমেদকে 'কিং অব দি ব্যাটেল' হিসেবে খ্যাত বাংলাদেশ সাঁজোয়া কোরের **৭ম কর্নেল কমান্ড্যান্ট** হিসেবে অভিষিক্ত করা হয়।
- ৩০ অক্টোবর ২০১৮ রাজশাহী সেনানিবাসের বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্টাল সেন্টারে সেনাবাহিনী প্রধান আজিজ আহমেদকে বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্টের **পঞ্চম কর্নেল অব দ্য রেজিমেন্ট** হিসেবে অভিষিক্ত করা হয়। বাংলাদেশ সেনাবাহিনীতে জেনারেল আজিজ আহমেদই প্রথম জেনারেল, যিনি একাধারে পৃথক চারটি রেজিমেন্ট/কোরের 'কর্নেল অব দ্য রেজিমেন্ট' নির্বাচিত হন। অন্য তিনটি রেজিমেন্ট হলো— আর্মার্ড, আর্টিলারি ও ইস্ট বেঙ্গল।
- ৬ নভেম্বর ২০১৮ মিরপুর সেনানিবাসের সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের (DSCSC) হল অব ফেমে অন্তর্ভুক্ত হন সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ। তিনি DSCSC'র ১৯৯৪-৯৫ সালে অনুষ্ঠিত ১৯তম আর্মি স্টাফ কোর্সের একজন গ্র্যাজুয়েট। বাংলাদেশ সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের মধ্যে এ পর্যন্ত ৬ জন সেনাপ্রধান, ৪ জন নৌবাহিনী প্রধান ও ৩ জন বিমানবাহিনী প্রধানকে DSCSC'র হল অব ফেম-এ অভিষিক্ত করা হয় এবং বিদেশি ছাত্র কর্মকর্তাদের মধ্যে শ্রীলংকার সেনাবাহিনীর ২ জন সেনাপ্রধানকে এ সম্মাননা দেয়া হয়।

দেশের ৫৯তম তফসিলি ব্যাংক

দেশের সর্বশেষ ও ৫৯তম তফসিলি ব্যাংক হিসেবে ১ নভেম্বর ২০১৮ কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত হয় বাংলাদেশ পুলিশের উদ্যোগে প্রতিষ্ঠিত 'কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড'। এর আগে ২৯ অক্টোবর ২০১৮ কেন্দ্রীয় ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় ব্যাংকটিকে চূড়ান্ত অনুমোদন দেয়া হয়। বর্তমানে দেশে ৯টি সরকারি, ৪১টি বেসরকারি এবং ৯টি বিদেশি তফসিলি ব্যাংক রয়েছে।

বঙ্গবন্ধুর বৃহৎ ম্যুরাল

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে (BBS) স্থাপন করা হয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি ম্যুরাল, যার দৈর্ঘ্য ১২ ফুট এবং প্রস্থ ১০ ফুট। ১২×১০ ম্যুরালটি সরকারি ভবনগুলোতে এ যাবৎকাল স্থাপিত ম্যুরালের মধ্যে সর্ববৃহৎ। ম্যুরালটি তৈরি করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সহযোগী অধ্যাপক দুলাল চন্দ্র গাইন। ২৯ অক্টোবর ২০১৮ ঢাকার আগারগাঁওয়ের পরিসংখ্যান ভবনে ম্যুরালটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়।

বঙ্গবন্ধু ও শেখ হাসিনা

HASINA : A DAUGHTER'S TALE

বঙ্গবন্ধু-কন্যা শেখ হাসিনার ওপর নির্মিত ৭০ মিনিটের একটি তথ্যচিত্র। এর নির্মাতা রেজাউর রহমান খান পিকলু। ১৫ নভেম্বর ২০১৮ চলচ্চিত্রটি মুক্তি পায়।

SHEIKH HASINA:THE LEADER

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংগ্রামী জীবন নিয়ে নির্মিত তথ্যচিত্র। ১১ মিনিট ৩৩ সেকেন্ড ব্যাপ্তির এ তথ্যচিত্রের নির্মাতা ফয়েজ রেজা।

Let's Talk with SHEIKH HASINA

সারা দেশ থেকে বাছাই করা ১৫০ জন তরুণের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎকারভিত্তিক অনুষ্ঠান। এতে প্রধানমন্ত্রী নতুন প্রজন্ম ও বাংলাদেশ নিয়ে তার ভবিষ্যৎ ভাবনার কথা তরুণদের অবহিত করেন। সেই সাথে শোনেন তরুণদের স্বপ্নের কথা, স্বপ্ন পূরণের কথা এবং স্বপ্নের বাংলাদেশ গড়ার কথা।

বিশ্বাঙ্গনে বাংলাদেশ

বিশ্বে বাংলাদেশের অর্জন-স্বীকৃতি নিয়ে এ আয়োজন।

UNESCO জুরি বোর্ডের সভাপতি

ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনযাত্রা উন্নয়নে অসামান্য অবদান রাখা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেয়ার জন্য ইউনেস্কো 'আমির জাবের আল-আহমদ আল-সাবাহ' পুরস্কার প্রবর্তন করে। কুয়েতের আর্থিক সাহায্যে পরিচালিত এ পুরস্কারের অর্থমূল্য ২০ হাজার মার্কিন ডলার, যা একজন ব্যক্তি এবং একটি প্রতিষ্ঠানকে দেয়া হয়। প্রতিবন্ধীদের নিয়ে কাজ করা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিদের নিয়ে গঠিত আন্তর্জাতিক জুরি বোর্ড এ পুরস্কারপ্রাপ্তির জন্য বিশ্বের বিভিন্ন দেশ থেকে যোগ্যতম প্রার্থীকে খুঁজে বের করার দায়িত্ব পালন করে থাকে।

অটিজমবিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ পুতুল সম্প্রতি ইউনেস্কোর ঐ আন্তর্জাতিক জুরি বোর্ডের সভাপতি নির্বাচিত হন। তিনি আগামী দুই বছর জুরি বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করবেন।

IORA চেয়ারম্যান

২ নভেম্বর ২০১৮ দক্ষিণ আফ্রিকার ডারবানে অনুষ্ঠিত Indian Ocean Rim Association (IORA)-এর মন্ত্রিপর্যায়ের বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ২০১৯-২১ মেয়াদে IORA'র ভাইস চেয়ারম্যান এবং ২০২১-২৩ মেয়াদে চেয়ারম্যান নির্বাচিত হয়। ১ অক্টোবর ২০২১ বাংলাদেশ প্রথমবারের মতো IORA'র চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করবে।

মিশিগানে বাংলাদেশ

২৮ অক্টোবর ২০১৮ যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের বাংলা টাউনে উদ্বোধন করা হয় বাংলাদেশের লাল-সবুজে আঁকা সর্ববৃহৎ ম্যুরাল 'Bangladesh : Coming to America'। ৫৫ ফুট বিস্তার ও ৪৬ ফুট উঁচু এ ম্যুরাল তৈরি করেন মেক্সিকান অঙ্কনশিল্পী ভিক্টর কুইনোনেজ। বাংলা টাউন খ্যাত হামট্রামিক ও ডেট্রয়েট শহরের সীমানায় বিশাল দেয়ালজুড়ে আঁকা হয় এ ম্যুরাল।



PPP'র গ্লোবাল অ্যাওয়ার্ড লাভ

যুক্তরাজ্যভিত্তিক পার্টনারশিপ বুলেটিন নামের একটি পত্রিকা প্রতিবছর Public Private Partnership (PPP) বিষয়ক বিভিন্ন অর্জনের জন্য পুরস্কার প্রদান করে আসছে। ইউরোপ, আফ্রিকা ও এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ২০১৭-১৮ সময়কালে PPP কার্যক্রমের জন্য ১৩টি ক্যাটাগরিতে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। এর মধ্যে বাংলাদেশ PPP কর্তৃপক্ষ দুটি ক্যাটাগরিতে পুরস্কার লাভ করে। Government Promotor of the Year ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন পুরস্কার গোল্ড এবং Best Social Infrastructure Project ক্যাটাগরিতে রানার্স-আপ পুরস্কার সিলভার।

জাপানের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা লাভ

৩ নভেম্বর ২০১৮ জাপান সরকার ১৩৫ জন বিদেশিকে দেশটির সর্বোচ্চ বেসামরিক সম্মাননা প্রদান করে। এর মধ্যে বাংলাদেশের জাতীয় অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী লাভ করেন 'অর্ডার অব দ্য রাইজিং সান, গোল্ড রেইস উইথ নেক রিবন'। দীর্ঘ ৩০ বছরেরও বেশি সময় ধরে জাপান ও বাংলাদেশের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উন্নয়ন এবং জাপানের Official Development Assistance (ODA) সুষ্ঠুভাবে বাস্তবায়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এ সম্মাননা দেয়া হয়। এর আগে ২০১৩ সালে তিনি JAICA Recognition Award লাভ করেন।

দশম জাতীয় সংসদের আদ্যোপান্ত

২৯ অক্টোবর ২০১৮ শেষ হয় দশম জাতীয় সংসদের শেষ ও ২৩তম অধিবেশন। আর ২৮ জানুয়ারি ২০১৯ পূর্ণ হবে দশম জাতীয় সংসদের পাঁচ বছরের মেয়াদকাল। দশম জাতীয় সংসদের আদ্যোপান্ত তুলে ধরা হলো এখানে।

মোট অধিবেশন : ২৩ ▮ মোট কার্যদিবস ৪১০ দিন মোট বিল উত্থাপন : ১৯৮টি ▮ মোট বিল পাস : ১৯৩টি ▮ প্রত্যাহৃত : ৪টি ▮ অনিষ্পন্ন বিল : ১টি ▮ সিদ্ধান্ত প্রস্তাব গ্রহণ ৪টি সংবিধান সংশোধন : ২টি ▮ আনীত বেসরকারি বিল ১৬টি [একটিও পাস হয়নি] ▮ আনীত ধন্যবাদ প্রস্তাব : ৩০টি [আলোচনা হয় ১৬টি বিষয়ে]

সংসদ নেতৃত্ব

- স্পিকার : ড. শিরীন শারমিন চৌধুরী (রংপুর-৪)
- ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী মিয়া (গাইবান্ধা-৫)।
- সংসদ নেতা : শেখ হাসিনা (গোপালগঞ্জ-৩)।
- বিরোধী দলীয় নেতা : রওশন এরশাদ (ময়মনসিংহ-৪)।
- চিফ হুইপ : আ স ম ফিরোজ (পটুয়াখালী-২)
- হুইপবৃন্দ : ৭ জন— আতিউর রহমান আতিক (শেরপুর-১), ইকবালুর রহিম (দিনাজপুর-৩), মোহাম্মদ শাহাব উদ্দিন (মৌলভীবাজার-১), সোলায়মান হক জোয়ার্দার (ছেলুন) (চুয়াডাঙ্গা-১), শহীদুজ্জামান সরকার (নওগাঁ-২) এবং মাহাবুব আরা বেগম গিনি (গাইবান্ধা-২)।
- বিরোধীদলীয় চিফ হুইপ : মো. তাজুল ইসলাম চৌধুরী (কুড়িগ্রাম-২) এবং নূরুল ইসলাম ওমর (বগুড়া-৬)। – প্রথমজনের মৃত্যুর পর দ্বিতীয়জন চিফ হুইপ হন।

•••••••••••••

দশম জাতীয় সংসদের ৪১০তম কার্যদিবসের মধ্যে সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩৩৮ দিন উপস্থিত ছিলেন আর বিরোধীদলীয় নেতা বেগম রওশন এরশাদ উপস্থিত ছিলেন ২৪১ দিন। আগের কোনো সংসদের বিরোধীদলীয় নেতার এতদিন সংসদে উপস্থিত থাকার নজির নেই। এছাড়া বিরোধীদল হিসেবে সব অধিবেশনে উপস্থিত থেকে রেকর্ড গড়ে জাতীয় পার্টি।

•••••••••••••

দশম জাতীয় সংসদের দু'জন সদস্য আন্তর্জাতিক দু'টি ফোরামের প্রধান হিসেবে নির্বাচিত হন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (CPA) সভাপতি নির্বাচিত হন। আর ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের (IPA) সভাপতি নির্বাচিত হন সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী। ➡

বাংলাদেশ সংবিধানের দুই সংশোধনী

♠ সংবিধান (ষোড়শ সংশোধন) আইন ২০১৪

উত্থাপন : ৭ সেপ্টেম্বর ২০১৪ ▮ দ্বিতীয়বার উত্থাপন ১৭ সেপ্টেম্বর ২০১৪ ▮ পাস : ১৭ সেপ্টেম্বর ২০১৪ (৩২৭-০ ভোটে) ▮ রাষ্ট্রপতির অনুমোদন : ২২ সেপ্টেম্বর ২০১৪।

বিষয় : সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের বিধানটি তুলে দেয়া এবং সংবিধানের ৯৬ অনুচ্ছেদে পরিবর্তন এনে বিচারকের অপসারণের ক্ষমতা সংসদের হাতে পুনরায় ফিরিয়ে দেয়া।

♦ সংবিধান (সপ্তদশ সংশোধন) আইন ২০১৮

উত্থাপন : ১০ এপ্রিল ২০১৮ ▮ পাস : ৮ জুলাই ২০১৮ (২৯৮-০ ভোটে) ▮ রাষ্ট্রপতির অনুমোদন : ২৯ জুলাই ২০১৮।

বিষয় : নারী আসনের বিধান আরও ২৫ বছর বাড়ানো।

অধিবেশনসমূহ

কততম	অধিবেশন শুরু	অধিবেশন শেষ	কার্যদিবস	আইন পাস
প্রথম	২৯ জানুয়ারি ২০১৪	১০ এপ্রিল ২০১৪	৩৬ দিন	২টি
দ্বিতীয়	৩ জুন ২০১৪	৩ জুলাই ২০১৪	২৩ দিন	৬টি
তৃতীয়	১ সেপ্টেম্বর ২০১৪	১৮ সেপ্টেম্বর ২০১৪	১৪ দিন	৫টি
চতুর্থ	১৩ নভেম্বর ২০১৪	৩০ নভেম্বর ২০১৪	১০ দিন	৬টি
পঞ্চম	১৯ জানুয়ারি ২০১৫	২ এপ্রিল ২০১৫	৩৯ দিন	৮টি
ষষ্ঠ	১ জুন ২০১৫	৮ জুলাই ২০১৫	২৬ দিন	৫টি
সপ্তম	১ সেপ্টেম্বর ২০১৫	১০ সেপ্টেম্বর ২০১৫	৮ দিন	৬টি
অষ্টম	৮ নভেম্বর ২০১৫	২৩ নভেম্বর ২০১৫	১২ দিন	১০টি
নবম	২০ জানুয়ারি ২০১৬	২৯ ফেব্রুয়ারি ২০১৬	২৭দিন	৯টি
দশম	২৪ এপ্রিল ২০১৬	৫ মে ২০১৬	৯ দিন	১৪টি
১১তম	১ জুন ২০১৬	২৮ জুলাই ২০১৬	৩২ দিন	১৬টি
১২তম	২৫ সেপ্টেম্বর ২০১৬	৬ অক্টোবর ২০১৬	১০ দিন	৬টি
১৩তম	৪ ডিসেম্বর ২০১৬	৮ ডিসেম্বর ২০১৬	৫ দিন	৫টি
১৪তম	২২ জানুয়ারি ২০১৭	১১ মার্চ ২০১৭	৩২দিন	১০টি
১৫তম	২ মে ২০১৭	৮ মে ২০১৭	৫ দিন	২টি
১৬তম	৩০ মে ২০১৭	১৩ জুলাই ২০১৭	২৪ দিন	৭টি
১৭তম	১০ সেপ্টেম্বর ২০১৭	১৪ সেপ্টেম্বর ২০১৭	৫ দিন	২টি
১৮তম	১২ নভেম্বর ২০১৭	২৩ নভেম্বর ২০১৭	১০ দিন	৩টি
১৯তম	৭ জানুয়ারি ২০১৮	২৮ ফেব্রুয়ারি ২০১৮	৩৫ দিন	১৫টি
২০তম	৮ এপ্রিল ২০১৮	১২ এপ্রিল ২০১৮	৫ দিন	৫টি
২১তম	৫ জুন ২০১৮	১১ জুলাই ২০১৮	২৫ দিন	১৪টি
২২তম	৯ সেপ্টেম্বর ২০১৮	২০ সেপ্টেম্বর ২০১৮	১০ দিন	১৮টি
২৩তম	২১ অক্টোবর ২০১৮	২৯ অক্টোবর ২০১৮	৮ দিন	১৯টি
মোট			৪১০ দিন	১৯৩টি

৫ ডিসেম্বর ১৯০১ : মার্কিন চলচ্চিত্র প্রযোজক, নির্দেশক ও অ্যানিমেটর ওয়াল্ট ডিজনির জন্ম

একাদশ জাতীয় সংসদ নির্বাচন

সবকিছু ঠিক থাকলে ৩০ ডিসেম্বর ২০১৮ অনুষ্ঠিত হবে একাদশ জাতীয় সংসদ নির্বাচন। এর মাধ্যমে নতুন বছরের শুরুতে গঠিত হবে নতুন সংসদ ও সরকার। কিন্তু কেমন ভোট হবে, কেমন হবে সংসদ, আর কেমন সরকারই বা আসবে— জনমতে এসব বিষয় নিয়ে ছড়াচ্ছে জল্পনাকল্পনার রংধনু। একাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রাক্কালে নির্বাচনকেন্দ্রিক আলোচিত বিষয় নিয়ে আমাদের এ আয়োজন।

নির্বাচনী তফসিল ২০১৮

৮ নভেম্বর ২০১৮ প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা সংবিধানের অনুচ্ছেদ ১২৩ দফা (৩) উপ-দফা (ক) অনুযায়ী জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণের মাধ্যমে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেন। ২৩ ডিসেম্বর ২০১৮ নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ঘোষণা করে ঘোষিত তফসিল পরবর্তীতে রাজনৈতিক দলগুলোর আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবর্তন করা হয়। ১২ নভেম্বর ২০১৮ ঘোষণা করা হয় একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পুনঃতফসিল।

মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ভোটগ্রহণের তারিখ	মোট ভোটার ১০,৪১,৯০,৪৮০ জন	
				পুরুষ	নারী
২৮ নভেম্বর	০২ ডিসেম্বর	০৯ ডিসেম্বর	৩০ ডিসেম্বর	৫,২৫,৪৭,৩২৯	৫,১৬,৪৩,১৫১

বাংলাদেশ নির্বাচন কমিশন

১৯৭২ সালে গঠিত হয় বাংলাদেশ নির্বাচন কমিশন। এটা সাংবিধানিক সংস্থা। বাংলাদেশ সংবিধানের ১১৮ অনুচ্ছেদে নির্বাচন কমিশন প্রতিষ্ঠা বিষয়ক বিধান রয়েছে। রাষ্ট্রপতি সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশন নিয়োগ দেন। সংবিধানের ১১৯(১) ও ১১৯(২) অনুচ্ছেদে রয়েছে নির্বাচন কমিশনের দায়িত্বের কথা।

বর্তমান নির্বাচন কমিশন

প্রধান নির্বাচন কমিশনার
কে এম নূরুল হুদা

নির্বাচন কমিশনারবৃন্দ
মাহবুব তালুকদার, মো. রফিকুল ইসলাম, ব্রিগেডিয়ার জেনারেল (অব) শাহাদাত হোসেন চৌধুরী ও বেগম কবিতা খানম

সচিব
হেলালুদ্দীন আহমদ

- প্রথম প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি মো. ইদ্রিস।
- প্রথম নারী নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম।

নারী ভোটার বেশি ৬১ জেলায়

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দেশের ৬৪টি জেলার ২১টি জেলায় নারী ভোটার বেশি। জেলাগুলো— বরগুনা, বগুড়া, চুয়াডাঙ্গা, গাইবান্ধা, হবিগঞ্জ, জয়পুরহাট, জামালপুর, ঝিনাইগ্রাম, কুষ্টিয়া, লালমনিরহাট, মানিকগঞ্জ, মোহরপুর, নাটোর, নওগাঁ, নড়াইল, নরসিংদী, রাজশাহী, রংপুর, সুনামগঞ্জ, শেরপুর ও টাঙ্গাইল। বাকি ৪৩টি জেলায় পুরুষ ভোটার বেশি।

১০১ আসনে নারী ভোটার বেশি

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে জাতীয় সংসদের ৩০০ আসনের মধ্যে ৪১টি জেলার ১০১টি আসনে পুরুষের চেয়ে নারী ভোটার বেশি।

জেলার সব আসনেই পুরুষ ভোটার বেশি

২২টি জেলার সব আসনেই নারী ভোটারের চেয়ে পুরুষ ভোটার বেশি। জেলাগুলো হচ্ছে— নেত্রকোনা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, পঞ্চগড়, ঠাকুরগাঁও ও নীলফামারী, ভোলা, বরিশাল ও ঝালকাঠি।

৫ ডিসেম্বর ১৯৬৩ : গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যু

EVM যুগে বাংলাদেশ

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো ব্যবহৃত হবে EVM। জাতীয় সংসদের ৩০০ আসনের মধ্যে ৬টি আসনের সবকয়টি কেন্দ্রের সম্পূর্ণ ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে EVM'র মাধ্যমে। আসনগুলো— ঢাকা-৬ ও ১৩, চট্টগ্রাম-৯, রংপুর-৩, খুলনা-২ ও সাতক্ষীরা-২।

EVM কী?

ভোট প্রদানের একটি আধুনিক যন্ত্র Electronic Voting Machine (EVM)। এ যন্ত্রের সাহায্য ব্যালট পেপারে সিল দেয়ার পরিবর্তে ইলেকট্রনিক পদ্ধতিতে ভোট দেয়া হয়। এ যন্ত্রে প্রতিটি প্রার্থীর নাম ও তার প্রতীকের পাশে একটি করে সুইচ (ভোট সুইচ) থাকবে এর যে কোনো একটি ভোট সুইচ চাপলেই ভোট দেয়া হয়ে যাবে।

বিশ্বে EVM'র ব্যবহার

১৯৬০ সালে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম EVM পদ্ধতি চালু হয়। এরপর বিশ্বের বিভিন্ন দেশে চালু হয় EVM পদ্ধতিতে ভোট গ্রহণ। বর্তমানে EVM পদ্ধতি আইনগতভাবে চালু রয়েছে— যুক্তরাষ্ট্র, রাশিয়া, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, ফ্রান্স, জাপান, কাজাখস্তান, পেরু, সংযুক্ত আরব আমিরাত ও ভেনিজুয়েলায়। এছাড়া আর্জেন্টিনা, ইতালি, মেক্সিকো, নরওয়ে, স্পেন, সুইডেন ও দক্ষিণ আফ্রিকাসহ বেশ কিছু দেশে এখনো এ ব্যবস্থা নিয়ে চলছে নানা পরীক্ষা-নিরীক্ষা। তবে বিভিন্ন কারণে পৃথিবীর প্রায় ৮৫% দেশেই EVM পদ্ধতি ব্যর্থ হয়েছে।

বাংলাদেশে EVM

২০০৭ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ উদ্ভাবন করে EVM। এ EVM'র উদ্ভাবক ছিলেন প্রকৌশলী ড. এসএম লুৎফুল কবির। ২০০৭ সালে ঢাকা অফিসার্স ক্লাবের কার্যকরী পরিষদ নির্বাচনে সর্বপ্রথম EVM পদ্ধতিতে ভোট গৃহীত হয়। বাংলাদেশের স্থানীয় সরকার নির্বাচনে ২০১০ সালে প্রথম EVM ব্যবহার করা হয়। এরপর ১৭ জুন ২০১০ স্বল্প পরিসরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে জামালখান ওয়ার্ডের ১৪টি কেন্দ্রের ৭৯টি বুথে প্রথম EVM ব্যবহার করা হয়। ৩০ অক্টোবর ২০১১ নারায়ণগঞ্জ সিটি করপোরেশন নির্বাচনে ৯টি ওয়ার্ডে দ্বিতীয়বারের মতো EVM ব্যবহার করা হয়। বুয়েট ও বাংলাদেশ নির্বাচন কমিশনের দ্বন্দ্বে ২০১৫ সালে এ EVM'র ইতি ঘটে।

২০১৭ সালে ডিজিটালাইজড সুবিধা সম্বলিত নতুন EVM'র যাত্রা শুরু হয়। বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরির (BMTF) মাধ্যমে বিদেশ থেকে আমদানি করা যন্ত্রাংশ দিয়ে উন্নত প্রযুক্তির EVM তৈরি করা হয়। ২০১৭ সালের নভেম্বরে ইসি'র চাহিদার পরিপ্রেক্ষিতে মানোন্নয়ন করে EVMগুলো সরবরাহ করা হয়। ২১ ডিসেম্বর ২০১৭ রংপুর সিটি করপোরেশন নির্বাচনে এ EVM পরীক্ষামূলকভাবে ব্যবহার করা হয়, যা সফল হয়।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রচলিত ব্যালট পেপারের পাশাপাশি EVM ব্যবহার করতে গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও), ১৯৭২ সংশোধনে নির্বাচন কমিশনের প্রস্তাব ২৯ অক্টোবর ২০১৮ অনুমোদন করে মন্ত্রিপরিষদ। এরপর ৩১ অক্টোবর ২০১৮ তা রাষ্ট্রপতির অধ্যাদেশ আকারে জারি হয়।

নৌকা-ধানের শীষের নির্বাচন

জোটবদ্ধ হয়ে নির্বাচনের ক্ষেত্রে অভিন্ন প্রতীক ব্যবহারের যে সুযোগ আইনে রয়েছে, তা কাজে লাগাতে নির্বাচন কমিশনে জানানোর শেষ সময় ছিল ১৫ নভেম্বর ২০১৮। এক্ষেত্রে নির্বাচন কমিশনে আবেদন আসে কেবল 'নৌকা' ও 'ধানের শীষ' প্রতীকের জন্য। আওয়ামী লীগ নির্বাচন কমিশনে ১৬টি দলের নাম পাঠায়, যারা 'নৌকা' প্রতীকে নির্বাচন করতে ইচ্ছুক। এ ১৬ দলের মধ্যে নিবন্ধিত দল ৯টি। অন্যদিকে বিএনপি'র প্রতীক 'ধানের শীষে' নির্বাচন করার জন্য ১১টি দলের নাম পাঠানো হয়, যেগুলোর সবগুলোই নিবন্ধিত। এছাড়া বিকল্পধারা বাংলাদেশও ক্ষেত্রবিশেষে 'নৌকা' প্রতীকে নির্বাচন করার বিষয়টি নির্বাচন কমিশনকে অবহিত করে। দশম জাতীয় সংসদের প্রধান বিরোধী দল জাতীয় পার্টি নির্বাচনে আওয়ামী লীগের জোট সঙ্গী হলেও নিজেদের প্রতীক 'লাঙ্গল' নিয়েই নির্বাচন করবে। আর বাম দলগুলো আলাদাভাবে জোট করলেও ভোটে অভিন্ন প্রতীক ব্যবহারের বিষয়ে নির্বাচন কমিশনে কোনো আবেদন করেনি।

কোন প্রতীকে কারা

বাংলাদেশ আওয়ামী লীগ। জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ। বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি। বাংলাদেশ সাম্যবাদী দল (এমএল)। গণতন্ত্রী পার্টি। বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ)। বাংলাদেশ তরিকত ফেডারেশন। জাতীয় পার্টি-জেপি। ইসলামিক ফ্রন্ট (বাহাদুর শাহ)। গণআজাদী লীগ। গণতান্ত্রিক মজদুর লীগ। কমিউনিস্ট কেন্দ্র। বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ। বাংলাদেশ জাসদ (আম্বিয়া)। কৃষক শ্রমিক পার্টি। তৃণমূল বিএনপি (হুদা)।

– শেষ ৭টি দল অনিবন্ধিত

– বিকল্পধারা বাংলাদেশ দলীয় 'কুলা' প্রতীকে নির্বাচন করবে। তবে ক্ষেত্রবিশেষে প্রতীক হবে 'নৌকা'।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি। লিবারেল ডেমোক্রেটিক পার্টি-এলডিপি। বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি। বাংলাদেশ খেলাফত মজলিস। জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা। বাংলাদেশ কল্যাণ পার্টি। বাংলাদেশ মুসলিম লীগ। জমিয়তে ওলামায়ে ইসলাম বাংলাদেশ। গণফোরাম। জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি। কৃষক শ্রমিক জনতা লীগ।

– প্রথম ৮টি ২০ দলীয় জোটভুক্ত এবং শেষ ৩টি জাতীয় ঐক্যফ্রন্টভুক্ত।

– এলডিপি'র দলীয় প্রার্থীরা 'ছাতা' প্রতীক নিয়ে এবং জোট মনোনীত প্রার্থীরা 'ধানের শীষ' প্রতীক নিয়ে নির্বাচন করবে।

। জাতীয় পার্টি।

। বাংলাদেশ খেলাফত মজলিস।

। বাংলাদেশ ইসলামী ফ্রন্ট।

– জোটভুক্ত দলগুলো চাইলে জোটের নির্ধারিত প্রতীক ছাড়া নিজের প্রতীকও ব্যবহার করতে পারবে।

৫ ডিসেম্বর ১৯৬৯ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের নামকরণ করেন 'বাংলাদেশ'

জাতীয় সংসদ নির্বাচনের খেরোখাতা ১৯৭৩-২০১৪

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের মুখোমুখি বাংলাদেশ।
নির্বাচনের প্রাক্কালে আগের ১০টি জাতীয় সংসদ নির্বাচনের খেরোখাতা তুলে ধরা হলো এখানে।

প্রথম জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ : ৭ মার্চ ১৯৭৩ । অংশগ্রহণকারী রাজনৈতিক দল : ১৪ । মোট প্রার্থী : ১২০৯; দলীয় প্রার্থী ১০৮৯ ও স্বতন্ত্র ১২০ । মোট ভোটার : ৩,৫২,০৫,৬৪২ । প্রদত্ত ভোট ১,৯৩,২৯,৬৮৩ । প্রদত্ত ভোটের হার ৫৪.৯১% । প্রদত্ত বৈধ ভোট ১,৮৮,৫১,৮০৮ । বাতিলকৃত ভোট ৪,৭৭,৮৭৫ । নির্বাচনের ব্যয় : ৮১ লাখ ৩৬ হাজার টাকা।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
বাংলাদেশ আওয়ামী লীগ	৩০০	২৯৩*	১,৩৭,৯৩,৯১৭	৭৩.২০%
জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ)	২৩৭	১	১২,২৯,১১০	৬.৫২%
বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-ন্যাপ (ভাসানী)	১৬৯	১	১০,০২,৭৭১	৫.৩২%
বাংলাদেশ জাতীয় লীগ	—	১	—	—
বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-ন্যাপ (মোজাফফর)	২২৪	—	১৫,৬৯,২৯৯	৮.৩৩%
স্বতন্ত্র	১২০	৪	—	

*১১ আসনের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

দ্বিতীয় জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ : ১৮ ফেব্রুয়ারি ১৯৭৯ । অংশগ্রহণকারী রাজনৈতিক দল : ২৯ । মোট প্রার্থী : ২৫৪৭; দলীয় ২১২৫ ও স্বতন্ত্র ৪২২ । মোট ভোটার : ৩,৮৩,৬৩,৮৫৮ । প্রদত্ত ভোট : ১,৯৬,৭৬,১২৪ । প্রদত্ত ভোটের হার ৫১.৯৪% । প্রদত্ত বৈধ ভোট ১,৯২,৭৩,৬০০ । বাতিলকৃত ভোট ৪,০২,৫২৪ । নির্বাচনের ব্যয় : ৫ কোটি ৬০ লাখ টাকা।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)	২৯৮	২০৭	৭৯,৩৪,২৩৬	৪১.১৬%
বাংলাদেশ আওয়ামী লীগ (মালেক)	২৯৫	৩৯	৪৭,৩৪,২৭৭	২৪.৫৫%
জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ)	২৪০	৮	৯১,৩১,৮৫১	৪.৮৪%
মুসলিম লীগ ও ইসলামিক ডেমোক্রেটিক লীগ (IDL)	২৬৬	২০	১৯,৪১,৩৯৪	১০.০৮%
আওয়ামী লীগ (মিজান)	১৮৪	২	৫,৩৫,৪২৬	২.৭৮%
বাংলাদেশ জাতীয় লীগ	—	২	—	—

৫ ডিসেম্বর ২০১৩ : দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী নেতা নেলসন ম্যান্ডেলার মৃত্যু

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
গণফ্রন্ট	—	২	—	—
বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-ন্যাপ (মোজাফফর)	৮৯	১	৪,৩২,৫১৪	২.২৫%
বাংলাদেশ গণতান্ত্রিক আন্দোলন	—	১		
বাংলাদেশ সাম্যবাদী দল	—	১		
জাতীয় একতা পার্টি	—	১		
স্বতন্ত্র	৪২২	১৬		

দুটি আলাদাভাবে বিভক্ত হয়ে আওয়ামী লীগ নির্বাচনে অংশ নিলেও মালেক উকিলের নেতৃত্বাধীন অংশটি দলের মূল ধারা হিসেবে পরিচিত ছিল।

তৃতীয় জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ : ৭ মে ১৯৮৬ । অংশগ্রহণকারী রাজনৈতিক দল : ২৮ । মোট প্রার্থী : ১,৯৮০; দলীয় ১,৫২৭ ও স্বতন্ত্র ৪৫৩ । মোট ভোটার ৪,৭৮,৭৬,৯৭৯ । প্রদত্ত ভোট ২,৮৯,০৩,৮৮৯ । প্রদত্ত ভোটের হার ৬১.০৭% । প্রদত্ত বৈধ ভোট ২,৮৫,২৬,৬৫০ । বাতিলকৃত ভোট ৩,৭৭,২৩৯ । নির্বাচনের ব্যয় : ৫ কোটি ২৬ লাখ টাকা।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
জাতীয় পার্টি	৩০০	১৮৩	১,২০,৭৯,২৫৯	৪২.৩৪%
বাংলাদেশ আওয়ামী লীগ	২৫৬*	৭৬	৭৪,৬২,১৫৭	২৬.১৬%
জামায়াতে ইসলামী বাংলাদেশ*	৭৬	১০	১৩,১৪,০৫৭	৪.৬১%
কমিউনিস্ট পার্টি	—	৬	—	—
বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-ন্যাপ (যুক্ত)	—	৫	—	—
জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ (রব)	১৩৮	৪	৭,২৫,৩০৩	২.৫৪%
মুসলিম লীগ	—	৪		
বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি (নজরুল)	—	৩		
জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ (সিরাজ)	—	৩		
বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-ন্যাপ (মোজাফফর)	—	২		
স্বতন্ত্র	১৩৮	৪		

** প্রথমবারের মতো নির্বাচনী রাজনীতিতে অংশগ্রহণের সুযোগ লাভ করে।*

আওয়ামী লীগের 'নৌকা' প্রতীকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে আরো ৭টি দলের ২৯ জন প্রার্থী। নৌকা প্রতীকে নির্বাচন করা অন্য দলগুলো বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি, বাকশাল, সিপিবি, ন্যাপ (মোজাফফর), যুক্ত ন্যাপ, সাম্যবাদী দল ও বাংলাদেশ গণআজাদী লীগ।

চতুর্থ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ ৩ মার্চ ১৯৮৮ । অংশগ্রহণকারী রাজনৈতিক দল : ৮ । মোট প্রার্থী ১,১৯২; দলীয় ৯৭৮ ও স্বতন্ত্র ২১৪ । মোট ভোটার ৪,৯৮,৬৩,৮২৯ । প্রদত্ত ভোট ২,৮৮,৭৩,৫৪০ । প্রদত্ত ভোটের হার ৫৭.৯০% । প্রদত্ত বৈধ ভোট ২,৮৫,২৬,৬৫০ । বাতিলকৃত ভোট ৩,৪৬,৮৯০ । নির্বাচনের ব্যয় : ৫ কোটি ১৬ লাখ টাকা।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রাপ্ত আসন	রাজনৈতিক দল	প্রাপ্ত আসন	রাজনৈতিক দল	প্রাপ্ত আসন
জাতীয় পার্টি	২৫১*	জাসদ (সিরাজ)	৩	স্বতন্ত্র	২৫
সম্মিলিত বিরোধী দল (COP)	১৯	ফ্রিডম পার্টি	২		

**১৮ জন প্রার্থী বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত*

ভোটগ্রহণ ব্যবস্থার ক্রমবিবর্তন

স্বাধীনতা অর্জনের পর বাংলাদেশে ৩৭ বছর ধরে নির্বাচনে ভোটগ্রহণ চলে স্টিলের ব্যালট বাক্সে। ২৯ ডিসেম্বর ২০০৮ অনুষ্ঠিত নবম জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দাবির মুখে তা বাতিল হয়ে আসে প্লাস্টিকের স্বচ্ছ ব্যালট বাক্স। এর ১০ বছর পর আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্বচ্ছ ব্যালট বাক্সের বদলে ইলেকট্রনিক ভোটিং মেশিন (EVM) ব্যবহারের সম্ভাবনা দেখা দিয়েছে। আর তা-ই যদি হয়, তাহলে স্টিলের বাক্সগুলোর মতো প্লাস্টিকের ব্যালট বাক্সগুলোও ঠাঁই নেবে সংরক্ষণাগারে, ভোটগ্রহণ ব্যবস্থার ক্রমবিবর্তনের নিদর্শন হিসেবে।

৬ ডিসেম্বর ১৮৫৩ : চর্যাপদের আবিষ্কারক মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রীর জন্ম

বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অনুষ্ঠিত হয় পঞ্চম জাতীয় সংসদ নির্বাচন। এ নির্বাচনে বাংলাদেশের ইতিহাসে সর্বাধিক ৭৫টি রাজনৈতিক দল অংশগ্রহণ করেন। অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের অধীনে অনুষ্ঠিত অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন বিশ্বব্যাপী প্রশংসিত হয়।

পঞ্চম জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ : ২৭ ফেব্রুয়ারি ১৯৯১। অংশগ্রহণকারী রাজনৈতিক দল : ৭৫। মোট প্রার্থী : ২,৭৮৭; দলীয় ২,৩৬৩ ও স্বতন্ত্র ৪২৪। মোট ভোটার : ৬,২১,৮১,৭৪৩। প্রদত্ত ভোট : ৩,৪৪,৭৭,৮০৩। প্রদত্ত ভোটের হার : ৫৫.৪৫%। প্রদত্ত বৈধ ভোট : ৩,৪১,০৩,৭৭৭। বাতিলকৃত ভোট ৩,৭৩,৩২২। নির্বাচনের ব্যয় : ২৫ কোটি ৫৬ লাখ টাকা।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)	৩০০	১৪০	১,০৫,০৭,৫৪৯	৩০.৮১%
বাংলাদেশ আওয়ামী লীগ	২৬৪	৮৮	১,১৪,৮৪,১০৭	৩০.০৮%
জাতীয় পার্টি	২৭২	৩৫	৪০,৬৩,৫৩৭	১১.৯২%
জামায়াতে ইসলামী বাংলাদেশ	২২২	১৮	৪১,৩৬,৬৬১	১২.১৩%
বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগ (বাকশাল)	৬৮	৫	৬,১৬,০১৪	১.৮১%
বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি)	৪৯	৫	৪,০৭,৫১৫	১.১৯%
ন্যাপ (মোজাফফর)	৩১	১	২,৫৯,৯৭৮	০.৭৬%
ইসলামী ঐক্যজোট	৫৯	১	২,৬৯,৪৩৪	০.৭৯%
গণতন্ত্রী পার্টি	১৬	১	১,৫২,৫৯২	০.৪৫%
ন্যাশনাল ডেমোক্রেটি পার্টি (এনডিপি)	২০	১	১,২১,৯১৮	০.৩৬%
জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ (শাজাহান সিরাজ)	৩১	১	৮৪,২৭৬	০.২৫%
বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি	৩৫	১	৬৩,৪৩৪	০.১৯%
স্বতন্ত্র	৪২৪	৩	১৪,৯৭,৩৯৬	৪.৩৯%

নির্বাচনে জয়ী ৪ নারী

পঞ্চম জাতীয় সংসদ নির্বাচনে ৩৯ জন নারী ৪৬টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করেন। এর মধ্যে বেগম খালেদা জিয়া ৫টি, শেখ হাসিনা ৩টি এবং সৈয়দা সাজেদা চৌধুরী ২টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনে প্রতিদ্বন্দ্বী নারীদের মধ্য থেকে চারজন নারী প্রার্থী নির্বাচিত হন। তারা হলেন বেগম খালেদা জিয়া ৫টি আসনে এবং শেখ হাসিনা, সৈয়দা সাজেদা চৌধুরী ও বেগম মতিয়া চৌধুরী ১টি করে আসনে নির্বাচিত হন।

ষষ্ঠ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ ১৫ ফেব্রুয়ারি ১৯৯৬। অংশগ্রহণকারী রাজনৈতিক দল ৪১। মোট প্রার্থী ১৪৫০। মোট ভোটার ৫,৬১,৪৯,১৮২। প্রদত্ত ভোট : ১,১৭,৭৬,৪৮১। প্রদত্ত ভোটের হার : ২০.৯৭%। নির্বাচনের ব্যয় : ৬৫ কোটি টাকা।

নির্বাচনের জন্য নির্ধারিত আসন ২৫০টি। তবে বিরোধী দলগুলোর প্রতিরোধের ডাক এবং গণকারফিউর মুখে ভোট গ্রহণ শুরুই করা যায়নি ৯টি আসনে— রংপুর-১, ২, ৩, ৪, ৫ ও ৬ এবং সিরাজগঞ্জ-১, শরিয়তপুর-১ ও গোপালগঞ্জ-২।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রাপ্ত আসন	রাজনৈতিক দল	প্রাপ্ত আসন
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)	২৭৮*	স্বতন্ত্র	১০
বাংলাদেশ ফ্রিডম পার্টি	১	নির্বাচন অনিষ্পন্ন	১

** ৪৯টি আসনের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।*

৬ ডিসেম্বর ১৯৭১ : স্বাধীন ও সার্বভৌম দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় ভুটান ও ভারত

সপ্তম জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ : ১২ জুন ১৯৯৬। অংশগ্রহণকারী রাজনৈতিক দল : ৮১। মোট প্রার্থী : ২,৫৭৪; দলীয় ২,২৯০ ও স্বতন্ত্র ২৮৪। মোট ভোটার : ৫,৬৭,১৬,৯৩৫। প্রদত্ত ভোট : ৪,২৮,৮০,৫৬৪। প্রদত্ত ভোটের হার : ৭৪.৯৬%। প্রদত্ত বৈধ ভোট ৪,২৪,১৮,২৬২। বাতিলকৃত ভোট : ৪,৬২,৩০২। নির্বাচনের ব্যয় : ৭১ কোটি টাকা।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
বাংলাদেশ আওয়ামী লীগ	৩০০	১৪৬	১,৫৮,৮২,৭৯২	৩৭.৪৪%
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)	৩০০	১১৬	১,৪২,৫৫,৯৮৬	৩৩.৬১%
জাতীয় পার্টি	২৯৩	৩২	৬৯,৫৪,৯৮১	১৬.৪০%
বাংলাদেশ জামায়াতে ইসলামী	৩০০	৩	৩৬,৫৩,০১৩	৮.৬১%
জাতীয় সমাজতান্ত্রিক দল (রব)	৬৭	১	৯৭,৯১৬	০.২৩%
ইসলামিক ঐক্যজোট	১৬৬	১	৪,৬১,০০৩	১.০৯%
স্বতন্ত্র	২৮৪	১	৪,৫০,১৩২	১.০৬%

অষ্টম জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ : ১ অক্টোবর ২০০১। অংশগ্রহণকারী রাজনৈতিক দল : ৫৪। মোট প্রার্থী : ১৯৩৯; দলীয় ১৪৫৩ ও স্বতন্ত্র ৪৮৬। মোট ভোটার : ৭,৫০,০০,৬৫৬। প্রদত্ত ভোট : ৫,৬১,৮৫,৭০৭। প্রদত্ত ভোটের হার : ৭৫.৫৯%। প্রদত্ত বৈধ ভোট ৫,৫৭,৩৬,৬২৫। বাতিলকৃত ভোট : ৪,৪৯,০৮২। নির্বাচনের ব্যয় : ৯৫ কোটি টাকা।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)	২৫২	১৯৩	২,২৮,৩৩,৯৭৮	৪০.৯৭%
বাংলাদেশ আওয়ামী লীগ	৩০০	৬২	২,২৩,৬৫,৫১৬	৪০.১৩%
জামায়াতে ইসলামী বাংলাদেশ	৩১	১৭	২৩,৮৫,৩৬১	৪.২৮%
ইসলামী জাতীয় ঐক্যফ্রন্ট	২৮১	১৪	৪০,৩৮,৪৫৩	৭.২৫%
জাতীয় পার্টি (না-ফি)	১১	৪	৬,২১,৭৭২	১.১২%
ইসলামী ঐক্যজোট	৭	২	৩,৭৬,৩৪৩	০.৬৮%
জাতীয় পার্টি (মঞ্জু)	১৪০	১	২,৪৩,৬১৭	০.৪৪%
কৃষক শ্রমিক জনতা লীগ	৩৯	১	২,৬১,৩৪৪	০.৪৭%
স্বতন্ত্র	৪৮৬	৬	২২,৬২,০৭৩	৪.০৬%

নবম জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনের তারিখ ২৯ ডিসেম্বর ২০০৮; সোমবার। অংশগ্রহণকারী রাজনৈতিক দল ৩৮। মোট প্রার্থী ১,৫৬৭। মোট ভোটার ৮,১০,৮৭,০০৩। প্রদত্ত ভোট : ৭,০৬,৪৮,৪৮৫। প্রদত্ত ভোটের হার : ৮৭.১৩%। প্রদত্ত বৈধ ভোট : ৭,০০,১২,১৯১। বাতিলকৃত ভোট : ৬,৩৬,২৯৪।

জাতীয় সংসদ ২৬৮ নোয়াখালী ১ নির্বাচনী এলাকার বৈধভাবে মনোনীত প্রার্থী জনাব মো. নুরুল ইসলামের মৃত্যুজনিত কারণে উক্ত আসনে নির্বাচনের জন্য নির্বাচন কমিশন পুনঃতফসিল ঘোষণা করে এবং নির্বাচন অনুষ্ঠিত হয় ১২ জানুয়ারি ২০০৯ সোমবার।

ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
বাংলাদেশ আওয়ামী লীগ	২৬৪	২৩২	৩,৩৬,৩৪,৬২৯	৪৮.০৪%
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)	২৬০	৩০	২,২৭,৫৭,১০১	৩২.৫০%
জাতীয় পার্টি	৪৯	২৫	৪৯,২৬,৩৬০	৭.০৪%

৬ ডিসেম্বর ১৯৯০ : গণআন্দোলনের মুখে পদত্যাগ করেন স্বৈরশাসক হুসেইন মোহাম্মদ এরশাদ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
জাতীয় সমাজতান্ত্রিক দল (ইনু)	৭	৩	৫,০৬,৬০৫	০.৭২%
বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি	৫	২	২,৬২,০৯৩	০.৩৭%
বাংলাদেশ জামায়াতে ইসলামী	৩৯	২	৩২,৮৯,৯৬৭	৪.৭০%
জাতীয় পার্টি (জেপি)	২	১	১,৭৩,২৯২	০.২৫%
লিবারেল ডেমোক্রেটিক পার্টি	১৮	১	১,৯১,৬৭৯	০.২৭%
স্বতন্ত্র	১৫১	৪	২০,৬০,৩৯২	২.৯৪%

নির্বাচনের তারিখ ৫ জানুয়ারি ২০১৪ । অংশগ্রহণকারী রাজনৈতিক দল ১২ । মোট প্রার্থী : ৫৪৩* । মোট ভোটার ৯,১৯,৬৫,১৬৭ । প্রদত্ত ভোট ১,৭৩,৯২,৮৮৭ । প্রদত্ত ভোটের হার : ৪০.০৪% । প্রদত্ত বৈধ ভোট : ১,৭১,২৯,৮৫০ । বাতিলকৃত ভোট : ২,৬৩,০৩৭ ।

দশম জাতীয় সংসদ নির্বাচন



ফলাফল

দলভিত্তিক প্রাপ্ত আসন ও ভোটের সারসংক্ষেপ

রাজনৈতিক দল	প্রতিদ্বন্দ্বী প্রার্থী	প্রাপ্ত আসন	প্রাপ্ত ভোট	প্রাপ্ত ভোটের হার
আওয়ামী লীগ	২৪৭	২৩৪	১,২৩,৫৭,৩৭৪	৭২.১৪%
জাতীয় পার্টি	৮৬	৩৪	১১,৯৯,৭২৭	৭.০০%
বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি	১৮	৬	৩,৫৯,৬২০	২.১০%
জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ	২৪	৫	২,০৩,৭৯৯	১.১৯%
বাংলাদেশ তরিকত ফেডারেশন	৩	২	১,৭৭,৪৪৯	১.০৪%
জাতীয় পার্টি-জেপি	২৮	২	১,২৪,৩৮৯	০.৭৩%
বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট (বিএনএফ)	২২	১	১,০৭,৯৯০	০.৬৩%
বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি	৬	-	৭,১২০	০.০৪%
বাংলাদেশ খেলাফত মজলিস	২	-	৫,৭২৫	০.০৩%
গণফ্রন্ট	১	-	২,৭১৭	০.০২%
বাংলাদেশ ইসলামী ফ্রন্ট	১	-	২,৫৮৫	০.০২%
গণতন্ত্রী পার্টি	১	-	২,০৩১	০.০১%
স্বতন্ত্র	১০৪	১৬	২৫,৭৯,৩২৪	১৫.০৬%

* ১৫৩ আসনের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

আরপিও সংশোধন ১৭ বার

জাতীয় সংসদ নির্বাচনের নিয়ম-কানুন সংক্রান্ত প্রধান আইন 'দ্য রিপ্রেজেন্টেশন অব দ্য পিপল অর্ডার' (আরপিও) বা গণপ্রতিনিধিত্ব আদেশ প্রণীত হয়েছিল ১৯৭২ সালে। এরপর এখন পর্যন্ত ৪৬ বছরে মোট ১৭ বার সংশোধন করা হয়েছে আইনটি। এ সময়ে সংযোজন-বিয়োজন করা হয়েছে এর বিভিন্ন অনুচ্ছেদের ২১১টি বিষয়। আরপিও প্রথম সংশোধন করা হয়েছিল ১৯৭৮ সালে। পরে ১৯৮১, ১৯৮৫, ১৯৮৬, ১৯৯১, ১৯৯৪, ১৯৯৬, ২০০১, ২০০৮, ২০০৯, ২০১৩ ও ২০১৮ সালে সংশোধনী আনা হয়েছে। ৩১ অক্টোবর ২০১৮ সর্বশেষ আরপিও সংশোধন করা হয়। ২৯ অক্টোবর ২০১৮ মন্ত্রিসভায় বিষয়টি অনুমোদনের পর সংসদ অধিবেশন না বসায় ৩১ অক্টোবর ২০১৮ রাষ্ট্রপতি সংশোধিত আইনের অধ্যাদেশ জারি করেন।

সর্বশেষ সংশোধনী

৩১ অক্টোবর ২০১৮ রাষ্ট্রপতির অধ্যাদেশের মাধ্যমে কে এম নুরুল হুদার নেতৃত্বাধীন বর্তমান নির্বাচন কমিশনের আরপিও সংস্কারের যে তিনটি প্রস্তাব অনুমোদন করা হয় সেগুলো হলো—

- ভোট গ্রহণে ব্যালট পেপারের পাশাপাশি ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার।
- কোম্পানি বা ফার্মের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালক বা অংশীদারকে সাত দিন আগের পরিবর্তে মনোনয়নপত্র দাখিল দিন পর্যন্ত খেলাপি ঋণ পরিশোধের সুযোগ প্রদান।
- অনলাইনেও প্রার্থীর মনোনয়নপত্র জমা দেওয়ার বিধান।

৬ ডিসেম্বর ১৯৯২ : ভারতের অযোধ্যায় অবস্থিত ঐতিহাসিক 'বাবরী মসজিদ' ধ্বংস করে উগ্রবাদী হিন্দুরা

মহানবী (স)-কে অবমাননা নয় EU আদালতের রুল জারি

২০০৯ সালে দুটি প্রকাশ্য সেমিনারে মহানবী হযরত মুহাম্মদ (স)-কে নিয়ে কটুক্তি করেছিলেন মিসেস 'এস' নামের এক অস্ট্রিয়ান নারী। এ ঘটনায় অস্ট্রিয়ার ভিয়েনার একটি আদালত তাকে ৫৪৮ মার্কিন ডলার জরিমানা করেন। অস্ট্রিয়ার নিম্ন আদালতের সাত বিচারক এ বিষয়ে রায় দেন যে, মহানবীর (স)-এর নামে কোনো কটূক্তি করা যাবে না। এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে মহানবী (স)-কে অবমাননা করা মতপ্রকাশের স্বাধীনতার সীমালঙ্ঘন বলে ২৫ অক্টোবর ২০১৮ রুল জারি করেন ইউরোপিয়ান কোর্ট অব হিউম্যান রাইটস (ECHR)।

ঐতিহাসিক চুক্তিতে চীন-জাপান

২৬ অক্টোবর ২০১৮ এশিয়ার অন্যতম দুই পরাশক্তি চীন ও জাপান ইতিহাসের সন্ধিক্ষণে আরো ঘনিষ্ঠ মৈত্রী গড়ে তোলার লক্ষ্যে বিশাল পরিসরে কয়েকটি চুক্তি স্বাক্ষর করে। এগুলোর মধ্যে ৩০০০ কোটি মার্কিন ডলার সমমূল্যের মুদ্রা বিনিময়ের চুক্তিও রয়েছে। বেইজিং-এ জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবের তিনদিনের ঐতিহাসিক সফরের দ্বিতীয় দিনে এসব চুক্তি স্বাক্ষরিত হয়।

ব্রাজিলের নতুন প্রেসিডেন্ট

ব্রাজিলের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন দেশটির সোশ্যাল লিবারেল পার্টির কট্টর ডানপন্থী নেতা জাইর বোলসোনারো। ২৮ অক্টোবর ২০১৮ অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনের দ্বিতীয় দফা ভোটে তিনি বামপন্থী ওয়ার্কার্স পার্টির প্রার্থী ফার্নান্দো হাদ্দাদকে পরাজিত করে প্রেসিডেন্ট নির্বাচিত হন। ১ জানুয়ারি ২০১৯ জাইর বোলসোনারো প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণ করবেন। ১৯৬৪-১৯৮৫ পর্যন্ত সামরিক বাহিনীর একনায়কতান্ত্রিক শাসনের পর ব্রাজিলের প্রেসিডেন্ট হতে যাওয়া সশস্ত্র বাহিনীর প্রথম সাবেক কর্মকর্তা তিনি। ব্রাজিলের সামরিক শাসন আমলে মানুষের ওপর যে অত্যাচার চালানো হয়েছিল, বোলসোনারো তা সমর্থন করেন। এছাড়া নারীবিদ্বেষী, সমকামীবিরোধী এবং বর্ণবাদী হিসেবে পরিচিত তিনি।

দূষণ রোধে বিশ্বের সর্বোচ্চ টাওয়ার

নাগরিকদের রক্ষা করতে বিশ্বের সবচেয়ে উঁচু টাওয়ার তৈরি করেছে চীন। ১০০ মিটারেরও বেশি (৩২৮ ফুট) উঁচু এ টাওয়ার তৈরি করা হয় উত্তর চীনের শিয়ান শহরে। বিষাক্ত বাতাস শুষে শহরের বাতাসকে তাজা ও বিশুদ্ধ করে তোলাই এ প্রকল্পের লক্ষ্য। উঁচু এ টাওয়ারের একেবারে নিচে রয়েছে পরপর অনেকগুলো গ্রিনহাউস। এগুলো তৈরি করা হয়েছে বিশেষ ডিজাইনে। গ্রিনহাউসগুলো প্রথমে শহরের বাতাসে ভেসে থাকা SMOG (ধোঁয়া ও ধুলোর মিশ্রণ) টেনে নেয়। এরপর সৌরশক্তি দিয়ে SMOG উত্তপ্ত করা হয়।

SMOG উত্তপ্ত হলেই হালকা হয়ে দূষিত বাতাস টাওয়ারের মধ্য দিয়ে ওপরের দিকে উঠতে থাকে। টাওয়ারের মধ্যেই রয়েছে ঊর্ধ্বগামী দূষিত বাতাসকে পরিশুদ্ধ করার জন্য অনেকগুলো ফিল্টার। দূষিত বাতাস টাওয়ারের মধ্যে ধাপে ধাপে পরিশুদ্ধ হয়ে খোলামুখ দিয়ে বেরিয়ে মিশে যায় বহু ওপরের বায়ুস্তরে। এভাবেই চলে দূষিত বাতাসকে বিশুদ্ধ করার প্রক্রিয়া। প্রতিদিন এ টাওয়ার ১ কোটি কিউবিক মিটার বিশুদ্ধ বায়ু শহরের পরিবেশে সরবরাহ করতে পারে।

শয়তান-২ ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা

সম্প্রতি শয়তান-২ বা RS-28 স্মার্ট ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালায় রাশিয়া। মস্কোর ৫০০ মাইল উত্তর থেকে এ ক্ষেপণাস্ত্র ছোঁড়া হয়। ৩৬০০ মাইল পথ পাড়ি দিয়ে এটি নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হানে। একসাথে ১২টি পরমাণু ওয়ারহেড বহন করতে সক্ষম ক্ষেপণাস্ত্রটি ১০ মে. টন বিস্ফোরক নিয়ে প্রতি সেকেন্ডে ৪.৩ মাইল পথ পাড়ি দিতে পারে। ক্ষেপণাস্ত্রটির ধ্বংসক্ষমতা ৪০ মেগা টন, যা ১৯৪৫ সালে জাপানের হিরোশিমা ও নাগাসাকি শহরে আমেরিকার ব্যবহার করা পারমাণবিক বোমার চেয়ে ২০০ গুণ বেশি।

তাইওয়ানের সাথে পাকিস্তানের সম্পর্ক ছিন্ন

পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান 'এক চীন' নীতি অনুসরণ করে তাইওয়ানের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার নির্দেশ জারি করেন। ২৮ অক্টোবর ২০১৮ পাক প্রধানমন্ত্রীর দপ্তর এক লিখিত নির্দেশে পাকিস্তানের সব মন্ত্রণালয়কে তাইওয়ানের সাথে সব ধরনের সম্পর্ক ও সহযোগিতা ছিন্ন করার আহ্বান জানায়।

৭ ডিসেম্বর ১৯৪১ : হাওয়াই দ্বীপপুঞ্জে অবস্থিত মার্কিন নৌ ও বিমানঘাঁটি পার্ল হারবার আক্রমণ করে জাপান

গোলান মালভূমি সিরিয়ার

জাতিসংঘের সাধারণ পরিষদে গোলান মালভূমির মালিকানা সংক্রান্ত একটি প্রস্তাব অনুমোদিত হয়। ১৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত এ সংক্রান্ত ভোটাভুটিতে ১৫১ দেশ প্রস্তাবের পক্ষে ভোট দেয়। যুক্তরাষ্ট্র ও ইসরাইল প্রস্তাবটির বিপক্ষে রায় দেয়। প্রস্তাবে গোলান মালভূমির ওপর সিরিয়ার মালিকানাকে স্বীকৃতি দেয়া হয় এবং ঐ মালভূমিতে ইসরাইলের সব রকম তৎপরতাকে 'অগ্রহণযোগ্য' বলে ঘোষণা করা হয়।

১৯৬৭ সালের আরব-ইসরাইল যুদ্ধের সময় সিরিয়ার গোলান মালভূমির একাংশ দখল করে নেয় ইসরাইল, যার আয়তন ১,২০০ বর্গকিলোমিটার। পরবর্তীতে সিরিয়ার কাছ থেকে দখল করে নেয়া এ ভূখণ্ডকে নিজের অংশ হিসেবে ঘোষণা করে ইসরাইল। যদিও আন্তর্জাতিক সমাজে এ দখলদারিত্বকে কোনোদিন স্বীকৃতি দেয়া হয়নি।

সৌদিতে নতুন মার্কিন রাষ্ট্রদূত

সৌদি আরবে প্রথমবারের মতো রাষ্ট্রদূত মনোনয়ন দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেনাবাহিনীর সাবেক চারতারকা জেনারেল জন আবিজায়িদকে সৌদিতে নতুন রাষ্ট্রদূত হিসেবে মনোনীত করেন তিনি। মধ্যপ্রাচ্য সম্পর্কে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আবিজায়িদ লেবানিজ-খ্রিস্টান বংশোদ্ভূত। মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় কমান্ডের সবচেয়ে দীর্ঘস্থায়ী প্রধান হিসেবে তার খ্যাতি রয়েছে। তিনি ২০০৩-২০০৭ সাল পর্যন্ত এ দায়িত্ব পালন করেন।

সু চি'র অ্যামনেস্টির সম্মাননা প্রত্যাহার

মিয়ানমারে মুসলিম রোহিঙ্গাদের গণহত্যা-নির্যাতনের বিরুদ্ধে উদাসীন থাকার কারণে দেশটির নেত্রী অং সান সু চি'কে দেয়া সর্বোচ্চ সম্মাননা প্রত্যাহার করে মানবাধিকার বিষয়ক আন্তর্জাতিক প্রতিষ্ঠান অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। যুক্তরাজ্যের বেসরকারি এ সংস্থাটি মিয়ানমার নেত্রীর এ উদাসীনতাকে 'লজ্জাজনক বিশ্বাসঘাতকতা' আখ্যা দিয়ে তাদেরই দেয়া সম্মাননা কেড়ে নেয়। ১৯৯১ সালে নোবেল জয়ের পর অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের দেয়া পুরস্কারটিই ছিল সু চি'র সর্বশেষ বড় সম্মাননা।

২০০৯ সালে অং সান সু চি'কে Ambassador of Conscience বা 'বিবেকের দূত' আখ্যা দিয়ে সর্বোচ্চ সম্মাননার পুরস্কার দিয়েছিল অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। দেশের গণতন্ত্র ও মানবাধিকার রক্ষার জন্য সু চি'র অহিংস আন্দোলনকে স্বীকৃতি দিতে লন্ডনভিত্তিক আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এ পুরস্কার দেয়।

ঘূর্ণিঝড় 'গজ'-এ লণ্ডভণ্ড তামিলনাড়ু

১৬ নভেম্বর ২০১৮ ভারতের তামিলনাড়ু অঙ্গরাজ্যে আঘাত হানে বঙ্গোপসাগরে সৃষ্ট এক ঘূর্ণিঝড়। এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ৮টি দেশের আবহাওয়া দপ্তরের নির্ধারিত তালিকা থেকে এ ঝড়ের নাম দেয়া হয় 'গজ' (GAJA), যা প্রস্তাব করেছিল থাইল্যান্ড। ঐতিহ্যগতভাবে বহু সংস্কৃত শব্দ আত্মীকরণ করেছে থাই ভাষা। এ 'গজ'ও তেমন একটি সংস্কৃত শব্দ, যার অর্থ 'হাতি'। অবশ্য স্থানীয় উচ্চারণে শব্দটি শোনায় 'কা-চা'র মতো।

ভয়াবহ হুমকির মুখে প্রাণিজগৎ

মানুষের ব্যবহৃত পণ্য ও বর্জ্য নিঃসরণের কারণে ভয়াবহ হুমকির মুখে রয়েছে প্রাণিজগত। বিজ্ঞানীদের দাবি, ১৯৭০ সাল থেকে এখন পর্যন্ত শুধু এ কারণেই ৬০% প্রাণী বিলুপ্ত হয়েছে। সুইজারল্যান্ডের বেসরকারি দাতব্য সংস্থা The World Wide Fund for Nature (WWF) -এর এক প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়। প্রতি দুই বছর অন্তর Living Planet Report নামে বন্যপ্রাণী সংরক্ষণবিষয়ক এ প্রতিবেদন প্রকাশ করে সংস্থাটি। এর মাধ্যমে তারা বিশ্বের বিভিন্ন দেশে বন্যপ্রাণীর সংখ্যা ও সংরক্ষণ বিষয়ে পরিসংখ্যান হাজির করে। এবারের প্রতিবেদনটি তৈরি করা হয় বিশ্বের বিভিন্ন দেশের ৪,০০০ প্রজাতির ১৬,৭০০'র বেশি প্রাণী নিয়ে।

প্রতিবেদনে বলা হয়, বিশ্বের চারভাগ অঞ্চলের মাত্র একভাগ অঞ্চলে মানবসৃষ্ট এ বিপর্যয় থেকে বন্যপ্রাণীরা নিরাপদ। তাছাড়া বাকি তিনভাগে তাদের জীবন চরমভাবে সঙ্কটাপন্ন। ২০৫০ সালের মধ্যে বিশ্বের ১০ ভাগের মধ্যে ৯ ভাগ অঞ্চল বন্যপ্রাণী বসবাসের অনুপযুক্ত হয়ে উঠবে।

ক্যালিফোর্নিয়ায় সবচেয়ে ভয়াবহ দাবানল

সম্প্রতি যুক্তরাষ্ট্রের পশ্চিমাঞ্চলীয় অঙ্গরাজ্য ক্যালিফোর্নিয়ায় ইতিহাসের ভয়াবহতম দাবানলের ঘটনা ঘটে। ৮ নভেম্বর ২০১৮ অঙ্গরাজ্যের প্যারাডাইস শহরে 'ক্যাম্প ফায়ার' নামের একটি দাবানলের সূত্রপাত ঘটে। এরপর ৯ নভেম্বর ২০১৮ রাজ্যের দক্ষিণাঞ্চলীয় বিচ রিসোর্ট ম্যালিবুতে 'উওলজি ফায়ার' নামের আরেকটি দাবানল ছড়িয়ে পড়ে। মৃতের সংখ্যা বিবেচনায় এবং স্থাপনা পুড়ে যাওয়ার দিক দিয়ে ক্যালিফোর্নিয়ার সাম্প্রতিক দাবানলটি ইতিহাসের সবচেয়ে ভয়াবহ। এর আগে ১৯৩৩ সালের 'গ্রিফিথ পার্ক দাবানল' ও ১৯৯১ সালের 'টানেল দাবানল' ছিল ভয়াবহতম।

আন্তর্জাতিক সংস্থার নতুন সদস্য

IORA

২ নভেম্বর ২০১৮ দক্ষিণ আফ্রিকার ডারবানে Indian Ocean Rim Association (IORA)-এর মন্ত্রিপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। এতে IORA'র ২২তম সদস্য দেশ হিসেবে অন্তর্ভুক্ত হয় মালদ্বীপ।

INTERPOL

১৮-২১ নভেম্বর ২০১৮ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে Interpol'র ৮৭তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভার শেষ দিন ২১ নভেম্বর ২০১৮ Interpol'র সদস্যপদ লাভ করে কিরিবাতি ও ভানুয়াতু। ফলে Interpol'র বর্তমান সদস্য সংখ্যা এখন ১৯৪।

আইরিশ সঙ্গীতশিল্পীর ইসলাম গ্রহণ

আয়ারল্যান্ডের জনপ্রিয় সঙ্গীতশিল্পী সিনেয়াড ও'কনোর সম্প্রতি ইসলাম ধর্ম গ্রহণ করেছেন। ১৯৯০ সালে Nothing Compares 2 You গান দ্বারা খ্যাতি পাওয়া এ শিল্পী তার নতুন নাম রাখেন শুহাদা।

দুই খেমাররুজ নেতার আমৃত্যু কারাদণ্ড

কম্বোডিয়ায় গণহত্যার দায়ে দেশটির শীর্ষ দুই খেমাররুজ নেতাকে ১৬ নভেম্বর ২০১৮ আমৃত্যু কারাদণ্ড দেন জাতিসংঘের ট্রাইব্যুনাল Extraordinary Chambers in the Courts of Cambodia (ECCC)। এ রায় কম্বোডীয় গণহত্যার প্রথম আনুষ্ঠানিক স্বীকৃতি। দণ্ডিত দুই খেমাররুজ নেতা হলেন— খেমাররুজের সাবেক রাষ্ট্রপ্রধান খিউ সামফান ও খেমাররুজ সরকারের নেতা পল পটের ডেপুটি নুয়ান চিয়া। পল পটের 'ডান হাত' নুয়ান চিয়া কম্বোডিয়ার মানুষের কাছে Brother number Two নামে পরিচিত ছিলেন।


খিউ সামফান


নুয়ান চিয়া

কট্টর মাওবাদী খেমাররুজরা ১৯৭৫-৭৯ কম্বোডিয়া শাসন করে। ঐ সময়কালে নিষ্ঠুরতার চূড়ান্ত নজির স্থাপন করে তারা। খেমাররুজের সন্ত্রাসের রাজত্বে নেতৃত্ব দেন Brother number One পল পট। এ রাজত্বের সময় মাত্রাতিরিক্ত শ্রম, ক্ষুধা, ও গণমৃত্যুদণ্ডে প্রাণ হারান প্রায় বিশ লাখ কম্বোডীয়। খেমাররুজের শীর্ষ নেতাদের বিচারের জন্য ৬ জুন ২০০৩ জাতিসংঘ ও কম্বোডিয়ান রয়্যাল গভর্নমেন্টের মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির মাধ্যমে ২০০৬ সালে গঠিত হয় ECCC।

মিয়ানমারে চীনের বন্দর

মিয়ানমারের কিয়কপিউ শহরে বঙ্গোপসাগরের ধারে একটি গভীর সমুদ্রবন্দর বানানোর ঘোষণা দিয়েছে চীন। শ্রীলংকা ও পাকিস্তানের পর দক্ষিণ এশিয়ায় এটি হবে চীনের তৈরি তৃতীয় সমুদ্রবন্দর। মিয়ানমারের চীনের বেল্ট অ্যান্ড রোড প্রজেক্টের আওতায় বেইজিং ও নেইপিদো ৮ নভেম্বর ২০১৮ এ বন্দর স্থাপনের চুক্তি স্বাক্ষর করে। বর্তমানে পাকিস্তানের গোয়াদরে একটি সমুদ্রবন্দর নির্মাণ করছে চীন। অন্যদিকে শ্রীলংকার হাম্বানটোটা বন্দরটি ৯৯ বছরের জন্য লিজ দেয়া হয়েছে চীনকে।

CPTPP কার্যকর

৪ ফেব্রুয়ারি ২০১৬ স্বাক্ষরিত হয় Trans-Pacific Partnership (TPP) চুক্তি। এতে স্বাক্ষর করে যুক্তরাষ্ট্রসহ ১২টি প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশ। কিন্তু ২৩ জানুয়ারি ২০১৭ চুক্তি থেকে নিজেদের প্রত্যাহার করে নেয় যুক্তরাষ্ট্র। এরপর চুক্তিতে স্বাক্ষরকারী অন্য ১১ দেশ একে নতুনভাবে নামকরণ করে Comprehensive and Progressive Agreement for Trans-Pacific Partnership (CPTPP) বা TPP11। শুল্ক হ্রাস ও বাণিজ্য বৃদ্ধির মাধ্যমে দেশগুলোতে প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে ৮ মার্চ ২০১৮ চিলির সান্তিয়াগোতে CPTPP চুক্তিটি স্বাক্ষরিত হয়। চুক্তির অন্যতম শর্ত ছিল কমপক্ষে ৬টি দেশ কর্তৃক অনুমোদনের ৬০ দিন পর তা কার্যকর হবে। ৩১ অক্টোবর ২০১৮ ষষ্ঠ দেশ হিসেবে অস্ট্রেলিয়া CPTPP অনুমোদন করে। এর ফলে শর্তানুযায়ী ৩০ ডিসেম্বর ২০১৮ CPTPP কার্যকর হবে।

CPTTP অনুমোদনকারী ৭টি দেশ ও অনুমোদনকাল— মেক্সিকো (২৮ জুন ২০১৮), জাপান (৬ জুলাই ২০১৮), সিঙ্গাপুর (১৯ জুলাই ২০১৮), নিউজিল্যান্ড (২৫ অক্টোবর ২০১৮), কানাডা (২৯ অক্টোবর ২০১৮), অস্ট্রেলিয়া (৩১ অক্টোবর ২০১৮) এবং ভিয়েতনাম (১৫ নভেম্বর ২০১৮)।

ইসরাইলি সংবাদ

- ২৯ অক্টোবর ২০১৮ ফিলিস্তিনি মুক্তি সংস্থার (PLO) কেন্দ্রিয় কমিটি ইসরাইল রাষ্ট্রের স্বীকৃতি স্থগিত করে। কমিটি বলেছে, ১৯৬৭ সালের সীমানার ভিত্তিতে ফিলিস্তিন রাষ্ট্রকে ইসরাইল স্বীকৃতি না দেয়া পর্যন্ত রাষ্ট্র হিসেবে ইসরাইলের স্বীকৃতি স্থগিত থাকবে।
- সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত একটি জুডো প্রতিযোগিতায় এক ইসরাইলি প্রতিযোগী স্বর্ণ পদক পাওয়ায় বাজানো হয় দেশটির জাতীয় সঙ্গীত। এর মধ্য দিয়ে কোনো মুসলিম দেশে প্রথমবারের মতো ইসরাইলের জাতীয় সঙ্গীত বাজানো হলো।

মার্কিন নিষেধাজ্ঞার বেড়াজালে ইরান

১৪ জুলাই ২০১৫ ইরান ও P5+1 (জাতিসংঘের স্থায়ী পাঁচ দেশ যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, চীন ও ফ্রান্স আর জার্মানি)-এর মধ্যে পারমাণবিক ইস্যু নিয়ে স্বাক্ষরিত হয় Joint Comprehensive Plan of Action (JCPOA) চুক্তি। এ চুক্তির মাধ্যমে ইরানের পরমাণু কর্মসূচির ওপর সরাসরি নজরদারি প্রতিষ্ঠা সম্ভব হয়েছিল। বিনিময়ে ইরানের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেয় যুক্তরাষ্ট্র। ৮ মে ২০১৮ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সাথে প্রণীত পরমাণু চুক্তি থেকে নিজেদের প্রত্যাহারের ঘোষণা দেন। একই সাথে ইরানের বিরুদ্ধে কঠোরতম অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেন। এ নিষেধাজ্ঞার মূল লক্ষ্যবস্তু হলো ইরানের অর্থনীতির প্রাণ তেলশিল্প। ৭ আগস্ট ২০১৮ থেকে ইরানের ওপর মার্কিন নিষেধাজ্ঞা পুনর্বহাল হয়। তখন স্বর্ণ, মূল্যবান ধাতু এবং অটোমোবাইল সেক্টরসহ বেশ কিছু শিল্পখাতে এ নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। তবে ৫ নভেম্বর ২০১৮ থেকে দেশটির জ্বালানি খাতের ওপর সামগ্রিক নিষেধাজ্ঞা কার্যকর হয়। এ নিষেধাজ্ঞায় ইরানের ৭০০'র বেশি ব্যক্তি, প্রতিষ্ঠান, জাহাজ নির্মাণ, বাণিজ্যিক, আর্থিক, ব্যাংক, জ্বালানিসহ বিভিন্ন খাতকে অন্তর্ভুক্ত করা হয়।

ইরানের কাছ থেকে তেল কিনতে নিষেধাজ্ঞার আওতার বাইরে রাখা হয় আটটি দেশকে— চীন, ভারত, তুরস্ক, জাপান, দক্ষিণ কোরিয়া, ইতালি, গ্রিস ও তাইওয়ান।

বাস্তুচ্যুত রোহিঙ্গাদের পুনর্বাসনে জাতিসংঘে প্রস্তাব গৃহীত

মিয়ানমারের মানবাধিকার পরিস্থিতির ওপর জাতিসংঘ সাধারণ পরিষদের সামাজিক, মানবিক ও সংস্কৃতি বিষয়ক থার্ড কমিটিতে সদস্য দেশসমূহের উপস্থিতিতে ১৬ নভেম্বর ২০১৮ উন্মুক্ত ভোটের মাধ্যমে ইসলামী সহযোগিতা সংস্থা (OIC) এবং ইউরোপীয় ইউনিয়নের (EU) যৌথভাবে আনীত একটি প্রস্তাব গৃহীত হয়। ১৪২টি দেশ এ প্রস্তাবের পক্ষে ভোট দেয়। বিপক্ষে ভোট দেয় ১০টি দেশ এবং ভোট প্রদানে বিরত থাকে ২৬টি দেশ। OIC ও EU'র পক্ষে যথাক্রমে বাংলাদেশ ও অস্ট্রিয়া এ প্রস্তাব পেশ করে। OIC ও EU'র সব সদস্য রাষ্ট্র এবং যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া ও মেক্সিকোসহ মোট ১০৩টি দেশ এ রেজ্যুলেশনটি কো-স্পন্সর করে।

ব্রিটিশ সেনাবাহিনীতে ভর্তির নিয়ম শিথিল

২০১৮ সালে প্রকাশিত ব্রিটেনের জাতীয় নিরীক্ষা দপ্তরের এক প্রতিবেদন অনুযায়ী, দেশটিতে ৮,২৩০ জন সেনা, নাবিক ও বিমান সেনার ঘাটতি হয়েছে। এমন পরিস্থিতিতে ঐতিহ্যবাহী ব্রিটিশ সেনাবাহিনীতে ভর্তি হওয়ার নিয়ম-কানুন শিথিল করা হয়। নতুন নিয়মে কমনওয়েলথভুক্ত ৫৩টি দেশের যে-কোনো নাগরিক এখন থেকে সুযোগ পাবে ব্রিটিশ সশস্ত্র বাহিনীতে যোগদানের। সেনা, নৌ ও বিমানবাহিনীর যে কোনো শাখায় সে আবেদন করতে পারবে। ২০১৯ সালের প্রথমদিকেই শুরু হবে আবেদনগ্রহণ প্রক্রিয়া। আবেদনকারীর বয়স হতে হবে ১৮ বছর ও তদূর্ধ্ব। আবেদনকারী নিজের দেশে বসেই আবেদন করতে পারবেন।

কমনওয়েলথভুক্ত দেশের নাগরিকরা সবসময়ই ব্রিটিশ সেনাবাহিনীতে যোগ দিতে পারতেন। তবে শর্ত ছিল যে, আবেদন করার আগে তাকে অন্তত পাঁচ বছর ব্রিটেনে বসবাস করতে হবে। ১৯৯৮ সালে এ বাধ্যবাধকতা তুলে দেয়া হলেও ২০১৩ সালে সেই নীতি আবারও কার্যকর করা হয়। পুনরায় পাঁচ বছর বসবাসের শর্ত কিছুটা শিথিল করা হয় ২০১৬ সালে। তখন থেকে পাঁচ বছর বসবাস না করেও বছরে কমনওয়েলথভুক্ত দেশের ২০০ নাগরিককে ব্রিটিশ সেনাবাহিনীতে যোগদানের সুযোগ দেয়া হতো। কিন্তু সর্বশেষ নিয়মে ১৩৫০ জন বিদেশি সেনা নিয়োগের সিদ্ধান্ত নেয়া হয়।

BREXIT ইস্যুতে টালমাটাল যুক্তরাজ্য

২২ জানুয়ারি ১৯৭২ তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী এডওয়ার্ড হিথ The European Communities Act স্বাক্ষরের মধ্য দিয়ে যে ঐতিহাসিক সম্পর্ক সূচনা করেন, তারই পরিবর্তিত রূপ ২৮ দেশের জোট ইউরোপীয় ইউনিয়ন (EU)। ২০১৬ সালে এক গণভোটে যুক্তরাজ্যের মানুষ EU থেকে বিচ্ছেদের পক্ষে রায় দেয়, যা বিশ্বব্যাপী BREXIT নামে পরিচিতি লাভ করে। সেই BREXIT কার্যকর করতে প্রায় দেড় বছর ধরে দফায় দফায় বৈঠক, পাল্টাপাল্টি বিবৃতি, আর দরকষাকষির পর ১৩ নভেম্বর ২০১৮ একটি চুক্তির খসড়ায় সম্মত হয় যুক্তরাজ্য ও EU। ১৫ নভেম্বর ২০১৮ যুক্তরাজ্যের মন্ত্রিসভা ঐ চুক্তি অনুমোদন করে। আর ২৫ নভেম্বর ২০১৮ তা অনুমোদন করে EU। বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে EU'র বিশেষ সম্মেলনে সদস্য দেশগুলোর সর্বসম্মতিক্রমে চুক্তিটি পাস হয়। এর মধ্য দিয়ে দীর্ঘ প্রায় ৪৬ বছরের সম্পর্ক গুঁটিয়ে নিতে সম্মত হয় উভয়পক্ষ। সে সাথে বিচ্ছেদ সমঝোতা নিয়ে দীর্ঘ প্রায় ২ বছরের নানা বিতর্ক আর উত্তেজনারও আপাতত অবসান ঘটে। যুক্তরাজ্য EU পার্লামেন্টের অনুমোদন সাপেক্ষে চুক্তিটি কার্যকর হবে। প্রায় ৮০০ পৃষ্ঠার এ চুক্তিতে বিচ্ছেদের শর্তগুলো নির্ধারণের পাশাপাশি দুই পক্ষের ভবিষ্যত বাণিজ্য ও অন্যান্য আদান-প্রদান সম্পর্ক কেমন হবে সে বিষয়ে একটি রূপরেখা তুলে ধরা হয়।

টালমাটাল যুক্তরাজ্য

EU চুক্তি নিয়ে যুক্তরাজ্যে গৃহবিবাদ এখন তুঙ্গে। চুক্তির প্রতিবাদে ১৫ নভেম্বর ২০১৮ মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন BREXIT বিষয়ক মন্ত্রী ডমিনিক র‍্যাবসহ ৫ মন্ত্রী। শুধু তাই নয়, যুক্তরাজ্য জুড়ে চুক্তি নিয়ে তীব্র প্রতিক্রিয়া হচ্ছে। সরকারী কিংবা বিরোধী, বিচ্ছেদপন্থী কিংবা বিচ্ছেদবিরোধী— সব পক্ষ থেকেই চুক্তির সমালোচনা অব্যাহত আছে। সমালোচকেরা বলছেন, এটা না বিচ্ছেদ— না সাথে থাকা (Half in Half Out)। এ চুক্তি যুক্তরাজ্যকে EU'র অধীন করে রাখবে বলে তাদের অভিযোগ। বিচ্ছেদপন্থী সাবেক পররাষ্ট্রমন্ত্রী বরিস জনসন এ চুক্তিকে 'ঐতিহাসিক ভুল' হিসেবে আখ্যায়িত করেছেন। লেবার পার্টি বলছে, এ চুক্তি যুক্তরাজ্যের স্বার্থ রক্ষায় ব্যর্থ। কট্টর বিচ্ছেদপন্থী নাইজেল ফারাজ বলছেন, এমন চুক্তির চেয়ে চুক্তিহীন বিচ্ছেদই ভালো হবে।



দ্বীপরাষ্ট্র শ্রীলংকায় লঙ্কাকাণ্ড

দক্ষিণ এশিয়ার দ্বীপরাষ্ট্র শ্রীলংকার রাজনীতিতে ঘটে চলেছে লঙ্কাকাণ্ড। বর্তমানে সেখানে বিরাজ করছে চরম রাজনৈতিক ও সাংবিধানিক সংকট। ২৬ অক্টোবর ২০১৮ দেশটির প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনা বিতর্কিত এক সিদ্ধান্তের মাধ্যমে প্রধানমন্ত্রীর পদ থেকে রনিল বিক্রমাসিংহেকে বরখাস্ত করে সাবেক প্রেসিডেন্ট মাহিন্দা রাজাপাকসেকে প্রধানমন্ত্রী ঘোষণা করেন। এর মাধ্যমে দেশটিতে যে রাজনৈতিক ও সাংবিধানিক সংকট তৈরি হয়, ৯ নভেম্বর ২০১৮ প্রেসিডেন্টের পার্লামেন্ট ভেঙ্গে দেয়ার পর তা নতুন অধ্যায়ে প্রবেশ করে। এরপর ১৩ নভেম্বর ২০১৮ শ্রীলংকার সর্বোচ্চ আদালত প্রেসিডেন্টের পার্লামেন্ট ভেঙ্গে দেয়ার সিদ্ধান্তকে স্থগিত করে রায় প্রদান করেন। সুপ্রিমকোর্টের রায়ের পর জটিল আকার ধারণ করে শ্রীলংকার রাজনীতি। দেশটির রাজনীতিতে বর্তমানে এক অনিশ্চিত অবস্থা বিরাজমান। যতই দিন যাচ্ছে, সংকট ততই গভীর থেকে গভীরতর হচ্ছে।

ত্রিশক্তির দ্বন্দ্ব-সংঘাত

শ্রীলংকার সাম্প্রতিক রাজনীতিতে ত্রিশক্তি হলেন— মাইথ্রিপালা সিরিসেনা, মাহিন্দা রাজাপাকসে ও রনিল বিক্রমাসিংহে। তাদের দ্বন্দ্ব-সংঘাত দেশটিকে ক্ষত-বিক্ষত করে তুলছে। দেশটিতে বর্তমানে যা ঘটছে, তা কোনোভাবেই স্বাভাবিক নয়। সম্পূর্ণ অগণতান্ত্রিক, অসাংবিধানিক, অসভ্য ও বর্বর এক রাজনীতির চর্চায় নিয়োজিত দেশটির রাজনীতিবিদরা। এ মুহূর্তে দেশটির রাজনীতি সিরিসেনা-রাজাপাকসেপন্থী ও বিক্রমাসিংহেপন্থী— এ দু'দলে বিভক্ত এবং উভয়েই মারমুখী অবস্থানে। ক্ষমতার দখল নিতে নজিরবিহীন ঘটনার জন্ম দিয়েছেন দেশটির এমপি-মন্ত্রীরা। তারা পার্লামেন্ট অধিবেশনে স্পিকারের চেয়ার দখল, পার্লামেন্ট অধিবেশনে বাধা প্রদান, এমনকি বিরোধী দলের এমপিদের ওপর চেয়ার টেবিল, বই-পত্র ও মরিচের গুঁড়া ছুঁড়ে মারার ঘটনা ঘটে। এসব ঘটনা শ্রীলংকা, এমনকি বিশ্ব রাজনীতির ইতিহাসে এক 'কালো' অধ্যায় সৃষ্টি করেছে। এর সব কিছুর জন্যই দায়ী প্রেসিডেন্ট সিরিসেনা এবং তার 'অবিবেচনামূলক' সংবিধান পরিপন্থী পদক্ষেপ।

২০০৫-২০১৫ সাল পর্যন্ত প্রেসিডেন্ট থাকা মাহিন্দা রাজাপাকসের মন্ত্রিসভার একজন সদস্য ছিলেন মাইথ্রিপালা সিরিসেনা। কিন্তু রাজাপাকসের সর্বাত্মকবাদী শাসননীতির সাথে দ্বিমত করে তিনি ২৩ এপ্রিল ২০১০ রাজাপাকসের মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। এরপর সিরিসেনা ইউনাইটেড ন্যাশনাল পার্টির (UNP) সাথে কোয়ালিশন করে ক্ষমতাসীন প্রেসিডেন্ট মাহিন্দা রাজাপাকসেকে হারিয়ে ৮ জানুয়ারি ২০১৫ প্রেসিডেন্ট নির্বাচিত হন। সিরিসেনা যে UNP'র সাথে কোয়ালিশন করেছিলেন তার প্রধান নেতা ছিলেন রনিল বিক্রমাসিংহে। ৯ জানুয়ারি ২০১৫ প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করে সিরিসেনা দেশের প্রধানমন্ত্রী পদে নিয়োগ দেন রনিল বিক্রমাসিংহেকে।

সংকটের প্রেক্ষাপট ও সংকট

সাম্প্রতিক মাসগুলোতে দিল্লির সাথে বিক্রমাসিংহের রাজনৈতিক দল UNP'র ঘনিষ্ঠতা এবং সিরিসেনাকে হত্যায় 'ভারতীয় গুপ্তচর সংস্থার জড়িত থাকার অভিযোগ' নিয়ে দলটির সাথে সিরিসেনার রাজনৈতিক দলের মিত্রতায় ছেদ পড়ে। এরপরই এক সময়ের মিত্র রাজাপাকসের দিকে ঝুঁকে পড়েন সিরিসেনা। ক্ষমতাকেন্দ্রিক রেষারেষির এক পর্যায়ে ২৬ অক্টোবর ২০১৮ সিরিসেনার ক্ষমতাসীন জোট সরকার ছেড়ে দিলে বিক্রমাসিংহকে বরখাস্ত করেন প্রেসিডেন্ট, যা দেশটির রাজনৈতিক সঙ্কটকে তীব্রতর করে তোলে। এরপর সাবেক প্রেসিডেন্ট মাহিন্দা রাজাপাকসেকে নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ পড়ানো হলেও ক্ষমতা ছাড়তে রাজি হননি বিক্রমাসিংহ। নিজেকে 'বৈধ প্রধানমন্ত্রী' দাবি করে সিরিসেনার পদক্ষেপের বিরুদ্ধে আদালতে যাওয়ারও হুঁশিয়ারি দেন তিনি। সাংবিধানিক জটিলতা এড়াতে সিরিসেনা ৯ নভেম্বর ২০১৮ শ্রীলংকার পার্লামেন্ট ভেঙ্গে দিয়ে ৫ জানুয়ারি ২০১৯ নতুন নির্বাচনের তারিখ ঘোষণা করে ডিক্রি জারি করেন। প্রেসিডেন্টের ঐ আদেশকে 'অসাংবিধানিক' আখ্যা দিয়ে আদালতে যায় বিক্রমাসিংহের UNPসহ ১০টি বিরোধী দল। সুপ্রিম কোর্ট ১৩ নভেম্বর ২০১৮ প্রেসিডেন্টের পার্লামেন্ট ভাঙ্গার আদেশ স্থগিত করে দেন। একই সাথে ৫ জানুয়ারি ২০১৯ আগাম ভোট বন্ধে নির্বাচন কমিশনকে আদেশ দেন। এরপর ১৪ নভেম্বর ২০১৮ কড়া নিরাপত্তায় পার্লামেন্ট অধিবেশন বসে এবং রাজাপাকসে পার্লামেন্টে আনীত অনাস্থা প্রস্তাবে হেরে গিয়ে প্রধানমন্ত্রীত্ব হারান। ১৫ নভেম্বর ২০১৮ পার্লামেন্টের স্পিকার কারুজয়সুরিয়া জানান যে, শ্রীলংকায় বর্তমানে কোনো প্রধানমন্ত্রী কিংবা মন্ত্রিপরিষদ নেই। এমন পরিস্থিতিতে দেশটিতে রাজনৈতিক সঙ্কট আরও ঘনীভূত হয়ে পরিস্থিতি জটিল হয়ে উঠেছে।

রাজনৈতিক ও সাংবিধানিক সংকটের মধ্যে চলা শ্রীলংকায় সর্বশেষ ২৩ নভেম্বর ২০১৮ পার্লামেন্টে এক ভোটাভুটিতে 'পদচ্যুত' প্রধানমন্ত্রী রনিল বিক্রমাসিংহে একটি গুরুত্বপূর্ণ কমিটির নিয়ন্ত্রণ লাভ করেন। পার্লামেন্ট সিলেকশন কমিটি নামের এ কমিটি কার্যকর কোনো সরকারের অনুপস্থিতিতে সংসদীয় বিষয়গুলোর দেখভাল করে থাকে। দেশটির চলমান মাসব্যাপী সংকটে বিক্রমাসিংহের পার্লামেন্টে এ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার জন্য এক বড় ধাক্কা।

ভারত পরিক্রমা

পশ্চিমবঙ্গে ভারতের প্রথম আকাশপথ

৬ নভেম্বর ২০১৮ ভারতের প্রথম আকাশপথ (Skywalk) চালু হয় পশ্চিমবঙ্গের দক্ষিণেশ্বরে। এ আকাশপথের দৈর্ঘ্য ৩৪০ মিটার এবং প্রস্থ ১০.৫ মিটার। আকাশপথে রয়েছে ১৪টি চলমান সিড়ি, ৪টি লিফট ও ২০টি সিসিটিভি। আপদকালীন পরিস্থিতিতে ব্যবহারের জন্য নির্মাণ করা হয়েছে ৭টি সিঁড়ি। এতে রয়েছে আধুনিক অগ্নি নির্বাপন ব্যবস্থা।

'বাংলা' হচ্ছে না পশ্চিমবঙ্গ

২৬ জুলাই ২০১৮ পশ্চিমবঙ্গের নাম বাংলা, হিন্দি ও ইংরেজিতে 'বাংলা' করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভায় গৃহীত হয়। রাজ্য সরকার আনুষঙ্গিক কাগজপত্রসহ অনুমোদনের জন্য তা পাঠিয়ে দেয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে। এ নামের সাথে প্রতিবেশী বাংলাদেশের নামের মিল থাকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত চায়। সেখান থেকে মতামত আসার পর কেন্দ্রীয় সরকার সম্প্রতি প্রস্তাবটি ফিরিয়ে দেয়। আর রাজ্যের নাম বাংলা, ইংরেজি ও হিন্দি— তিন ভাষাতেই পশ্চিমবঙ্গ রাখার পরামর্শ দেয়া হয়।

বিশ্বের সর্বোচ্চ ভাস্কর্যের উদ্বোধন

৩১ অক্টোবর ২০১৮ ভারতের গুজরাট রাজ্যে নির্মিত বিশ্বের সর্বোচ্চ ভাস্কর্য Statue of Unity বা ঐক্যের ভাস্কর্য উদ্বোধন করা হয়। ১ নভেম্বর ২০১৮ ভাস্কর্যটি জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। ভাস্কর্যটিতে ভারতের প্রথম উপ-প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী সরদার বল্লভভাই প্যাটেলের (৩১ অক্টোবর ১৮৭৫-১৫ ডিসেম্বর ১৯৫০) প্রতিকৃতি ফুটিয়ে তোলা হয়। দেশটিতে তিনি 'লৌহমানব' হিসেবে পরিচিত। ভাস্কর্যটি নির্মাণে প্যাটেলের ১৯৪৯ সালের একটি আলোকচিত্রকে ভিত্তি হিসেবে ধরা হয়। ভাস্কর্যে ফুটিয়ে তোলা হয় ধুতি পরে কাঁধে শাল নিয়ে দাঁড়িয়ে থাকা সরদার বল্লভভাই প্যাটেলকে।



STATUE OF UNITY

অবস্থান : গুজরাটের নর্মদা জেলার সরদার সরোবর বাঁধের ৩.৫ কিলোমিটার দূরে অবস্থিত সাধু দ্বীপে। ভাস্কর : রাম ভাঞ্জি সুতার। উচ্চতা : ১৮২ মিটার বা ৫৯৭ ফুট; প্রায় ৬০ তলা ভবনের সমান। ভিত্তিসহ উচ্চতা : ২৪০ মিটার বা ৭৯০ ফুট। নির্মাণসামগ্রী : সিমেন্ট ২২,৫০০ মেট্রিক টন • স্টিল : ৬,৫০০ মেট্রিক টন • বিশেষ স্টিল বার : ১৮,৫০০ মেট্রিক টন • ব্রোঞ্জ : ১৭০০ মেট্রিক টন। নির্মাণ ব্যয় : ৪১ কোটি মার্কিন ডলার, যা ভারতীয় মুদ্রায় ২,৯৮৯ কোটি রুপি। নির্মাণ প্রক্রিয়ায় যুক্ত শ্রমিক-প্রকৌশলী : ৩,০০০ শ্রমিক ও ৩০০ প্রকৌশলী। নির্মাণকাজ শুরু ৩১ অক্টোবর ২০১৩। উদ্বোধন : ৩১ অক্টোবর ২০১৮। ৫ বছর

কলকাতার প্রথম মুসলিম মেয়র

২২ নভেম্বর ২০১৮ কলকাতা করপোরেশনের মেয়র হিসেবে নিযুক্ত হন ফিরহাদ হাকিম। রাজনীতিতে তিনি 'ববি হাকিম' নামে বেশি পরিচিত। তিনি হলেন স্বাধীনতার পর কলকাতা করপোরেশনের প্রথম কোনো মুসলিম মেয়র।

১৯৪৭ সালে ভারতের স্বাধীনতার আগে কলকাতার মেয়র পদে অধিষ্ঠিত হন পাঁচজন মুসলিম, যাদের মধ্যে অন্যতম ছিলেন শেরে বাংলা এ কে ফজলুল হক।

৭৫ রুপির স্মারক মুদ্রা

ভারতবর্ষের স্বাধীনতার আগেই প্রথম তেরঙা (তিন রঙবিশিষ্ট পতাকা) উত্তোলন করেছিলেন নেতাজি সুভাষচন্দ্র বসু। ৩০ ডিসেম্বর ১৯৪৩ আন্দামান নিকোবরের রাজধানী পোর্ট ব্লেয়ারের সেলুলার জেলে এ তেরঙ্গা উত্তোলন করেন তিনি। নেতাজির সেই তেরঙা উত্তোলনকে স্মরণ করতে এবং এর ৭৫ বছর পূর্তি উপলক্ষে ৭৫ রুপির বিশেষ ধাতব মুদ্রা আনছে দেশটির সরকার। মুদ্রাটির ভর হবে ৩৫ গ্রাম। ৫০ শতাংশ রূপা, ৪০ শতাংশ তামা, ৫ শতাংশ নিকেল ও ৫ শতাংশ দস্তা দিয়ে তৈরি করা হবে এ মুদ্রা।

মুম্বাইয়ে শিবাজি-আম্বেদকরের মূর্তি

মুম্বাইয়ের উপকূলে আরব সাগরে গড়ে তোলা হচ্ছে সপ্তদশ শতকে মহারাষ্ট্রের যোদ্ধা শিবাজিকে উৎসর্গ করা এক মূর্তি। এর উচ্চতা হবে ২১২ মিটার বা ৬৯৬ ফুট। এটা আলোর মুখ দেখবে ২০২১ সালে।

অন্যদিকে মুম্বাইয়ের দাদারে ইন্দু মিলসের অভ্যন্তরে স্থাপন করা হচ্ছে ভারতীয় সংবিধানের প্রধান স্থপতি বাবাসাহেব আম্বেদকরের মূর্তি। ২৫১ মিটার উচ্চতার আম্বেদাকরের মূর্তি ১০০ মিটার উঁচু একটি প্লাটফর্মে বসানো হবে এবং মঞ্চসহ এর উচ্চতা হবে ৩৫০ মিটার।

১০ ডিসেম্বর ১৮৯৬ : নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড বার্নার্ড নোবেলের মৃত্যু

রেকর্ডময় মার্কিন মধ্যবর্তী নির্বাচন ২০১৮

৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন। রেকর্ডগড়া এ নির্বাচনের উল্লেখযোগ্য বিষয় নিয়ে আমাদের বিশেষ আয়োজন।

মধ্যবর্তী নির্বাচন ২০১৮

৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত মার্কিন মধ্যবর্তী নির্বাচনে যেসব নির্বাচন অনুষ্ঠিত হয়— সিনেট : ৩৫টি আসনে। হাউজ অব রিপ্রেজেন্টেটিভস : ৪৩৫ আসন। রাজ্য গভর্নর পদ : ৩৬টি। এছাড়া বিভিন্ন অঙ্গরাজ্যের আইনসভার সদস্যপদের নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে সিনেটের নিয়ন্ত্রণ ধরে রাখে ট্রাম্পের রিপাবলিকান দল। অন্যদিকে ৮ বছর পর হাউজ অব রিপ্রেজেন্টেটিভস ছিনিয়ে নেয় ডেমেক্র্যাটিক দল।

কংগ্রেসের সর্বকনিষ্ঠ নারী

কংগ্রেসের ইতিহাসে সর্বকনিষ্ঠ নারী কংগ্রেস হিসেবে নির্বাচিত হন ২৯ বছর বয়সী আলেকজান্দ্রিয়া ওকাশিয়ো-কার্তেজ। ডেমোক্রেটিক দলীয় প্রার্থী হিসেবে নিউইয়র্কের ১৪তম ডিস্ট্রিক্ট হিসেবে নির্বাচিত হন তিনি। তার জন্ম ১৩ অক্টোবর ১৯৮৯। তার আগে সর্বকনিষ্ঠ নারী হিসেবে কংগ্রেসে ২০১৪ সালে নির্বাচিত হয়েছিলেন ৩০ বছর বয়সী এলিসি স্টিফানিক।

সর্বাধিক নারী প্রতিনিধির জয়

৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত মার্কিন মধ্যবর্তী নির্বাচনে রেকর্ডসংখ্যক ১০১ নারী প্রতিনিধি নির্বাচিত হন। এর মধ্যে ৮৮ জন ডেমোক্র্যাট এবং ১৩ জন রিপাবলিকান। এর আগে কংগ্রেসে নারী প্রতিনিধির সংখ্যা ছিল ৮৫ জন।

ট্রাম্পের রেকর্ড

ইতিহাসের পঞ্চম ক্ষমতাসীন প্রেসিডেন্ট হিসেবে মার্কিন সিনেটে জয়লাভ করেন ডোনাল্ড ট্রাম্প। বাকি সব মধ্যবর্তী নির্বাচনে ক্ষমতাসীন দল সিনেটের নিয়ন্ত্রণ ধরে রাখতে পারলেও কোনো আসনে জয় পায়নি। সিনেটে জয়লাভ করা ডোনাল্ড ট্রাম্পের আগের চার প্রেসিডেন্ট হলেন— জর্জ ডব্লিউ বুশ (২০০২), জন এফ কেনেডি (১৯৬২), ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (১৯৩৪) এবং উড্রো উইলসন (১৯১৪)। এর মধ্যে জর্জ ডব্লিউ বুশ একমাত্র রিপাবলিকান। অন্য তিনজন ডেমোক্র্যাট।

এক ভোটে জয়

৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত মার্কিন মধ্যবর্তী নির্বাচনে কেন্টাকিতে অঙ্গরাজ্যের পরিষদের একটি আসনে মাত্র এক ভোটে বিজয়ী হন ডেমোক্র্যাট দলীয় প্রার্থী জিম গ্রেন। তিনি ৬,৩১৯ ভোট পান। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী রিপাবলিকান দলের প্রার্থী পান ৬,৩১৮ ভোট।

প্রথম জয়ের নতুন ইতিহাস

ইলহান ওমর

রশিদা তালিব

শাহরাইস ডেভিস

ডেবরা হ্যাল্যান্ড

কংগ্রেসে মুসলিম নারী

প্রথমবারের মতো মার্কিন কংগ্রেসের সদস্য হিসেবে জয়ী হন দুই মুসলিম নারী— সোমালি অভিবাসী ইলহান ওমর এবং ফিলিস্তিনি বংশোদ্ভূত রশিদা তালিব। ডেমোক্রেটিক পার্টি থেকে মনোনয়ন পেয়ে ইলহান ওমর মিনেসোটা ও রশিদা তালিব মিশিগান থেকে নিম্নকক্ষের সদস্য হিসেবে নির্বাচিত হন।

কংগ্রেসে আদিবাসী নারী

মার্কিন কংগ্রেসে প্রথমবারের মতো নির্বাচিত হন দুই আদিবাসী আমেরিকান নারী— শাহরাইস ডেভিস ও ডেবরা হ্যাল্যান্ড। তারা দু'জনই ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে নির্বাচিত হন। পোয়েবলো অব লাগুনা আদিবাসী গোষ্ঠীর সদস্য হ্যাল্যান্ড নিউ মেক্সিকো থেকে নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভসে এবং উইসকনসিনে হো-চুংক ন্যাশন নামের আদিবাদী গোষ্ঠীর সদস্য ও সাবেক মার্শাল আর্ট যোদ্ধা ডেভিস কানসাস থেকে মার্কিন সিনেটে নির্বাচিত হন। কানসাস থেকে কংগ্রেসে যাওয়া তিনিই প্রথম সমকামী প্রতিনিধি।

কংগ্রেসে আফ্রিকান-আমেরিকান নারী

মার্কিন কংগ্রেসে প্রথমবারের মতো আফ্রিকান-আমেরিকান নারী হিসেবে নির্বাচিত হন ডেমোক্রেট দলীয় প্রার্থী আয়ান্না প্রেসলি। তিনি ম্যাসাচুসেটস থেকে নির্বাচিত হন।

সমকামী গভর্নর

মার্কিন ইতিহাসে প্রথম কোনো সমকামী গভর্নর হিসেবে নির্বাচিত হন ডেমোক্রেট দলীয় প্রার্থী পাঁচবারের কংগ্রেসম্যান, ধনকুবের ও প্রযুক্তি উদ্যোক্তা জেরাড পলিস। তিনি প্রকাশ্যে সমকামীতার প্রচারণা চালিয়ে কলোরাডো অঙ্গরাজ্যের গভর্নর নির্বাচিত হন।

নির্বাচনে দুই বাংলাদেশির জয়

৬ নভেম্বর ২০১৮ অনুষ্ঠিত মার্কিন মধ্যবর্তী নির্বাচনে জয়ী হন দুই বাংলাদেশি— শেখ রহমান এবং আবুল খান। কিশোরগঞ্জ জেলার সন্তান শেখ রহমান জর্জিয়া অঙ্গরাজ্যের সিনেট সদস্য নির্বাচিত হন। তিনি ডেমোক্রেটিক পার্টির প্রার্থী ছিলেন। শেখ রহমান হলেন জর্জিয়ার প্রাদেশিক সিনেটের নির্বাচিত প্রথম মুসলিম সদস্য। অন্যদিকে পিরোজপুর জেলার ভাণ্ডারিয়ার সন্তান আবুল খান নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যের হাউস অব রিপ্রেজেন্টেটিভসে সদস্য হিসেবে তৃতীয়বারের মতো নির্বাচিত হন। এর আগে একই আসন থেকে তিনি ২০১২ ও ২০১৪ সালে জয়ী হন।

শেখ রহমান

আবুল খান

সৌদি রাজকাহন

নিষেধাজ্ঞার বেড়াজালে সৌদি আরব

সৌদি সাংবাদিক জামাল খাসোগি হত্যায় জড়িত ব্যক্তিদের ওপর সম্প্রতি নিষেধাজ্ঞা জারি করে যুক্তরাষ্ট্র, জার্মানি ও ফ্রান্স।

- **মার্কিন যুক্তরাষ্ট্র :** ১৫ নভেম্বর ২০১৮ মার্কিন অর্থ মন্ত্রণালয় ১৭ সৌদির উপর নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দেয়। 'গ্লোবাল ম্যাগনিটস্কি হিউম্যান রাইটস একাউন্টেবিলিটি অ্যাক্ট'-এর আওতায় এ নিষেধাজ্ঞা বাস্তবায়ন করা হবে। মানবাধিকারের মারাত্মক লঙ্ঘন এবং দুর্নীতির মতো অপরাধের ক্ষেত্রে এ আইনের আওতায় নিষেধাজ্ঞা আরোপ করা হয়ে থাকে।
- **জার্মানি** ১৯ নভেম্বর ২০১৮ জার্মান পররাষ্ট্রমন্ত্রী হাইকো মাস ১৮ সৌদির ওপর ভ্রমণ নিষেধাজ্ঞার কথা জানান জার্মানি। এর আওতায় ইউরোপের পাসপোর্ট-ফ্রি শেনজেন (Schengen) জোনের ২৬ দেশে তাদের ভ্রমণ নিষিদ্ধ থাকবে। এ জোনে ইউরোপীয় ইউনিয়নের (EU) ২২ দেশ এবং এর বাইরের ৪ দেশ। যুক্তরাজ্য ও ফ্রান্সের সমন্বয়ে এ নিষেধাজ্ঞা আরোপ করা হয়।
- **ফ্রান্স** ২২ নভেম্বর ২০১৮ ফ্রান্সের পররাষ্ট্র মন্ত্রণালয় খাসোগি হত্যায় জড়িত সৌদির ১৮ নাগরিকের বিরুদ্ধে ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করে।

সৌদিতে অস্ত্র রফতানি স্থগিত

তুরস্কের ইস্তানবুলে অবস্থিত সৌদি কনস্যুলেটে সাংবাদিক জামাল খাসোগিকে হত্যা এবং ইয়েমেনে বিমান হামলার দায়ে সৌদি আরবে অস্ত্র ও সামরিক সরঞ্জাম রফতানি অনুমোদন ২২ নভেম্বর ২০১৮ স্থগিত করে ডেনমার্ক। এর আগে জার্মানি সৌদি আরবে অস্ত্র রফতানির লাইসেন্স ও সব ধরনের অস্ত্র বিক্রি স্থগিত রাখে।

পারমাণবিক যুগে সৌদি আরব

৫ নভেম্বর ২০১৮ প্রথম পরমাণু চুল্লির উদ্বোধনের মধ্য দিয়ে তেলসমৃদ্ধ দেশ সৌদি আরব পারমাণবিক যুগে পা রাখে। বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে দেশটি পরমাণু প্রকল্পের দিকে ঝুঁকছে। রিয়াদের কিং আবদুল আজিজ সিটি ফর সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে (KACST) প্রথম পরমাণু চুল্লিটি নির্মিত হচ্ছে।

খাসোগি হত্যা ও সৌদি ডিগবাজি

২ অক্টোবর ২০১৮ তুরস্কের ইস্তানবুলে সৌদি আরবের কনস্যুলেটে প্রবেশের পর প্লাস্টিকের ব্যাগ দিয়ে মাথা ঢেকে ফেলে শ্বাসরোধ করে হত্যা করা হয় সৌদি অনুসন্ধানী সাংবাদিক জামাল খাসোগিকে। প্রথমে পুরোপুরি অস্বীকার করলেও শেষ পর্যন্ত তাকে হত্যার কথা স্বীকার করে সৌদি কর্তৃপক্ষ। খাসোগিকে হত্যার দেড়মাস পর আন্তর্জাতিক চাপ ও প্রমাণের মুখে সৌদি আরব স্বীকার করে খাসোগিকে নির্মমভাবে হত্যা করা হয় এবং কনস্যুলেটের মধ্যেই তাকে টুকরো টুকরো করা হয়।

অস্বীকার ▸▸ **ভেতরে নেই** ▸▸ **ক্ষোভ** ▸▸ **ঘুষাঘুষি**

৪ অক্টোবর
'কনস্যুলেট ছাড়ার পরপরই' নিখোঁজ হন খাসোগি
প্রাথমিকভাবে নিশ্চুপ থাকার পর রিয়াদের প্রথম বক্তব্য

৫ অক্টোবর
কনস্যুলেটের ভেতরে নেই খাসোগি
সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান

১৩ অক্টোবর
'মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ'
হত্যার অভিযোগ অস্বীকার করে সৌদি স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য

২০ অক্টোবর
আলোচনা থেকে বাগবিতণ্ডা এবং ঘুষাঘুষি হয়; এতে মারা যান খাসোগি
সৌদি অ্যাটর্নি জেনারেল

শ্বাসরোধে মৃত্যু ▸▸ **ধামাচাপা দেওয়া** ▸▸ **আর হবে না**

২০ অক্টোবর
ঘুষাঘুষি নয়, মারামারির সময় শ্বাসরুদ্ধ হয়ে মারা যান খাসোগি
সৌদিপন্থী গবেষণা প্রতিষ্ঠানের প্রধান

২১ অক্টোবর
'কর্তৃপক্ষের অজ্ঞাতে' ব্যক্তিবিশেষ ঘটনাটি ঘটিয়েছে
'ধামাচাপা দেওয়ার চেষ্টা ছিল'
'মৃতদেহ কোথায় আমরা জানি না'
সৌদি পররাষ্ট্রমন্ত্রী আদেল আল-জুবাইর

২৩ অক্টোবর
এমন ঘটনা আর যাতে না ঘটে, তার জন্য পুঙ্খানুপুঙ্খ এবং পূর্ণ তদন্ত হবে
সৌদি পররাষ্ট্রমন্ত্রী

বীভৎস ▸▸ **পূর্বপরিকল্পিত** ▸▸ **স্বীকারোক্তি** ▸▸ **লাশকে টুকরো করা**

২৪ অক্টোবর
'এটি একটি বীভৎস ঘটনা এবং কারো কাছেই গ্রহণযোগ্য নয়'
সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান

২৪ অক্টোবর
'তুরস্ক কর্তৃপক্ষের দেওয়া তথ্যানুসারে ঘটনাটি পূর্বপরিকল্পিত'
সৌদি সরকারি কৌঁসুলী

১২ নভেম্বর
তুরস্কের ইস্তানবুল কনস্যুলেটের ভেতরেই খুন হন সাংবাদিক জামাল খাসোগি। হত্যাটি ছিল পূর্বপরিকল্পিত
সৌদি কর্তৃপক্ষ

১৫ নভেম্বর
খাসোগিকে বাধা হয়েছিল এবং বিষাক্ত ইনজেকশন পুশ করে তাকে হত্যা করা হয়। পরে লাশ টুকরো টুকরো করে স্থানীয় সহযোগীদের হাতে হস্তান্তর করা হয়
সৌদি কৌঁসুলী

প্রথম বিশ্বযুদ্ধ অবসানের শতবর্ষ

১৯১৪-১৯১৮— এ চার বছর আধুনিক পৃথিবীর মানুষ প্রত্যক্ষ করেছিল ইতিহাসের অন্যতম রক্তক্ষয়ী এক যুদ্ধ। সমাজ ও সভ্যতার গতিপথ পাল্টে দেয়া এ মহাযুদ্ধ ইতিহাসের পাতায় 'প্রথম বিশ্বযুদ্ধ' নামে পরিচিত। ১ নভেম্বর ২০১৮ ছিল প্রথম বিশ্বযুদ্ধ অবসানের শতবর্ষ। প্রথম বিশ্বযুদ্ধের নানা বিষয় নিয়ে আমাদের বিশেষ আয়োজন।

যুদ্ধের শুরু-সমাপ্তি

- ২৮ জুন ১৯১৪ : অস্ট্রিয়ার যুবরাজ আর্চডিউক ফ্রাঞ্জ ফার্দিনান্দের হত্যাকাণ্ডের মধ্য দিয়ে প্রথম বিশ্বযুদ্ধের শুরু। সারায়েভো সফরকালে সার্ব জাতীয়তাবাদীর এক ছাত্র তাকে হত্যা করে।
- ২৮ জুলাই-৪ আগস্ট ১৯১৪ : সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে অস্ট্রিয়া-হাঙ্গেরীয় সাম্রাজ্য। এরপর জার্মানি রাশিয়ার বিরুদ্ধে এবং ফ্রান্স ও ব্রিটেন জার্মানির বিরুদ্ধে যুদ্ধের ডাক দেয়।
- ৯ নভেম্বর ১৯১৮ : জার্মান সম্রাট দ্বিতীয় উইলহেমের পদত্যাগ। জেনারেলদের বার্লিনে হামলা। মিত্রশক্তির বিজয়।
- ১১ নভেম্বর ১৯১৮ ফ্রান্সের রাজধানী প্যারিসের উত্তরে কমপিয়েনের কাছে রেতনদেতে সকাল ১১টায় মিত্রশক্তি ও জার্মানির মধ্যে Armistice চুক্তি স্বাক্ষরিত।

যুদ্ধের পক্ষসমূহ

The Central Powers অক্ষশক্তি	The Allied Powers মিত্রশক্তি
জার্মানি, অস্ট্রিয়া-হাঙ্গেরি, বুলগেরিয়া এবং অটোমান সাম্রাজ্য	যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া, ইতালি, রোমানিয়া, জাপান ও যুক্তরাষ্ট্র

শ্রদ্ধা-স্মরণানুষ্ঠানে শতবর্ষ পালিত

১১ নভেম্বর ২০১৮ দেশে দেশে শ্রদ্ধা-স্মরণানুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয় প্রথম বিশ্বযুদ্ধ অবসানের শতবর্ষ। যে যুদ্ধবিরতির মাধ্যমে প্রথম বিশ্বযুদ্ধে অবসান হয়েছিল, তার শতবর্ষ উদযাপন করেন বিশ্ব নেতারা এবং তারা ঐ মহাযুদ্ধে নিহত সেনাদের স্মৃতির প্রতি সম্মান জানান। সবচেয়ে বড় স্মরণানুষ্ঠান পালিত হয় ফ্রান্সে। বিশ্বের প্রায় ৭০টি দেশের নেতারা অংশ নেন রাজধানী প্যারিসে উদযাপিত স্মরণানুষ্ঠানে।

ইউরোপ প্রান্তে প্রথম বিশ্বযুদ্ধের সবচেয়ে বড় লড়াই Battle of Somme। এতে নিহত হন ৭২,৩৯৬ জন ব্রিটিশ-কমনওয়েলথ সেনা। তাদের মরদেহের কোনো হদিস পাওয়া যায়নি, কোনো সমাধিও নেই। নিখোঁজ সেই সেনাদের এবার অন্যরকমভাবে স্মরণ করে যুক্তরাজ্য। নিরুদ্দেশ এ সেনাদের স্মরণে পূর্ব-লন্ডনের কুইন এলিজাবেথ অলিম্পিক পার্কের খোলা ময়দানে প্রদর্শিত হয় সাদা কাফনে মোড়া ৭২,৩৯৬টি মরদেহের রেপ্লিকা (প্রতিরূপ), যেগুলো তৈরি করেন ভাস্কর রব হার্ড (Rob Heard)। দৈর্ঘ্যে ১২ ইঞ্চি এ রেপ্লিকাগুলো তৈরি করতে তার সময় লাগে প্রায় ৫ বছর।

সংখ্যাতত্ত্বে প্রথম বিশ্বযুদ্ধ

পৃথিবীর ইতিহাসে অন্যতম নির্মম ও করুণ অধ্যায় প্রথম বিশ্বযুদ্ধ। অস্পষ্ট কিছু পরিসংখ্যান দিয়েই প্রথম বিশ্বযুদ্ধের ক্ষয়ক্ষতি ও বীভৎসতাকে পরিমাপ করা হয়ে থাকে। তবে এক শতাব্দী আগে ৫২ মাস ধরে চলমান প্রথম বিশ্বযুদ্ধের ক্ষয়ক্ষতির পরিমাণ নিয়ে মতানৈক্য রয়েছে ইতিহাসবিদদের মধ্যে। ইতিহাসের পাতা থেকে প্রথম বিশ্বযুদ্ধের সর্বজনগ্রাহ্য কিছু পরিসংখ্যান তুলে ধরা হলো এখানে—

যুদ্ধে অংশগ্রহণকারী দেশ ৭০টি

প্রথম বিশ্বযুদ্ধে জড়িয়ে পড়ে ৭০টিরও বেশি দেশ ও জাতি। অবশ্য তখন পর্যন্ত স্বাধীনতা লাভ করেনি এসব দেশ। দেশগুলোর বেশিরভাগই ছিল অস্ট্রিয়া-হাঙ্গেরি, ব্রিটেন, ফ্রান্স, জার্মানি, রাশিয়া ও অটোমান সাম্রাজ্য— তৎকালীন এ ছয়টি সাম্রাজ্য ও এদের ঔপনিবেশিক শক্তির করায়ত্বে। বেশ কয়েকটি স্বাধীন দেশ যুদ্ধের শুরুতেই যোগ দেয়। ইতালি ১৯১৫ সালে এবং যুক্তরাষ্ট্র ১৯১৭ সালে তাদের নিরপেক্ষ অবস্থান থেকে সরে এসে যুদ্ধে লিপ্ত হয়। যুদ্ধরত দেশগুলোর জনসংখ্যা ছিল ৮০ কোটি, যা সেই সময়ে বিশ্বের জনসংখ্যার অর্ধেকেরও বেশি।

যুদ্ধে অংশগ্রহণকারী সৈন্য সংখ্যা

যুদ্ধের শুরুতেই ময়দানে হাজির হয় প্রায় দুই কোটি সেনা। দিনে দিনে যুদ্ধ যতই বিস্তৃত হয়েছে, ততই বেড়েছে এর সৈন্য সংখ্যা। শেষ পর্যন্ত এ সংখ্যা দাঁড়ায় সাত কোটিতে। এর মধ্যে ফরাসি সেনা ৮০ লাখ, জার্মান ১ কোটি ৩ লাখ, অস্ট্রিয়া-হাঙ্গেরীয় ৯০ লাখ এবং ইতালীয় ৬০ লাখ। ব্রিটেন পাঠায় ৯০ লাখ সেনা। এদের বেশিরভাগ ছিল ব্রিটিশ সাম্রাজ্য থেকে বিশেষ করে ভারতীয় উপমহাদেশের। যুদ্ধে মার্কিন সেনা ছিল ৪০ লাখ।

নিহত সৈনিক এক কোটি

প্রথম বিশ্বযুদ্ধে সব মিলিয়ে নিহত হয় এক কোটি সৈনিক। আহত হয় এর দ্বিগুণ, অর্থাৎ দুই কোটি সেনা। নিহত সৈন্যদের মধ্যে অক্ষশক্তির সদস্য ৯৭ লাখ ও মিত্রশক্তির ৪০ লাখ। আর বেসামরিক লোক নিহত হয় অক্ষশক্তির ১ কোটি ও মিত্রশক্তির ৩১ লাখ।

দেশ ও সাম্রাজ্যওয়ারী নিহত সৈনিক ➤ রাশিয়া : ২০ লাখ ▮ জার্মানি : ২০ লাখ ▮ ফ্রান্স : ১৪ লাখ ▮ অস্ট্রিয়া-হাঙ্গেরি : ১৪ লাখ ▮ ব্রিটেন ও ব্রিটিশ সাম্রাজ্য : ৯.৬ লাখ ▮ ইতালি : ৬ লাখ ▮ অটোমান সাম্রাজ্য : ৮ লাখ ▮ যুক্তরাষ্ট্র : ১.১৭ লাখ

জাদুঘর বিচিত্রা

তোশাখানা জাদুঘর

স্বাধীনতার পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাষ্ট্রীয় উপহারগুলো সংরক্ষণে তোশাখানা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেন। তার নির্দেশনায় ১৯৭৪ সালে তোশাখানা আইন প্রণীত হয় এবং বঙ্গভবনে তা প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রীয় তোশাখানার জন্য একটি আলাদা ভবন নির্মাণের প্রয়োজনীয়তা অনুভব করেন এবং তার নির্দেশনায় রাজধানীর বিজয় সরণিতে নির্মিত হয় তোশাখানা জাদুঘর।

১৫ নভেম্বর ২০১৮ নবনির্মিত রাষ্ট্রীয় তোশাখানা জাদুঘর উদ্বোধন করা হয়। ৫০,০০০ বর্গফুট আয়তনের পাঁচতলাবিশিষ্ট অত্যাধুনিক এ রাষ্ট্রীয় তোশাখানা জাদুঘরটি নির্মাণ করতে খরচ হয়েছে ৮০ কোটি টাকা। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে নির্মিত এ জাদুঘরের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী এবং সরকারের প্রতিনিধিদের বিভিন্ন দেশ থেকে পাওয়া সকল রাষ্ট্রীয় উপহার সামগ্রী, গুরুত্বপূর্ণ দেশি ও বিদেশি সম্মাননা এখানে সংরক্ষণ করা হবে। এ জাদুঘরে রাষ্ট্রীয় উপহারগুলো সর্বসাধারণের দেখার সুযোগ থাকবে।

অখাদ্যের জাদুঘর!

১ নভেম্বর ২০১৮ সুইডেনের মালমো শহরে উদ্বোধন করা হয় এক 'অখাদ্যের' জাদুঘর। এর প্রতিষ্ঠাতা মনোবিজ্ঞানী স্যামুয়েল ওয়েস্ট। খাবার নিয়ে মানুষের চিন্তাভাবনায় পরিবর্তন আনতে তিনি জাদুঘরটি প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেন। ৪০০ বর্গমিটার জায়গার ওপর জাদুঘরটি গড়ে তোলা হয়েছে। বিভিন্ন অঞ্চলে যে খাবারগুলো 'অখাদ্য' বলে পরিচিত, সেগুলোই এ জাদুঘরে ঠাঁই পেয়েছে। হাঁসের যকৃৎ, রান্না করা গিনিপিগ, মাকড়সা ভাজা— কোন খাবারটি নেই এখানে! দর্শনার্থীরা জাদুঘরে গিয়ে বিভিন্ন 'অখাদ্যের' গন্ধ নিতে পারবেন, চাইলে চেখেও দেখতে পারবেন।

মহাসাগরের নিচে জাদুঘর!

স্পেন আটলান্টিক মহাসাগরের মধ্যে ক্যানারি দ্বীপপুঞ্জের অন্যতম লানযারোতের উপকূলের নিকটে তৈরি করছে একটি জাদুঘর। এটাই হবে ইউরোপের প্রথম জাদুঘর, যে জাদুঘরের ঠিকানা হবে সমুদ্রের গভীরে। সমুদ্রের প্রায় ১৫ মিটার গভীরে নির্মিতব্য এ জাদুঘরে ৩০০ ভাস্কর্য স্থাপনের কাজ প্রায় শেষের দিকে। অনবদ্য এ কাজ করছেন জেসন দ্য-কেয়ারস নামে একজন বিখ্যাত শিল্পী। ভাস্কর্যগুলোর সবই লানযারোতের বর্তমান বাসিন্দাদের।

জাদুঘর হবে নওয়াব ফয়জুন্নেছার বাড়ি

ফয়জুন্নেছা চৌধুরাণী উপমহাদেশের একমাত্র নারী নওয়াব। কুমিল্লার লাকসাম থেকে আধা কিলোমিটার দূরে পশ্চিমগাঁওয়ের ডাকাতিয়া নদীতীর ঘেঁষে তার ঐতিহাসিক নবাববাড়ির অবস্থান। সংস্কৃতি মন্ত্রণালয় ফয়জুন্নেছা চৌধুরাণীর মালিকানাধীন সর্বমোট ৪ একর ৫৩ শতক সম্পত্তি প্রত্নতত্ত্ব অধিদপ্তরকে সংস্করণের দায়িত্ব দিয়েছে সম্প্রতি। তার স্মৃতিবিজড়িত এ বাড়িতে নির্মাণ করা হবে উন্মুক্ত জাদুঘর ও পর্যটন কেন্দ্র।

নওয়াব ফয়জুন্নেসা ছিলেন একাধারে জমিদার, নারীশিক্ষার প্রবর্তক, সমাজসেবক ও কবি। কুমিল্লার লাকসামের পশ্চিমগাঁও গ্রামে ১৮৩৪ সালে জমিদার বংশে তিনি জন্মগ্রহণ করেন। তার বাবা আহমদ আলী চৌধুরী ছিলেন হোমনাবাদ-পশ্চিমগাঁওয়ের জমিদার। ১৮৮৩ সালে বাবার মৃত্যুর পর তিনি পশ্চিমগাঁওয়ের জমিদারি লাভ করেন। রানি ভিক্টোরিয়া ১৮৮৯ সালে ফয়জুন্নেছাকে 'নওয়াব' উপাধি প্রদান করেন। তিনি ১৯০৩ সালে মৃত্যুবরণ করেন।

বাংলাদেশে দ. এশিয়ার প্রথম গণহত্যা-নির্যাতন জাদুঘর

দক্ষিণ এশিয়ায় বাংলাদেশেই সর্বপ্রথম নির্মিত হচ্ছে গণহত্যা-নির্যাতন নিয়ে আর্কাইভ ও জাদুঘর। মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানাতে ১৯৭১ সালের গণহত্যা ও নির্যাতন নিয়ে এ জাদুঘর নির্মাণের পরিকল্পনা করেছে সংস্কৃতি মন্ত্রণালয়। ৩৩,৫৯০ বর্গমিটার আয়তনের ছয়তলাবিশিষ্ট এ জাদুঘর নির্মিত হবে ডিসেম্বর ২০১৮-জুন ২০২১ মেয়াদে। মুক্তিযুদ্ধের সকল ইতিহাস ঠাঁই পাবে এ ভবনে। যুদ্ধকালে ঘটে যাওয়া গণহত্যা-নির্যাতন, বধ্যভূমি, গণকবর ও নানামুখী নির্যাতনের দুষ্প্রাপ্য ও অমূল্য উপকরণ সংগ্রহ করা হবে এখানে। মুক্তিযুদ্ধের মর্মকথা দেশি ও বিদেশি দর্শনার্থীদের সামনে উপস্থাপন করতেই এ জাদুঘর নির্মাণ করা হবে।

ব্যাঙের আশ্চর্য জাদুঘর!

সুইজারল্যান্ডের এস্তাভাইয়ে লে লাক শহরে রয়েছে এক আশ্চর্য জাদুঘর। উনিশ শতকে ঐ এলাকার মানুষদের দৈনন্দিন জীবন কেমন ছিল, তা তুলে ধরা হয়েছে তুলো দিয়ে বানানো ব্যাঙের মাধ্যমে। ব্যাঙগুলো খাচ্ছে দাচ্ছে, পড়াশোনা করছে, খেলছে, ঘুমাচ্ছে মানুষের মতোই। ১৮৫০ সালের দিকে ব্যাঙের এ জাদুঘরটি তৈরি করেন ফ্রাসোঁয়া পেরিয়ে। মানুষের বদলে তিনি সেখানে রেখেছেন ১০৮টি ব্যাঙের মূর্তি। ব্যাঙ ও অন্যান্য উভচর প্রাণীর প্রতি বিশেষ আকর্ষণ ছিল শিল্পীর। তাই প্রতিদিন হাঁটার সময় রাস্তা থেকে মৃত ব্যাঙ কুড়াতেন তিনি। আর ব্যাঙের মূর্তি বানিয়েই তৈরি করে ফেলেন এ জাদুঘরটি।

মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি



সূর্যের কাছাকাছি সোলার প্রোব

১৯৭৬ সালে সূর্যের সবচেয়ে কাছাকাছি যাওয়ার রেকর্ড গড়েছিল জার্মান-মার্কিন মহাকাশযান 'হেলিওস-২'। ২৯ অক্টোবর ২০১৮ ঐ রেকর্ড ভেঙ্গে দেয় মার্কিন মহাকাশযান 'পার্কার সোলার প্রোব'। ৩১ ডিসেম্বর ২০১৮ সূর্যের খুব কাছে পৌঁছে যাবে এ মহাকাশযান। তখন সূর্যের উপরি কাঠামো থেকে যানটির দূরত্ব হবে মাত্র ৩.৮৩ মিলিয়ন মাইল।

১২ আগস্ট ২০১৮ সূর্যের রহস্য উন্মোচনের জন্য মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা' মহাকাশে প্রেরণ করে 'পার্কার সোলার প্রোব'। সৌর জ্যোতির্বিজ্ঞানী ইউজিন নিউম্যান পার্কারের নামে নামকরণ করা হয় এ মহাকাশযানের। এর গন্তব্য সূর্যের উজ্জ্বল আভাযুক্ত এলাকা 'করোনা'। এ মহাকাশযানের গতি ঘণ্টায় ২ লাখ ১৩ হাজার মাইল। মহাকাশযানের গতির ক্ষেত্রে এটা একটা রেকর্ড। নাসার এ সূর্য মিশনের নাম দেয়া হয়েছে Touch the Sun।

বিদায় কেপলার

মহাকাশ গবেষণার ইতিহাসে অন্যতম গুরুত্বপূর্ণ জিনিস কেপলার স্পেস টেলিস্কোপ। ২০০৯ সালে উক্ষেপণের পর দীর্ঘ ৯ বছরের অনুসন্ধানে কেপলার আবিষ্কার করে ৫,৩০,৫০৬টি নক্ষত্র এবং ২,৬৬২টি গ্রহ। কয়েক ধাপে মিশন শেষে এর জ্বালানি শেষ হয়ে যায় এবং ৩০ অক্টোবর ২০১৮ এটি চূড়ান্তভাবে তার কার্যক্ষমতা হারায়।

বুধের পথে বেপিকোলম্বো

২০ অক্টোবর ২০১৮ বুধ গ্রহের উদ্দেশ্যে মহাকাশে উড়াল দিয়েছে 'বেপিকোলম্বো' নামের একটি মহাকাশযান। অ্যারিয়ান রকেটের সাহায্যে মহাকাশে পাঠানো হয় মহাকাশযানটি। এর নামকরণ করা হয় ইতালিয়ান গণিতবিদ জুসেপ্পে কোলম্বোর নামানুসারে।

সবচেয়ে শক্তিশালী সুপার কম্পিউটার

সম্প্রতি বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর ৫০০ সুপার কম্পিউটারের তালিকা প্রকাশ করা হয়। এতে প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যুক্তরাষ্ট্রের দুটি কম্পিউটার— সামিট ও সিয়েরা। কম্পিউটার দুটিই মার্কিন প্রযুক্তি প্রতিষ্ঠান আইবিএম-এর তৈরি। সামিট ও সিয়েরার প্রসেসিং ক্ষমতা যথাক্রমে ১৪৩.৫ ও ৯৪.৬ পেটাফ্লপ। তালিকায় তৃতীয় অবস্থানে রয়েছে চীনের *সানওয়ে তাইহুলাইট*, যার প্রসেসিং ক্ষমতা ৯৩ পেটাফ্লপ। তালিকায় সেরা ৫০০টি সুপার কম্পিউটারের মধ্যে চীনের রয়েছে ২২৭টি ও যুক্তরাষ্ট্রের ১০৯টি।

চীনে কৃত্রিম চন্দ্র-সূর্য

সম্প্রতি কৃত্রিম চাঁদ বসানোর ঘোষণা দেয় চীন। দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলের চেংদু শহরের আকাশে উঠবে এ চাঁদ, এটি আসলে একটি স্যাটেলাইট। প্রায় ৫০ বর্গমাইল এলাকাজুড়ে সূর্যের আলো প্রতিফলিত করবে এ বিশাল আকৃতির আয়না। কৃত্রিম এ চাঁদ দেখা যাবে আশপাশের দেশ থেকেও। ২০২০ সাল নাগাদ স্যাটেলাইটটি কক্ষপথে বসবে।

কৃত্রিম চাঁদ বানানোর ঘোষণার রেশ কাটতে না কাটতেই চীন তৈরি করেছে কৃত্রিম সূর্য। সূর্যের চেয়েও ৬ গুণ বেশি তাপ তৈরি করতে সক্ষম এ কৃত্রিম সূর্য। ভবিষ্যতে শক্তির উৎস হিসেবে চীনা বিজ্ঞানীরা এটা তৈরি করেন। যেখানে সূর্যের কেন্দ্রের তাপমাত্রা দেড় কোটি ডিগ্রি সেলসিয়াস, সেখানে এ নকল সূর্যের তাপমাত্রা হবে ১০ কোটি ডিগ্রি সেলসিয়াস। কৃত্রিম সূর্যটি তৈরি করেছে Institute of Plasma Physics Chinese Academy of Science (ASIPP)। সূর্যের মধ্যে যেভাবে শক্তি উৎপন্ন হয়, একই পদ্ধতি অবলম্বন করা হয় এ কৃত্রিম সূর্যের মধ্যে। Experimental Advanced Super Conducting Tokamak (EAST) নামের এ প্রকল্পের নিউক্লিয়ার ফিউশন পদ্ধতিতে তাপ নির্মিত হয়। ফিউশন প্রক্রিয়া সম্পর্কে বিশদ জানা ও পরিপূর্ণ রিয়্যাক্টর তৈরি করাই এ প্রকল্পের মূল লক্ষ্য।

অন্য এক 'পৃথিবী'

পৃথিবী থেকে মাত্র ৬ আলোকবর্ষ দূরে সন্ধান মিলেছে আরো একটি প্রতিবেশী গ্রহের। মহাশূন্যে সূর্যের নিকটতম নক্ষত্র Barnard Star'র চারপাশে ঘুরছে গ্রহটি। সৌরজগতের বাইরে পৃথিবীর দ্বিতীয় নিকটতম গ্রহ এ 'সুপার আর্থ'। লাল রঙের এ বামনাকৃতির গ্রহটির ওজন পৃথিবীর তুলনায় অন্তত ৩.২ গুণ বেশি। বৈজ্ঞানিক মহলে Barnard Star b নামে পরিচিত এ গ্রহ তার নক্ষত্রের চারপাশে একবার ঘুরতে ২৩৩ দিন সময় নেয়। সুপার আর্থের তাপমাত্রা – ১৭০° সেলসিয়াস। ফলে জল ও গ্যাস সবই এখানে ঘনীভূত অবস্থায় আছে।

প্রায় ২০ বছর ধরে ডপলার এফেক্ট ও বিশেষ ধরনের যন্ত্রপাতির সাহায্যে Barnard Star b গ্রহের সন্ধান পান বিজ্ঞানীরা। এ নক্ষত্র ঘণ্টায় পাঁচ লাখ কিলোমিটার বেগে চলছে, যা মহাকাশে এ পর্যন্ত আবিষ্কৃত যে কোনো বস্তুর থেকে দ্রুততম।

পৃথিবীর আরো দুটি চাঁদ

১৯৬১ সালে পৃথিবীর আরও চাঁদের অস্তিত্বের পূর্বাভাস দিয়েছিলেন পোল্যান্ডের জ্যোতির্বিজ্ঞানী কাঝিমিয়ার্ঝ কোদিলিউস্কি। কিন্তু তাদের পিঠ থেকে প্রতিফলিত আলো এতটাই দুর্বল যে, তাদের দেখা পাওয়ার আশা এক রকম ছেড়েই দিয়েছিলেন বিজ্ঞানীরা। বাড়তি অসুবিধার কারণ ছিল, পৃথিবী থেকে তাদের দূরত্ব। গত ৬ দশক ধরে খোঁজ-তল্লাশের পর সেই দুটি চাঁদের একটিকে সম্প্রতি দেখতে পায় হাঙ্গেরির জ্যোতির্বিজ্ঞানীদের নেতৃত্বাধীন একটি আন্তর্জাতিক গবেষকদল।

১১ ডিসেম্বর ১৯৯৭ : বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও জলবায়ুর পরিবর্তন রোধে 'কিয়োটো প্রটোকল' স্বাক্ষরিত

ভার্চুয়াল সংবাদ পাঠক

সম্প্রতি চীনের রাষ্ট্রীয় সংবাদ মাধ্যম শিনহুয়ার সংবাদ পাঠের মাধ্যমে যাত্রা শুরু হয় বিশ্বের প্রথম ভার্চুয়াল সংবাদ উপস্থাপকের। স্যুট পরে অনেকটা রোবোটিক গলায় সংবাদ পড়ছে এ উপস্থাপক। ভার্চুয়াল এ সংবাদ উপস্থাপক তৈরিতে কাজ করেছে চীনা সার্চ ইঞ্জিন *সোগোউ*।

ভার্চুয়াল স্ত্রী

বছর দুয়েক আগেই জানা গিয়েছিল নিঃসঙ্গ যুবকদের একাকিত্ব কাটাতে জাপানের প্রযুক্তি প্রতিষ্ঠানগুলো অভিনব পথে হাঁটছে। সে সময় বলা হয়েছিল, তারা 'ভার্চুয়াল স্ত্রী' তৈরি করেছে। সেটা ছিল দেশটির প্রযুক্তি নির্মাতা প্রতিষ্ঠান ভিনক্লুর তৈরি নতুন একটি ডিভাইস, নাম 'গেটবক্স'। এর হলোগ্রাফিক পর্দায় ভার্চুয়াল পুতুল 'হিকারি'কে দেখা যাবে, সে তার সঙ্গীকে ঘুম থেকে ডেকে তুলবে, গুড মর্নিং জানাবে। ঘরের বাতি জ্বালাবে ও নেভাবে। প্রয়োজনে এসি চালাবে ও বন্ধ করবে। অর্থাৎ নিঃসঙ্গ যুবকদের সঙ্গী হিসেবে কাজ করবে।

সম্প্রতি এমনই এক ভার্চুয়াল পুতুলকে স্ত্রী হিসেবে গ্রহণের খবর পাওয়া গেল। ৪ নভেম্বর ২০১৮ জাপানের ৩৫ বছর বয়সী যুবক আকিহিকো কোন্ডো ৪০ অতিথির উপস্থিতিতে 'হাতসোনো মিকো' নামে একটি হলোগ্রাম ডিভাইসকে বিয়ে করেন। এ ভার্চুয়াল পুতুলটি অবশ্য তৈরি করা হয় ক্রিপটন ফিউচার মিডিয়ার একটি কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে। এ সফটওয়্যারটি মূলত গানের সফটওয়্যার। গায়ক পুতুলটিকে একজন কিশোরীরূপে উপস্থাপন করা হয়। তাকে ডিভাইসের হলোগ্রাম পর্দায় গাইতে ও নাচতে দেখা যাবে। তার স্টোরে এক লাখ গান রয়েছে। কোন্ডো ও মিকো উভয়েই বিয়ের আংটি পরেছে।

নতুন সংজ্ঞায় কিলোগ্রাম

১ কিলোগ্রাম = ১,০০০ গ্রাম— কথাটি সবারই কমবেশি জানা তথ্য। ১৮৮৯ সালে ফ্রান্সের প্যারিসে রক্ষিত প্লাটিনাম-ইরিডিয়ামের সংকর ধাতুর একটি সিলিন্ডারকে কিলোগ্রামের নমুনা হিসেবে ধরা হয়েছিল। সেই ভরের সাপেক্ষেই এতদিন সংজ্ঞায়িত করা হতো কিলোগ্রামকে। কিন্তু ২০ মে ২০১৯ বিশ্ব ওজন দিবসে বদলে যাবে কিলোগ্রামের সেই সংজ্ঞা। ১৬ নভেম্বর ২০১৮ ফ্রান্সে অনুষ্ঠিত ওজন এবং পরিমাপ বিষয়ক ২৬তম সম্মেলনে ৬০ দেশের প্রতিনিধিরা কিলোগ্রামের নতুন সংজ্ঞার পক্ষে রায় দেন। এর ফলে Le Grand K'র ওজন থেকে নয়, কিলোগ্রামকে সংজ্ঞায়িত করা হবে বৈদ্যুতিক তরঙ্গের আলোকে।

Le Grand K কী?

কাচের একটা জার, তার ভেতর আরেকটু ছোট জার, তারও ভেতর আরও খানিকটা ছোট জার এবং তার ভেতর ধাতব একটা পিণ্ড। ফ্রান্সের স্যাভ্রেতে Le Grand K বা Big K নামে পরিচিত এ পিণ্ডটাই এতদিন কিলোগ্রাম বা এক কেজি ভরের মূল মান হিসেবে বিবেচিত হতো। বাড়িতে-বাজারে যে বাটখারায় এক কেজি জিনিস মাপা হয় সেগুলো ঐ Big K'র (কিলোগ্রামের 'কে') নকল কপি। ফরাসি বিপ্লবের পর ১৭৯৯ সালে কিলোগ্রামের পিণ্ডটা ছিল কেবল প্লাটিনামের। ১৮৮৯ সালে তা পাল্টে প্লাটিনাম-ইরিডিয়াম সংকর ধাতু দিয়ে গড়া হয়।

কেন পরিবর্তন?

Big K পিণ্ডটা যেন কোনোভাবে ধুলাবালি, হাঁচি-কাশির সংস্পর্শে না আসে, সে জন্য ওরকম ত্রিস্তরী জারের ভেতর পুরে রাখা হতো। কিন্তু দীর্ঘদিনের ব্যবধানে যখন বের করা হয়েছে, তখন দেখা গেছে, কিছুটা ভর হারিয়েছে দ্বিধাতব পিণ্ডটি। মূলত এ কারণেই হাতে তৈরি কিলোগ্রামকে বদলে নিখুঁত এক মাপজোক পদ্ধতি গ্রহণ করতে নেয়া হচ্ছে প্রকৃতির সাহায্য।

নতুন মাপকাঠি

কিলোগ্রামের সংজ্ঞা নির্ধারণে বিজ্ঞানীরা দ্বারস্থ হয়েছেন প্রয়াত নোবেলজয়ী জার্মান বিজ্ঞানী ম্যাক্স প্ল্যাঙ্কের আবিষ্কৃত প্লাঙ্ক ধ্রুবক (h)। আলোর শক্তি আর কম্পাঙ্কের সম্পর্ক খুঁজতে গিয়ে ঐ ধ্রুবক আবিষ্কার করেন প্ল্যাঙ্ক। এ সম্পর্কে মানুষের কোনও হাত নেই, তা নেহায়েতই প্রকৃতির দান। সেই সূত্র অজর-অমর। প্লাঙ্কের ধ্রুবক মূলত ফোটন বা আলোর শক্তি আর কম্পাঙ্কের সম্পর্ককে ($E = h\upsilon$) ব্যাখ্যা করে। এর মান অত্যন্ত ছোট।

'প্ল্যাঙ্কের ধ্রুবকের মান শূন্য দশমিকের পর ৩৩টি শূন্য বসিয়ে ৬৬২৬০৭০১৫ বসালে যত হয়, তত কিলোগ্রাম বর্গমিটার/ সেকেন্ড। অর্থাৎ, h-এর মান 0,০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০৬৬২৬০৭০১৫ কিগ্রা. মি^{২}.সে.$^{-১}$। যেহেতু এ মানের মধ্যে কিলোগ্রাম জিনিসটা লুকিয়ে রয়েছে, তাই 'প্ল্যাঙ্কের ধ্রুবক' থেকে কিলোগ্রামের নিখুঁত মাপটি গ্রহণ করছেন বিজ্ঞানীরা। নতুন প্রবর্তিত কিলোগ্রাম ধারণার সাথে দূরত্ব ও সময় ধারণা পরস্পর সম্পর্কিত। নতুন এই কিলোগ্রাম ব্যবস্থায় প্ল্যাঙ্কের ধ্রুবকের মান অত্যন্ত নিখুঁতভাবে পরিমাপ করা সম্ভব হবে।

পার্থক্য কতটুকু?

প্রাকৃতিক মাপকাঠিতে মাপা নতুন কিলোগ্রামের ফলে পাল্লায় বাটখারাটা বদলে যাবে না। পৃথিবীর ভর থাকবে আগের মতোই— ৬ এর পরে ২৪টা শূন্য বসালে যত হয়, তত কেজি। কিলোগ্রাম বদলে গেলেও তাতে নিত্যদিনের ব্যবহার্য পণ্যের ভর কমায় কোনো তারতম্য ঘটবে না। তবে ন্যানোপ্রযুক্তি, গাড়ি, বিমান কিংবা ওষুধের মানোন্নয়ন এবং বৈজ্ঞানিক উপকরণের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে নতুন কিলোগ্রাম। আগের কিলোগ্রামের সাথে নতুন কিলোগ্রামের ভরের তারতম্য খুবই নগণ্য। এক কিলোগ্রামের একশ কোটি ভাগের পঞ্চাশ ভাগের সমান ভরের পার্থক্য হবে দুই ধরনের কিলোগ্রামের মধ্যে, যা কিনা চোখের একটি ছোট্ট পাপড়ির ভরের চেয়েও কম।

১২ ডিসেম্বর ১৮৮০ : মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর জন্ম

রিপোর্ট সমীক্ষা

সাম্প্রতিক সময়ের রিপোর্ট-জরিপ-সমীক্ষার খবরাখবর নিয়ে আমাদের এ আয়োজন

ডুয়িং বিজনেস ২০১৯

৩১ অক্টোবর ২০১৮ বিশ্বব্যাংক ১৬তম ডুয়িং বিজনেস বা সহজে ব্যবসা করার বৈশ্বিক প্রতিবেদন প্রকাশ করে। বিশ্বের ১৯০টি দেশের ওপর পরিচালিত এ জরিপে মোট ১০টি বিষয় বিচার-বিশ্লেষণ করা হয়। প্রতিবেদন অনুযায়ী সহজে ব্যবসা করার তালিকায়—

- **শীর্ষ ৫ দেশ** ১. নিউজিল্যান্ড, ২. সিঙ্গাপুর, ৩. ডেনমার্ক, ৪. হংকং ও ৫. দক্ষিণ কোরিয়া।
- **সর্বনিম্ন ৫ দেশ** ১৯০. সোমালিয়া, ১৮৯. ইরিত্রিয়া, ১৮৮. ভেনিজুয়েলা, ১৮৭. ইয়েমেন ও ১৮৬. লিবিয়া।
- **সার্কভুক্ত দেশের অবস্থান :** ৭৭. ভারত, ৮১. ভুটান, ১০০. শ্রীলংকা, ১১০. নেপাল, ১৩৬. পাকিস্তান, ১৩৯. মালদ্বীপ, ১৬৭. আফগানিস্তান ও ১৭৬. বাংলাদেশ।
- **সহজে ব্যবসা করার তালিকায় ১০টি মানদণ্ডে বাংলাদেশের অবস্থান** ➢ ব্যবসায় শুরু : ১৩৮তম ● অবকাঠামো নির্মাণের অনুমতি ১৩৮তম ● বিদ্যুৎ সংযোগ পাওয়া ১৭৯তম ● ভূমি নিবন্ধন : ১৮৩তম ● ঋণের প্রাপ্যতা : ১৬১তম ● ক্ষুদ্র বিনিয়োগকারীদের সুরক্ষা : ৮৯তম ● কর পরিশোধের প্রক্রিয়া : ১৫১তম ● বৈদেশিক বাণিজ্য : ১৭৬তম ● চুক্তির বাস্তবায়ন : ১৮৯তম ● দেউলিয়া ঘোষণা প্রক্রিয়া : ১৫৩তম।

শিক্ষক মর্যাদাসূচক

১৩ নভেম্বর ২০১৮ ব্রিটেনভিত্তিক দাতব্য প্রতিষ্ঠান Varkey Foundation প্রকাশ করে Global Teacher Status Index (GTSI)। সূচক অনুযায়ী শিক্ষককে মর্যাদা দেয়া—

- **শীর্ষ ৫ দেশ :** ১. চীন, ২. মালয়েশিয়া, ৩. তাইওয়ান, ৪. রাশিয়া ও ৫. ইন্দোনেশিয়া।
- **সর্বনিম্ন ৫ দেশ :** ১. ব্রাজিল, ২. ইসরাইল, ৩. ইতালি, ৪. ঘানা ও ৫. আর্জেন্টিনা।

Forbes'র সেরা ৩০ বিজ্ঞানী

বিশ্বখ্যাত মার্কিন সাময়িকী Forbes ১৬ নভেম্বর ২০১৮ প্রকাশ করে ৩০ আন্ডার ৩০ : ২০১৯ তালিকা। যুক্তরাষ্ট্রের সেরা ৩০ তরুণ বিজ্ঞানীর এ তালিকায় দুটি বিভাগে দুজন বাংলাদেশি তরুণ স্থান লাভ করেন। তালিকার শক্তি (Energy) বিভাগে স্থান পান 'ভার্ড টু গোর' প্রতিষ্ঠাতা ২৮ বছর বয়সী সানি সানওয়ার এবং বিজ্ঞান (Science) বিভাগে স্থান পান ২৯ বছর বয়সী জীববিজ্ঞানী জি এম মাহমুদ আরিফ পাভেল।

সানি সানওয়ার

মাহমুদ আরিফ পাভেল

ILO'র কর্মসংস্থান পরিস্থিতি

১৬ নভেম্বর ২০১৮ আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) Asia-Pacific Employment and Social Outlook 2018 : Advancing decent work for sustainable development শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের নিম্ন-মধ্যম আয়ের দেশগুলোর কর্মসংস্থান ও আয়ের বিভিন্ন সূচক বিশ্লেষণ করা হয়। প্রতিবেদন অনুযায়ী—

- দারিদ্র্যসীমার নিচে অবস্থান করছেন ৪৪ কোটি ৬০ লাখ শ্রমিক।
- ভঙ্গুর কর্মসংস্থানের মাধ্যমে জীবিকা নির্বাহ করেন ৯৩ কোটি শ্রমিক।

প্রতিবেদনে বাংলাদেশ

নিম্ন-মধ্যম আয়ের দেশগুলোর মধ্যে সরকারি কর্মসংস্থানের হার সবচেয়ে কম; ৩.২% ▮ বেতনভোগী কর্মীর হার ৩৯.১% ▮ ভঙ্গুর (Vulnerable) কর্মসংস্থানের হার ৫৫.৮% ▮ বেতনভোগী কর্মীদের মধ্যে লিখিত চুক্তি রয়েছে, এমন কর্মসংস্থানের হার ৬৯.১% ▮ বেতনভোগী কর্মীদের স্থায়ী চুক্তি আছে, এমন কর্মসংস্থানের হার ২৬.৫%।

BBC'র প্রেরণাদায়ী নারী

১৯ নভেম্বর ২০১৮ BBC সব থেকে অনুপ্রেরণাদায়ী ও প্রভাবশালী ১০০ নারীর একটি তালিকা প্রকাশ করে। বিশ্বের ৬০টি দেশের ১৫-৯৪ বছর বয়সী বিভিন্ন ক্ষেত্রে প্রেরণাদায়ী ও প্রভাবশালী নারীদের নিয়ে এ তালিকা তৈরি করা হয়। তালিকায় প্রথম স্থান লাভ করেন নাইজেরিয়ার একজন সামাজিক নারী উদ্যোক্তা আবসোয়ে আজায়ি-আকিনফোলারিন।

তালিকায় বাংলাদেশি মা

BBC'র করা বিশ্বের ১০০ অনুপ্রেরণাদায়ী ও প্রভাবশালী নারীর তালিকায় স্থান পান সীমা সরকার নামে বাংলাদেশি এক মা। তিনি তার সেরিব্রাল পালসিতে আক্রান্ত সন্তান হৃদয় সরকারকে কোলে চড়িয়ে ২১ সেপ্টেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা দিতে নিয়ে যান। তার সেই ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে ব্যাপক সাড়া জাগায়। সন্তানের প্রতি মায়ের এমন ভালোবাসায় মুগ্ধ হয় দেশ-বিদেশের মানুষ। অসাধারণ মাতৃত্বের প্রতীক সীমা সরকার BBC'র শত নারীর তালিকায় রয়েছেন ৮১তম স্থানে।

আয়কর আদায়ে শীর্ষ দেশ

২৬ এপ্রিল ২০১৮ অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা (OECD) Taxing Wages 2018 শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী—

- **আয়কর আদায়ে ইউরোপের শীর্ষ ৫ দেশ ও আদায়ের হার :** ১. বেলজিয়াম (৫৪%), ২. জার্মানি (৪৯.৪%), ৩. হাঙ্গেরি (৪৮.২%), ৪. ফ্রান্স (৪৮.১%) ও ৫. ইতালি (৪৭.৮%)।

১২ ডিসেম্বর ১৯৯৬ : বাংলাদেশ ও ভারতের মধ্যে ৩০ বছর মেয়াদি গঙ্গার পানিবণ্টন চুক্তি স্বাক্ষরিত

বিদেশি ভাষায় সেরা ১০০ চলচ্চিত্র

৩০ অক্টোবর ২০১৮ BBC ইংরেজি ভাষার বাইরে পৃথিবীর নানা ভাষার সেরা ১০০ চলচ্চিত্রের তালিকা প্রকাশ করে। ৪৩টি দেশের ৪১টি ভাষার ২০৯ জন চলচ্চিত্র সমালোচকের ভোটে এ তালিকা প্রস্তুত করা হয়। ২৪টি দেশের ৬৭ জন পরিচালকের ১৯টি ভাষার চলচ্চিত্র থেকে ১০০টি সেরা চলচ্চিত্র বাছাই করা হয়। এর মধ্যে সবচেয়ে বেশি চলচ্চিত্র স্থান পায় ফরাসি ভাষার; ২৭টি। এছাড়া মান্দারিন ভাষার আছে ১২টি এবং ইতালীয় ও জাপানি ভাষার আছে ১১টি করে চলচ্চিত্র। তালিকা অনুযায়ী সেরা পাঁচ ছবি—

নাম	দেশ	পরিচালক	মুক্তি
১. Seven Samurai	জাপান	আকিরা কুরোসাওয়ার	২৬.০৪.১৯৫৪
২. Bicycle Thieves	ইতালি	ভিত্তোরিও ডি সিকা	২৪.১১.১৯৪৮
৩. Tokyo Story	জাপান	ইয়ুসুজিরো ওজু	০৩.১১.১৯৫৩
৪. Rashomon	জাপান	আকিরা কুরোসাওয়া	২৫.০৮.১৯৫০
৫. The Rules of the Game	ফ্রান্স	জ্যাঁ রেনো	০৭.০৭.১৯৩৯

তালিকায় একমাত্র বাংলা ছবি

BBC'র করা বিশ্বের সেরা ১০০ চলচ্চিত্রের তালিকায় একমাত্র বাংলাদেশি চলচ্চিত্র হিসেবে স্থান লাভ করে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে, বিখ্যাত চলচ্চিত্রকার সত্যজিৎ রায় পরিচালিত প্রথম চলচ্চিত্র *পথের পাঁচালী*। তালিকায় চলচ্চিত্রটির অবস্থান ১৫তম।

বৈশ্বিক জলবিদ্যুৎ পরিস্থিতি প্রতিবেদন

২৪ মে ২০১৮ International Hydropower Association (IHA) বিশ্ব জলবিদ্যুৎ পরিস্থিতি প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী, সারা বিশ্বের মধ্যে পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জলবিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির হার সবচেয়ে বেশি।

জলবিদ্যুৎ উৎপাদনে শীর্ষ ১০ দেশ ও উৎপাদন (মেগাওয়াট) ➤ ১. চীন : ৩,৪১,১৯০ । ২. যুক্তরাষ্ট্র ১,০২,৮৬৭ । ৩. ব্রাজিল ১,০০,২৭৩ । ৪. কানাডা : ৮০,৯৮৫ । ৫. জাপান : ৪৯,৯০৫ । ৬. ভারত : ৪৯,৩৮২ । ৭. রাশিয়া : ৪৮,৪৫০ । ৮. নরওয়ে : ৩১,৮৩৭ । ৯. তুরস্ক : ২৬,৬৮১ । ১০. ফ্রান্স : ২৫,৫১৭।

সার্কভুক্ত দেশের অবস্থান ও উৎপাদন (মেগাওয়াট) ➤ ভারত ৪৯,৩৮২ । পাকিস্তান : ৭,৪৭৭ । শ্রীলংকা : ১,৭২০ । ভুটান : ১,৬১৫ । নেপাল : ৯৬৮ । আফগানিস্তান : ৪৬১ । **বাংলাদেশ : ২৩০।**

বাংলাদেশ ব্যাংকের সঞ্চয় ও ঋণ পরিসংখ্যান

সম্প্রতি বাংলাদেশ ব্যাংক বিভাগভিত্তিক সঞ্চয় ও ঋণ পরিসংখ্যান শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী—

বিভাগভিত্তিক আমানত ও ঋণ (কোটি টাকায়)

বিভাগ	আমানত		ঋণ	
	মোট	শতকরা	মোট	শতকরা
ঢাকা	৬২৬১৫৬	৬০.৩৯	৫৬৭৬৭৮	৬৭.০২
চট্টগ্রাম	২২৬৫৪৯	২১.৮৫	১৫৯২০৩	১৮.৮০
খুলনা	৪৪৪৯০	৪.২৯	৩৪৪৮০	৪.০৭
সিলেট	৪১৯০৫	৪.০৪	১০৬২২	১.২৫
রাজশাহী	৪১৪৪৯	৪.০০	৩৩০৭৮	৩.৯১
রংপুর	২০৫৭৫	১.৯৮	২০৩৬১	২.৪০
বরিশাল	২০১৩২	১.৯৪	৯৩৯৯	১.১১
ময়মনসিংহ	১৫৩৮৫	১.৪৮	১২১৯৪	১.৪৪

আন্তর্জাতিক ঋণ পরিসংখ্যান

১৩ নভেম্বর ২০১৮ বিশ্বব্যাংক আন্তর্জাতিক ঋণ পরিসংখ্যান প্রতিবেদন (International Debt Statistics) প্রকাশ করে।

প্রতিবেদনে বাংলাদেশ

২০১৭ সালে বিদেশি সহায়তা বাবদ আসে ৫৫৩ কোটি মার্কিন ডলার। ২০১৭ সালে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (FDI) আসে ১৮১ কোটি ৮২ লাখ মার্কিন ডলার। ২০১৭ সাল পর্যন্ত বৈদেশিক সহায়তার স্থিতি ৪৭,১৫৫ মিলিয়ন মার্কিন ডলার।

নির্মাণে বিশ্বের শীর্ষ মেগা সিটি

১ নভেম্বর ২০১৮ যুক্তরাজ্যভিত্তিক ডিজিটাল মিডিয়া কোম্পানি গ্লোবালডাটা (GlobalData) 50 Construction Mega City প্রকাশ করে। তালিকা অনুযায়ী, নির্মাণে বিশ্বের শীর্ষ মেগা সিটি সংযুক্ত আরব আমিরাতের দুবাই। শহরটিতে নির্মাণ প্রকল্পে ৩৭,৪০০ কোটি মার্কিন ডলারের কাজ চলমান।

শক্তিশালী পাসপোর্ট সূচক

৩১ অক্টোবর ২০১৮ Passport Index নামক বেসরকারি প্রতিষ্ঠান শক্তিশালী পাসপোর্ট সূচক প্রকাশ করে। সূচক অনুযায়ী—

- বিশ্বের সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট জার্মানি ও সিঙ্গাপুরের। এ দুটি দেশের পাসপোর্টধারীরা ১৬৫টি দেশে ভিসা ছাড়া যেতে পারেন।
- সূচকে নিম্নে রয়েছে আফগানিস্তান; এ দেশের পাসপোর্টধারীরা ৩০টি দেশে ভিসা ছাড়া যেতে পারেন।
- সার্কভুক্ত দেশ ও অবস্থান এবং ভিসাবিহীন যেতে পারা দেশের সংখ্যা— ৫৫. মালদ্বীপ : ৮২টি; ৭০. ভারত : ৬৬টি; ৭৫. ভুটান : ৬১টি; ৮৮. নেপাল : ৪৭টি; ৮৯. শ্রীলংকা : ৪৬টি; ৯১. বাংলাদেশ : ৪৪টি; ৯৬. পাকিস্তান : ৩৫টি ও ৯৮. আফগানিস্তান : ৩০টি।

পিত্তথলির ক্যান্সারের বৈশ্বিক চিত্র

লন্ডনভিত্তিক অলাভজনক প্রতিষ্ঠান World Cancer Research Fund (WCRF) ২০১৮ সালের মে মাসে পিত্তথলির ক্যান্সার নিয়ে এক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী, বিভিন্ন কারণে বিশেষ করে স্থূলতা, উচ্চ রক্তচাপ, ফ্যাটি লিভার, উচ্চ কোলেস্টেরল, দীর্ঘদিন ধরে জন্মনিরোধক ওষুধ খাওয়ার কারণে পিত্তথলিতে পাথর হয়ে থাকে। ভেজাল খাবারের পাশাপাশি অতিরিক্ত জাঙ্ক ফুড খাওয়া এবং জেনেটিক কারণেও এটা হতে পারে। দীর্ঘদিন ধরে এ পাথর পিত্তথলিতে থাকলে বা টিউমার হলে সেখান থেকে ক্যান্সারের সৃষ্টি হয়। প্রতিবেদন অনুযায়ী প্রতি লাখে পিত্তথলির ক্যান্সারে আক্রান্ততে শীর্ষ দেশ বলিভিয়া। এক্ষেত্রে বাংলাদেশের অবস্থান ষষ্ঠ। তবে পুরুষের ক্ষেত্রে তা ১৯তম এবং নারীদের ক্ষেত্রে তৃতীয়।

World Cancer Research Fund

প্রাপ্তবয়স্কদের সম্পদে শীর্ষ ধনী দেশ

অক্টোবর ২০১৮ সুইজারল্যান্ডের বহুজাতিক আর্থিক প্রতিষ্ঠান ক্রেডিট সুইস 'গ্লোবাল ওয়েলথ রিপোর্ট ২০১৮' প্রকাশ করে। রিপোর্ট অনুযায়ী প্রাপ্তবয়স্কদের—

মাথাপিছু সম্পদে শীর্ষ ৫ ধনী দেশ ($) ➤ ১. সুইজারল্যান্ড ৫,৩০,২৪৪ । ২. অস্ট্রেলিয়া : ৪,১১,০৬০ । ৩. যুক্তরাষ্ট্র : ৪,০৩,৯৭৪ । ৪. বেলজিয়াম : ৩,১৩,০৪৫ । ৫. নরওয়ে : ২,৯১,১০৩।

মোট সম্পদে শীর্ষ ৫ ধনী দেশ ($) ➤ ১. অস্ট্রেলিয়া : ১,৯১,৪৫৩ । ২. সুইজারল্যান্ড : ১,৮৩,৩৩৯ । ৩. বেলজিয়াম : ১,৬৩,৪২৯ । ৪. নেদারল্যান্ডস : ১,১৪,৯৩৫ । ৫. ফ্রান্স : ১,০৬,৮২৭।

টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ১৮ বছর

১০ নভেম্বর ২০০০ টেস্ট ক্রিকেটে অভিষেক ঘটে বাংলাদেশের। এরপর কালের পরিক্রমায় পেরিয়ে গেছে ১৮ বছর। টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ১৮ বছরের পথ চলার সাফল্য ও ব্যর্থতার চিত্র তুলে ধরা হয়েছে এ আয়োজনে।

প্রথম

ম্যাচ
১০-১৪ নভেম্বর ২০০০ ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে টেস্ট ক্রিকেটের দশম সদস্য দেশ হিসেবে প্রথম টেস্ট ম্যাচ খেলতে নামে বাংলাদেশ। এটা ছিল ক্রিকেট ইতিহাসের ১৫১২তম টেস্ট ম্যাচ।

- অধিনায়ক : নাইমুর রহমান দুর্জয়।
- টস জয় : বাংলাদেশ।
- ফলাফল : ভারত ৯ উইকেটে জয়ী।

জয়
৬-১০ জানুয়ারি ২০০৫ চট্টগ্রামে অনুষ্ঠিত জিম্বাবুয়ের বিপক্ষে নিজেদের ৩৫তম টেস্ট ম্যাচে প্রথম জয়লাভ করে বাংলাদেশ।

সিরিজ জয়
বাংলাদেশ প্রথম টেস্ট সিরিজ জয় করে জিম্বাবুয়ের বিপক্ষে ২০০৫ সালে। দুই ম্যাচের টেস্ট সিরিজ বাংলাদেশ জিতে নেয় ১-০ ব্যবধানে।

বিদেশে জয়
জুলাই ২০০৯ উইন্ডিজের বিপক্ষে বাংলাদেশ প্রথমবারের মতো বিদেশের মাটিতে টেস্ট ম্যাচ ও টেস্ট সিরিজ জয়লাভ করে। এরপর বাংলাদেশ এ যাবৎ বিদেশের মাটিতে আর কোনো টেস্ট ম্যাচ জিততে পারেনি।

সেঞ্চুরিয়ান
বাংলাদেশের খেলা প্রথম টেস্টেই ভারতের বিপক্ষে দেশের হয়ে প্রথম টেস্ট সেঞ্চুরি করেন আমিনুল ইসলাম বুলবুল।

ডাবল সেঞ্চুরিয়ান
৮-১২ মার্চ ২০১৩ শ্রীলংকার গল টেস্টে দেশের হয়ে প্রথম ডাবল সেঞ্চুরি করেন মুশফিকুর রহিম।

হ্যাটট্রিককারী
২৭-৩০ আগস্ট ২০০৩ পেশোয়ারে পাকিস্তানের বিপক্ষে ম্যাচে দেশের হয়ে প্রথম হ্যাটট্রিক করেন অলক কাপালি। তিনি টেস্ট ক্রিকেটে সবচেয়ে কম বল করে হ্যাটট্রিক করেন; ১৩ বল।

গৌরবের বিশ্বরেকর্ড

- **অভিষেকে সর্বকনিষ্ঠ সেঞ্চুরিয়ান :** ৬ সেপ্টেম্বর ২০০১ টেস্ট অভিষেকে শ্রীলংকার বিপক্ষে কলম্বোতে অনুষ্ঠিত ম্যাচে মাত্র ১৭ বছর ৬১ দিন বয়সে সেঞ্চুরি করেন মোহাম্মদ আশরাফুল।



- **ম্যাচে ১০ উইকেটশিকারী সর্বকনিষ্ঠ বোলার :** ১৪-১৮ জানুয়ারি ২০০৫ ঢাকায় জিম্বাবুয়ের বিপক্ষে ১২ উইকেট নেয়া ম্যাচের শুরুর দিন এনামুল হক জুনিয়রের বয়স ছিল ১৮ বছর ৪০ দিন।
- **অভিষেক দশে নেমে সেঞ্চুরি :** ২১-২৫ নভেম্বর ২০১২ খুলনায় উইন্ডিজের বিপক্ষে টেস্ট অভিষেকে দশ নম্বরে নেমে ১১৩ রান করেন আবুল হাসান রাজু।
- **দ্বিতীয় ইনিংসে সর্বোচ্চ উদ্বোধনী জুটি :** ২৮ এপ্রিল-২ মে ২০১৫ খুলনায় পাকিস্তানের বিপক্ষে টেস্টের দ্বিতীয় ইনিংসে ৩১২ রানের উদ্বোধনী জুটির রেকর্ড গড়েন তামিম ইকবাল ও ইমরুল কায়েস।

একই ম্যাচে

- **সেঞ্চুরি-হ্যাটট্রিক :** ৯-১৩ অক্টোবর ২০১৩ চট্টগ্রামে নিউজিল্যান্ডের বিপক্ষে ম্যাচে টেস্ট ইতিহাসের একমাত্র ক্রিকেটার হিসেবে সেঞ্চুরি ও হ্যাটট্রিক করেন সোহাগ গাজী।
- **সেঞ্চুরি ও ১০ উইকেট :** ইংল্যান্ডের ইয়ান বোথাম ও পাকিস্তানের ইমরান খানের পর ইতিহাসের তৃতীয় খেলোয়াড় হিসেবে ৩-৭ নভেম্বর ২০১৪ খুলনায় জিম্বাবুয়ের বিপক্ষে ম্যাচে সেঞ্চুরি ও ১০ উইকেট নেয়ার কীর্তি গড়েন সাকিব আল হাসান।

যন্ত্রণার বিশ্বরেকর্ড

- **টানা টেস্ট হার :** ২০০১-২০০৪ টানা ২১ টেস্ট হারে বাংলাদেশ।
- **একদিনে সবচেয়ে বেশি রানের রেকর্ড :** ২০০২ সালে কলম্বো টেস্টের দ্বিতীয় দিনে ৫০৯ রান করে শ্রীলঙ্কা।
- **টানা সিরিজ হার :** অভিষেক থেকে শুরু করে ২০০৪ সালে ভারত সিরিজ পর্যন্ত টানা ১৬টি সিরিজ হারে বাংলাদেশ। ২০০৫-২০০৯ পর্যন্ত টানা ১১ সিরিজ হেরে তালিকার দ্বিতীয়তেও বাংলাদেশ।
- **ইনিংসে সবচেয়ে বেশি শূন্য :** ৮-১০ ডিসেম্বর ২০০২ বঙ্গবন্ধু স্টেডিয়ামে উইন্ডিজের বিপক্ষে ম্যাচের দ্বিতীয় ইনিংসে বাংলাদেশের ছয় ব্যাটসম্যান শূন্য রানে আউট হয়। এ রেকর্ডে বাংলাদেশের সঙ্গী পাকিস্তান, দক্ষিণ আফ্রিকা ও ভারত।
- **ইনিংসে সবচেয়ে বেশি সেঞ্চুরি :** ২৯-৩১ আগস্ট ২০০১ মুলতানে এশিয়ান টেস্ট চ্যাম্পিয়নশিপের ম্যাচে একমাত্র ইনিংসে পাঁচ সেঞ্চুরিতে ৩ উইকেটে ৫৪৬ রান করে পাকিস্তান। ১৯৫৫ সালে উইন্ডিজের বিপক্ষে অস্ট্রেলিয়ার ব্যাটসম্যানরাও পাঁচ সেঞ্চুরি পেয়েছিলেন।
- **বিপক্ষে উদ্বোধনী জুটির রেকর্ড :** ২৯ ফেব্রুয়ারি-৩ মার্চ ২০০৮ চট্টগ্রামে অনুষ্ঠিত ম্যাচে দক্ষিণ আফ্রিকার গ্রায়েম স্মিথ ও নিল ম্যাকেঞ্জি প্রথম উইকেট জুটিতে তুলেছিলেন ৪১৫ রান।

১৩ ডিসেম্বর ২০১১ : বাংলাদেশের জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীর মৃত্যু

SAFF অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপ

আয়োজন : পঞ্চম ▌ সময়কাল : ২৫ অক্টোবর-৩ নভেম্বর ২০১৮ ▌ স্বাগতিক : নেপাল ▌ অংশগ্রহণকারী দল ৬টি

▌ চ্যাম্পিয়ন : বাংলাদেশ ▌ রানার্সআপ : পাকিস্তান ▌ সর্বোচ্চ গোলদাতা : নিহাত জামান উচ্ছ্বাস (বাংলাদেশ); ৪টি ▌ সেরা খেলোয়াড় : হাসিব আহমেদ খান (পাকিস্তান) ▌ ফেয়ার প্লে ট্রফি : বাংলাদেশ।

- SAFF অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপ জয়ের মধ্য দিয়ে বাংলাদেশের কোচ মোস্তফা আনোয়ার পারভেজ জাতীয় দলের খেলোয়াড় ও কোচ হিসেবে দুটি ভিন্ন ধরনের সাফ চ্যাম্পিয়নশিপ জয়ের বিরল রেকর্ড গড়েন।

ACC'র প্রেসিডেন্ট BCB'র প্রধান

আগামী দুই বছরের জন্য এশিয়ান ক্রিকেটের অভিভাবক সংস্থা এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (ACC) প্রেসিডেন্ট নির্বাচিত হন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (BCB) সভাপতি নাজমুল হাসান পাপন। ১৭ নভেম্বর ২০১৮ পাকিস্তানে আনুষ্ঠানিকভাবে তিনি এ দায়িত্ব গ্রহণ করেন।

বাংলাদেশের টেস্ট খেলোয়াড়

২২-২৬ নভেম্বর ২০১৮ চট্টগ্রামে অনুষ্ঠিত বাংলাদেশ-উইন্ডিজ টেস্ট ম্যাচ পর্যন্ত বাংলাদেশের মোট টেস্ট খেলোয়াড়ের সংখ্যা ৯৩ জন। সর্বশেষ টেস্টে অভিষিক্ত পাঁচজন ক্রিকেটার হলেন—আরিফুল হক, নাজমুল ইসলাম, মোহাম্মদ মিঠুন, খালেদ আহমেদ ও নাঈম হাসান।

উইন্ডিজের বাংলাদেশ সফর

টেস্ট	প্রথম	২২-২৬ নভেম্বর	চট্টগ্রাম
	দ্বিতীয়	৩০ নভে.-৪ ডিসে.	ঢাকা
ওয়ানডে	প্রথম	৯ ডিসেম্বর	ঢাকা
	দ্বিতীয়	১১ ডিসেম্বর	ঢাকা
	তৃতীয়	১৪ ডিসেম্বর	সিলেট
টি২০	প্রথম	১৭ ডিসেম্বর	সিলেট
	দ্বিতীয়	২০ ডিসেম্বর	ঢাকা
	তৃতীয়	২২ ডিসেম্বর	ঢাকা

কান্ট্রি গেমসের যাত্রা শুরু

হাডুডু, দাঁড়িয়াবান্ধা, গোল্লাছুট, বৌ-চি, সাতচারা, ডাংগুলি, নৌকাবাইচ, কানামাছি ভোঁ ভোঁ— এসবই গ্রামীণ দলগত খেলাধুলা, যা আজ প্রায় বিলুপ্তির পথে। এছাড়া মোরগ লড়াই, লাটিম, দড়ি লাফানো, কুতকুত, লাঠি খেলা, ঘোড় দৌড়, ষাঁড়ের লড়াই, পাঁচগুটি, পাঞ্জালড়াই একক খেলা। এসব খেলাকে জাতীয়ভাবে প্রতিষ্ঠা করতে ৪ নভেম্বর ২০১৮ আত্মপ্রকাশ করে বাংলাদেশ কান্ট্রি গেমস অ্যাসোসিয়েশন। এর সভাপতি বিশিষ্ট উন্নয়ন সাংবাদিক ও গণমাধ্যম ব্যক্তিত্ব শাইখ সিরাজ।

NCL 2018-19

National Cricket League

আয়োজন ২০তম ▌ সময়কাল ১ অক্টোবর-৮ নভেম্বর ২০১৮ ▌ ভেন্যু : ৮টি ▌ অংশগ্রহণকারী দল ৮টি ▌ চ্যাম্পিয়ন রাজশাহী বিভাগ ▌ রানার্সআপ : রংপুর ▌ সেরা ব্যাটসম্যান : সাদমান ইসলাম (ঢাকা মেট্রো); ১০ ইনিংসে ৬৪৮ রান ▌ সর্বোচ্চ উইকেটশিকারী : নাঈম হাসান (চট্টগ্রাম); ৯ ইনিংসে ২৮ উইকেট ▌ ব্যক্তিগত সর্বোচ্চ ইনিংস : ২৩১; আরিফুল হক (রংপুর); বিপক্ষ বরিশাল ▌ সেরা বোলিং : ৮/১০৬; নাঈম হাসান (চট্টগ্রাম); বিপক্ষ ঢাকা।

- টুর্নামেন্টে মোট হ্যাটট্রিক হয় ৩টি।
- টুর্নামেন্টে সর্বোচ্চ ৩টি সেঞ্চুরি করেন তুষার ইমরান (খুলনা)।
- জাতীয় লিগের প্রথম স্তরে উত্তীর্ণ হয় ঢাকা। অন্যদিকে দ্বিতীয় স্তরে নেমে যায় বরিশাল।
- দেশের প্রথম শ্রেণির ক্রিকেটের সবচেয়ে বড় টুর্নামেন্ট জাতীয় ক্রিকেট লিগে সবচেয়ে বেশি ৬ বার করে চ্যাম্পিয়ন হয় খুলনা ও রাজশাহী।

মুশফিক-কীর্তি

১২ নভেম্বর ২০১৮ টেস্ট ক্রিকেটের ইতিহাসে প্রথম উইকেটকিপার ব্যাটসম্যান হিসেবে দুটি ডাবল সেঞ্চুরির কীর্তি গড়েন বাংলাদেশের মুশফিকুর রহিম। জিম্বাবুয়ের বিপক্ষে অপরাজিত ২১৯ রান করার পথে এ কীর্তি গড়েন তিনি। শুধু তাই নয়, এ ডাবল সেঞ্চুরির মাধ্যমে বেশ কয়েকটি দেশীয় রেকর্ডও গড়েন তিনি।

দেশীয় রেকর্ডসমূহ

ডাবল সেঞ্চুরি

দেশের প্রথম ব্যাটসম্যান হিসেবে দুটি ডাবল সেঞ্চুরি করেন।

২১৯*

টেস্টে ব্যক্তিগত সর্বোচ্চ ইনিংস খেলেন। আগের সর্বোচ্চ ইনিংস ছিল সাকিব আল হাসানের; ২১৭ রান।

৪২১

সবচেয়ে বেশি বল মোকাবেলা করেন

৫৮৯

সময়ের হিসেবে দীর্ঘতম ইনিংস খেলেন

৩ নভেম্বর ২০১৮ বিশ্বের ১১৬তম এবং বাংলাদেশের অষ্টম ক্রিকেট টেস্ট ভেন্যু হিসেবে অভিষেক হয় সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের। বাংলাদেশ-জিম্বাবুয়ের মধ্যে অনুষ্ঠিত ক্রিকেটের ইতিহাসে ২৩২৩তম টেস্ট ম্যাচের মধ্য দিয়ে অভিষেক ঘটে এ টেস্ট ভেন্যুর।

ঘণ্টা বাজিয়ে অভিষেক

ইংল্যান্ডের লর্ডসে ২০০৭ সাল থেকে The Five Minutes Bell বাজিয়ে টেস্ট ম্যাচ শুরুর প্রচলন হয়। এ ঐতিহ্য চালু হয়েছে ভারতের ঐতিহাসিক স্টেডিয়াম কলকাতার ইডেন গার্ডেনেও। আর বাংলাদেশের প্রথম এবং বিশ্বের তৃতীয় ভেন্যু হিসেবে ঘণ্টা (Bell) বাজিয়ে ৩ নভেম্বর ২০১৮ টেস্ট অভিষেক ঘটে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের। ঘণ্টা বাজান বাংলাদেশ ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও সাবেক পেসার হাসিবুল হোসেন শান্ত।

বাংলাদেশের অন্য ৭ টেস্ট ভেন্যু

ভেন্যু	শহর	অভিষেক	প্রতিদ্বন্দ্বি দল	টেস্ট সংখ্যা
বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম*	ঢাকা	১-৪ জানুয়ারি ১৯৫৫	ভারত-পাকিস্তান	১৭
এমএ আজিজ স্টেডিয়াম*	চট্টগ্রাম	১৫-১৯ নভেম্বর ২০০১	বাংলাদেশ-জিম্বাবুয়ে	৮
জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম	চট্টগ্রাম	২৮ ফেব্রু.-৩ মার্চ ২০০৬	বাংলাদেশ-শ্রীলংকা	১৮
শহীদ চান্দু স্টেডিয়াম*	বগুড়া	৮-১১ মার্চ ২০০৬	বাংলাদেশ-শ্রীলংকা	১
খান সাহেব ওসমান আলী স্টেডিয়াম	নারায়ণগঞ্জ	৯-১৩ এপ্রিল ২০০৬	বাংলাদেশ-অস্ট্রেলিয়া	২
শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম	ঢাকা	২৫-২৭ মে ২০০৭	বাংলাদেশ-ভারত	১৮
শেখ আবু নাসের স্টেডিয়াম	খুলনা	২১-২৫ নভেম্বর ২০১২	বাংলাদেশ-উইন্ডিজ	৩

* ভেন্যুগুলোতে বর্তমানে কোনো ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয় না।

টেস্ট ভেন্যু ও বিশ্ব

টেস্ট খেলুড়ে দেশের সংখ্যা ১২ হলেও টেস্ট ভেন্যু রয়েছে বিশ্বের ২২টি দেশে। এর মধ্যে ক্যারিবীয় অঞ্চলের ১০টি দ্বীপ রাষ্ট্রও রয়েছে, যারা ক্রিকেট খেলে ওয়েস্ট ইন্ডিজের পতাকাতলে। একইভাবে স্বাধীন দেশ ওয়েলসের একটি টেস্ট ভেন্যু থাকলেও তারা ক্রিকেট খেলে ইংল্যান্ডের হয়ে। অন্যদিকে টেস্ট পরিবারের সদস্য না হয়েও ৩টি টেস্ট ভেন্যু রয়েছে সংযুক্ত আরব আমিরাতের।

- প্রথম টেস্ট ভেন্যু মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ড (MCG), অস্ট্রেলিয়া।
- শততম টেস্ট ভেন্যু সোফিয়া গার্ডেন, কার্ডিফ, ইংল্যান্ড।
- সর্বাধিক টেস্ট ভেন্যু রয়েছে ভারতে; ২৭টি।
- সবচেয়ে কম টেস্ট ভেন্যু রয়েছে আয়ারল্যান্ডে; ১টি।
- টেস্ট খেলুড়ে দেশের মধ্যে এখনও পর্যন্ত কোনো টেস্ট ভেন্যু নেই আফগানিস্তানের।
- সর্বাধিক টেস্ট হয়েছে ক্রিকেট-তীর্থ ইংল্যান্ডের লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে; ১৩৭টি।
- সবচেয়ে বেশি জয়-পরাজয় হয়েছে অস্ট্রেলিয়ার মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে; ৯৩টি।

আইসিসি'র প্যানেলভুক্ত বাংলাদেশি আম্পায়ার

২০১৮-১৯ মৌসুমের জন্য আইসিসি'র প্যানেলে রয়েছেন মোট ৪ জন বাংলাদেশি আম্পায়ার। তারা হলেন— শরফুদ্দৌলা ইবনে শহীদ, তানভীর আহমেদ, মাসুদুর রহমান মুকুল ও গাজী সোহেল।

ঢাকার মাঠে দ্রুততম হ্যাটট্রিক

১১ নভেম্বর ২০১৮ বসুন্ধরা কিংসের বিশ্বকাপ খেলা কলম্বীয় ফুটবলার ড্যানিয়েল কলিনড্রেস বিরল এক রেকর্ড গড়েন। ২৯তম ফেডারেশন কাপ ফুটবল টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনালে টিম বিজেএমসির বিপক্ষে তিনি মাত্র ১৫ মিনিটের মধ্যে হ্যাটট্রিক করে এ রেকর্ড গড়েন। স্বাধীনতার পর ঢাকার মাঠে এটিই দ্রুততম হ্যাটট্রিকের রেকর্ড। এর আগে ১৯৭৬ সালে ঢাকা প্রথম বিভাগ লিগে মোহামেডানের অধিনায়ক হাফিজউদ্দিন আহমেদ শান্তিনগরের বিপক্ষে ২১ মিনিটের মধ্যে হ্যাটট্রিক পূরণ করেছিলেন। ঐ সময় নিয়ম ছিল টানা তিন গোলের হ্যাটট্রিক। অর্থাৎ ৪২ বছর পর তার দ্রুততম হ্যাটট্রিকের রেকর্ডটি ভেঙে ফেলেন কলিনড্রেস।

স্বাধীনতার আগে ১৯৬৯ সালে ঢাকা প্রথম বিভাগ লিগে মোহামেডানের পশ্চিম পাকিস্তানি ফুটবলার আলী নেওয়াজ আজাদ স্পোর্টিংয়ের বিপক্ষে ১১ মিনিটের মধ্যে হ্যাটট্রিক পূরণ করেছিলেন। ঐ ম্যাচে তিনি ডাবল হ্যাটট্রিক করেন ৪৭ মিনিটের মধ্যে। অর্থাৎ, ঢাকার মাঠে দ্রুততম হ্যাটট্রিক ও ডাবল হ্যাটট্রিকের কৃতিত্ব আলী নেওয়াজের। সে হিসেবে বসুন্ধরা কিংসের কলিনড্রেস ঢাকার মাঠে দ্রুততম হ্যাটট্রিক করার দ্বিতীয় রেকর্ডধারী।

বিদায় হেরাথ

৯ নভেম্বর ২০১৮ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেন ইতিহাসে বাঁহাতি বোলারদের মধ্যে সর্বাধিক টেস্ট উইকেটশিকারী শ্রীলংকার স্পিনার রঙ্গনা হেরাথ।

ক্যারিয়ার		ম্যাচ	উইকেট	সেরা
	টেস্ট	৯৩	৪৩৩	১৪/১৮৪
	ওয়ানডে	৭১	৭৪	৪/২০
	টি২০	১৭	১৮	৫/৩

রেকর্ডস

- নভেম্বর ২০১৮ শ্রীলংকার গল-এ অনুষ্ঠিত শ্রীলংকা-ইংল্যান্ড টেস্ট ম্যাচে ৪০ উইকেটের মধ্যে ৩৮টিই নেন স্পিনাররা। এর আগে টেস্ট ক্রিকেটের ইতিহাসে এক ম্যাচে স্পিনারদের নেয়া সর্বোচ্চ উইকেটের রেকর্ড ছিল ৩৭টি। ১৯৬৯ সালে ভারতের নাগপুরে ভারত-নিউজিল্যান্ড টেস্ট ম্যাচে ঐ রেকর্ড হয়েছিল।
- আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে দ্রুততম ১০০০ রান করার নতুন বিশ্বরেকর্ড গড়েন পাকিস্তানের বাবর আজম। ৪ নভেম্বর ২০১৮ তিনি ২৬তম ম্যাচে এ মাইলফলকে পৌঁছেন। তার আগে এ রেকর্ডের অধিকারী ছিলেন ভারতের বিরাট কোহলি, যিনি ২৭ ম্যাচে হাজার রানের মাইলফলক স্পর্শ করেছিলেন।
- আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে সর্বোচ্চ ব্যক্তিগত সেঞ্চুরি ভারতের রোহিত শর্মার; ৪টি।
- ৭ নভেম্বর ২০১৮ একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে (ODI) ৪৬তম হ্যাটট্রিক করেন নিউজিল্যান্ডের ফাস্ট বোলার ট্রেন্ট বোল্ট; বিপক্ষ পাকিস্তান। তিনি বিশ্বের ৪১তম এবং নিউজিল্যান্ডের তৃতীয় ক্রিকেটার হিসেবে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে হ্যাটট্রিক করেন।
- ১৮ নভেম্বর ২০১৮ আইসিসি নারী টি২০ বিশ্বকাপের ইংল্যান্ড-ওয়েস্ট ইন্ডিজ ম্যাচে ইংল্যান্ডের দ্বিতীয় নারী ক্রিকেটার হিসেবে হ্যাটট্রিক করেন আনা শ্রাবশোল, যা নারী টি২০ বিশ্বকাপের চূড়ান্ত পর্বের প্রথম হ্যাটট্রিক। এটা নারীদের টি২০ ক্রিকেটের দশম হ্যাটট্রিক।
- ৭ নভেম্বর ২০১৮ নিউজিল্যান্ডের হ্যামিলটনের পোর্ট ট্রফিতে নর্দার্ন ডিস্ট্রিক্ট বনাম সেন্ট্রাল ডিস্ট্রিক্ট-এর মধ্যে অনুষ্ঠিত ম্যাচে এক ওভারে সর্বোচ্চ ৪৩ রান নেয়ার বিশ্বরেকর্ড গড়েন নিউজিল্যান্ডের ব্রেট হ্যাম্পটন ও জো কার্টার। তারা দু'জনে স্বদেশি উইলিয়াম লাডিকের এক ওভারে এ রান নেন। লিস্ট 'এ' ক্রিকেটে (৫০ ওভারের ঘরোয়া ম্যাচে) এর আগে এক ওভারে সর্বোচ্চ ৩৯ রান দেয়ার বিশ্বরেকর্ড ছিল বাংলাদেশের আলাউদ্দিন বাবুর। ২০১৩ সালে ঢাকা প্রিমিয়ার লিগের একটি ম্যাচে শেখ জামালের হয়ে জিম্বাবুয়ের এলটন চিগুম্বুরা ঐ রেকর্ড করেছিলেন।

বিশ্বের সবচেয়ে দামি ফুটবলার

প্রতিবছরই *সিআইইএস ফুটবল অবজারভেটরি* প্রতিষ্ঠান বিভিন্ন নিয়ামক পর্যালোচনা করে সবচেয়ে দামি ফুটবলারের একটা তালিকা তৈরি করে। ২০১৮ সালের তালিকা অনুযায়ী, বিশ্বের সবচেয়ে দামি ফুটবলার হলেন ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে। তার সম্ভাব্য মূল্য ১৮৯.৫৬ মিলিয়ন পাউন্ড।

রেকর্ড রাজা গেইল

১৭ নভেম্বর ২০১৮ দক্ষিণ আফ্রিকার ঘরোয়া ফ্র্যাঞ্চাইজিভিত্তিক এমজানসি সুপার লিগের (MSL) দল জোসি স্টার্সের হয়ে মাঠে নেমে বিশ্বের একমাত্র খেলোয়াড় হিসেবে ১০টি ফ্র্যাঞ্চাইজিভিত্তিক লিগে খেলার রেকর্ড গড়েন 'টি২০ ক্রিকেটের রাজা' নামে খ্যাত ক্যারিবীয় ব্যাটিং দানব ক্রিস গেইল। এ পর্যন্ত গেইল যেসব টি২০ লিগে খেলেছেন সেগুলো হলো— ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (IPL), বিগ ব্যাশ লিগ, ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগ (CPL), বাংলাদেশ প্রিমিয়ার লিগ (BPL), পাকিস্তান সুপার লিগ (PSL), র‍্যাম স্ল্যাম টি২০, ভাইটালিটি ব্ল্যাস্ট, গ্লোবাল টি২০ (কানাডা), আফগানিস্তান প্রিমিয়ার লিগ (APL) এবং এমজানসি সুপার লিগ (MSL)।

সম্মাননা

- আন্তর্জাতিক ক্রিকেটের তিন ফরম্যাট মিলিয়ে ১০,০০০ রান করা বাংলাদেশের তিন ক্রিকেটার হলেন— তামিম ইকবাল, সাকিব আল হাসান ও মুশফিকুর রহিম। ১৫ নভেম্বর ২০১৮ তাদের বিশেষ সম্মাননা জানায় বিসিবি। এতে তামিম ও মুশফিক উপস্থিত থাকলেও ছিলেন না সাকিব। সম্মাননা হিসেবে তারা লাভ করেন একটি করে বিশেষ ব্লেজার ও স্বর্ণখচিত ক্রেস্ট, যাতে স্বর্ণ দিয়ে লেখা রয়েছে 10K CLUB Members।
- ২ জুলাই ২০১৮ আইসিসি হল অব ফেমে স্থান দেয়ার ঘোষণা দেয়া হয় ভারতের রাহুল দ্রাবিড় ও অস্ট্রেলিয়ার রিকি পন্টিংকে। সে ঘোষণা অনুযায়ী ১ নভেম্বর ২০১৮ পঞ্চম ভারতীয় হিসেবে রাহুল দ্রাবিড়ের হাতে তুলে দেয়া হয় সে সম্মাননা। অন্যদিকে ২৫তম অস্ট্রেলিয়ান হিসেবে পন্টিং স্থান লাভ করেন আইসিসি'র হল অব ফেমে।
- ৩০ অক্টোবর ২০১৮ ছিল আর্জেন্টাইন ফুটবল কিংবদন্তি দিয়েগো ম্যারাডোনার ৫৮তম জন্মদিন। ঐ দিন আর্জেন্টিনার রাজধানী বুয়েন্স আয়ার্সে আর্জেন্টিনা জুনিয়র্স ক্লাবের মাঠ দিয়েগো আরমান্ডো ম্যারাডোনা স্টেডিয়ামের পাশেই এক ব্রোঞ্জ মূর্তি স্থাপন করা হয়। প্রথমবারের মতো বুয়েন্স আয়ার্সে দিয়েগো ম্যারাডোনার কোনো মূর্তি স্থাপন করা হয়। ২.৮ মিটার উচ্চতার এ ব্রোঞ্জ মূর্তিটির স্থপতি জর্জ মার্টিনেজ।

১০০ সেঞ্চুরির মাইলফলকে বাংলাদেশ

আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম সেঞ্চুরির জন্য অভিষেকের পর ১৩ বছর অপেক্ষা করতে হয়েছে বাংলাদেশকে। ১৯৮৬ সালে ওয়ানডে অভিষেক ঘটে বাংলাদেশের। এরপর ২৫ মার্চ ১৯৯৯ ঢাকায় জিম্বাবুয়ের বিপক্ষে মেহরাব হোসেন অপির ব্যাটে আসে বহুপ্রতীক্ষিত সেই সেঞ্চুরি। ১১ নভেম্বর ২০১৮ মিরপুর টেস্টে সেই জিম্বাবুয়ের বিপক্ষেই ৫৪৪তম আন্তর্জাতিক ম্যাচে শততম সেঞ্চুরি পায় বাংলাদেশ। আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশের হয়ে ১০০তম সেঞ্চুরিটি করেন মুমিনুল হক। এটা আবার টেস্ট ক্রিকেটের ৫০তম সেঞ্চুরি।

- বাংলাদেশের হয়ে মোট সেঞ্চুরি করেছেন ২৬ জন ক্রিকেটার।
- সর্বাধিক সেঞ্চুরি করেছেন তামিম ইকবাল; ২০টি— টেস্ট ৮, ওয়ানডে ১১ ও টি-টোয়েন্টি ১।
- টেস্ট ক্রিকেটে বাংলাদেশের প্রথম সেঞ্চুরিয়ান আমিনুল ইসলাম বুলবুল; বিপক্ষ ভারত।
- ওয়ানডে ক্রিকেটে প্রথম সেঞ্চুরিয়ান মেহরাব হোসেন অপি; বিপক্ষ জিম্বাবুয়ে।
- টি২০ ক্রিকেটে প্রথম ও একমাত্র সেঞ্চুরিয়ান তামিম ইকবাল; বিপক্ষ ওমান।
- আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশের পক্ষে ৫০তম সেঞ্চুরিটি করেন মুশফিকুর রহিম; বিপক্ষ শ্রীলংকা।
- বিদেশের মাটিতে বাংলাদেশের সেঞ্চুরির সংখ্যা ৪৮টি। এর মধ্যে নিরপেক্ষ ভেন্যুতে রয়েছে ১২টি।

৩৪তম বিসিএস (Both Cadre) ভাইভায় অংশগ্রহণ করেছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী আশরাফ উজ জামান। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে নিয়োগপ্রাপ্ত আশরাফ উজ জামান-এর ভাইভার উল্লেখযোগ্য অংশ তুলে ধরা হলো এবারের সংখ্যায়।

পরীক্ষার্থী আস্‌সালামু আলাইকুম। May I come in, sir?

চেয়ারম্যান ওয়ালাইকুমুস্ সালাম। Yes. Please, come in and take your seat.

পরীক্ষার্থী Thank you, sir.

চেয়ারম্যান Introduce yourself.

পরীক্ষার্থী My name is Ashraf Uz Zaman. I was born on 2 August 1990 in Rangpur. My father is a govt. employee and my mother is a housewife. I have three sisters and I am the only son of my parents. I completed my SSC and HSC in 2006 and 2008 respectively. I completed my BSS and MSS from Dhaka University in 2012 and 2013 respectively in Political Science.

পরীক্ষক-১ বাংলাদেশের ৫ জন রাষ্ট্রপতির নাম বলুন।

পরীক্ষার্থী ১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ২. বিচারপতি আবু সাঈদ চৌধুরী, ৩. বিচারপতি শাহাবুদ্দীন আহমদ, ৪. মো. জিল্লুর রহমান এবং ৫. মো. আবদুল হামিদ এডভোকেট।

চেয়ারম্যান Your subject is Political Science. So, tell us who the father of modern Political Science is.

পরীক্ষার্থী : Niccolo Machiavelli is the father of modern Political Science.

চেয়ারম্যান Tell me the names of five modern Political Scientists.

পরীক্ষক 1. Samuel P. Huntington, 2. Gabriel Almond, 3. Sidney Verba, 4. Harold J. Laski and 5. John Locke.

পরীক্ষক-২ Samuel P. Huntington এর একটি বইয়ের নাম বলুন।

পরীক্ষার্থী The Clash of Civilization and the Remaking of World Order.

পরীক্ষক-২ ম্যাকিয়াভেলি প্রিন্সের কী কী গুণাবলির কথা বলেছিলেন?

পরীক্ষার্থী প্রিন্স সম্পর্কে ম্যাকিয়াভেলি বলেছিলেন, 'প্রিন্সকে হতে হবে শিয়ালের ন্যায় ধূর্ত, আর সিংহের ন্যায় সাহসী।'

পরীক্ষক-১ Authority in the Modern State গ্রন্থের লেখক কে?

পরীক্ষার্থী : স্যার, Harold J. Laski।

পরীক্ষক-১ বিসিএসে আপনার প্রথম পছন্দ কী?

পরীক্ষার্থী স্যার, বিসিএস প্রশাসন ক্যাডার।

পরীক্ষক-১ : প্রশাসন ক্যাডারের মাঠ পর্যায়ের পদসোপান বলুন।

পরীক্ষার্থী বিসিএস প্রশাসন ক্যাডারের মাঠ পর্যায়ের পদসোপান (উচ্চক্রমে)— সহকারী কমিশনার ➤ উপজেলা/থানা নির্বাহী অফিসার ➤ অতিরিক্ত জেলা প্রশাসক ➤ জেলা প্রশাসক ➤ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ➤ বিভাগীয় কমিশনার।

পরীক্ষক-১ প্রশাসন ক্যাডারে চাকরি হলে আপনি প্রথমে কোন পদে যোগদান করবেন?

পরীক্ষার্থী সহকারী কমিশনার (Assistant Commissioner) পদে, স্যার।

পরীক্ষক-২ 'জাতির পিতা' শব্দদ্বয় সংবিধানের কোথায় উল্লেখ রয়েছে?

পরীক্ষার্থী : সংবিধানের ৪(ক) ও ১৫০(২) অনুচ্ছেদে এবং পঞ্চম ও ষষ্ঠ তফসিলে।

পরীক্ষক-২ গঙ্গার পানি বণ্টন চুক্তি কবে স্বাক্ষরিত হয়?

পরীক্ষার্থী ১২ ডিসেম্বর ১৯৯৬।

চেয়ারম্যান : বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সম্পর্কে সংবিধানের কত নং অনুচ্ছেদে বলা আছে?

পরীক্ষার্থী বাংলাদেশের সংবিধানের ১৩৭ নং অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশনের কথা বলা হয়েছে।

চেয়ারম্যান কখন পার্বত্য শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়?

পরীক্ষার্থী ২ ডিসেম্বর ১৯৯৭।

চেয়ারম্যান বাংলাদেশ প্রথম কত সালে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কাজ শুরু করে?

পরীক্ষার্থী ১৯৮৮ সালে।

চেয়ারম্যান : OK. You may go now.

পরীক্ষার্থী : Thank you, sir। আস্‌সালামু আলাইকুম।

দৃষ্টি আকর্ষণ

আপনি যদি বিসিএস-এ সুপারিশ বা নিয়োগপ্রাপ্ত হয়ে থাকেন, তবে বিসিএস ভাইভা পরীক্ষার্থীদের প্রস্তুতি গ্রহণে সহায়ক হিসেবে আপনার বিসিএস ভাইভাটি ডাকযোগে বা ই-মেইলে পাঠিয়ে দিন আমাদের কাছে। আপনার ভাইভাটি ছাপা হবে আমাদের কোনো এক সংখ্যায়।

১৪ ডিসেম্বর ১৯৫০ : জাতিসংঘ শরণার্থীবিষয়ক সংস্থা UNHCR প্রতিষ্ঠিত

40th BCS প্রিলিমিনারি প্রস্তুতি

পর্ব ৪

১৫ নভেম্বর ২০১৮ শেষ হয়েছে ৪০তম বিসিএস-এর আবেদন করার সময়। ৪০তম বিসিএসে বিভিন্ন ক্যাডারে নিয়োগের জন্য সুপারিশকৃত পদসংখ্যা ১৯০৩। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুদের জন্য আমাদের ধারাবাহিক আয়োজনের চতুর্থ পর্ব।

বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান ৩৫

বাংলা ভাষা #১৫

প্রয়োগ-অপপ্রয়োগ

'জন্মবার্ষিকী' যে কারণে অশুদ্ধ— অপপ্রয়োগজনিত।

'মন্ত্রীপরিষদ' যে কারণে অশুদ্ধ— বানানগত।

'সার্কভুক্ত অন্যান্য দেশগুলো' যে কারণে অশুদ্ধ— বহুবচনজনিত।

বানান ও বাক্য শুদ্ধি

বানান শুদ্ধি

মনঃকষ্ট। চুষা। প্রাণিবিদ্যা। কৃচ্ছ্র। একত্র। আয়ত্ত। অপাঙ্‌ক্তেয়। অশ্বত্থ। গন্ধেশ্বরী। জ্যোতিষ্ক। সান্ত্বনা। পিপীলিকা। বাল্মীকি।

বাক্য শুদ্ধি

অশুদ্ধ : বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।
শুদ্ধ : বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
অশুদ্ধ : তিনি তোমার বিরুদ্ধে সাক্ষী দিলেন।
শুদ্ধ : তিনি তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন।
অশুদ্ধ : একটি গোপন কথা বলি।
শুদ্ধ : একটি গোপনীয় কথা বলি।
অশুদ্ধ : অধ্যায়ন ছাত্রদের তপস্যা।
শুদ্ধ : অধ্যয়নই ছাত্রদের তপস্যা।
অশুদ্ধ : আমার কথাই প্রমাণ হলো।
শুদ্ধ : আমার কথাই প্রমাণিত হলো।

পারিভাষিক শব্দ

- Civil— দেওয়ানি। Subconscious— অবচেতন। Quota— যথাংশ। Epic— মহাকাব্য। Ultimatum— চরমপত্র। Vivid— প্রাণবন্ত। X-Ray— রঞ্জনরশ্মি। Morgue— শবাগার। Lease— ইজারা। Index— নির্ঘণ্ট।

সমার্থক শব্দ

- সূর্য— দিবাকর, ভাস্কর, রবি, তপন, আফতাব, আদিত্য, অরুণ। বিদ্যুৎ— বিজলি, সৌদামিনী, চপলা, তড়িৎ, শম্পা। ঢেউ— তরঙ্গ, কল্লোল, বীচি, ঊর্মি, হিল্লোল। পদ্ম— পঙ্কজ, কমল, উৎপল, অরবিন্দ। ঘোড়া— অশ্ব, ঘোটক, তুরঙ্গ, বাজি, তুরগ।

বিপরীতার্থক শব্দ

- অনুগ্রহ— নিগ্রহ। অর্বাচীন— প্রাচীন। উদ্ধত— বিনীত। চপল— গম্ভীর। জঙ্গম— স্থাবর। গরল— অমৃত। মুখ্য— গৌণ। তাপ— শৈত্য। ঐহিক— পারত্রিক। শুদ্ধ— ইতর। গৌরব— অগৌরব।

ধ্বনি ও বর্ণ

ধ্বনি

- যে ধ্বনি উচ্চারণে বাধাপ্রাপ্ত হয় না তাকে বলা হয়— স্বরধ্বনি।
- পার্শ্বিক ধ্বনি— ল।
- বর্গের প্রথম ও দ্বিতীয় ধ্বনিকে বলা হয়— অঘোষ ধ্বনি।
- স্বরবর্ণের সংক্ষিপ্তরূপ— কার।
- বাংলা বর্ণমালায় দীর্ঘস্বর— ৭টি।
- নাসিক্য বর্ণকে বলা হয়— অনুনাসিক বা নাসিক্য।
- স্বরবর্ণে অর্ধমাত্রার একমাত্র বর্ণ— ঋ।

শব্দ ও পদ

- উৎপত্তি অনুসারে শব্দ— ৫ প্রকার।
- মহাযাত্রা, জলধি যে শ্রেণির শব্দ— যৌগিক।
- সেঁতুতি, টোপর, ঢেঁকি, ডাব প্রভৃতি শব্দ— দেশি শব্দ।
- 'টাপুর টুপুর' যে ধরনের শব্দ— অনুকার।
- 'ইচ্ছা' শব্দের বিশেষণ— ঐচ্ছিক।
- বিভক্তিযুক্ত শব্দ ও ধাতু হলো— পদ।
- 'খ্রিষ্টাব্দ' যে দুটি ভাষার মিশ্রণ— ইংরেজি + তৎসম।

বাক্য

'যে ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।' যে ধরনের বাক্য— মিশ্র বা জটিল।

'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।' যে ধরনের বাক্য— যৌগিক।

গঠন অনুসারে বাক্য— ৩ প্রকার।

'ছেলে তো না যেন একটা হিটলার।' এখানে 'না' যে অর্থে ব্যবহৃত হয়েছে— তুলনা।

'বাংলাদেশ যেন জয়লাভ করে।' যে ধরনের বাক্য— প্রার্থনা সূচক।

'পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য এখন থেকেই তোমার পড়া উচিত।' যে ধরনের বাক্য— সরল।

প্রত্যয়

কৃৎ প্রত্যয় দুই প্রকার— ক. সংস্কৃত কৃৎ প্রত্যয় খ. বাংলা কৃৎ প্রত্যয়

ঈশ্বর $\sqrt{ঈশ্}$ + বর। উক্ত = $\sqrt{বচ্}$ + ক্ত। কর্তব্য = $\sqrt{কৃ}$ + তব্য। গরিমা = গুরু + ইমন। পাঠক = $\sqrt{পঠ্}$ + অক। বৈজ্ঞানিক = বিজ্ঞান + ষ্ণিক। সাহিত্যিক = সাহিত্য + ষ্ণিক।

সন্ধি

সন্ধি ব্যাকরণে যে অংশের আলোচ্য বিষয় ধ্বনিতত্ত্ব।

কটূক্তি = কটু + উক্তি। কুশাসন = কুশ + আসন। জলৌকা = জল + ওকা। ঢাকেশ্বরী = ঢাকা + ঈশ্বরী। পবিত্র = পো + ইত্র। অবন্তি = অপ্ + অন্তি। কৃষ্টি = কৃষ + তি। দ্বৈপায়ন = দ্বীপ + অয়ন। প্রাতরাশ = প্রাতঃ + আশ।

সমাস

সমাস অর্থ সংক্ষেপণ

ভাত বাঙ্গার দ্বন্দ্ব। পলান্ন— কর্মধারয়। চৌকাঠা তৎপুরুষ। দশানন— বহুব্রীহি। জজ সাহেব কর্মধারয়। দম্পতি— দ্বন্দ্ব।

সাহিত্য #২০

ক. প্রাচীন ও মধ্যযুগ ০৫

- বাংলা সাহিত্যের আদি নিদর্শন— চর্যাপদ।
- চর্যাপদ আবিষ্কৃত হয়— ১৯০৭ সালে।
- চর্যাপদ যে ছন্দে লেখা— মাত্রাবৃত্ত।
- চর্যাপদের পদগুলো টীকার মাধ্যমে ব্যাখ্যা করেন— মুনিদত্ত।
- চর্যাপদ যে ধর্মাবলম্বীদের সাহিত্য— বৌদ্ধ।
- চর্যাপদের যে কবি নিজেকে বাঙালি বলে পরিচয় দিয়েছেন— ভুসুকুপা।
- শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে 'বড়াই' চরিত্র— রাধাকৃষ্ণের প্রেমের দূতী।
- বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা— চণ্ডীদাস।
- মঙ্গলকাব্যের মূল উপজীব্য— দেব দেবীর গুণগান।
- বাংলা সাহিত্যের প্রথম ঠগ চরিত্র— ভাড়ু দত্ত।
- চণ্ডীমঙ্গল কাব্যের প্রধান চরিত্র— কালকেতু।
- মধ্যযুগের সর্বশেষ কবি— ভারতচন্দ্র রায়গুণাকর।
- পুঁথি সাহিত্যের উদ্ভব হয়— অষ্টাদশ শতাব্দীতে।
- বাংলা টপ্পা গানের জনক— রামনিধি গুপ্ত।
- রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার প্রথম কবি— শাহ মুহম্মদ সগীর।
- মনসামঙ্গলের আদি কবি— কানা হরিদত্ত।
- চণ্ডীমঙ্গল ধারার প্রধান কবি— মুকুন্দরাম চক্রবর্তী।
- বাংলা সাহিত্যের অমর চরিত্র ঈশ্বরী পাটনীর স্রষ্টা— ভারতচন্দ্র রায়গুণাকর।

খ. আধুনিক যুগ (১৮০০-বর্তমান) ১৫

- ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয়— ১৮০১ সালে।
  'বত্রিশ সিংহাসন' যার লেখা— মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।
- ঢাকা থেকে প্রথম প্রকাশিত গ্রন্থ— নীলদর্পণ।
  'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়— ১৯১১ সালে।
- বাংলা গদ্যের জনক— ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
- যুগসন্ধিক্ষণের কবি— ঈশ্বরচন্দ্র গুপ্ত।
- বাংলা সাহিত্যে চলিত ভাষায় রচিত প্রথম গ্রন্থ— বীরবলের হালখাতা।
  'তত্ত্ববোধিনী' পত্রিকা প্রকাশিত হয়— ১৯৪৩ সালে।
- বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক— স্বর্ণকুমারী দেবী।
  'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা— হুমায়ুন কবির।
  'বেণের মেয়ে' উপন্যাসের রচয়িতা— হরপ্রসাদ শাস্ত্রী।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক— কৃষ্ণকুমারী।
- 'কবর' নাটকটি যে প্রেক্ষাপটে রচিত— ভাষা আন্দোলন।
- 'পালামৌ' গ্রন্থটি রচনা করেন— সঞ্জীব চট্টোপাধ্যায়।
- 'সোনালী কাবিন' যে ধরনের রচনা— কাব্যগ্রন্থ।
- 'ছায়াহরিণ' কাব্যগ্রন্থ যার রচনা— আহসান হাবীব।
- 'বিদ্রোহী' কবিতা প্রথম প্রকাশিত হয় যে পত্রিকায়— সাপ্তাহিক বিজলী।
- 'ভিখু' ও 'পাঁচী' যে গল্পের চরিত্র— প্রাগৈতিহাসিক।
- 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসের উপজীব্য— জেলে-জীবনের বিচিত্র সুখ দুঃখ।
- 'ফুল ফুটুক আর না ফুটুক আজ বসন্ত' উক্তিটি— সুভাষ মুখোপাধ্যায়ের।
- 'জরাসন্ধ' যার ছদ্মনাম— চারুচন্দ্র চক্রবর্তী।

BCS ক্যাডার এখন ২৬টি

স্বাধীনতা লাভের পর বাংলাদেশে চালু ছিল পাকিস্তানি ক্যাডার প্রথা। কতিপয় নির্দিষ্ট পদের ওপর এ ক্যাডার প্রথা চালু ছিল। ১৮ জুলাই ১৯৭৫ চাকরি পুনর্গঠনে সরকারের ক্ষমতাকে কার্যকারিতা দেয়ার জন্য করা হয় চাকরি (পুনর্গঠন ও শর্তাবলি) আইন, যা ১ জুলাই ১৯৭৩ থেকে কার্যকর হয়। ১৯৭৫ সালের চাকরি (পুনর্গঠন ও শর্তাবলি) আইনের ভিত্তিতে ১ সেপ্টেম্বর ১৯৮০ 'বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডার কম্পোজিশন অ্যান্ড ক্যাডার রুল' জারি করা হয়। এ আদেশ অনুযায়ী সমমর্যাদা ও অভিন্ন শর্তাবলির ভিত্তিতে একক সার্ভিস হিসেবে বাংলাদেশ সিভিল সার্ভিস (BCS) গঠন করা হয় এবং কর্মক্ষেত্র অনুযায়ী ১৪টি ক্যাডার এবং ২২টি সাব-ক্যাডার সৃষ্টি করা হয়।

বিভিন্ন সময়ে ক্যাডার সার্ভিসের পুনর্গঠন

১৪ মে ১৯৮২ সাব-ক্যাডারগুলো বিলুপ্ত করে গঠন করা হয় ২৮টি ক্যাডার।

২০ আগস্ট ১৯৮৫ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ক্যাডারকে ভেঙ্গে দুটি স্বতন্ত্র ক্যাডার গঠন করা হয়। ফলে সিভিল সার্ভিসের ক্যাডারের সংখ্যা ২৯টিতে উন্নীত হয়।

৩১ আগস্ট ১৯৮৬ জারিকৃত এক সংশোধনী বিজ্ঞপ্তি বলে সমবায় ক্যাডার গঠন করলে সিভিল সার্ভিসের ক্যাডারের সংখ্যা হয় ৩০টি।

১৬ মার্চ ১৯৯২ প্রশাসন এবং সচিবালয় ক্যাডার একীভূত করে গঠন করা হয় প্রশাসন ক্যাডার। তখন সিভিল সার্ভিসে ক্যাডারের সংখ্যা আবারো নেমে আসে ২৯টিতে।

১ নভেম্বর ২০০৭ নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক হলে বিলুপ্তি ঘটে বিসিএস বিচার ক্যাডারের। ফলে সিভিল সার্ভিসের ক্যাডারের সংখ্যা হয় ২৮টি।

১৫ সেপ্টেম্বর ২০১৪ টেলিকমিউনিকেশন ক্যাডার বিলুপ্ত করা হলে ক্যাডারের সংখ্যা হয় ২৭টি।

১৩ নভেম্বর ২০১৮ সর্বশেষ বিসিএস ইকনমিক ক্যাডারকে বিলুপ্ত করে তা বিসিএস প্রশাসন ক্যাডারের সাথে একীভূত করে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। এর ফলে ৪১তম বিসিএস থেকে থাকবে না ইকনমিক ক্যাডার। ১৯৮২ সালে গঠিত বিসিএস ইকনমিক ক্যাডার বিলুপ্ত হওয়ায় বাংলাদেশ সিভিল সার্ভিসে বর্তমানে ক্যাডারের সংখ্যা ২৬টি।

বর্তমান ২৬ ক্যাডার

প্রশাসন। আনসার। নিরীক্ষা ও হিসাব। সমবায়। শুল্ক ও আবগারি। পরিবার-পরিকল্পনা। খাদ্য। পররাষ্ট্র। তথ্য। পুলিশ। ডাক। রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক। কর। বাণিজ্য। কৃষি। মৎস্য। বন। সাধারণ শিক্ষা। স্বাস্থ্য। পশুসম্পদ। জনস্বাস্থ্য ও প্রকৌশল। গণপূর্ত। রেলওয়ে প্রকৌশল। সড়ক ও জনপথ। পরিসংখ্যান। কারিগরি শিক্ষা।



১৪ ডিসেম্বর ১৯৭১ : বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর শহিদ হন

English Language and Literature

Marks 35

Part-I : Language #20

A. Parts of Speech

- Honesty is an example of— Abstract noun.
- I have read the book— you lent me. — that.
- He advised me— smoking. — to give up.
- The verb of beautiful is— beautify.

B. Idioms & Phrases

- Achilles' heel— A weak point.
- Do away with— To get rid of.
- Pass away— Die.
- Dilly dally— Waste time.

C. Clauses

- I think that he is an honest man.— Noun clause.
- Behave as a gentleman behaves.— Adverbial clause.
- I don't like the people who are untidy. — Relative clause.

D. Corrections

- **Inc :** He goes there last night.
  Cor : He went there last night.
- **Inc :** He knows to swim.
  Cor : He knows how to swim.
- **Inc :** Good news are expected.
  Cor : Good news is expected.

E. Transformations of Sentences

- **Affir :** Man is mortal.
  Neg : Man is not immortal.
- **Simple :** We eat to live.
  Complex : We eat so that we may live.
  Compound : We eat and live.
- **Active :** His conduct annoyed me.
  Passive : I was annoyed at his conduct.

F. Words

(i) Meanings (one word substitutions)

- A paper written by hand— Manuscript.
- Study of problems of old age— Gerontology.
- A person giving up his faith— Apostate.

(ii) Synonyms

- Ambiguous— Unclear | Bankrupt— Insolvent | Conjugal— Bridal | Fantasy— Fancy | Imbibe— Drink.

(iii) Antonyms

- Apex— Nadir | Bona-fide— Spurious | Demise— Birth | Liability— Asset | Magnify— Belittle.

(iv) Spellings

- Obsession | Immense | Nominee | Supersede | Renaissance.

(v) Usage of words as various Parts of speech

- Verb form of the word 'false' is— falsify.
- Noun form of the word 'prosper' is— prosperity.
- Noun form of the word 'waste' is— wastage.

(vi) Formation of new words by adding Prefixes and Suffixes :

Prefixes

- Dis— Disclaim, Discover | Mis— Misfortune, Misuse | Ir— Irresponsible, Irregular.

Suffixes

- ier— Supplier, Qualifier | ment— Fulfilment, Statement | or— Mediator, Conductor.

G. Composition

- Linkers are used in— Paragraph.
- A topic sentence can be put in the paragraph— At the beginning.
- A letter has— Six parts.



Part-II : Literature #15

Literary Periods, Terms and Writers

- 'Jacobean period' of English literature refers to— 1603-1625.
- Edmund Spenser, Francis Bacon, Thomas Kyd belong to— Elizabethan age.
- 'Renaissance' means— The revival of learning.
- Thomas Moore belongs to— Renaissance period.
- Geoffrey Chaucer is the representative poet of— 14th century.
- Elizabeth Tragedy is centered on— Revenge.
- Famous satirist in English literature is— Jonathan Swift.
- Victorian age was named after the name of— Queen Victoria.

Authors, Works and Types

- 'To be or not to be' is a famous soliloquy from— Hamlet.
- 'Silent Woman' was written by— Ben Jonson.
- 'John Keats' was addicted to— Opium.
- 'The Solitary Reaper' is a— Romantic poem.
- The author of 'For Whom the Bell Tolls'— Ernest Hemingway.
- 'Animal Farm' was written by— George Orwell.
- T.S Eliot' Here T.S stands for— Thomas Stearns.
- The first comedy in English literature— Ralph Roister Doister.
- 'A Midsummer Night's Dream' is a drama written by— William Shakespeare.
- Father of English Tragedy— Christopher Marlowe.
- 'Things Fall Apart' was written by— Chinua Achebe.
- Comedy Humours was introduced by— Ben Jonson.
- Great master of blank verse is— John Milton.

Quotations

- Better to rein in hell than serve in heaven.— John Milton.
- If Winter comes, can Spring be far behind?— P.B. Shelley.
- Frailty, thy name is woman!— William Shakespeare.

বাংলাদেশ বিষয়াবলি

পূর্ণমান ৩০

১. বাংলাদেশের জাতীয় বিষয়াবলি : ০৬

- বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে— অস্ট্রিক জাতি থেকে।
- বাংলা ভাষা যে ভাষা গোষ্ঠীর অন্তর্ভুক্ত— ইন্দো-ইউরোপীয়।
- বরেন্দ্র বলতে বর্তমান যে এলাকাকে বোঝায়— রাজশাহী।
- বাংলার নাম জান্নাতাবাদ রাখেন— সম্রাট হুমায়ুন। 'পাট্টা' ও 'কবুলিয়ত' প্রথার প্রবর্তক— শেরশাহ।
- চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন— লর্ড কর্নওয়ালিস।
- বক্সারের যুদ্ধ সংঘটিত হয়— ১৭৬৪ সালে।
- পাকিস্তান গণপরিষদ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়— ৭ মে ১৯৫৪।
- যে চুক্তির ভিত্তিতে ছয়দফা রচিত হয়— সিমলা।
- অসহযোগ আন্দোলন শুরু হয়— ২ মার্চ ১৯৭১।
- বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা করা হয়— ১৭ এপ্রিল ১৯৭১।

২. বাংলাদেশের কৃষিজ সম্পদ : ০৩

- বাংলাদেশের শস্যভাণ্ডার হিসেবে খ্যাত— বরিশাল। 'সুমাত্রা' ও 'ম্যানিলা' হলো— উন্নত জাতের তামাক।
- একটি কাঁচা পাটের গাইটের ওজন— সাড়ে তিন মন।
- বাংলাদেশে সবচেয়ে বেশি ধান উৎপন্ন হয়— ময়মনসিংহ জেলায়।
- বাংলাদেশে নিবন্ধনকৃত মোট চা বাগানের সংখ্যা— ১৬৪টি।
- বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র— হালদা নদী।
- বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট অবস্থিত— ময়মনসিংহ।

৩. বাংলাদেশের জনসংখ্যা, আদমশুমারি, জাতি, গোষ্ঠী ও উপজাতি সংক্রান্ত বিষয়াদি : ০৩

- বর্তমানে বাংলাদেশে জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কি.মি.)— ১,০৯০ জন।
- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুযায়ী জনগণের প্রত্যাশিত গড় আয়ু— ৭১.৬ বছর।
- বাংলাদেশের বৃহত্তম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী— চাকমা।
- বাংলাদেশের যে নৃ-গোষ্ঠী মুসলমান— পাঙন।
- বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন— কুদরাত-এ-খুদা কমিশন। 'জীবনতরী' হলো— ভাসমান হাসপাতাল।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য— পি.জে. হার্টল।
- জনসংখ্যা গবেষণাবিষয়ক প্রতিষ্ঠান— NIPORT।

৪. বাংলাদেশের অর্থনীতি : ০৩

- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ— ২০১৬-২০২০।
- বাংলাদেশ উন্নয়ন ফোরামের প্রধান সমন্বয়কারী সংস্থা— বিশ্বব্যাংক।
- বাংলাদেশে সরাসরি সর্বোচ্চ বিনিয়োগকারী দেশ— যুক্তরাজ্য।
- বাংলাদেশ সরকারের ADP কর্মসূচির মেয়াদ— ১ বছর।
- বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয়ের খাত— মূল্য সংযোজন কর।

৫. বাংলাদেশের শিল্প ও বাণিজ্য : ০৩

- জুটন আবিষ্কার করেন— ড. মুহাম্মদ সিদ্দিকুল্লাহ।
- বাংলাদেশের একমাত্র রেয়ন মিল অবস্থিত— রাঙামাটির চন্দ্রঘোনায়।
- বাংলাদেশের চামড়া শিল্প নগরী অবস্থিত— সাভারে।
- বাংলাদেশে চীনামাটির সন্ধান পাওয়া গেছে— বিজয়পুরে।
- বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেস অবস্থিত— গাজীপুর।
- বাংলাদেশের প্রথম ইপিজেড স্থাপিত হয়— চট্টগ্রামে।

৬. বাংলাদেশের সংবিধান : ০৩

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রবর্তিত হয়— ১৬ ডিসেম্বর ১৯৭২।
- সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনার মূলনীতি— ৪টি।
- অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার কথা বলা হয়েছে— ১৭ নং অনুচ্ছেদে।
- ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতার কথা বলা হয়েছে— ১২ নং অনুচ্ছেদে।

নির্ভরযোগ্য উৎস থেকে সংগৃহীত নির্ভুল ও সজীব তথ্যের সন্নিবেশে BCS প্রিলিমিনারি পরীক্ষার সর্বোত্তম অবলম্বন



- জবরদস্তিমূলক শ্রম নিষিদ্ধ করা হয়েছে— ৩৪ নং অনুচ্ছেদে।
- বাংলাদেশের গণপরিষদের প্রথম স্পিকার— শাহ আব্দুল হামিদ।
- বাংলাদেশের সংবিধানে প্রশাসনিক ট্রাইব্যুনাল যে অনুচ্ছেদে উল্লেখ আছে— ১১৭নং।
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদে নিয়োগ দেন— রাষ্ট্রপতি।

৭. বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা : ০৩

- বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার প্রতিষ্ঠিত হয়— মুজিবনগর, মেহেরপুর।
- বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচনে যে কয়টি রাজনৈতিক দল অংশগ্রহণ করে— ১৪টি।
- বাংলাদেশে জাতীয় সংসদের আসন— ৩৫০টি।
- সংবিধানে যে অনুচ্ছেদে নির্বাচন কমিশন গঠনের কথা বলা হয়েছে— ১১৮ নং।
- সাময়িক সময়ের জন্য বিরোধীদলের সংসদ অধিবেশন ত্যাগ করাকে বলে— ওয়াকআউট।

৮. বাংলাদেশের সরকার ব্যবস্থা : ০৩

- সংসদে কাস্টিং ভোট বলা হয়— স্পিকারের ভোটকে।
- বাংলাদেশের সংসদে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব চালু হয়— সপ্তম জাতীয় সংসদে।
- বাংলাদেশ সরকারের প্রধান আইন কর্মকর্তা— এটর্নি জেনারেল।
- সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী— রাষ্ট্রপতি।
- বাংলাদেশের প্রধানমন্ত্রী হওয়ার ন্যূনতম বয়স— ২৫ বছর।
- রাষ্ট্রপতির জারিকৃত আইনকে বলা হয়— অধ্যাদেশ।

৯. বাংলাদেশের জাতীয় অর্জন ও সিলেবাসভুক্ত অন্যান্য বিষয়াদি : ০৩

- বাংলাদেশের সাথে বাণিজ্যিক সম্পর্ক থাকলেও কূটনৈতিক সম্পর্ক নেই— তাইওয়ানের।
- ২০১৮ সালে মানবসম্পদ সূচকে বাংলাদেশের অবস্থান— ১৩৬তম।
- বাংলাদেশ মিয়ানমারের সাথে সমুদ্রসীমা বিরোধে জয়লাভ করে— ১৪ মার্চ ২০১২।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘে বাংলায় ভাষণ দিয়েছিলেন— ২৫ সেপ্টেম্বর ১৯৭৪।
- বাংলাদেশ-ভারত পানি বণ্টন চুক্তির মেয়াদ— ৩০ বছর।

আন্তর্জাতিক বিষয়াবলি

পূর্ণমান ২০

১. বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি :০৪

- প্রাচীনকালে চীনের রাজাকে বলা হত— Son of God।
- গ্রিসের পূর্ব নাম ছিল— হেলাস।
- বিখ্যাত যুদ্ধক্ষেত্র ওয়াটার লু অবস্থিত— বেলজিয়াম।
- মানবাধিকার দলিল ম্যাগনাকার্টা স্বাক্ষরিত হয়— ১৫ জুন ১২১৫।
- ফকল্যান্ড যুদ্ধে আর্জেন্টিনা ইংল্যান্ডের কাছে পরাজিত হয়— ১৯৮২ সালে।
- ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী অবস্থিত— তুরস্ক।
- পৃথিবীর প্রথম লিখিত আইনের প্রচলন হয়— ব্যাবিলনে।
- সিন্ধু সভ্যতা আবিষ্কৃত হয়— ১৯২২-২৩ সালে।
- এশিয়ার বৃহত্তম অরণ্য— তৈগা।
- সেনকাকু দ্বীপ নিয়ে বিরোধ রয়েছে— চীন ও জাপানের।
- ইদলিব শহরটি অবস্থিত— সিরিয়ায়।
- জুলিয়াস সিজার বিখ্যাত ছিলেন— রোমান সম্রাট হিসেবে।
- বর্তমানে নিউ সিল্ক রোডের প্রবক্তা— চীন।

২. আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক : ০৪

- জেসমিন বিপ্লব হয়— তিউনিসিয়ায়।
- বাস্তিল দুর্গের পতন হয়— ১৪ জুলাই ১৭৮৯।
- ইরানে ইসলামী বিপ্লব সংগঠিত হয়— ১৯৭৯ সালে।
- ব্ল্যাক ক্যাট যে দেশের কমান্ডো বাহিনী— ভারতের।
- United Nations Convention on the Law of the Sea স্বাক্ষরিত হয়— ১০ ডিসেম্বর ১৯৮২।
- জেনেভা কনভেনশন স্বাক্ষরিত হয়— ১৯৪৯ সালে।
- ক্যাম্প ডেভিড চুক্তি হয়— ১৯৭৮ সালে।
- গ্রিন হাউস গ্যাস নির্গমন সংক্রান্ত একটি চুক্তি— কিয়োটো প্রটোকল।
- কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি— START-2।
- হাওয়াই দ্বীপপুঞ্জে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি হলো— পার্ল হারবার।

৩. বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনাপ্রবাহ : ০৪

- চীন প্রথম বৈদেশিক নৌঘাটি স্থাপন করে— জিবুতিতে।
- দক্ষিণ আফ্রিকার বর্তমান প্রেসিডেন্ট— সিরিল রামাফোসা।
- সার্কভুক্ত দেশের মধ্যে গড় আয়ুতে শীর্ষ দেশ— মালদ্বীপ।
- মানব উন্নয়ন রিপোর্ট ২০১৮ অনুযায়ী বিশ্বে শীর্ষ দেশ— নরওয়ে।
- ২০১৮ সালের সাফ ফুটবলে চ্যাম্পিয়ন হয়— মালদ্বীপ।
- বর্তমানে বিশ্বে গ্রিন হাউস গ্যাস নির্গমনে শীর্ষ দেশ— চীন।
- বিশ্বব্যাংকের মানব সম্পদ সূচকে বিশ্বের শীর্ষ দেশ— সিঙ্গাপুর।
- S-400 ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা যে দেশের— রাশিয়ার।
- বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০১৮ অনুযায়ী বিশ্বের জনসংখ্যা বৃদ্ধির হার— ১.২%।
- ভারতের যে প্রদেশকে চীন নিজেদের বলে দাবি করে— অরুণাচল।
- জাপানি যুদ্ধ জাহাজের প্রথম নারী কমান্ডার— রিয়োকো আজুমা।

৪. আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি : ০৪

- বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধির প্রধান কারণ— গাছপালা কমে যাওয়া।
- জলবায়ু পরিবর্তনের অন্যতম কারণ— বৈশ্বিক উষ্ণতা।
- ওজোনের রং— গাঢ় নীল।
- পরিবেশবাদী ফ্রিজ হলো— CFC বিহীন ফ্রিজ।
- E-৪ হলো পরিবেশ দূষণকারী— ৮ দেশ।
- গাড়ি থেকে নির্গত কালো ধোঁয়ায় যে বিষাক্ত গ্যাস থাকে— কার্বন-মনোক্সাইড।
- বিশ্ব পরিবেশ দিবস— ৫ জুন।
- জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর— গামা রশ্মি।
- SMOG হলো— বিষাক্ত ধোঁয়া ও কুয়াশা সমন্বয় গঠিত দূষিত বাতাস।
- WHO'র মতে, বাতাসে SPM এর স্বাভাবিক মাত্রা— ২০০ মাইক্রোগ্রাম।
- ধরিত্রী সম্মেলন অনুষ্ঠিত হয়— রিও ডি জেনেরিওতে।
- অতিবেগুনি রশ্মির উৎস— সূর্য।
- গ্রিন ক্লাইমেট ফান্ড এর সদর দপ্তর— দক্ষিণ কোরিয়ার সংভুতে।
- জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক প্রটোকল হলো— কার্টাগেনা প্রটোকল।

৫. আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি : ০৪

- জাতিসংঘ দিবস পালিত হয়— ২৪ অক্টোবর।
- UNHCR'র সদর দপ্তর— জেনেভা।
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্য নির্বাচিত হয়— দুই বছরের জন্য।

40th BCS রেকর্ড আবেদন

অতীতের সব রেকর্ড ভেঙে ৪০তম বিসিএসে আবেদন করেছে প্রায় পৌনে ৫ লাখ প্রার্থী। বিসিএসের ইতিহাসে এটাই সর্বোচ্চ সংখ্যক প্রার্থীর আবেদন। এর আগে ৩৮তম বিসিএসে প্রিলিমিনারি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছিলো ৩,৪৬,৫৩২ জন প্রার্থী।



- জাতিসংঘের পতাকায় যে দুটি রং রয়েছে— নীল ও সাদা।
- সর্বপ্রথম LDC ভুক্ত দেশের তালিকা করা হয়— ১৯৭১ সালে।
- আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর— হেগ, নেদারল্যান্ডস।
- OIC'র অফিসিয়াল তিনটি ভাষা— আরবি, ইংরেজি ও ফ্রেঞ্চ।
- NAM'র প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়— বেলগ্রেড।
- অক্সফাম যে দেশভিত্তিক দাতব্য সংস্থা— ইংল্যান্ড।
- বিশ্ব তামাকমুক্ত দিবস— ৩১ মে।
- আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস— ৮ সেপ্টেম্বর।
- বিশ্বব্যাংকের Soft Loan Window হলো— IDA।
- এশীয় উন্নয়ন ব্যাংকের সদর দপ্তর অবস্থিত— ম্যানিলা, ফিলিপাইন।

ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা

পূর্ণমান ১০

১. বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান : ০২

- বাংলাদেশের সাথে ভারতের সীমান্তবর্তী রাজ্য— ৫টি।
- ভারতের সাথে বাংলাদেশের অচিহ্নিত সীমান্ত দৈর্ঘ্য— ৬.৫ কিমি।
- বাংলাদেশের মধ্যভাগ দিয়ে যে কাল্পনিক রেখা অতিক্রম করেছে— কর্কটক্রান্তি রেখা।
- সেন্টমার্টিন দ্বীপের স্থানীয় নাম— নারিকেল জিঞ্জিরা।
- বাংলাদেশের সর্ব উত্তরের স্থান— জায়গীরজোত, পঞ্চগড়।
  তাহরির স্কয়ার অবস্থিত— কায়রো, মিসর।
- আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে— পানামা খাল।
- পঞ্চম ড্রাগনের দেশ— তাইওয়ান।
- যুক্তরাষ্ট্র ও মেক্সিকোকে পৃথক করেছে— সনোরা লাইন।

২. অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ : ০২

- পৃথিবীর ছাদ হিসেবে পরিচিত— পামীর মালভূমি।
- হিমবাহের ক্ষয়কার্য দ্বারা গঠিত হয়— ইউ আকৃতির উপত্যকা।
- ইউরোপের দীর্ঘতম নদী— ভলগা।
- জাফনা দ্বীপ অবস্থিত— শ্রীলংকায়।
- বিশ্বের বৃহত্তম মরুভূমি— সাহারা মরুভূমি।
- বিশ্বের বৃহত্তম প্রবাল দ্বীপ গ্রেট বেরিয়ার রিফ অবস্থিত— প্রশান্ত মহাসাগরে।
- এশিয়া ও আফ্রিকাকে পৃথক করেছে— লোহিত সাগর।
- হোয়াংহো নদীর উৎপত্তিস্থল— কুলনুন পর্বত।
- মরুভূমির জাহাজ বলা হয়— উটকে।
- ডেড সি অবস্থিত— জর্ডানে।

৩. বাংলাদেশের পরিবেশ : ০২

- ভূ-প্রকৃতি অনুযায়ী বাংলাদেশকে ভাগ করা হয়েছে— ৩ ভাগে।
- পরিবেশ সম্পর্কিত আপিল আদালত অবস্থিত— ঢাকায়।
- বাংলাদেশে প্রথম জাতীয় পরিবেশনীতি ঘোষিত হয়— ১৯৯২ সালে।
- উৎপত্তিস্থলে মেঘনা নদীর নাম— বরাক।
- বাংলাদেশ নদী গবেষণা ইনস্টিটিউট অবস্থিত— ফরিদপুর।
- বাংলাদেশে মোট পানি শোধনাগার— ৪টি।
- উপকূলীয় সবুজ বেষ্টনী গড়ে তোলা হয়েছে— ১০টি জেলায়।



৪. বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ পরিবর্তন : ০২

- বাংলাদেশে বর্তমানে রাডার স্টেশন রয়েছে— ৫টি।
- গ্রিন হাউস ইফেক্টের জন্য বাংলাদেশের যে ক্ষতি হবে— নিম্নাঞ্চল ডুবে যাবে।
- বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর যে মন্ত্রণালয়ের অধীন— প্রতিরক্ষা মন্ত্রণালয়।
- বাংলাদেশে খাদ্য শস্য উৎপাদন ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে যে কারণে— জলবায়ু পরিবর্তন।
- বাংলাদেশের গড় বৃষ্টিপাত— ২০৩ সে.মি.।
  পানিতে সহনীয় মাত্রার আর্সেনিকের পরিমাণ— ০.০১ মি.গ্রা/লি।
  মেরু অঞ্চলের বরফ যে কারণে গলে যাচ্ছে— বৈশ্বিক উষ্ণতা।

৫. প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা : ০২

ভূমিকম্পের কম্পনের রেশ সর্বাপেক্ষা বেশি— উপকেন্দ্রে।
সুনামির কারণ— সমুদ্র তলদেশে ভূমিকম্প।
পাহাড়ি এলাকায় যে ধরনের বন্যা হয়— আকস্মিক বন্যা।
CDMP'র পূর্ণরূপ— Comprehensive Disaster Management Program।
- সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা বিভক্ত— ৩ স্তরে।
  চীন সাগরে উৎপন্ন ঘূর্ণিঝড়কে বলা হয়— টাইফুন।
  নদী ভাঙন সবচেয়ে বেশি হয়— বর্ষাকালে।
  বাংলাদেশে শতাব্দীর ভয়াবহ বন্যা হয়— ১৯৯৮ সালে।
  বাংলাদেশে ঘূর্ণিঝড় 'সিডর' আঘাত হানে— ২০০৭ সালে।

নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন

পূর্ণমান ১০

- মানুষের মূল্যবোধ— পরিবর্তনশীল।
- জাতিসংঘের চিহ্নিত সুশাসনের সূচক— ৮টি।
- সামাজিক কাঠামোর অবিচ্ছেদ্য উপাদান— মূল্যবোধ।
- মূল্যবোধের শিক্ষার সূচনা হয় যেখান থেকে— পরিবার।
- নৈতিকতার উদ্ভব ও বিকাশ হয়— মানুষের মনে।
- সুশাসন হলো এমন শাসন ব্যবস্থা যা শাসক ও শাসিতের মধ্যে সৃষ্টি করে— আত্মার সম্পর্ক।
- মানুষের বাহ্যিক অভ্যন্তরীণ আচার-আচরণ নিয়ন্ত্রণ করে— মূল্যবোধ।
- সুশাসন প্রত্যয়টি প্রথম ব্যবহার করে— বিশ্বব্যাংক।
- বড়দের সম্মান করা, দানশীলতা, শ্রমের মর্যাদা ইত্যাদি যে ধরনের মূল্যবোধ— সামাজিক।
- সুশাসনের অন্যতম চালিকাশক্তি— দক্ষতা।
- স্বাধীনতা, সাম্য, ভ্রাতৃত্ব যে বিপ্লবের ভিত্তি ছিল— ফরাসি বিপ্লব।
- যে দেশের মূল্যবোধ সবচেয়ে পুরাতন— যুক্তরাজ্য।
- গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে সুসংহত করতে সবচেয়ে বেশি প্রয়োজন— সুশাসন।
- যোগ্য নেতার আবির্ভাবের জন্য পূর্বশর্ত— সুশাসন।
- স্বাধীন ও নিরপেক্ষ বিচার ব্যবস্থার জন্য প্রয়োজন— সুশাসন।

একজন প্রশাসকের মৌলিক মূল্যবোধ হলো— জনকল্যাণ।
সামাজিক অবক্ষয় রোধ করা যার অন্যতম একটি লক্ষ্য— মূল্যবোধের।
মৌলিক অধিকারের উৎস— রাষ্ট্রের সংবিধান।
জাতিসংঘ সনদে যে কয়টি মানবাধিকারের ঘোষণা দেয়া হয়েছে— ২৮টি।
'আইন হলো সার্বভৌমত্বের আদেশ'— উক্তিটি করেছেন— টমাস হবস।
বাংলাদেশে স্বাধীন বিচার বিভাগ আত্মপ্রকাশ করে— ১ নভেম্বর ২০০৭।
আমলাতন্ত্রের প্রবক্তা— মাক্স ওয়েবার।

সাধারণ বিজ্ঞান

পূর্ণমান ১৫

ভৌত বিজ্ঞান ০৫

- আলোর প্রতিসরণের সূত্র আবিষ্কার করেন— জার্মানির স্নেল।
- উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র— ক্রেসকোগ্রাফ।
- স্টিফেন হকিং একজন— তাত্ত্বিক পদার্থবিদ ও মহাবিশ্বতত্ত্ববিদ।
- বাতাসের আর্দ্রতা বেড়ে গেলে শব্দের বেগ— বেড়ে যায়।
- ছোট তরঙ্গদৈর্ঘ্যের শব্দের দ্বারা ইমেজিংকে বলে— আল্ট্রাসনোগ্রাফি।
- মানুষের শ্রাব্যতার সীমা— 20 Hz-20,000 Hz।
- পরমশূন্য তাপমাত্রায় গ্যাসের আয়তন— শূন্য।
- সর্বাপেক্ষা দক্ষতাসম্পন্ন ইঞ্জিন— বৈদ্যুতিক মোটর।
- পাহাড়ের উপর রান্না করতে বেশি সময় লাগে কারণ— বায়ুচাপ কম।
- শীতকালে ঠোঁট ও গায়ের চামড়া ফেটে যায় কারণ— বাতাসের আপেক্ষিক আর্দ্রতা কম।
- সবচেয়ে ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ— গামা রশ্মি।
- সূর্য ও কাঠের আগুন থেকে নির্গত হয় যে রশ্মি— অবলোহিত রশ্মি।
- অপটিক্যাল ফাইবার হচ্ছে— খুব সরু এবং নমনীয় কাঁচ তন্তুর আলোক নল।
- আকাশে রংধনু সৃষ্টির কারণ— বৃষ্টির কণা।
- পরিবাহকের তার যত মোটা হবে তার রোধ তত— কমবে।
- বিদ্যুৎ বিলের হিসাব করা হয়— কিলোওয়াট-আওয়ার হিসেবে।
- যে তাপমাত্রায় একটি চুম্বকের চুম্বকত্ব সম্পূর্ণ বিলুপ্ত হয় তাকে বলে— কুরি বিন্দু।
- ইলেক্ট্রনিক চক্ষু বলা হয়— রাডারকে।

জীববিজ্ঞান ০৫

- রেশম পোকার চাষকে বলা হয়— সেরিকালচার।
- মাশরুম এক ধরনের— ফাঙ্গাস।
- দুধকে জীবাণুমুক্ত করতে যে পদ্ধতি ব্যবহৃত হয়— পাস্তুরাইজেশন।
- আকৃতি, অবস্থান ও কাজের প্রকৃতিভেদে আবরণী টিস্যু— ৪ প্রকার।
- মাইটোকন্ড্রিয়ায় প্রোটিন রয়েছে— শতকরা ৭৩ ভাগ।
- কোষের মস্তিষ্ক বলা হয়— নিউক্লিয়াসকে।
- DNA-এর অবকাঠামো হিসেবে কাজ করে— জিন।
- উদ্ভিদের মুখ্য পুষ্টি উপাদান— ১০টি।
- পাতার সাহায্যে বংশবৃদ্ধি করে— পাথরকুচি।
- সালোকসংশ্লেষণ বেশি হয়— লাল আলোতে।
- ফল পাকার জন্য দায়ী— ইথিলিন।
- রক্ত জমাট বাধায় অংশ নেয়— থ্রম্বোসাইট।
- বিলিরুবিন তৈরি হয়— প্লীহায়।

সাধারণ বিজ্ঞানের স্বচ্ছ ধারণাসহ দ্রুত প্রস্তুতির বিশেষ সংকলন



- নারভাস সিস্টেমের স্ট্রাকচারাল এবং ফাংশনাল ইউনিটকে বলা হয়— নিউরন।
- মানুষের লালারসে যে এনজাইম থাকে— টায়ালিন।
- মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ— ত্বক।

আধুনিক বিজ্ঞান ০৫

- মহাজাগতিক রশ্মি আবিষ্কার করেন— বিজ্ঞানী হেস।
- হিগস বোসন কণার অপর নাম— God particle।
- ফোটন সম্পর্কে সর্বপ্রথম ধারণা দেন— ম্যাক্স প্লাঙ্ক।
- আকাশের উজ্জ্বলতম নক্ষত্র— লুব্ধক।
- 'সবুজগ্রহ' বলা হয়— ইউরেনাসকে।
- AC-কে DC-তে পরিণত করতে ব্যবহৃত হয়— ডায়োড।
- মানবদেহের সবচেয়ে লম্বা ও বৃহৎ অস্থি— ফিমার।
- হৃৎপিণ্ডের শিরা বেলুনের সাহায্যে ফোলানোকে বলে— এনজিওপ্লাস্টি।
- বৃক্কের গঠনগত ও কার্যকরী একককে বলে— নেফ্রন।
- ভয় পেলে আমাদের গায়ের লোম খাড়া হয় যে হরমোনের প্রভাবে— অ্যাড্রেনালিন।
- মানুষের স্পাইনাল কর্ডের দৈর্ঘ্য— ১৮ ইঞ্চি।
- যে সব অণুজীব রোগ সৃষ্টি করে তাদের বলা হয়— প্যাথোজেন।
- আয়োডিনের অভাবে যে রোগ হয়— গলগণ্ড।
- যে যন্ত্রের সাহায্যে হৃৎপিণ্ডের গতিকে স্বাভাবিক অবস্থায় আনা যায়— পেস মেকার।
- চিকুনগুনিয়া যে মশার মাধ্যমে ছড়ায়— এডিস মশা।
- শিশু জন্মের পর যে সময় পর্যন্ত কেবল বুকের দুধই যথেষ্ট— ৬ মাস।
- পৃথিবীর প্রথম বাণিজ্যিক কৃত্রিম উপগ্রহ— দি আর্লি বার্ড বা ইনটেলসেট-I।

কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি

পূর্ণমান ১৫

কম্পিউটার ১০

- কম্পিউটারের গতি প্রকাশ করা হয়— ন্যানো সেকেন্ড দ্বারা।
- যে কাজের জন্য কম্পিউটার বেশি সুবিধাজনক— পুনরাবৃত্তিমূলক কাজ।
- বিশ্বের প্রথম মিনি কম্পিউটার— পিডিপি-১।
- আধুনিক কম্পিউটারের জনক— জন ভন নিউম্যান।
- যে প্রজন্মের কম্পিউটারে বায়ুশূন্য ভাল্ব ব্যবহৃত হয়— প্রথম প্রজন্ম।
- হাইব্রিড কম্পিউটারের Input হলো— এনালগ পদ্ধতি।
- কম্পিউটারের বাসের গতি মাপা হয়— মেগাহার্টজে (MHz)।
- USB'র পূর্ণরূপ হলো— Universal Serial Bus।
- কম্পিউটারের যে অংশ ডেটা প্রক্রিয়াকরণের কাজ করে তাকে বলে— CPU।
- প্রক্রিয়াকরণের সময় অস্থায়ীভাবে ডেটা যেখানে জমা থাকে— রেজিস্টারে।

- ROM (Read Only memory) এক ধরনের— স্থায়ী (Non Volatile) মেমোরি।
- কম্পিউটারের মূল মেমোরি তৈরিতে ব্যবহৃত হয়— সিলিকন।
- কম্পিউটার হার্ডওয়্যারের মধ্য প্রধান অংশ থাকে— ৩টি।
- Memory ও ALU এর মধ্যে সংযোগ স্থাপন করে— কন্ট্রোল ইউনিট।
- কম্পিউটারের CPU হলো— কম্পিউটারের মস্তিষ্ক।
- ডেটা গ্রহণ ও নির্গমন পথের নাম— ডেটা বাস।
- মাইক্রোপ্রসেসর আবিষ্কৃত হয়— ১৯৭১ সালে।
- কী-বোর্ড, মাউস, স্ক্যানার, ওয়েবক্যাম ইত্যাদি এক ধরনের— ইনপুট ডিভাইস।
- কী-বোর্ডে ফাংশন Key রয়েছে— ১২টি।
- মাউস আবিষ্কার করেন— ডগলাস এঙ্গেলবার্ট।
- LCD'র পূর্ণরূপ— Liquid Crystal Display।
- কম্পিউটারের মনিটরে তথ্য প্রদর্শনের ক্ষুদ্রতম একক— পিক্সেল।
- মনিটর, প্রিন্টার, প্লটার, প্রজেক্টর ইত্যাদি— আউটপুট ডিভাইস।
- ডাটাবেসে কোনো তথ্য খুঁজে বের করাকে বলে— কুয়েরি।
- বাংলাদেশে প্রথম ব্যবহৃত বাংলা ফন্ট— বিজয়।
- Back up হলো— নির্ধারিত ফাইল কপি করা।
- কম্পিউটারের হার্ডওয়্যারের মধ্যে যে কয়টি অংশ রয়েছে— তিনটি।
- কম্পিউটার যে ডিস্কে সিস্টেম সফটওয়্যার থাকে তাকে বলে— স্টার্টআপ ডিস্ক।
- সিরিয়াল পোর্ট মাউসে পিনের সংখ্যা— ৯টি।
- কম্পিউটারকে হ্যাকিং থেকে রক্ষা করে— ফায়ারওয়াল।



- কোন অনুবাদক প্রোগ্রাম ছাড়া কম্পিউটার যে ভাষা বুঝতে পারে— মেশিন ভাষা।
- বাইনারি পদ্ধতিতে তথ্য প্রকাশের মৌলিক একক হলো— বিট।
- MS-Word এ ডকুমেন্টের শুরুতে যেতে হলে কী-বোর্ডে যে কমান্ড দিতে হয়— Ctrl + Home।
- মাইক্রোসফটের প্রথম প্রোগ্রাম— MS-DOS।
- কম্পিউটারের নিজস্ব ভাষা হলো— মেশিন ভাষা।
- ইন্টারপ্রেটার হলো— একটি অনুবাদক প্রোগ্রাম।
- অচেনা ও অপ্রয়োজনীয় ই-মেইলকে বলা হয়— Spam।
- কম্পিউটারের ভাইরাস হলো— একধরনের বিশেষ প্রোগ্রাম।
- Trojan Horse, Code Red, AIDS, CIH ইত্যাদি এক ধরনের— কম্পিউটার ভাইরাস।
- কম্পিউটারের যাবতীয় কাজ সম্পাদিত হয়— ০ ও ১ ব্যবহার করে।

তথ্যপ্রযুক্তি ০৫

- টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তির মাধ্যমে উন্নত চিকিৎসা পদ্ধতিকে বলা হয়— টেলিমেডিসিন।
- SWIFT কোড ব্যবহার হয়— ব্যাংক খাতে।
- e-GP'র পূর্ণরূপ— Electrontic Government Procurement।
- Microsoft'র সার্চ ইঞ্জিনের নাম— Bing।
- বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের গ্রাউন্ড স্টেশন অবস্থিত— গাজীপুর।
- ইন্টারনেট একাউন্ট গ্রহণকারীদের বলা হয় নেটিজেন।
- MODEM-এ থাকে— মডুলেটর ও ডিমডুলেটর।
  ইন্টারনেট থেকে কম্পিউটারে ফাইল ট্রান্সফার প্রক্রিয়াকে বলে— ডাউনলোডিং।
- FTP'র পূর্ণরূপ— File Transfer Protocol।
  হোম পেজ হলো— ওয়েবসাইটের প্রথম বা প্রধান ওয়েব পেজ।
- WWW'র পূর্ণরূপ— World Wide Web।
  জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম Twitter প্রতিষ্ঠিত হয়— ২০০৬ সালে।
- পেশাজীবীদের সামাজিক যোগাযোগের বিশেষ ওয়েবসাইট— লিংকডইন (LinkedIn)।
- অপটিক্যাল ফাইবারের অংশ থাকে— ৩টি।
- বাংলাদেশের দ্বিতীয় সাবমেরিন সংযোগের নাম— SEA-ME-WE 5।

গাণিতিক যুক্তি

পূর্ণমান ১৫

সিলেবাস ও মানবণ্টন

১. বাস্তব সংখ্যা, ল. সা. গু., গ. সা. গু., শতকরা, সরল ও যৌগিক মুনাফা, অনুপাত ও সমানুপাত, লাভ ও ক্ষতি : ০৩
২. বীজগাণিতিক সূত্রাবলি, বহুপদী উৎপাদক, সরল ও দ্বিঘাত সমীকরণ, সরল ও দ্বিঘাত অসমতা, সরল সহসমীকরণ : ০৩
৩. সূচক ও লগারিদম, সমান্তর ও গুণোত্তর অনুক্রম ও ধারা : ০৩
৪. রেখা, কোণ, ত্রিভুজ ও চতুর্ভুজ সংক্রান্ত উপপাদ্য, পিথাগোরাসের উপপাদ্য, বৃত্ত সংক্রান্ত উপপাদ্য, পরিমিতি– সমতলীয় ক্ষেত্র ও ঘনবস্তু : ০৩
৫. সেট, বিন্যাস ও সমাবেশ, পরিসংখ্যান ও সম্ভাব্যতা : ০৩



মানসিক দক্ষতা

পূর্ণমান ১৫

ভাষাগত যৌক্তিক বিচার
Verbal Reasoning

১. সত্যি কথা বললে অনেকেরই— লাগে।
(ক) খারাপ (খ) আঁতে ঘা
(গ) ভালো (ঘ) একচোখা

২. বন্ধুকে ক্ষমা করার চেয়ে — কে ক্ষমা করা সহজ।
(ক) আত্মীয় (খ) প্রতিবেশি
(গ) ভাই (গ) শত্রু

৩. TALE যদি LATE হয় তাহলে CAFE কী?
(ক) FACE (খ) CAEF
(গ) EAPV (ঘ) AFEC

সমস্যা সমাধান
Problem Solving

৪. ঘণ্টায় x মাইল বেগে y মাইল দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে?
(ক) $\frac{x}{y}$ ঘণ্টা (খ) x ঘণ্টা
(গ) y ঘণ্টা (ঘ) $\frac{y}{x}$ ঘণ্টা

৫. ১৭ দিন আগে আব্দুর রহিম বলেছিল যে তার জন্মদিন 'আগামীকাল'। আজ ২৩ তারিখ হলে তার জন্মদিন কোন তারিখে?
(ক) ৭ (খ) ১০ (গ) ৯ (ঘ) ৮

৬. ২টা ১৫ মিনিটের সময় ঘণ্টার কাঁটা ও মিনিটের ঘণ্টার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়?
(ক) ২৩° (খ) $২২\frac{১}{২}$°
(গ) ২৫° (ঘ) ৩০°

বানান ও ভাষা
Spelling & Language

৭. কোন বানানটি শুদ্ধ?
(ক) শশুর (খ) স্বশুর
(গ) শ্বসুর (ঘ) শ্বশুর

৮. Choose the correct spelling—
(ক) Tsunami (খ) Sunami
(গ) Sumume (ঘ) Sumamee

৯. 'আহ্বায়ক' শব্দের প্রমিত উচ্চারণ—
(ক) আওভায়োক (খ) আওভায়ক
(গ) আহবায়ক (ঘ) আহোব্বায়োক

১০. শিখণ্ডী শব্দের অর্থ—
(ক) কবুতর (খ) কোকিল
(গ) খরগোশ (ঘ) ময়ূর

১১. হাতির বাসস্থান—
(ক) গজগৃহ (খ) হস্তিগৃহ
(গ) পিলখানা (ঘ) গজনীর

১২. Extempore means—
(ক) planned (খ) Improvise
(গ) Impromtu (ঘ) Immediate

১৩. তণ্ডুল শব্দের অর্থ—
(ক) রুটি (খ) চাল
(গ) আটা (ঘ) চুলা

স্থানাঙ্ক সম্পর্ক
Space Relation

১৪. একটি দেয়াল ঘড়িতে যখন ৯টা বাজে তখন ঘণ্টার কাটা যদি পশ্চিম দিকে থাকে তবে মিনিটের কাটা কোন দিকে থাকবে?
(ক) উত্তর (খ) পূর্ব
(গ) পশ্চিম (ঘ) দক্ষিণ

১৫. নিচের চিত্রের কয়টি আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্র আছে?

(ক) ২ ও ৪ (খ) ৪ ও ৫
(গ) ২ ও ৫ (ঘ) ৬ ও ২

সংখ্যাগত ক্ষমতা
Numerical Ability

১৬. ৩, ৭, ৪, ১৪, ৫, ২১, ৬, ... ধারার অষ্টম পদ কত?
(ক) ৭ (খ) ২৮ (গ) ৩৫ (ঘ) ৪

১৭. ২য় বৃত্তের সঠিক সংখ্যাটি কত হবে?



(ক) ৯ (খ) ৩৬
(গ) ২৭ (ঘ) ৬৫

১৮. কোন ত্রিভুজের শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দুর উপর অঙ্কিত রেখাকে ঐ ত্রিভুজের—
(ক) মধ্যমা (খ) সমবিন্দু
(গ) অতিভুজ (ঘ) ভরকেন্দ্র

১৯. $x^2 + \frac{1}{x^2} = 3$ হলে $\left(x + \frac{1}{x}\right)^2$ -এর মান কত?
(ক) 7 (খ) 4 (গ) 5 (ঘ) 9

সঠিক উত্তর

১	খ
২	ঘ
৩	ক
৪	ঘ
৫	ক
৬	খ
৭	ঘ
৮	ক
৯	ক
১০	ঘ
১১	গ
১২	গ
১৩	খ
১৪	ক
১৫	খ
১৬	খ
১৭	ক
১৮	ক
১৯	গ



সিনিয়র স্টাফ নার্স স্বাস্থ্য সহকারী ও ফার্মাসিস্ট নিয়োগ টিপস

স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী ও ফার্মাসিস্ট (ডিপ্লোমা) পদে নিয়োগ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে সিনিয়র স্টাফ নার্স পদে নিয়োগ প্রক্রিয়া বর্তমানে চলমান। উল্লিখিত পদে নিয়োগ প্রার্থীদের জন্য দেয়া হলো স্বাস্থ্য বিষয়ক টিপস। অন্যান্য বিষয়ের জন্য দেখুন বিসিএস বিষয়ভিত্তিক টিপস এবং জব জোনে বিভাগের বিভিন্ন নিয়োগ টিপস।

- বিশ্বের সর্বোচ্চ গড় আয়ুর দেশ— জাপান; ৮৩.৭ বছর।
- দেশের ইউনিয়ন পর্যায়ে সরকারি হাসপাতালগুলোর নাম— স্বাস্থ্য ও পরিবারকল্যাণ কেন্দ্র।
- ঢাকা মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত হয়— ১৯৪৬ সালে।
- BSMMU'র পূর্বনাম— Institute of Post Graduate Medicine and Research (IPGMR)।
- বিশ্বের প্রথম পুরুষ টেস্টটিউব বেবির নাম— অ্যালিস্টার ম্যাকডোনাল্ড।
- এক্স-রে মূলত এক প্রকার— তড়িৎ চুম্বকীয় তরঙ্গ।
- হরমোন ও এন্টিবডি উৎপন্ন হয়— আমিষ থেকে।
- মাথায় টাকপড়া রোগকে বলে— অ্যালোপসিয়া।
- হৃৎপিণ্ডের কর্মক্ষমতা এবং রোগ সনাক্ত করার বিশেষ ধরনের পরীক্ষা পদ্ধতি— ইকোকার্ডিওগ্রাফি।
- DNA'র গঠন আবিষ্কার করেন— জেমস ওয়াটসন ও ফ্রান্সিস ক্রিক।
- পোলিও টিকা প্রথম আবিষ্কৃত হয়— ১৯৫২ সালে।
- সন্তানধারণ বয়সী (১৫-৪৯ বছর) সব মহিলাকে দেয়া হয় যে টিকা— TT।
- দেশে জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে বেশি— ঢাকা জেলায়।
- রক্তের বিশুদ্ধতা ও স্বাভাবিক অবস্থা বজায় রাখতে সহায়তা করে— ভিটামিন 'সি'।
- দেহের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হয় যে ভিটামিনের অভাবে— ভিটামিন 'এ'।
- VHSS'র পূর্ণরূপ— Voluntary Health Service Society।
- আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস— ২৬ জুন।
- আর্সেনিক দূষণমুক্ত টিউবওয়েলের মাথা— সবুজ রঙের।
- স্বাস্থ্য বিষয়ক সাময়িকী 'দি ল্যানসেট'-এর মতে স্বাস্থ্য সেবা সূচকে বাংলাদেশের অবস্থান— ১৩৩তম।
- কমিউনিটি ক্লিনিকে বিনামূল্যে ওষুধ পাওয়া যায়— ৩০ ধরনের।
- আন্তর্জাতিক পরিবার পরিকল্পনা সেবা প্রদান করে— UNFPA।
- জাতিসংঘ জন্মনিয়ন্ত্রণকে মানবাধিকার হিসেবে স্বীকৃতি দেয়— ১৯৬৮ সালে।
- ব্যাকটেরিওলজির জনক— লিউয়েন হুক।
- মস্তিষ্কের বিকাশ ব্যাহত হয়— ভিটামিন B_9-এর অভাবে।
- মানবদেহে রক্তের গ্রুপিংয়ের জন্য দায়ী হচ্ছে— এন্টিজেন।
- জাইগোট থেকে ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে বলে— এমব্রায়োজেনেসিস।
- যে গাছের বাকল হতে কুইনাইন আহরিত হয়— সিনকোনা।
- ওরস্যালাইনে ব্যবহৃত লবণ— সোডিয়াম ক্লোরাইড।
৫৭. কোন শাকে লৌহের পরিমাণ সবচেয়ে বেশি? — (ক) কচু।

৫৮. ২০১৮ সালে সাহিত্যে স্বাধীনতা পুরস্কার পান — (ক) সেলিনা হোসেন।

৫৯. আল-জাজিরা স্যাটেলাইট টেলিভিশন কেন্দ্র কোন দেশে অবস্থিত? — (ক) কাতার।

৬০. আজারবাইজানের রাজধানীর নাম — (ক) বাকু।

৬১. ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি কোন দেশের রাজনৈতিক দল? — (গ) মিয়ানমার।

৬২. ইউনেস্কোর সদর দপ্তর কোথায় অবস্থিত? — (গ) প্যারিসে।

৬৩. নারী এশিয়া কাপ ২০১৮ এর বিজয়ী কোন দেশ? — (গ) বাংলাদেশ।

৬৪. প্রথম বাংলাদেশী নারী মেজর জেনারেল কে? — (গ) সুসানে গীতি।

৬৫. বায়ুর প্রধান উপাদান কোনটি? — (গ) নাইট্রোজেন।

৬৬. বাংলাদেশে মুক্তিযুদ্ধ জাদুঘর বর্তমানে কোথায় অবস্থিত? — (ঘ) আগারগাঁও।

৬৭. বাংলাদেশে দিয়াশলাইয়ের কাঠি প্রস্তুত হয় কোন কাঠ হতে?
(ক) গেওয়া (খ) গরান
(গ) ধুন্দল (ঘ) শিমুল
[Note : *ক, গ ও ঘ তিনটিই সঠিক।*]

৬৮. বাংলাদেশের ইলিশ মাছ কোন সনদ লাভ করেছে? — (খ) GI।

৬৯. বাংলাদেশের প্রথম জাদুঘর কোনটি? — (খ) বরেন্দ্র জাদুঘর।

৭০. বাংলাদেশ মহাকাশে স্যাটেলাইট প্রেরণকারী কততম দেশ? — (গ) ৫৭।

৭১. বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে কবে? — (খ) ১৭ সেপ্টেম্বর ১৯৭৪।

৭২. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব দেশ কোনটি? — (ঘ) ইরাক।

৭৩. FAO'র সদর দপ্তর কোথায়? — (ক) রোমে।

৭৪. Fourth Estate বলতে বোঝায়? — (গ) The Press।

৭৫. ভলিবল খেলায় এক দলে খেলোয়াড়ের সংখ্যা — (খ) ৬ জন।

৭৬. G-7'র একমাত্র এশিয়া দেশ কোনটি? — (খ) জাপান।

৭৭. মসজিদের শহর বলা হয় কোনটিকে? — (খ) ঢাকা।

৭৮. মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন? — (গ) আলবেনিয়া।

৭৯. মানব দেহে ক্রোমোজমের সংখ্যা কয়টি? — (ক) ৪৬।

যে কোনো চাকরি প্রাপ্তির
একমাত্র ডায়েরি



৮০. মার্কিন যুক্তরাষ্ট্রের সংসদের উচ্চ কক্ষের নাম কী? — (ক) সিনেট।

৮১. মার্কিন কংগ্রেসে প্রথম মুসলিম নারী কংগ্রেসম্যান হতে যাচ্ছেন কে? — (খ) রাশিদা তলাইব।

৮২. মুজিবনগর সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী কে ছিলেন? — (গ) এ এইচ এম কামারুজ্জামান।

৮৩. ঐতিহাসিক কাগমারী সম্মেলনে নেতৃত্বদানকারী নেতার নাম কী? — (গ) মওলানা ভাসানী।

৮৪. রাশিয়া ফুটবল বিশ্বকাপ ২০১৮ এর সেরা উদীয়মান খেলোয়াড় কে? — (খ) কিলিয়ান এম্বাপে।

৮৫. শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম? — (গ) থাইল্যান্ড।

৮৬. হামহাম ঝর্ণা কোন জেলায় অবস্থিত? — (ঘ) মৌলভীবাজার।

৮৭. 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত? — (ক) বঙ্গোপসাগরে।

৮৮. 'আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙ্গালী' উক্তি করেন — (গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ।

৮৯. 'ল্যান্ড অব মার্বেল' বলা হয় কোন দেশকে? — (গ) ইতালি।

৯০. 'রিংগিত' কোন দেশের মুদ্রা? — (ঘ) মালয়েশিয়া।

৯১. চা গবেষণা কেন্দ্র অবস্থিত — (গ) শ্রীমঙ্গলে।

৯২. ছয় দফা কত সালে ঘোষিত হয়? — (খ) ১৯৬৬।

৯৩. জনসংখ্যার ভিত্তিতে বিশ্বের সবচেয়ে বড় মুসলিম দেশ কোনটি? — (খ) ইন্দোনেশিয়া।

৯৪. জাতিসংঘ কোন বছর প্রতিষ্ঠিত হয়? — (খ) ১৯৪৫।

৯৫. জাতীয় সংসদের এক নং আসনটি কোন জেলায়? — (খ) পঞ্চগড়।

৯৬. জীব জগতের জন্য সবচেয়ে ক্ষতিকারক রশ্মি কোনটি? — (খ) গামা রশ্মি।

৯৭. SDGs কী? — (খ) Sustainable Development Goals।

৯৮. বিশ্বে কার্বনমুক্ত প্রথম দেশ কোনটি? — (ক) ভুটান।

৯৯. শিল্পী জয়নুল আবেদীনের সংগ্রহশালা কোথায়? — (ক) ময়মনসিংহে।

১০০. হিলি স্থলবন্দরটি কোন জেলায় অবস্থিত? — (গ) দিনাজপুর।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বাছাইকৃত প্রশ্ন সমাধান (সাধারণ জ্ঞান)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

- কোন দার্শনিক নোবেল পুরস্কার প্রত্যাখান করেন? — জাঁ পল সার্ত্রে।
- অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর সদর দপ্তর কোথায়? — লন্ডন।
- আইফেল টাওয়ার কোথায় অবস্থিত? — প্যারিস।
- আজমীর শরীফ ভারতের কোন রাজ্যে অবস্থিত? — উত্তর প্রদেশ।
- ইবনে বতুতা কোন দেশের পর্যটক? — মরক্কো।
- Big Bang তত্ত্বের প্রাথমিক প্রবক্তা — জর্জ ল্যামেটার।
- BIMSTEC কোন ধরনের সংগঠন? — অর্থনৈতিক।
- ফরাসি বিপ্লব কত সালে সংগঠিত হয়েছিল? — ১৭৮৯।
- বাংলাপিডিয়ার প্রকাশক — বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি।
- ভূমিকম্প পরিমাপক যন্ত্রের নাম কী? — সিসমোমিটার।
- From Third World to First বই এর লেখক — লি কুয়ান ইউ।
- এভারেস্ট বিজয়ী প্রথম বাংলাদেশি নারী কে? — নিশাত মজুমদার।

মহাকাব্য শাহনামা এর রচয়িতা কে? — ফেরদৌসী।
মাউন্ট ব্লাঙ্ক পর্বত কোথায় অবস্থিত? — ইতালি-ফ্রান্স।
কার্ল মার্কস কোন দেশে জন্মগ্রহণ করেন? — জার্মানি।
সম্রাট আলেকজান্ডারের শিক্ষাগুরু কে ছিলেন? — এরিস্টোটল।
Melissa কী? — ওয়েব সাইট।
সতীদাহ প্রথা কবে রহিত হয়? — ১৮২৯।
NATO ভুক্ত মুসলিম দেশ কোনটি? — আলবেনিয়া।
'দুর্ভিক্ষ' ছবিটি কোন শিল্পীর আঁকা? — জয়নুল আবেদিন।
SANA কোন দেশের সংবাদ সংস্থা? — সিরিয়া।
ট্রাম্প-কিম শীর্ষ বৈঠকটি সিঙ্গাপুরের কোথায় অনুষ্ঠিত হয়েছিল? — সন্তোসা দ্বীপে।
গ্রিনল্যান্ডের মালিকানা কোন দেশের? — ডেনমার্ক।
নীল নদের উৎস স্থল — ভিক্টোরিয়া হ্রদ।
জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে উঠা সভ্যতা — হিব্রু সভ্যতা।
মালয়েশিয়ার সংসদের নাম — প্রতিনিধি পরিষদ।
'পশতু' যে দেশের ভাষা — আফগানিস্তান।
তেল রপ্তানিকারক দেশগুলোর সংস্থা — ওপেক।
জিম্বাবুয়ের পূর্ব নাম — রোডেশিয়া।

- বাংলায় আগত প্রথম ইউরোপীয় বণিক — পর্তুগিজ।
- আফ্রিকা ও ইউরোপকে বিভক্তকারী প্রণালী — জিব্রালটার প্রণালী।
- কোন দেশে প্রথম 'আরব বসন্ত' এর সূচনা হয়? — তিউনিসিয়া।
- বিশ্বের কোন দেশে সবচেয়ে বেশি মুসলমান বাস করে? — ইন্দোনেশিয়া।
- বিশ্বব্যাংকের সদর দপ্তর কোথায়? — ওয়াশিংটন ডিসি।
- 'ভেটো' শব্দের অর্থ কি? — আমি এটা মানি না।
- 'ছিয়াত্তরের মন্বন্তর' কোন বঙ্গাব্দে ঘটে? — ১১৭৬।
- 'স্টপ জেনোসাইড' প্রামাণ্যচিত্রটির নির্মাতা কে? — জহির রায়হান।
- জাতিসংঘ নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা কত? — ১৫ জন।
- হিউয়েন সাং কে ছিলেন? — চীনা পরিব্রাজক।
- তানসেন কোন সম্রাটের সভাগায়ক ছিলেন? — সম্রাট আকর।
- 'শাহ-ই-বাঙ্গালা' উপাধি কার ছিল? — হাজী ইলিয়াস শাহ।
- Wings of Fire গ্রন্থের রচয়িতা কে? — এপিজে আবদুল কালাম।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে? — ১৫৩।
- সোমপুর বিহারের নির্মাতা কে? — ধর্মপাল।
- বাংলাদেশের প্রাচীনতম শহর কোনটি? — পুণ্ড্র।
- তাস কোন দেশের সংবাদ সংস্থা? — রাশিয়া।
- নোবেল পুরস্কার কবে থেকে চালু হয়? — ১৯০১।
- মুক্তিযুদ্ধ চলাকালীন বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয় — ১০ এপ্রিল ১৯৭১।
- Social Safety Nets কি? — সামাজিক নিরাপত্তা বলয়।
- দক্ষিণ আফ্রিকার বর্ণবাদ বিরোধী আন্দোলনের অন্যতম নেতা কে ছিলেন? — নেলসন ম্যান্ডেলা।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প কোথায় অবস্থিত? — ঈশ্বরদী।
- অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর সদর দপ্তর কোথায় অবস্থিত? — লন্ডন।
- Black Lives Matter কি? — বর্ণবাদ বিরোধী আন্দোলন।
- মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ কোথায় সংগঠিত হয়? — গাজীপুরে।
- শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পেয়েছিলেন — জুলিও কুরি পদক।
- বাংলাদেশের কোন সিনেমা প্রথম অস্কারের জন্য মনোনীত হয়? — মাটির ময়না।

- এভারেস্ট জয়ী প্রথম বাঙালি কে? — মুসা ইব্রাহিম।
- বাংলাদেশের সমুদ্রাঞ্চলে আবিষ্কৃত প্রথম গ্যাসক্ষেত্রের নাম কী? — সাঙ্গু ভ্যালী।
- ভারতের বর্তমান রাষ্ট্রপতি কে? — রামনাথ কোবিন্দ।
- মিয়ানমারে রোহিঙ্গারা তাদের নাগরিকত্ব হারায় কোন সালে? — ১৯৮২।
- বর্তমানে বিশ্বে শান্তির সংবিধান বলা হয় কোন দেশের সংবিধানকে? — জাপান।
- বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে 'রাষ্ট্র ও গণজীবনে সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন' বলা আছে? — ২৭।
- 'সেপ্টেম্বর অন যশোর রোড' এর রচয়িতা কে? — অ্যালেন গিনসবার্গ।
- তিন বিঘা করিডোর কোন জেলায় অবস্থিত? — লালমনিরহাট।
- প্রথম জাতীয় শিক্ষা কমিশন গঠিত হয় কত সালে? — ১৯৭২।
- ভারত-বাংলাদেশের অভিন্ন নদীর সংখ্যা — ৫৪টি।
- ২০১৮ সালে অস্কার প্রাপ্ত চলচ্চিত্র কোনটি? — শেপ অব ওয়াটার।
- শেয়ার বাজারে আইপিও কোন ধরনের বাজার? — প্রাথমিক।
- মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে? — তানভীর কবির।
- ইক্ষু গবেষণা ইন্সটিটিউট কোন জেলায় অবস্থিত — পাবনা।
- ভারতের সেভেন সিস্টার্সের মধ্যে কোনটির সাথে বাংলাদেশের সীমান্তরেখা নেই? — মণিপুর।
- জনসংখ্যার দিক থেকে বিশ্বের তৃতীয় বৃহত্তম দেশ হল — যুক্তরাষ্ট্র।
- বাংলাদেশের সংবিধান কার্যকর হয় কবে? — ১৬ ডিসেম্বর ১৯৭২।
- অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে? — এ. কে. ফজলুল হক।
- জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য কত ছিল? — ৫১ টি।
- UNHCR'র সদর দপ্তর কোন দেশে? — জেনেভা।
- কোন বিদেশি পত্রিকা বঙ্গবন্ধুকে 'Poet of Politics' উপায় দেয়? — নিউজ উইকস।
- 'বেইল আউট' শব্দটি কিসের সাথে জড়িত? — অর্থনীতি।
- 'একাত্তরের ডায়েরী' এর রচয়িতা কে? — বেগম সুফিয়া কামাল।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের মান সময় কত তারিখে মহাকাশে উৎক্ষেপণ করা হয়? — ১২ মে ২০১৮।
- বিশ্বকাপ ফুটবল ২০১৮ তে 'ফেয়ার প্লে' ট্রফি লাভ করে — স্পেন।
- রেডক্রসের সদর দপ্তর কোথায়? — জেনেভা।

- 'Man is a political animal'— উক্তিটি কার? — Aristotle।
- ২০১৮ সালের ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট সূচকে বাংলাদেশের অবস্থান কততম? — ১১৫ তম।
- বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে ছিলেন? — বেগম রাজিয়া বানু।
- বাংলাদেশে তৈরি প্রথম যুদ্ধ জাহাজের নাম কি?— বানৌজা পদ্মা।
- বাংলাদেশের কোন্ জেলায় সব থেকে বেশি বজ্রপাত হয়?— সুনামগঞ্জ।
- পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান কততম?— দ্বিতীয়।
- বরেন্দ্র যাদুঘর পরিচালনা কর্তৃপক্ষ কোন প্রতিষ্ঠানের?— সংস্কৃতি মন্ত্রণালয়।
- রাজশাহী জেলার পূর্ব নাম কি?— রামপুর বোয়ালিয়া।
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-এর মেয়াদকাল কোনটি?— ২০১৬-২০৩০ সাল।
- সড়ক পরিবহন বিল ২০১৮-তে সংঘটিত দুর্ঘটনার ক্ষেত্রে সর্বোচ্চ শাস্তির বিধান রাখা হয়েছে— ৫ বছর।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

- ক্রমোচ্চ বিন্যাসে জেলা প্রশাসন বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর কততম স্তর? — তৃতীয়।
- জাতিসংঘ বিশ্বের দেশসমূহকে কতটি ক্যাটাগরিতে ভাগ করেছে? — ৪টি।
- বাংলাদেশে বর্তমানে মোট জনসংখ্যার কত শতাংশ শহর বা নগর এলাকায় বাস করে? — প্রায় ৪২ শতাংশ।
- কোন সংস্থাটি ঢাকা মহানগরের সকল মূল সড়কে লেগুনা চলাচলের উপরে নিষেধাজ্ঞা আরোপ করেছে। — ঢাকা মেট্রোপলিটন পুলিশ।
- বাংলাদেশের বর্তমান সরকার ব্যবস্থায় মন্ত্রীদের দপ্তর বন্টন করেন কে? — প্রধানমন্ত্রী।
- ঢাকা শহরের কোন ফ্লাইওভার দিয়ে চলাচলের জন্য টোল প্রদান করতে হয়? — মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার।
- কোন সংস্থাকে সংক্ষেপে UDD বলা হয়? — Urban Development Directorate।
- বাংলাদেশের সর্ব উত্তরের জেলা থেকে হিমালয়ের কোন শৃঙ্গ দেখা যায়?— কাঞ্চনজঙ্ঘা।
- প্রথম বাঙ্গালী মুসলমান চলচিত্রকার কে? — কাজী নজরুল ইসলাম।
- ঢাকা-চট্টগ্রাম রেলপথের ধরন কিরূপ? — মিটার গেজ।
- ছোট কাটরার নির্মাতা— সুবাদার শায়েস্তা খান।
- What was the subject matter of the 15th amendment to the constitution of Bangladesh? — Abolition of caretaker government।
- Which country was the first to launch an artificial satellite into space? — Soviet Union।
- When was Bengali recognized as the second official language of Pakistan? — 1956।
- Who is the secretary general of OIC? — Yousef Al-Othaimeen।
- In 2018 the meeting between Kim Jong-un and Roh Moo-hyun was held on— April 27।
- Radcliffe Line is the land border between— India and Pakistan।
- What was the name of the nuclear bomb that the US detonated over Nagasaki? — Fat Man।
- The headquarters of ICAN is located in — Geneva, Switzerland।
- Birshreshtho Nur Mohammad Sheikh was born in the district of— Narail।
- What is the length of Hardinge Bridge? — 1.8 km।
- The Bangladesh Nationalist Party (BNP) was born in — 1978।
- Who was the chief justice when the 16th amendment to the constitution was passed? — SK Sinha।
- Filmmaker Shyam Benegal who will direct a biopic of Bangabandhu is a/an—Indian।
- Bangladesh shares a — border with Myanmar. — 271 km।
- The — are the largest indigenous community in Bangladesh. — Chakma।
- Which is the licensing authority for motor vehicle drivers? — Bangladesh Road Transport Authority।
- ইমরান খান পাকিস্তানের কততম প্রধানমন্ত্রী? — ২২ তম।
- শিল্পকলায় ২০১৮ সালে একুশে পদক পেয়েছেন— কালিদাস কর্মকার।
- বিখ্যাত কার্টুন চরিত্র 'টোকাই' কার সৃষ্টি? — শিল্পী রফিকুন নবী।
- শহীদ বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস— ১৪ ও ১৬ ডিসেম্বর।
- মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী' কোন ভাস্কর নির্মাণ করেন?— শিল্পী আব্দুর রাজ্জাক।
- লোকশিল্প জাদুঘর কে প্রতিষ্ঠা করেন? — শিল্পাচার্য জয়নুল আবেদিন।
- খোদাইকৃত পোড়ামাটির ফলকের নাম কী? — টেরাকোটা।
- বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কী? — বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- মুক্তিযুদ্ধে সাব-সেক্টর ছিল কতটি? — ৬৪ টি।
- বাংলা নববর্ষ 'পহেলা বৈশাখ' চালু করেছিলেন কে? — বাদশা আকবর।
- 'তিতাশ একটি নদীর নাম' চলচ্চিত্রের পরিচালক— ঋত্বিক ঘটক।
- জহির রায়হান পরিচালিত চলচ্চিত্র— জীবন থেকে নেয়া, আনোয়ারা, বেহুলা।
- চাকমা নৃগোষ্ঠী কোন ধর্মাবলম্বী? — বৌদ্ধ।
- 'মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা' গানের রচয়িতা— অতুলপ্রসাদ সেন।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মনোগ্রামটি কে তৈরি করেন? — শিল্পী কামরুল হাসান।

বিসিএস, বিশ্ববিদ্যালয় ভর্তি, বিভিন্ন চাকরি ও ভাইভাসহ যে কোনো প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্ব অর্জনের নির্ভরযোগ্য বই



নতুন বিশ্ব
এক বইয়ে হাজার লাইব্রেরি
পরিবর্তিত তথ্যের আলোকে প্রতি ৩ মাসে নতুন সংস্করণ

প্রফেসর'স প্রকাশন
/natunbiswa

- 'সবক'টা জানালা খুলে দাও না' গানের রচয়িতা— নজরুল ইসলাম বাবু।
- 'বিবি রাসেল' একজন— ফ্যাশন ডিজাইনার।
- 'ফেরদৌসী প্রিয়ভাষিণী' ছিলেন একজন— ভাস্কর।
- জাতীয় বাজেট ২০১৮-১৯ অর্থবছরে শিক্ষা ও প্রযুক্তি খাতে বরাদ্দ কত? — ৬৭,৯৩৫ কোটি টাকা।
- The Treaty of Versailles ended the— World War-I।
- According to the Constitution of Bangladesh, war can be declared by the — president।
- The Sunda Strait connects— Java Sea & Indian Ocean।
- মুক্তিযুদ্ধকালীন সরকারের প্রধানমন্ত্রীকে বিপ্লবীরা ব্রাশফায়ারে হত্যা করে কত তারিখে? — ১৯৭৫ সালের ৩ নভেম্বর।
- মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়? — এগারোটি।
- বাংলার কোন সুলতানের পারস্যের কবি হাফিজের সঙ্গে পত্রালাপ হয়েছিল? — গিয়াস উদ্দিন আজম শাহ।
  'লালসালু' চলচ্চিত্রের নির্মাতা কে? — তানভীর মোকাম্মেল।
- মহাভারত কে লিপিবদ্ধ করেছিলেন? — কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস।
- কোন এলাকাগুলি প্রাচীনকালে সমতট অঞ্চলের অন্তর্ভুক্ত ছিল? — ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, ফেনী।
- Which is known as the 'Watery Planet'?— Earth।
  Present Jashore district was included in the ancient *Janapada* of — Vanaga।
- The European river Po flows through— Italy।
- Kolkata University was founded in— 1857।
- Who is Apple's CEO now?— Tim Cook।
  Which is the home galaxy of Earth?— Milky Way।
- ঢাকা মতিঝিলের শাপলা চত্বরের স্থপতি কে?— আজিজুল জলিল পাশা।
  বিশ্ব নাট্য দিবস— ২৭ মার্চ।
  থিয়েটারের বিশ্ব সংস্থার সংক্ষিপ্ত রূপ— ITI
- এম্ফিথিয়েটার কী?— গ্রিসের প্রাচীন নাট্যমঞ্চ।
  Which of the following cities is located on the bank of the Mississippi?— New Orleans।
  Sonoran is a desert in— North America
  'Man without society is either a beast or a God' the author of the statement is— Aristotle।
- *All Men are Brothers* is written by— Mahatma Gandhi।
- Who was the founding chaiman of Alliance for a Green Revolution in Africa (AGRA)?— Kofi Anan।
- What is black money?— Tax evaded money।
- Who was the head of delegates from Bangladesh to New Delhi during the liberation war?— Justice Abu Sayeed Chowdhury।
- পূর্ব পাকিস্তানে আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সভাপতির নাম কি?— মওলানা ভাসানী।
- *সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান*গ্রন্থে কত তারিখে গোয়েন্দা প্রতিবেদনের সূচনা হয়?— ১৩ জানুয়ারি ১৯৪৮।
- "অসমাপ্ত আত্মজীবনী'-এর ভূমিকা লিখেছেন কে?— শেখ হাসিনা।
- কোন মোগল সম্রাট প্রথম আত্মজীবনী লিখেছেন?— সম্রাট বাবর।
- ওয়ান ডে-তে নার্ভস নাইন্টিজে বাংলাদেশি ব্যাটসম্যানদের মধ্যে সর্বোচ্চ স্কোর ২০০৯ সালে মুশফিকুর রহিমের, কোন দলের বিপক্ষে?— জিম্বাবুয়ে।
- বোস-আইনস্টাইন তত্ত্বের সত্যেন বসু প্রথম জীবনে কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন?— কলকাতা বিশ্ববিদ্যালয়।
- কার্ল মার্কসের জন্ম দ্বিশতবার্ষিকী কত তারিখে পালিত হয়?— ২০১৮ সালের ৫ মে।
- ভারতে ১৯৪৩ সালের মনুষ্যসৃষ্ট দুর্ভিক্ষে ব্রিটিশ প্রধানমন্ত্রী হিসেবে কাকে দায়ী করা হয়?— স্যার উইনস্টন চার্চিল।
- পূর্ববঙ্গ সরকারের প্রচার বিভাগে এডিশনাল সং অর্গানাইজার হিসেবে কোন পল্লীগীতি শিল্পী দায়িত্ব পালন করেন?— আব্বাসউদ্দিন আহম্মদ।
- অবিভক্ত বাংলার দুইবারের প্রধানমন্ত্রী একইসময়ে শিক্ষামন্ত্রীর দায়িত্বে ছিলেন, এমন নেতার নাম কী?— এ. কে. ফজলুল হক।
- আন্দামানে বড়লাটকে হত্যা করেন?— শের আলি আফ্রিদি।
- বিশ্ব বই দিবস কত তারিখ এবং কোন কোন সাহিত্য ব্যক্তিত্বের স্মরণে পালন করা হয়?— ২৩ এপ্রিল, শেক্সপিয়র ও সার্ভান্তেসের স্মরণে।
- খাণ্ডবদাহন ঘটনাটি কোন রচনায় ঘটেছে?— মহাভারত।
- 'সংস্কৃতি-কথা' বইটি কার লেখা?— মোতাহের হোসেন চৌধুরী।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

- বাংলাদেশের ছিটমহলগুলো ভারতের পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত? — কুচবিহার।
- বর্তমানে বাংলাদেশে বনাঞ্চলের পরিমাণ দেশের মোট আয়তনের কত শতাংশ? — ১৫।
- বাংলাদেশ বিনিয়োগ বোর্ড কোন মন্ত্রণালয়ের অধীন? — প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২০১৮ সালের বাজেটের স্লোগান কী? — সমৃদ্ধ আগামীর পদযাত্রায় বাংলাদেশ।
- বাগেরহাটের প্রাচীন নাম কী? — খলিফাতাবাদ।
- কুমিল্লার ময়নামতিতে কোন সভ্যতার নিদর্শন রয়েছে? — বৌদ্ধ সভ্যতা।
- কেন্দ্রীয় ব্যাংক যে হারে বাণিজ্যিক ব্যাংককে ঋণ দেয় তাকে কী বলে? — ব্যাংক হার।
- 'জনসংখ্যা বাড়ে জ্যামিতিক হারে, খাদ্যশস্য বাড়ে গাণিতিক হারে'।— এটি কার তত্ত্ব? — ম্যালথাস।
- সোমপুর মহাবিহার কত সালে ইউনেস্কো ঘোষিত বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকাভুক্ত হয়? — ১৯৮৫ সালে।
- 'নর্দান লিমিট লাইন' কোন দুটি দেশের বিরোধপূর্ণ স্থান? — উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া।
- পাকিস্তানের গণপরিষদের অধিবেশনে রাষ্ট্রভাষা করার প্রথম দাবি কে উত্থাপন করেন? — ধীরেন্দ্রনাথ দত্ত।
- আয়কর কোন ধরনের কর? — প্রত্যক্ষ কর।
- 'কোর্ট অব রেকর্ড' বলা হয় — সুপ্রীম কোর্টকে।
- ইউনেস্কো সুন্দরবনকে কততম 'বিশ্ব ঐতিহ্য' হিসেবে ঘোষণা করে? — ৭৯৮তম।
- ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা মেয়াদে বাংলাদেশে গড় প্রবৃদ্ধি জিডিপি প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য মাত্রা কত?— ৭.৪০ শতাংশ।
- বাংলাদেশের কোন এলাকাকে 'রূপসী বাংলা' বলে ঘোষণা করা হয়েছে?— সোনারগাঁ জাদুঘর এলাকা।
- কোন শাসকের সময় থেকে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালাহ' নামে পরিচিত হয়ে ওঠে?— শামসুদ্দিন ইলিয়াস।
- বাংলাদেশের পারিবারিক আদালত অর্ডিন্যান্স ১৯৮৫ অনুযায়ী পারিবারিক আদালত কতটি বিচারকার্য নিষ্পন্ন করে থাকে?— ৫টি।

QS বিশ্ববিদ্যালয় র‍্যাংকিং

বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়ের মান যাচাইকারী ব্রিটিশ প্রতিষ্ঠান Quacquareli Symonds (QS)। প্রতিষ্ঠানটি ২০০৪ সাল থেকে বিশ্বের বিশ্ববিদ্যালয়সমূহের র‍্যাংকিং করে আসছে। ২৪ অক্টোবর ২০১৮ প্রতিষ্ঠানটি ১৫তম বারের মতো বিশ্ববিদ্যালয় র‍্যাংকিং প্রকাশ করে। র‍্যাংকিং অনুযায়ী বিশ্বের ১,০০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে—

শীর্ষ ১০ বিশ্ববিদ্যালয়

১. ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি, যুক্তরাষ্ট্র; ২. স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র; ৩. হার্ভার্ড বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র; ৪. ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি, যুক্তরাষ্ট্র; ৫. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, যুক্তরাজ্য; ৬. ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়, যুক্তরাজ্য; ৭. সুইস ফেডারেল ইনস্টিটিউট অব টেকনোলজি, সুইজারল্যান্ড; ৮. ইম্পেরিয়াল কলেজ লন্ডন, যুক্তরাজ্য; ৯. শিকাগো বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র এবং ১০. ইউনিভার্সিটি কলেজ লন্ডন, যুক্তরাজ্য।

র‍্যাংকিংয়ে এশিয়ার বিশ্ববিদ্যালয়

QS বিশ্ববিদ্যালয় র‍্যাংকিংয়ে রয়েছে এশিয়ার ৫০০টি বিশ্ববিদ্যালয়। দেশওয়ারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা— চীন : ১১১ । জাপান : ৮৯ । ভারত : ৭৫ । দক্ষিণ কোরিয়া : ৫৭ । মালয়েশিয়া ২৬ । পাকিস্তান : ২৩ । ইন্দোনেশিয়া : ২২ । তাইওয়ান : ২০ । থাইল্যান্ড : ১১ । ফিলিপাইন : ৮ । হংকং ও ভিয়েতনাম : ৭ । বাংলাদেশ : ৬ । শ্রীলংকা ৪ । সিঙ্গাপুর : ৩ । ব্রুনেই ও ম্যাকাও : ২ । অন্যান্য : ২৭।

– এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয় : সিঙ্গাপুর জাতীয় বিশ্ববিদ্যালয়; সার্বিক অবস্থান ১১তম।

র‍্যাংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়

QS বিশ্ববিদ্যালয় র‍্যাংকিংয়ে এশিয়ার তালিকায় ৫০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঠাঁই করে নিয়েছে বাংলাদেশের ৬টি বিশ্ববিদ্যালয়— ১. ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি), ২. বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ৩. ব্র্যাক বিশ্ববিদ্যালয়, ৪. নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ৫. ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং ৬. ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

– র‍্যাংকিংয়ে ঢাবি'র অবস্থান ১২৭তম এবং বুয়েট ১৭৫তম।

সরকারি হলো আরো ২০ স্কুল

যেসব উপজেলায় সরকারি কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় নেই, সেখানে একটি করে কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হচ্ছে। সে ধারাবাহিকতায় ২০১৮ সালে দুই শতাধিক বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হয়। সর্বশেষ ২৯ অক্টোবর ২০১৮ চারটি এবং ১৫ নভেম্বর ২০১৮ আরো ১৬টি স্কুলকে জাতীয়করণ করা হয়।

২০১৬ সাল থেকে বেসরকারি স্কুল ও কলেজ সরকারিকরণের জন্য তালিকাভুক্তির কাজ শুরু করে সরকার। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী দেশজুড়ে পর্যায়ক্রমে ৩২৫টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হবে।

রাবি'র ৬ ভবনের নাম পরিবর্তন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ছয়টি একাডেমিক ভবনের নাম পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এছাড়া দু'টি একাডেমিক ভবনের নামের ব্যাকরণগত ও বানানগত ভুল থাকায় সেগুলো সংশোধন করা হচ্ছে। নাম পরিবর্তিত ভবনগুলো—

বর্তমান নাম	পরিবর্তিত নাম
প্রথম বিজ্ঞান ভবন	সত্যেন্দ্রনাথ বসু ভবন
দ্বিতীয় বিজ্ঞান ভবন	মুহম্মদ কুদরাত-এ-খুদা ভবন
তৃতীয় বিজ্ঞান ভবন	স্যার জগদীশ চন্দ্র বসু ভবন
চতুর্থ বিজ্ঞান ভবন	জামাল নজরুল ইসলাম ভবন
কৃষি অনুষদ ভবন	ড. মাকসুদুল আলম ভবন
চারুকলা অনুষদ	শিল্পাচার্য জয়নুল আবেদিন ভবন

ব্যাকরণগত ও বানানগত ভুল থাকায় সংশোধন করা হচ্ছে 'শহীদুল্লাহ্ কলা ভবন' ও 'সৈয়দ ইসমাঈল হোসেন সিরাজী ভবন'-এর নাম।

নার্সিং ভর্তি

শিক্ষাবর্ষ ২০১৮-১৯

২০১৮-১৯ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি পর্যায়ে সব নার্সিং কোর্সে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৭ ডিসেম্বর ২০১৮। এমবিবিএস কোর্সের মতো দেশে প্রথমবারের মতো একই দিনে অনুষ্ঠিত হবে এ পরীক্ষা। ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

নার্সিং ও মিডওয়াইফারি ইনস্টিটিউট	সরকারি	বেসরকারি
ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়াইফারি ইনস্টিটিউট	৪৩টি	১৪৯টি
ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ইনস্টিটিউট	৩৮টি	১৭টি
চার বছর মেয়াদি বেসিক বিএসসি ইন নার্সিং কলেজ	১৮টি	৪৮টি
দুই বছর মেয়াদি পোস্ট বেসিক বিএসসি নার্সিং কলেজ	৪টি	৩৫টি
মাস্টার্স অব সায়েন্স ইন নার্সিং (এমএসএস) জাতীয় নার্সিং উচ্চ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান	১টি	—

সূত্র : নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি অধিদপ্তর

নার্সিং কোর্সসমূহ । ডিপ্লোমা ইন মিডওয়াইফারি । ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) । ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়াইফারি কোর্স।

২৯ ডিসেম্বর ১৯১৪ : দেশের বিখ্যাত চিত্রশিল্পী জয়নুল আবেদীনের জন্ম

হরিকেল জনপদের ইতিকথা

ভারতীয় উপমহাদেশের পূর্বাঞ্চলে অবস্থিত প্রাচীন বাংলার অন্যতম একটি জনপদ হরিকেল। মূলত এটি পূর্ববঙ্গের একটি বিখ্যাত প্রাচীন জনপদ।

অবস্থান ও সীমা

হরিকেল জনপদের অবস্থান ছিল বাংলার পূর্বপ্রান্তে। মূলত সমগ্র চট্টগ্রাম অঞ্চল নিয়েই গঠিত ছিল হরিকেল, হরিকেলি বা হরিকোলা জনপদ। ইতিহাসবিদদের ধারণা, শ্রীহট্টও হরিকেল জনপদের অন্তর্ভুক্ত ছিল। তবে সিলেটের হরিকেল জনপদের অন্তর্ভুক্তির বিষয়ে জোরালো কোনো তথ্য-প্রমাণ পাওয়া যায় না। কুমিল্লা ও নোয়াখালী, অর্থাৎ সমতটও এ হরিকেল জনপদের অন্তর্ভুক্ত ছিল বলে ইতিহাসবেত্তাদের মতামত রয়েছে।

ড. নীহাররঞ্জন রায়ের মতে, হরিকেল নামক জনপদের অবস্থান উপমহাদেশের পূর্ব সীমায়। শ্রীহট্টও (বর্তমান সিলেট) এর সাথে যুক্ত ছিল বলে মনে করেন ড. রায়। অবশ্য কেউ কেউ ধারণা করেন যে, হরিকেল বঙ্গ জনপদের একটি অংশ ছিল।

ঐতিহাসিক দলিল ও বর্ণনায় হরিকেল কথা

হরিকেল প্রাচীন বঙ্গের একটি গুরুত্বপূর্ণ জনপদ ছিল। এ অঞ্চলের সকল জনপদের মধ্যে হরিকেল সবচেয়ে বেশি পরিচিত হলেও এর পক্ষে খুব কম প্রমাণপত্রাদি রয়েছে। এ জনপদের অবস্থান নিয়ে পণ্ডিতদের মধ্যে মতপার্থক্য রয়েছে। খ্রিস্টীয় সপ্তম শতাব্দীতে প্রাচীন ভারতীয় লেখকগণ পূর্বভারতের একটি অঞ্চলকে হরিকেল বলে উল্লেখ করেন। সপ্তম শতাব্দীতে চৈনিক পরিব্রাজক ইৎসিঙ হরিকেলের অবস্থান 'পূর্বভারতের পূর্বসীমা'য় নির্দেশ করেন। নবম শতাব্দীর সাহিত্যকর্ম কর্পূরমঞ্জরীতে এ বক্তব্যের সমর্থন পাওয়া যায়। এ গ্রন্থে হরিকেল জনপদের নারীদের পূর্ব বঙ্গীয় নারীদের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করা হয়। তবে হিউয়েন সাঙ কিংবা অন্য কেউ এর ভৌগোলিক অবস্থান সম্পর্কে বিশদ কোনো বিবরণ দেন নি। হেমচন্দ্র তার অভিধান *চিন্তামণিতে* হরিকেলকে বঙ্গের অংশরূপে বর্ণনা করেন। কিন্তু মঞ্জুশ্রীমূলকল্পে তার এ বক্তব্যকে অস্বীকার করা হয়েছে। এতে হরিকেল, বঙ্গ এবং সমতটকে স্বতন্ত্র সত্তা রূপে আখ্যায়িত করা হয়েছে। হরিকেল জনপদ নিয়ে সবচেয়ে বেশি বিভ্রান্তিকর বর্ণনা পাওয়া যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে সংগৃহীত দুটি পাণ্ডুলিপিতে। কোনো উৎস বা কোনো প্রমাণাদির উল্লেখ ছাড়াই এ দুটি পাণ্ডুলিপিতে হরিকেলকে (সম্ভবত হরিকেলের সাথে অভিন্ন) সিলেটের সমার্থক রূপে উল্লেখ করা হয়েছে। চট্টগ্রামের নাসিরাবাদ অঞ্চলের একটি পুরানো মন্দিরে আবিষ্কৃত কান্তিদেবের (খ্রিস্টীয় নয় শতক) অসম্পূর্ণ তাম্রলিপি হরিকেল সম্পর্কিত সবচেয়ে নির্ভরযোগ্য দলিল। এতে উল্লেখ আছে যে, মহারাজাধিরাজ কান্তিদেব হরিকেলের শাসক ছিলেন। তেরো শতকের একটি বৌদ্ধ পাণ্ডুলিপি ডাকার্ণবে উল্লেখ রয়েছে যে, বঙ্গ অঞ্চলের বৌদ্ধ তন্ত্রের ৬৪টি পবিত্রস্থান বা পীঠস্থানের মধ্যে হরিকেল অন্যতম। তাই স্পষ্টতই দেখা যায় যে, হরিকেল পূর্ব বঙ্গে বেশ পরিচিত ও বিখ্যাত একটি জনপদ ছিল।

হরিকেলের ইতিহাস ও শাসক

খ্রিস্টীয় নবম শতাব্দীতে দক্ষিণ-পূর্ব বাংলায় হরিকেল জনপদের উত্থান ঘটে। হরিকেল রাজাদের পর চন্দ্র রাজবংশ এর ক্ষমতা দখল করে। এ বংশের শাসকগণ পাঁচ পুরুষ ধরে (ত্রৈলোক্যচন্দ্র, শ্রীচন্দ্র, কল্যাণচন্দ্র, লড়হচন্দ্র ও গোবিন্দচন্দ্র) প্রায় ১৫০ বছর হরিকেল জনপদ (আনু. ৯০০-১০৫০ খ্রি.) শাসন করেন। সমগ্র দক্ষিণ, দক্ষিণ-পূর্ব বাংলা এবং উত্তর পূর্বে সিলেটসহ বঙ্গ ও সমতটের বিস্তীর্ণ অঞ্চল তাদের সাম্রাজ্যের অন্তর্গত ছিল। ঢাকার দক্ষিণে বর্তমান মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুর তাদের রাজধানী ছিল। চন্দ্রবংশীয় রাজাগণ ছিলেন যথেষ্ট শক্তিশালী। তারা শৌর্য-বীর্যে উত্তর ও পশ্চিম বাংলার সমসাময়িক পাল রাজাদের সমকক্ষ ছিলেন। শ্রীচন্দ্র ছিলেন এ বংশের শ্রেষ্ঠ রাজা। তার সময়ে চন্দ্র সাম্রাজ্য কামরূপ (আসাম) পর্যন্ত বিস্তার লাভ করে। শুরুতে খড়্গ বংশের রাজাগণ এ অঞ্চলে রাজত্ব করতেন। পরবর্তীকালে দেব বংশের অভ্যুত্থান ঘটে। তাছাড়া অন্য একটি রাজবংশ আনুমানিক অষ্টম শতকে এ অঞ্চলে রাজত্ব কায়েম করে। এদের নামের শেষে 'আকর' উপাধি যুক্ত ছিল। এভাবেই বিভিন্ন ধরনের মুদ্রায়ও ললিতাকর, রম্যাকর, প্রদ্যুম্নাকর, অন্তাকর বা অন্যাকর প্রমুখ রাজাদের নাম উল্লেখ ছিলো। লিপিতত্ত্বের আলোকে এ রাজবংশের রাজত্বকাল দশম শতকের বলে মনে হয়।

২৯ ডিসেম্বর ১৯৯৩ : প্রখ্যাত চলচ্চিত্র পরিচালক আবদুল জব্বার খানের মৃত্যু

ত্রৈলোক্যচন্দ্র

দক্ষিণ-পূর্ব বাংলায় চন্দ্রবংশের প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা ত্রৈলোক্যচন্দ্র। তার রাজত্বকাল ৯০০-৯৩০ খ্রিস্টাব্দ পর্যন্ত অব্যাহত ছিল বলে মনে করা হয়। তার পিতার নাম সুবর্ণচন্দ্র। ত্রৈলোক্যচন্দ্রের রাজত্বকালের কোনো লিপি প্রমাণ হিসেবে পাওয়া যায় নি। তবে পণ্ডিতগণের ধারণা, সম্ভবত তিনিই চন্দ্রবংশের শাসন প্রতিষ্ঠা করেছিলেন। প্রথমদিকে তিনি রোহিতগিরির ভূ-স্বামী বা সামন্তরাজা ছিলেন। পরবর্তী চন্দ্ররাজাদের তাম্রশাসনে তাকে হরিকেল জনপদের ক্ষমতার আধার বা প্রধান অবলম্বন বলে উল্লেখ করা হয়েছে। এ অবস্থান থেকেই তিনি চন্দ্রদ্বীপের স্বাধীন নৃপতি হয়েছিলেন। ত্রৈলোক্যচন্দ্র সম্পর্কে চন্দ্রবংশের প্রায় সব তাম্রশাসনেই সাধারণভাবে প্রশংসা করা হয়েছে। শ্রীচন্দ্রের পশ্চিমভাগ তাম্রশাসনে ত্রৈলোক্যচন্দ্রের সমতট জয়ের উল্লেখ রয়েছে। পূর্ববর্তী দেব রাজাদের শাসনকেন্দ্র দেবপর্বত ছিল তার ক্ষমতার উৎস। এ অঞ্চলের সৈন্যদল দিয়েই তিনি সমতট অধিকার করেছিলেন এবং 'মহারাজাধিরাজ' উপাধি লাভ করেছিলেন। লড়হচন্দ্রের ময়নামতি তাম্রশাসনে উল্লেখ রয়েছে যে, ত্রৈলোক্যচন্দ্রের শাসনকালে বঙ্গ অত্যন্ত সমৃদ্ধ ছিল। কল্যাণচন্দ্রের ঢাকা তাম্রশাসনে ত্রৈলোক্যচন্দ্র কর্তৃক গৌড়দের পরাস্ত করার উল্লেখ রয়েছে। সম্ভবত একজন সামন্ত থেকে নিজের উত্তরণ ঘটিয়ে ত্রৈলোক্যচন্দ্র চন্দ্রবংশের প্রতিষ্ঠা করেন এবং সমতট ও বঙ্গের সার্বভৌম ক্ষমতা লাভ করেন।

হরিকেল থেকে চট্টগ্রাম

সপ্তদশ শতাব্দীতে ইৎসিঙ নামের একজন চীনা বৌদ্ধ ভিক্ষু ভারতের পূর্ব-দক্ষিণ অঞ্চলে হরিকেল নামে একটি জনপদের কথা প্রথম উল্লেখ করেন । চট্টগ্রাম বন্দরের ইতিহাস অনেক দীর্ঘ। খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে চট্টগ্রাম বন্দরের উত্থান। সপ্তম শতাব্দীর পর থেকে বাংলার (বর্তমান পশ্চিমবঙ্গ) আরেকটি বন্দর তমলুক বা তাম্রলিপ্তি বিলুপ্ত হয়েছে। কিন্তু হরিকেল জনপদের ভূ-রাজনৈতিক অবস্থান ও এর সমুদ্রবন্দর দিয়ে ব্যাপক ব্যবসা-বাণিজ্য প্রসারিত হওয়ায় আরব ভূগোলবিদগণ বঙ্গোপসাগরকে 'বহর-এ-হরকন্দ' (হরিকেলের সমুদ্র) নাম দিয়েছিলেন। সেই বহর-এ-হরকন্দই দীর্ঘ ইতিহাস পরিক্রমায় 'চট্টগ্রাম বন্দর' নামে পরিচিতি লাভ করে। একসময় আরাকান, ত্রিপুরা ও মোগল— এ তিন রাজশক্তির লড়াইয়ের ক্ষেত্র ছিল চট্টগ্রাম। এদের দখল প্রতিষ্ঠার লড়াই চলেছে বহুকাল। মোগল সম্রাট আকবরের সেনাপতি মুনিম খান ৩ মার্চ ১৫৭৫ আফগান শাসক দাউদ খান কররানীকে পরাজিত করলে বাংলা মোগল সাম্রাজ্যের অধিকারে আসে। কিন্তু এরপরও প্রায় ৮০ বছর পর্যন্ত চট্টগ্রাম অধরা থেকে যায়। অবশেষে মোগল সম্রাট আওরঙ্গজেবের রাজত্বকালে ২৭ জানুয়ারি ১৬৬৬ 'কর্ণফুলী যুদ্ধে' মোগল নৌবাহিনী জয়লাভ করে। এ বিজয়ের মধ্য দিয়েই বঙ্গ বা বাংলার সাথে চট্টগ্রাম যুক্ত হয়। 'কর্ণফুলী যুদ্ধে' মোগলদের জয়ের ফলে নৌ-বাণিজ্যে শৃঙ্খলার পাশাপাশি এ অঞ্চলে স্থিতিশীলতাও প্রতিষ্ঠিত হয়। মোগলরা চট্টগ্রামের নাম দেন 'ইসলামাবাদ'। চট্টগ্রামের আন্দরকিল্লা, চকবাজার, কাতালগঞ্জ, চন্দনপুরা, জামাল খাঁ, ঘাটফরহাদবেগ, বকশীর হাট, সদরঘাট, বিবিরহাট প্রভৃতি এলাকার নামের মধ্যে যেমন মোগল প্রভাব রয়েছে, তেমনি এসব এলাকার প্রকৃত পরিচর্যাও হয়েছে মোগল আমলেই। এভাবেই আধুনিক চেহারা পাচ্ছিল এ শহরটি। ১৭৬০ সালে মীর কাশিম আলী খানের কাছ থেকে ব্রিটিশরা এ অঞ্চল অধিগ্রহণ করে এর নাম দেয় 'চিটাগাং'। সাধারণ মানুষের কাছে এটি চট্টগ্রাম বা চাটগাঁও নামে পরিচিতি লাভ করে। বিভিন্ন সময় চট্টগ্রাম অঞ্চল আরকানি, ত্রিপুরি, পর্তুগিজ, মোগল, পাঠান ও ইংরেজদের দ্বারা শাসিত হওয়ায় এ অঞ্চলের কৃষ্টি, শিক্ষা, সমাজ, সংস্কৃতি বাংলাদেশের অন্যান্য অঞ্চলের চেয়ে আলাদা।

হরিকেল মুদ্রা

গুপ্ত পরবর্তী যুগে বাংলায় রৌপ্য মুদ্রার পুনরাবির্ভাব হয় হরিকেল মুদ্রার মধ্য দিয়ে। বিশ শতকের ষাটের দশকে এ মুদ্রাগুলো গবেষকদের দৃষ্টি আকর্ষণ করে। ময়নামতি এবং ত্রিপুরার বিলোনিয়ার বিশাল মুদ্রাভাণ্ডার থেকে দেশীয় ও বৈদেশিক অঙ্গনে একটি সমৃদ্ধ অর্থনীতি সম্পর্কে জানা যায়। ধারণা করা হয় যে, চন্দ্ররাজাদের দ্বারা দ্বিতীয় পর্যায়ের হরিকেল মুদ্রাগুলোর প্রচলন ঘটে। বাংলাদেশ এবং ত্রিপুরার বিভিন্ন স্থানে হরিকেল মুদ্রার সন্ধান পাওয়া গেছে। স্থানগুলোর মধ্যে সর্বপ্রথম উল্লেখযোগ্য সিলেটের মুদ্রাভাণ্ডার। হরিকেল মুদ্রা বিভিন্ন ওজন ও আকারে পাওয়া গেলেও মুদ্রাগুলো ছিল গোলাকার। প্রথম দিকের মুদ্রার প্রামাণিক ওজন ছিল ৬৪ রতি যা মোটামুটিভাবে ৭.৫ গ্রাম। পরবর্তীতে হরিকেল মুদ্রার প্রামাণিক ওজন কমে গিয়ে ৬০ ও ৫০ রতিতে পরিণত হয়। প্রাপ্ত মুদ্রার রেকর্ডকৃত ওজন ৭.৬ থেকে ৪.৫ গ্রামের মধ্যে এবং এর ব্যাসও পরিবর্তিত হয়েছে ৩.২-২.৬ সেন্টিমিটারের মধ্যে। সিলেটের মুদ্রাভাণ্ডার থেকে প্রামাণিক পূর্ণ মুদ্রা (৭.৬ গ্রাম), অর্ধ (৩.৮ গ্রাম), সিকি (১.৯ গ্রাম), অষ্টমাংশ (০.৯৫ গ্রাম) ও ষোড়শাংশ (০.৪৫ গ্রাম)— এ রকমের বিভিন্ন মানের হরিকেল মুদ্রা সম্বন্ধে জানা যায়। দ্বিতীয় পর্যায়ের মুদ্রা বা 'ব্র্যাকট্রিটস' গুলোর ওজন ও বেধ কম ছিল। এগুলোর ওজন ছিল ২.৩৮-৩.৩৭ গ্রামের মধ্যে, আর ব্যাস ৪.৮-৫.৫৩ সেন্টিমিটারের মধ্যে। তবে অত্যন্ত বিরল কিছু মুদ্রার সর্বোচ্চ ওজন ৪.৩১ গ্রাম এবং ব্যাস ৫.৯৫ সেন্টিমিটারও দেখা গেছে। এ শ্রেণির মুদ্রার ওজনের মান এবং বাইরের চিত্রে সম্ভবত আব্বাসীয় মুদ্রার প্রভাব রয়েছে। হরিকেলের রৌপ্য মুদ্রায় খুব উচ্চমানের রূপার ব্যবহার হয়েছে, যার বিশুদ্ধতা ৯৫.১৩%। এ মুদ্রার সাথে মিশ্রিত সোনা, সীসা ও তামার পরিমাণ যথাক্রমে ০.৫৯%, ০.৩৮% ও ৩.৬২%। হরিকেল মুদ্রা তৈরিতে আগে থেকেই ওজন করা ধাতুর গুটি ব্যবহার হতো। হাতুড়ির সাহায্যে পেটাই করে নির্দিষ্ট চাকতিতে পরিণত করে 'ডাই'-এর সাহায্যে চিত্রাঙ্কণ করা হতো।

মুদ্রার মুখ্যদিকে অর্ধশায়িত বৃষের মূর্তি রয়েছে। বৃষের গলায় কখনও কখনও ঘণ্টা বা ঘুঙুর পরানো থাকতো। গৌণ দিকে ত্রিশূল আকৃতি চিহ্ন রয়েছে, বাইরে রয়েছে ঝুলন্ত অবস্থায় মালা। মুখ্য ও গৌণ উভয়দিকে চিত্রের বাইরে বিন্দুমণ্ডলের মার্জিন রয়েছে। মুখ্যদিকে রয়েছে ব্রাহ্মী হরফে 'হরিকেল' লিপি। ক্ষুদ্র মুদ্রাগুলোতে শুধু 'হরি' লিখিত রয়েছে। দ্বিতীয় পর্যায়ের বেশ কিছু মুদ্রায় পরিষ্কারভাবেই 'হরিকেল' লিখিত ছিল। আবার কখনও 'বেরক' (মতান্তরে 'হরিকে') লিখিত হয়েছে।

জানা অজানা

পর্ব ৪৬

■ আল কারাওইন বিশ্ববিদ্যালয় ■ ক্যাটফিশ ■ GPS

আল কারাওইন বিশ্ববিদ্যালয়

বিশ্বের অন্যতম প্রাচীন বিশ্ববিদ্যালয়

মরক্কোর ফেজ নগরীতে অবস্থিত আল কারাওইন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ৮৫৯ খ্রিস্টাব্দে। ফাতিমা আল ফিহ্‌রি নামক এক মহীয়সী নারী তার ধনাঢ্য ব্যবসায়ী বাবার কাছ থেকে প্রাপ্ত অর্থসম্পদ দিয়ে এটি প্রতিষ্ঠা করেন। শুরুতে এটি মসজিদের অংশ হিসেবে প্রতিষ্ঠিত হলেও ধীরে ধীরে মুসলিম বিশ্বে নেতৃত্বদানকারী অন্যতম ধর্মীয় ও সাধারণ শিক্ষাবিষয়ক কেন্দ্রে পরিণত হয়। মধ্যযুগে মুসলিম বিশ্ব ও ইউরোপের মধ্যে সংস্কৃতি এবং জ্ঞান বিনিময়ে এটির ভূমিকা ছিলো গুরুত্বপূর্ণ। এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র বা শিক্ষক ছিলেন ইবনে মাইমুন, আল-ইদ্রিসি, ইবনে আরাবি, ইবনে খালদুন প্রমুখ বিদ্বানরা। এখানে ইসলামী আইনশাস্ত্র, ব্যাকরণ, যুক্তিবিদ্যা, চিকিৎসাবিদ্যা, গণিত, রসায়ন, ভূগোল ইত্যাদি বিষয় পড়ানো হতো। ১৩৪৯ সালে সুলতান আবু ইনান ফ্যারিস এ বিশ্ববিদ্যালয়ে একটি লাইব্রেরি প্রতিষ্ঠা করেন। এ লাইব্রেরিতে অসংখ্য মূল্যবান পাণ্ডুলিপি স্থান পায়। ১৯৬৩ সাল থেকে এটি মরক্কোর আধুনিক বিশ্ববিদ্যালয় পদ্ধতির সাথে যুক্ত হয়। জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (UNESCO) এবং গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস অনুসারে প্রতিষ্ঠা থেকে অদ্যাবধি কার্যক্রম পরিচালিত প্রাচীনতম বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃত।

ক্যাটফিশ কিন্তু বিড়াল সদৃশ মাছ নয়!

আসলে ক্যাটফিশ (Catfish) বলতে বাংলায় সাধারণত মাগুর, বোয়াল বা শিং মাছকে বোঝানো হয়। বাংলাদেশের বহুল পরিচিত এ মাছটির প্রাপ্তিস্থান বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রায় সব দেশই। আন্তর্জাতিকভাবে এদের 'ওয়াকিং ক্যাটফিশ' নামেও ডাকা হয়। এরূপ নামকরণের কারণ হলো এরা শুষ্ক মাটির উপর দিয়ে বুকে ভর দিয়ে চলাচল করতে পারে। এ কাজে এরা বুকের কাছের পাখনা ব্যবহার করে এবং দেহের অতিরিক্ত শ্বাসযন্ত্রের মাধ্যমে বাতাস থেকে শ্বাস নেয়। এদের মাথা চ্যাপ্টা, মুখ প্রশস্ত এবং গায়ের রং লালচে বাদামী বা ধূসর কালো। এদের সামনের দিকে বিড়ালের গোঁফের মতো চার জোড়া সংবেদী শুঁ বা স্পর্শী আছে। এ কারণেই ইংরেজিতে এদের নাম ক্যাটফিশ হতে পারে। এরা অগভীর জলাশয়ে গর্তের মধ্যে ডিম ছাড়ে। ছোট অবস্থায় এরা সবুজ কণা, কীট, জলজ সন্ধিপদ প্রাণী, পতঙ্গ, আধাপচা পাতা এবং প্রাপ্ত বয়সে পোকামাকড়, শূককীট, জলজ উদ্ভিদ, শামুক ইত্যাদি খেয়ে জীবন ধারণ করে।

কেন হয়?

⊙ **পৃথিবী গোল কেন?**

— মহাবিস্ফোরণ বা বিগ ব্যাংয়ের পর বিভিন্ন দিকে ছড়িয়ে পড়া অসংখ্য কণা মহাকর্ষ বলের কারণে একে অপরের কাছাকাছি এসে জড়ো হয়ে একটি বিন্দুকে কেন্দ্র করে ঘুরতে থাকে ও ক্রমশ বিশাল আকার ধারণ করে। এ ঘূর্ণনের কারণেই পৃথিবীসহ অন্যান্য গ্রহ-উপগ্রহ গোল হয়।

⊙ **পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য কেন?**

— কোনো বস্তুকে যে পরিমাণ বল দ্বারা পৃথিবী তার কেন্দ্রের দিকে আকর্ষণ করে তা হলো ঐ বস্তুর ওজন। পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূন্য হওয়ায় বস্তুর উপর কোনো আকর্ষণ থাকে না বলেই এর ওজন শূন্য হয়।

⊙ **পৃথিবীর দু'প্রান্তে চৌম্বকীয় মেরু বিদ্যমান কেন?**

— ভূগর্ভস্থ তরল স্তরে (Outer core) নিচে বেশি উত্তপ্ত ও উপরে কম উত্তপ্ত তরলের মধ্যে পরিচলন স্রোত এবং পৃথিবীর আবর্তন বেগের কারণে এ অংশের পদার্থসমূহ আয়নিত (চার্জিত) হয় এবং একস্থান হতে অন্যস্থানে যাওয়ার সময় তড়িৎশক্তির সৃষ্টি করে। আর গতিশীল চার্জ চৌম্বকক্ষেত্র তৈরি করে বলে পৃথিবীর দুপ্রান্তে চৌম্বকীয় মেরুর সৃষ্টি হয়।

GPS অবস্থান নির্ণয়ের সর্বাধুনিক প্রযুক্তি

ভৌগোলিক তথ্য সংরক্ষণ ও বিশ্লেষণের কৃত্রিম উপগ্রহভিত্তিক একমুখী যোগাযোগ ব্যবস্থা হলো Global Positioning System (GPS)। ষাট দশকের মাঝামাঝিতে যুক্তরাষ্ট্রের নৌবাহিনী তাদের সাবমেরিনের অবস্থান নিরূপণে এ বিষয়ে গবেষণা শুরু করে। উনিশ শতকের সত্তর দশকের গোড়ার দিকে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ এ প্রযুক্তির উদ্ভাবনে সফলতা পায় এবং ১৯৭৮ সালে NAVSTAR নামে এ প্রযুক্তি চালু করে। পরবর্তীতে এর নাম রাখা হয় GPS। ১৯৯৩ সালে ২৪টি স্যাটেলাইটের সমন্বয়ে সৃষ্ট এ নেটওয়ার্ককে বিশ্বের সব স্থান থেকে ব্যবহারযোগ্য একটি স্বয়ংসম্পূর্ণ সিস্টেম হিসেবে প্রস্তুত করা হয়। শুরুতে এর ব্যবহার একেবারেই সামরিক হলেও পরে এটি সকলের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। যুক্তরাষ্ট্রের হাওয়াইতে স্থাপিত স্যাটেলাইট ট্র্যাকিং স্টেশন থেকে এটির নিয়ন্ত্রণ করা হয়। ছয়টি অরবিটে স্যাটেলাইটগুলো এমনভাবে স্থাপন করা হয়েছে, যাতে বিশ্বের যে কোনো স্থান হতে যে কোনো সময় অন্তত চারটি স্যাটেলাইট দৃশ্যমান হয়। স্যাটেলাইট থেকে পাঠানো সংকেত গ্রহণ ও প্রক্রিয়াজাতকরণে GPS রিসিভার ব্যবহার করা হয় এবং তা থেকে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়। বর্তমানে ভূমি ব্যবস্থাপনা, জনসংখ্যা বিশ্লেষণ, আঞ্চলিক গবেষণা, পরিবহন ও যোগাযোগব্যবস্থার বিশ্লেষণসহ নিখুঁতভাবে যে কোনো কিছুর অবস্থান নির্ণয়ে এটি বহুলভাবে ব্যবহৃত হচ্ছে।

৩০ ডিসেম্বর ১৯৫৯ : 'বাংলার সুরসম্রাট' হিসেবে খ্যাত লোকসঙ্গীত শিল্পী আব্বাস উদ্দিনের মৃত্যু

রেকর্ড কর্নার

দেশ-বিদেশের রেকর্ড গড়া
বিষয়গুলো জানুন আমাদের এ আয়োজনে

দন্তরাজ

সম্প্রতি ভিভ নেটিভ ওলেগ নামের ইউক্রেনের এক নাগরিক দাঁত দিয়ে আস্ত একটি কার্গো জাহাজ টেনে তুলে রেকর্ড বইয়ে জায়গা করে নেন। তিনি ৬৭৭ টন ওজনবিশিষ্ট একটি জাহাজে শক্ত দড়ি লাগিয়ে দাঁত দিয়ে কামড়ে ধরে তা ৫২ ফুট পর্যন্ত টেনে নেন। ঘটনার পর সবাই তাকে 'দন্তরাজ' বলে সম্বোধন করেন। তার আগে এ রেকর্ড ছিল রুশ নাগরিক ওমর হানাপিয়েভের দখলে। ২০০১ সালে ৬৩৫ টন ওজনের একটি কার্গো জাহাজকে তিনি দাঁত দিয়ে টেনে ৫০ ফুট পর্যন্ত তুলেছিলেন।

প্রদীপ জ্বালানোর বিশ্বরেকর্ড

সবচেয়ে বেশি মাটির প্রদীপ জ্বালানোর ক্ষেত্রে নতুন রেকর্ড গড়ে ভারতের উত্তর প্রদেশের অযোধ্যা শহর। ৭ নভেম্বর ২০১৮ অযোধ্যা শহরের সরায়ু নদীর পাড়ে ৫ মিনিট এক সাথে জ্বালিয়ে রাখা হয় ৩,০১,১৫২টি মাটির প্রদীপ। এর আগে ২৩ সেপ্টেম্বর ২০১৬ ভারতের হরিয়ানা প্রদেশে এক সাথে জ্বালানো হয়েছিল ১,৫০,০০৯টি মাটির প্রদীপ।

দামি হীরা

উনিশ ক্যারেট ওজনের দুষ্প্রাপ্য এক গোলাপি হীরা প্রায় ৪২০ কোটি টাকায় বিক্রি হয়েছে। ১৩ নভেম্বর ২০১৮ সুইজারল্যান্ডের জেনেভায় যুক্তরাজ্যভিত্তিক নামকরা নিলামকারী প্রতিষ্ঠান 'ক্রিস্টি'র আয়োজিত নিলামে হীরাটি বিক্রি হয়। কিনে নেয়ার সাথে সাথেই ক্রয়কারী প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রের বিলাসবহুল ব্রান্ড *হেরি উইন্সটন* এর নামকরণ করে 'উইন্সটন পিঙ্ক লিগেসি'। এ জাতীয় হীরার ক্যারেট প্রতি মূল্যে এটাই এখন বিশ্বরেকর্ড। সব ধরনের ফি ও কমিশনসহ দুষ্প্রাপ্য এ গোলাপি হীরার প্রতি ক্যারেট বিক্রি হয়েছে প্রায় ২২ কোটি টাকায়। আনুমানিক ১৯২০ সালের দিকে দক্ষিণ আফ্রিকার একটি খনি থেকে ১৮.৯৬ ক্যারেটের এ হীরকটি পাওয়া যায়।

দীর্ঘতম ড্রাগন নৌকা

১২ নভেম্বর ২০১৮ কম্বোডিয়ার মেকং নদীতে ৮৭.৩ মিটার দীর্ঘ একটি ড্রাগনাকৃতির নৌকা চালান ১৭৯ জন মাঝি। বিশ্বের দীর্ঘতম কাঠের ড্রাগন নৌকা হিসেবে এটি গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে স্থান লাভ করে।

দামি চিত্রকর্ম

১৫ নভেম্বর ২০১৮ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত এক নিলামে স্বনামধন্য ব্রিটিশ চিত্রশিল্পী ডেভিড হকনির হাতে আঁকা চিত্রকর্ম Portrait of an Artistics (Pool with two figures) বিক্রি হয় ৯ কোটি মার্কিন ডলারে, বাংলাদেশি মুদ্রায় যা ৭৫৫ কোটি টাকার বেশি। ১৯৭২ সালে শিল্পী এ ছবিটি আঁকেন। জীবদ্দশায় কোনো শিল্পীর চিত্রকর্ম এর আগে এত দামে আর বিক্রি হয়নি। ডেভিড হকনি ভেঙ্গে দেন মার্কিন শিল্পী জেফ কুনসের রেকর্ড। স্টেইনলেস স্টিলে নির্মিত তার 'বেলুন ডগ' (অরেঞ্জ) নামের আরেকটি শিল্পকর্ম ২০১৩ সালে বিক্রি হয়েছিল ৫ কোটি ৮০ লাখ ডলারে।

ইট ভাঙ্গার বিশ্বরেকর্ড

চীনের কুংফু বিশেষজ্ঞ ওয়াং হুয়া সম্প্রতি খালি হাতে মাত্র ৩৭ সেকেন্ডে ১০০ ইট ভাঙ্গার অসাধারণ নৈপুণ্য দেখান। এর আগে ৪০ সেকেন্ড ৫০টি ইট ভাঙ্গার রেকর্ড ছিল তার।

সর্ববৃহৎ সাদা ট্রাফল

বিশ্বের সবচেয়ে বড় সাদা ট্রাফল (কন্দজাতীয় ছত্রাক) ৫০ হাজার ডলারে কিনেছে দুবাইভিত্তিক ইতালির রোবার্তোস রেস্তোরাঁ। ইতালির তাসকান পর্বতে এ ছত্রাকের সন্ধান পায় দুটি স্নাইফার কুকুর। এর ওজন ১,১৫০ গ্রাম।

ট্রাফল ছত্রাকজাতীয় খাবার, যাকে প্রায় সময় বলা হয় 'রান্নাঘরের হীরকখণ্ড'। শুধু শীতকালে এ ছত্রাক চাষ করা যায়। মাটির নিচে এরা বড় হয় এবং এগুলো খুঁজে বের করার জন্য প্রাণীদের ব্যবহার করা হয়।

স্ট্যাপলার পিনের দীর্ঘতম চেইন

৭১,৫০০টি স্ট্যাপলার পিন কোনো যন্ত্র ছাড়াই হাতের আঙ্গুলের মাধ্যমে জুড়ে দিয়ে ৫৫৪.৫৪ মিটার বা ১,৮১৯ ফুট লম্বা চেইন তৈরি করে নতুন বিশ্বরেকর্ড গড়েন ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার অনুপম সরকার। তিনি ৯ এপ্রিল-১৩ জুলাই ২০১৮ টানা ৪৪ দিনের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে এ কীর্তি গড়েন। ২৮ সেপ্টেম্বর ২০১৮ গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে স্বীকৃতি পান তিনি। এর আগে এ ধরনের দীর্ঘতম চেইনের দৈর্ঘ্য ছিল ১,১৫৭ ফুট।

বাংলাদেশের খন্দকার শিহাব আহমেদ নামের এক ছাত্র একসময় ২৭,০০০ স্ট্যাপলার পিন ব্যবহার করে ৪২২ ফুট ৪ ইঞ্চি লম্বা চেইন তৈরির বিশ্বরেকর্ড গড়েছিল।

বাংলাদেশি মাসুদ রানার বিশ্বরেকর্ড

মাগুরার আবদুল হালিমের পর এবার বল নিয়ে নতুন বিশ্বরেকর্ড গড়েছেন আরেক বাংলাদেশি মাসুদ রানা। বল মাথায় নিয়ে সাঁতরিয়ে দ্রুততম সময়ে (৪৪.৯৫ সেকেন্ডে) ৫০ মিটার অতিক্রম করে তিনি নতুন এ বিশ্বরেকর্ড গড়েন। ৯ নভেম্বর ২০১৮ গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ড কর্তৃপক্ষ তার এ রেকর্ডের স্বীকৃতি দেয়।

২ আগস্ট ২০১৮ মিরপুরের সৈয়দ নজরুল ইসলাম সুইমিং কমপ্লেক্সে বল মাথায় নিয়ে সাঁতার কেটে এ রেকর্ড করেন মাসুদ রানা। গিনেস বুক কর্তৃপক্ষ মাসুদ রানাকে ৯০ সেকেন্ড সময় বেঁধে দিয়েছিল। সেটা মাসুদ রানা মাত্র ৪৪.৯৫ সেকেন্ডেই অতিক্রম করেন।

৩১ ডিসেম্বর ১৯৯০ : পূর্ব পাকিস্তান কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতা ও মুক্তিযোদ্ধা কমরেড মণি সিংহের মৃত্যু

ভিন্ন খবর

বিচিত্র এ পৃথিবীতে কত অদ্ভুত কাণ্ডই না ঘটে। অনেক ঘটনার ব্যাখ্যাও খুঁজে পাওয়া যায় না। এমন কিছু ঘটনা নিয়েই এ আয়োজন

সমুদ্রসমান সুইমিংপুল

চিলির আলগারোবোয়া সান আলফোন্সো দেল মার রিসোর্টে রয়েছে সমুদ্রসমান এক সুইমিং পুল। এটাই বিশ্বের বৃহত্তম সুইমিংপুল। ১৯.৭৭ একর জমিতে তৈরি এ সুইমিংপুলের দৈর্ঘ্য ৩,৩২৩ ফুট এবং গভীরতা ১১.৫ ফুট। ক্রিস্টাল লেগুনের প্রতিষ্ঠাতা ফার্নান্দো ফিসম্যান পাঁচ বছর ধরে পুলটি তৈরি করেন। পুলটি তৈরি করতে খরচ হয় দুই মিলিয়ন ডলার। পুলটিতে প্রায় ৬৬ মিলিয়ন গ্যালন পানি ধরে।

অক্সফোর্ড ডিকশনারির সেরা শব্দ

অক্সফোর্ড ডিকশনারিতে ২০১৮ সালে বছরের সেরা শব্দ নির্বাচিত হয়। শব্দটি বিভিন্ন ঘটনা, অবস্থান ও পরিস্থিতিতে বহুল ব্যবহৃত হয়েছে। বিশেষ করে এ শব্দটি সমাজে একটা ইতিবাচক বার্তা বহন করছে। স্বাস্থ্য ও পরিবেশ সতর্কতায় TOXIC শব্দটি বহুবার ব্যবহৃত হয়েছে। বিশেষ করে ক্রমাগত প্লাস্টিক দূষণ বৃদ্ধি পাওয়ায় TOXIC Plastic নামে শব্দবন্ধ তৈরি হয়। এ শব্দটি 'উপমা' হিসেবে ব্যবহার করে কর্মক্ষেত্র, স্কুল-কলেজ, বিভিন্ন প্রতিষ্ঠান এমনকি সম্পর্কের ক্ষেত্রেও ব্যবহৃত হয়। TOXIC শব্দটির পাশাপাশি MeToo শব্দের জনপ্রিয়তা এবং ব্যবহারও বর্তমানে তুঙ্গে। সম্প্রতি বিভিন্ন ক্ষেত্রে শ্লীলতাহানির অভিযোগে প্রভাবশালী ব্যক্তিরা MeToo'র শব্দবন্ধে জড়িয়েছেন।

এক কেজি ওজনের পান্না

সম্প্রতি জাম্বিয়ার কাগেম খনি থেকে ৫,৬৬৬ ক্যারেটের একটি পান্না পাওয়া গেছে, যার ওজন ১১৩১ গ্রাম বা ৩৯.৯ আউন্স। এর দাম ধরা হয় ২৫ লাখ মার্কিন ডলার। পান্নাটির নাম 'ইনকালামু', স্থানীয় বেম্বা ভাষায় যার অর্থ 'সিংহ'। হীরার চেয়েও মূল্যবান পান্না। জাম্বিয়া, কলম্বিয়া ও ব্রাজিলে মূলত পান্না পাওয়া যায়। এর আগে ২০১০ সালে ৬,২২৫ ক্যারেটের একটি পান্না পাওয়া গিয়েছিল।

চিঠির দাম সোয়া দুই কোটি টাকা

উনিশ শতকের ফরাসি কবি শার্ল বোদলেয়ারের একটি চিঠি সম্প্রতি নিলামে ২,৩৪,০০০ ইউরোতে বিক্রি হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এ মূল্যমান প্রায় দুই কোটি ২৫ লাখ টাকা। বোদলেয়ার ঐ চিঠিতে আত্মহত্যা করবেন বলে ঘোষণা দিয়েছিলেন। ৩০ জুন ১৮৪৫ সালে প্রেমিকা জেন দুভালকে উদ্দেশ্য করে চিঠিটি লেখেন তিনি। ঐ একই দিন বোদলেয়ার আত্মহত্যার চেষ্টা করেন। নিজের বুকে ছুরি চালিয়েও কোনো গুরুতর জখম ছাড়াই বেঁচে যান তিনি। এরপর আরো ২২ বছর বেঁচে ছিলেন তিনি। এ সময়ের মধ্যেই তিনি লেখেন *লা ফ্লের দ্যু মাল*। এ বইয়ের জন্য অমর হয়ে আছেন 'আধুনিক সাহিত্যের জনক' হিসেবে স্বীকৃত বোদলেয়ার। ১৮৬৭ সালে তিনি মারা যান।

ধনী পশু-পাখি

সম্প্রতি বিশ্বের সেরা ধনী পোষা পশু-পাখিদের তালিকা করেছে যুক্তরাজ্যের ব্যবসাবিষয়ক ওয়েবসাইট কমপেয়ার দ্য মার্কেট। তালিকা অনুযায়ী বিশ্বের শীর্ষ ৫ ধনী পোষা প্রাণী—

নাম	প্রকৃতি	সম্পদের পরিমাণ ($)
চতুর্থ গুন্টার	কুকুর	৩৭ কোটি ৫০ লাখ
গ্রাম্পি ক্যাট	বিড়াল	৯ কোটি ৯৫ লাখ
অলিভিয়ান বেনসন	বিড়াল	৯ কোটি ৭০ লাখ
স্যাডি, সানি, লরেন, লায়লা ও লিউক	কুকুর	৩ কোটি
গিগো	মুরগি	১ কোটি ৫০ লাখ

compare
themarket

হোটেল বিচিত্রা

স্বর্ণের হোটেল

সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে রয়েছে একটি 'স্বর্ণের হোটেল'। সেই হোটেলের প্রকৃত নাম 'আমিরাত প্যালেস'। অনেকেই এ হোটেলকে একটি প্রাসাদ মনে করে থাকে। কিন্তু প্রকৃতপক্ষে এটি কোনো প্রাসাদ নয়, এটি হচ্ছে একটি পাঁচতারকা হোটেল। তিন বিলিয়ন ডলার খরচ করে ২০০৫ সালে বিশ্বের সবচেয়ে দামি এ হোটেলটি নির্মাণ করা হয়। হোটেলটির ২,০০০ বর্গমিটারের সিলিংটি ২২ ক্যারেটের স্বর্ণপাত দিয়ে সাজানো। পাতগুলো আনা হয় ইতালি থেকে। এগুলো পিটিয়ে পাতলা করে তার পিঠে বিশেষ ধরনের আঠা লাগিয়ে সিলিংয়ের গায়ে সাঁটানো হয়। প্রতি বছর এ স্বর্ণপাত বদলাতে হোটেলটির খরচ হয় প্রায় ১.৩ মিলিয়ন মার্কিন ডলার।

সাগরতলে আবাসিক হোটেল

মালদ্বীপের রাঙ্গালি দ্বীপে ভারত মহাসাগরে সমুদ্রপৃষ্ঠের ১৬ ফুট নিচে নির্মাণ করা হয় বিশ্বের প্রথম বাণিজ্যিক



আবাসিক হোটেল। বিলাসবহুল দ্বিতল আবাসিক এ হোটেলটির নাম দেয়া হয় 'মুরাকা', স্থানীয় ভাষায় যার অর্থ 'প্রবাল'। সম্প্রতি উদ্বোধন করা মুরাকায় রয়েছে ব্যায়ামাগার, সুইমিংপুলসহ আবাসিক হোটেলের সব ধরনের সুযোগ-সুবিধা।

মাটির নিচে ১৬ তলা

১৬ নভেম্বর ২০১৮ উদ্বোধন করা হয় পরিত্যক্ত পাথর কোয়ারিতে নির্মিত বিলাসবহুল ও বিস্ময়কর হোটেল 'ইন্টারকন্টিনেন্টাল সাংহাই ওয়ান্ডারল্যান্ড'। চীনের বাণিজ্যিক রাজধানী সাংহাইয়ের ৩২ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত এ হোটেলটি মাটির নিচে নির্মিত বিশ্বের প্রথম হোটেল। ৮৮ মিটার বা ২৯০ ফুট গভীর পাথর কোয়ারিতে নির্মিত এ হোটেলের স্থানীয় নাম 'তিয়ানমা পিট হোটেল'। কোয়ারির গায়ে মোট ১৮ তলা হোটেলটির ১৬ তলাই মাটির নিচে। এমনকি হোটেলের নিচের দুটি তলা নির্মাণ করা হয়েছে পানির নিচে। এটি নির্মাণ করতে প্রায় ১০ বছর সময় লেগেছে। ৩৩৬টি কক্ষবিশিষ্ট হোটেলটি নির্মাণে কাজ করেছেন স্থপতিসহ প্রায় ৫,০০০ শ্রমিক। হোটেলের মাঝখানে তৈরি করা হয় একটি কৃত্রিম জলপ্রপাত। ২৮ কোটি ৮০ লাখ ডলারের এ প্রকল্পটিতে রয়েছে একটি থিমপার্কও।